দেখ ব্রহ্মচর্য্য, বেদাধ্যয়ন, যাগযজ্ঞাদিকার্য্য, কিংবা অস্ত্রদ্বারা কাহাকেও মৃত্যুর হস্ত হইতে রক্ষা করা যায় না ॥৪৪॥

সঞ্জয়! জগৎসম্মানিত, মহাবীর, অস্ত্রে সুশিক্ষিত ও যুদ্ধে দুর্দ্ধর্ষ ভীষ্ম ও দ্রোণকে নিহত শুনিয়া আমি কেন জীবিত রহিতেছি ॥৪৫॥

আমরা পূর্ব্বে যুধিষ্ঠিরের সেই যে ঐশ্বর্য্য দেখিয়া অসূয়া করিয়াছি, ভীষ্ম এবং দ্রোণবধ হওয়ায় আজ হইতে সেই ঐশ্বর্য্য লক্ষ্য করিয়াই জীবন ধারণ করিতে চলিয়াছি ॥৪৬॥

---

(৪৬) অদ্য তামনুজানীমঃ—বা ব রা নি।

মৎকৃতে চাপ্যনুপ্রাপ্তঃ কুরূণামেষ সংক্ষয়ঃ।
পাপানাং হি বধে সূত। বজ্রায়ন্তে তৃণান্যপি ॥৪৭॥
অনন্তমিদমৈশ্বর্য্যং লোকে প্রাপ্তো যুধিষ্ঠিরঃ।
যস্য কোপান্মহাত্মানৌ ভীষ্মদ্রোণৌ নিপাতিতৌ ॥৪৮॥
প্রাপ্তঃ প্রকৃতিতো ধর্ম্মো ন ধর্ম্মো মামকান্ প্রতি।
ক্রূরঃ সর্ব্ববিনাশায় কালোঽসৌ নাতিবর্ত্ততে ॥৪৯॥
অন্যথা চিন্তিতা হ্যর্থা নরৈস্তাত। মনস্বিভিঃ।
অন্যথৈব প্রপদ্যন্তে দৈবাদিতি মতির্মম ॥৫০॥
তস্মাদপরিহার্য্যেঽর্থে সংপ্রাপ্তে কৃচ্ছ্র উত্তমে।
অপারণীয়ে দুশ্চিন্ত্যে যথাভূতং প্রচক্ষ্ব মে ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে ধৃতরাষ্ট্রানুতাপে নবমোঽধ্যায়ঃ ॥০॥ *

মদিতি। মৎকৃতে মন্নিমিত্তম্। পাপানামুপস্থিতপাপফলানাম্ ॥৪৭॥

অনন্তমিতি। ইদমনন্তমৈশ্বর্য্যং প্রাপ্তঃ, উভয়বাহ্যলাভাদিত্যাশয়ঃ ॥৪৮॥

প্রাপ্ত ইতি। ধর্ম্মো ধর্ম্মফলম্, প্রকৃতিতঃ স্বভাবাদেব, প্রাপ্তো যুধিষ্ঠিরে উপস্থিতঃ। কিন্তু স ধর্ম্মো মামকান্ প্রতি ন প্রাপ্তঃ, তেষাং চিরাধার্ম্মিকত্বাৎ। তথা সর্ব্ববিনাশায় প্রবৃত্তঃ ক্রূরোঽসৌ কালঃ, নাতিবর্ত্ততে তং সর্ব্ববিনাশমকৃত্বা নাতিক্রমিষ্যতি ॥৪৯॥

অন্যথেতি। অর্থা বিষয়াঃ। প্রপদ্যন্তে উপস্থিতা ভবন্তি ॥৫০॥

হায়। আমার জন্যই কৌরবগণের এই সর্ব্বনাশ উপস্থিত হইয়াছে। সঞ্জয়। যাহাদের পাপের ফল উপস্থিত হয়, তাহাদের বধে তৃণও বজ্রের ন্যায় আচরণ করে ॥৪৭॥

যুধিষ্ঠির মর্ত্ত্যলোকে এই অনন্ত ঐশ্বর্য্য লাভ করিল। যাহার কোপে মহাত্মা ভীষ্ম এবং দ্রোণ নিহত হইলেন ॥৪৮॥

যুধিষ্ঠির স্বভাবতই ধর্ম্মের ফল পাইল, কিন্তু সে ধর্ম্মের ফল আমার পুত্রগণের হাতে আসিল না। আর, সর্ব্বনাশে প্রবৃত্ত এই নৃশংস কাল সর্ব্বনাশ না করিয়া চলিয়া যাইবে না ॥৪৯॥

বৎস সঞ্জয়। আমার ধারণা এই যে, বুদ্ধিমান্ লোকেরা অন্যভাবে বিষয়ের চিন্তা করেন; কিন্তু দৈববশতঃ সে বিষয় অন্যভাবে উপস্থিত হয় ॥৫০॥

---

(৪৭)...পক্কানাং হি...তৃণান্যত—বা নি। * '...দশমোঽধ্যায়ঃ'—ব, 'একাদশোঽধ্যায়ঃ'—বা রা নি।

দশমোঽধ্যায়ঃ ।

—–ঃ*ঃ—–

সঞ্জয় উবাচ ।

হন্ত তে কথয়িষ্যামি সর্ব্বং প্রত্যক্ষদর্শিবান্ ।
যথা স ন্যপতদ্দ্রোণঃ সাদিতঃ পাণ্ডুসৃঞ্জয়ৈঃ ॥১॥
সেনাপতিত্বং সংপ্রাপ্য ভারদ্বাজো মহারথঃ ।
মধ্যে সর্ব্বস্য সৈন্যস্য পুত্রং তে বাক্যমব্রবীৎ ॥২॥
যৎ কৌরবাণামৃষভাদাপগেয়াদনন্তরম্ ।
সৈনাপত্যেন মাং রাজন্ ! অদ্য সৎকৃতবানসি ॥৩॥
সদৃশং কর্ম্মণস্তস্য ফলমাপ্নুহি ভারত ! ।
করোমি কামং কং তেঽদ্য প্রবৃণীষ যমিচ্ছসি ॥৪॥ (যুগ্মকম্)

তস্মাদিতি। অপারণীয়ে উত্তরীতুমশক্যে। যথাভূতং ভূতং সত্যমনতিক্রম্য ॥৫১॥
ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশ-
ভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং
দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে নবমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

হন্তেতি। বিষাদে হন্তশব্দঃ। প্রত্যক্ষং দৃষ্টবানিতি প্রত্যক্ষদর্শিবান্, ইড়াগম আর্ষঃ ॥১॥
সেনেতি। ভারদ্বাজো দ্রোণঃ। পুত্রং প্রাধান্যাদ্দুর্য্যোধনম্ ॥২॥

অতএব সঞ্জয় ! অচিন্তনীয় ভীষণ কষ্টজনক অবস্থা উপস্থিত হইয়াছে ; ইহার প্রতীকার করিবারও উপায় নাই, পার হইবারও সম্ভাবনা নাই ; সুতরাং তুমি যথাবৎ বৃত্তান্ত আমার নিকট বল" ॥৫১॥

—ঃ*ঃ—

সঞ্জয় বলিলেন—"রাজা ! পাণ্ডবগণ ও সৃঞ্জয়গণ যে ভাবে পীড়ন করায় সেই দ্রোণ নিপতিত হইয়াছেন, সে সমস্তই আমি প্রত্যক্ষ দেখিয়াছি ; সুতরাং তাহা আমি আপনার নিকট বলিব ॥১॥

মহারথ দ্রোণ সেনাপতির পদ পাইয়া সমস্ত সৈন্যের মধ্যে আপনার পুত্র দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥২॥

---

(১)···যথা সন্যপতদ্দ্রোণঃ সূদিতঃ—বা,···যথা সন্যপতদ্দ্রোণঃ—ব,···যথা সন্ত্যগবো দ্রোণঃ—নি। (৪)···ফলং প্রাপ্নুহি ভারত !—বা নি।

ততো দুর্য্যোধনো রাজা কর্ণদুঃশাসনাদিভিঃ।
সংমন্ত্র্যোবাচ দুর্দ্ধর্ষমাচার্য্যং জযতাং বরম্ ॥৫॥
দদাসি চেদ্বরং মহ্যং জীবগ্রাহং যুধিষ্ঠিরম্।
গৃহীত্বা রথিনাং শ্রেষ্ঠ। মৎসমীপমিহানয় ॥৬॥
ততঃ কুরূণামাচার্য্যঃ শ্রুত্বা পুত্রস্য তে বচঃ।
সেনাং প্রহর্ষযন্ সর্ব্বামিদং বচনমব্রবীৎ ॥৭॥
ধন্যঃ কুন্তীসুতো রাজন্! যস্য গ্রহণমিচ্ছসি।
ন বধার্থং সুদুর্দ্ধর্ষ। বরমদ্য প্রযাচসে ॥৮॥
কিমর্থঞ্চ নরব্যাঘ্র। বধং তস্য ন কাঙ্ক্ষসি।
নাশংসসি ক্রিয়ামেতাং মতো দুর্য্যোধন। ধ্রুবম্ ॥৯॥

যদিতি। আপগা নদী গঙ্গা তস্যা অপত্যমিত্যাপগেয়ো ভীষ্মস্তস্মাৎ। সৈনাপত্যেন সেনাপতিত্বদানেন। কাম্যত ইতি কামঃ অভীষ্টবিষয়স্তম্ ॥৩—৪॥

তত ইতি। কর্ণদুঃশাসনাদিভিঃ সহ। আচার্য্যং দ্রোণম্ ॥৫॥

দদাসীতি। জীবস্য জীবত এব গ্রাহো গ্রহণং যস্মিন্ কর্ম্মণি তদ্যথা স্যাত্তথা। তথা মৎসমীপানয়নে তু পুনরপ্যক্ষক্রীড়য়া পুনরপি পূর্ব্ববদ্বনবাসাদিবিধানমিতি ভাবঃ ॥৬॥

তত ইতি। প্রহর্ষয়ন্ যুধিষ্ঠিরগ্রহণাঙ্গীকারেণেতি ভাবঃ ॥৭॥

ধন্য ইতি। ধন্যঃ পুণ্যবান্, কুন্তীসুতো যুধিষ্ঠিরঃ। কুতো ধন্য ইত্যাহ—নেতি ॥৮॥

'ভরতনন্দন রাজা! কৌরবশ্রেষ্ঠ ভীষ্মের পরে আমাকে সেনাপতির পদে অভিষিক্ত করিয়া আজ তুমি আমাকে যে সম্মানিত করিলে, সেই কার্য্যের অনুরূপ ফল লাভ কর, আমি তোমার কোন্ অভীষ্ট পূরণ করিব (বল), আজ তুমি যাহা ইচ্ছা কর, সেই বর গ্রহণ কর' ॥৩—৪॥

তাহার পর রাজা দুর্য্যোধন, কর্ণ ও দুঃশাসনপ্রভৃতির সহিত পরামর্শ করিয়া দুর্দ্ধর্ষ ও বিজয়িশ্রেষ্ঠ দ্রোণাচার্য্যকে বলিলেন—॥৫॥

'রথিশ্রেষ্ঠ! আপনি যদি আমাকে বরই দেন, তবে জীবিত অবস্থায় যুধিষ্ঠিরকে ধরিয়া আমার নিকটে আনয়ন করুন' ॥৬॥

আপনার পুত্রের সেই কথা শুনিয়া কৌরবাচার্য্য দ্রোণ তখন সমস্ত সৈন্যকে আনন্দিত করতঃ এই কথা বলিলেন—॥৭॥

'অতিদুর্দ্ধর্ষ রাজা! যুধিষ্ঠির ধন্য বটেন। কারণ, আজ তুমি যাঁহার বধের জন্য বর চাহিলে না, কেবল ধরিয়া আনিবার বর চাহিলে! ॥৮॥

---

(৫) ··তমথোবাচ দুর্দ্ধর্ষম্—পি বা ব। (৬)·· গৃহীত্বা রথিনাং শ্রেষ্ঠম্—বা ব নি। (৮) ধন্যঃ কুন্তীসুতো রাজা···ব,·· ন বধং তস্য দুর্দ্ধর্ষ।—নি। (৯)···ন বধং তস্য কাঙ্ক্ষসে—বা নি।

আহোস্বিদ্ধর্ম্মরাজস্য দ্বেষ্টা তস্য ন বিদ্যতে।
যদিচ্ছসি ত্বং জীবন্তং কুলং রক্ষসি চাত্মনঃ ॥১০॥
অথবা ভরতশ্রেষ্ঠ! নির্জিত্য যুধি পাণ্ডবান্।
রাজ্যাংশং প্রতিদত্ত্বা চ সৌভ্রাত্রং কর্ত্তুমিচ্ছসি ॥১১॥
ধন্যঃ কুন্তীসুতো রাজা সুজাতশ্চাস্য ধীমতঃ।
অজাতশত্রুতা সত্যা তস্য যৎ স্নিহ্যতে ভবান্ ॥১২॥
দ্রোণেন চৈবমুক্তস্য তব পুত্রস্য ভারত!।
সহসা নিঃসৃতো ভাবো যোঽস্য নিত্যং হৃদি স্থিতঃ ॥১৩॥
নাকারো গূহিতুং শক্যো বৃহস্পতিসমৈরপি।
তস্মাত্তব সুতো রাজন্! প্রহৃষ্টো বাক্যমব্রবীৎ ॥১৪॥

কিমিতি। নাশংসসি ন সম্ভাবয়সি, এতাং যুধিষ্ঠিরবধরূপাম্, মত্তো মম সকাশাৎ ॥৯॥
আহোস্বিদিতি। কুলং রক্ষসি, যুধিষ্ঠিরবধে অপরপাণ্ডবৈঃ স্বকুলবধসম্ভব ইত্যাশয়ঃ ॥১০॥
অথবেতি। নির্জিত্য যুধিষ্ঠিরবধেনৈব। তাদৃশসর্ত্তো চ নিজগৌরবরক্ষেতি ভাবঃ ॥১১॥
ধন্য ইতি। সুজাতং শোভনং জন্ম জাতম্। স্নিহ্যতে স্নেহং কুরুতে ॥১২॥
দ্রোণেনেতি। নিঃসৃতো মুখাত্তাদৃশবাক্যনির্গমেন নির্গতঃ, ভাবোঽভিপ্রায়ঃ ॥১৩॥
নেতি। আকারোঽত্র মনোভাবঃ, গূহিতুং সংবরীতুং গোপয়িতুমিতি যাবৎ ॥১৪॥

নরশ্রেষ্ঠ দুর্য্যোধন! কি জন্য তুমি যুধিষ্ঠিরের বধ কামনা করিলে না? নিশ্চয়ই তুমি আমা হইতে এ কার্য্যের সম্ভাবনা কর না ॥৯॥

অথবা সেই ধর্ম্মরাজের বিদ্বেষী লোক নাই। যে হেতু তুমিও তাঁহার জীবন ইচ্ছা করিতেছ? কিংবা নিজের বংশ রক্ষা করিলে ॥১০॥

অথবা ভরতশ্রেষ্ঠ! তুমি যুদ্ধে পাণ্ডবগণকে জয় করিয়া তাঁহাদিগকে তাঁহাদের রাজ্যাংশ ফিরাইয়া দিয়া ভ্রাতৃসৌহার্দ্দ ইচ্ছা করিতেছ ॥১১॥

(সে যাহা হউক,) রাজা যুধিষ্ঠির ধন্য, সেই ধীমানের জন্ম সুফল এবং তাঁহার অজাতশত্রুতাও সত্য। যে হেতু তুমিও তাঁহার উপরে স্নেহ করিতেছ ॥১২॥

ভরতনন্দন! দ্রোণ এইরূপ বলিলে, আপনার পুত্রের হৃদয়ে সর্ব্বদা যে ভাব ছিল, তাহা তৎক্ষণাৎ বাহির হইয়া পড়িল ॥১৩॥

বৃহস্পতির তুল্য লোকেরাও মনের ভাব গোপন রাখিতে সমর্থ হন না; সুতরাং রাজা! আপনার পুত্র তখন আনন্দিত হইয়া এই কথা বলিলেন— ॥১৪॥

---

(১০) অহো স্বিৎ···পি ব। (১১)···যুধি পার্থিবান্—পি,·· রাজ্যং সম্প্রতি দত্ত্বা চ—পি বা ব র। (১৩) দ্রোণেন ত্বেবমুক্তস্য—পি।

বধে কুন্তীসুতস্যাজৌ নাচার্য্য ! বিজয়ো মম।
হতে যুধিষ্ঠিরে পার্থা হন্যুঃ সর্ব্বান্ হি নো ধ্রুবম্ ॥১৫॥
ন চ শক্যা রণে সর্ব্বে নিহন্তুমমরৈরপি।
য এব তেষাং শেষঃ স্যাৎ স এবাস্মান্ ন শেষয়েৎ ॥১৬॥
সত্যপ্রতিজ্ঞে ত্বানীতে পুনর্দ্যূতেন নির্জিতে।
পুনর্যাস্যন্ত্যরণ্যায় পাণ্ডবাস্তমনুব্রতাঃ ॥১৭॥
সোঽয়ং মম জয়ো ব্যক্তং দীর্ঘকালং ভবিষ্যতি।
অতো ন বধমিচ্ছামি ধর্ম্মরাজস্য কর্হিচিৎ ॥১৮॥
তস্য জিহ্মমভিপ্রায়ং জ্ঞাত্বা দ্রোণোঽর্থতত্ত্ববিৎ।
তং বরং সান্তরং তস্মৈ দদৌ সঞ্চিন্ত্য বুদ্ধিমান্ ॥১৯॥

বধ ইতি। কুন্তীসুতস্য যুধিষ্ঠিরস্য। পার্থা অপরে পাণ্ডবাঃ। নঃ অস্মান্ ॥১৫॥
তর্হি। সর্ব্বে পাণ্ডবা এব নিহন্তব্যামিত্যাহ—নেতি। শেষয়েৎ অবশিষ্টং রক্ষেৎ ॥১৬॥
সত্যেতি। সত্যপ্রতিজ্ঞে যুধিষ্ঠিরে। পাণ্ডবা অপরে, অনুব্রতা অনুগতাঃ ॥১৭॥
স ইতি। ব্যক্তং ধ্রুবম্, ভবিষ্যতি স্থাস্যতি, অসেঃ প্রয়োগাৎ ॥১৮॥
তস্যেতি। জিহ্মং কুটিলম্। অর্থতত্ত্ববিৎ কার্য্যমর্ম্মজ্ঞঃ। সান্তরং সচ্ছিদ্রম্ ॥১৯॥

'আচার্য্য। যুদ্ধে যুধিষ্ঠিরকে বধ করিলেও আমার জয় হইবে না। কারণ, যুধিষ্ঠিরকে বধ করিলে, নিশ্চয়ই অন্য পাণ্ডবেরা আমাদের সকলকেই বধ করিবে ॥১৫॥

তা'র পর, দেবতারাও যুদ্ধে সমস্ত পাণ্ডবকে বধ করিতে সমর্থ হন না, সুতরাং তাহাদের মধ্যে যে অবশিষ্ট থাকিবে, সে-ই আমাদিগকে অবশিষ্ট রাখিবে না ॥১৬॥

কিন্তু সত্যপ্রতিজ্ঞ যুধিষ্ঠিরকে আনয়ন করিলে এবং পুনরায় তাহাকে দ্যূত-ক্রীড়ায় পরাজিত করিলে, তাহার অনুগত অপর পাণ্ডবেরাও পুনরায় বনে যাইবে ॥১৭॥

তাহা হইলেই আমার জয় নিশ্চিত এবং তাহা দীর্ঘকাল স্থায়ী হইবে। এই জন্যই আমি কখনও যুধিষ্ঠিরের বধ ইচ্ছা করি না' ॥১৮॥

কার্য্যতত্ত্বজ্ঞ ও বুদ্ধিমান্ দ্রোণ দুর্য্যোধনের সেই কুটিল অভিপ্রায় জানিয়া বিশেষ চিন্তা করিয়া তাঁহাকে সচ্ছিদ্র (অর্থাৎ ফাঁক্ রাখিয়া) বর দান করিলেন ॥১৯॥

---

(১৫)···পার্থো হন্যাৎ সর্ব্বান্ হি বো ধ্রুবম্—পি, পার্থো হন্যাৎ সর্ব্বান্ হি নো ধ্রুবম্—ব।

দ্রোণ উবাচ।

ন চেদ্‌যুধিষ্ঠিরং বীরঃ পালয়েদর্জ্জুনো যুধি।
মন্যস্ব পাণ্ডবশ্রেষ্ঠমানীতং বশমাত্মনঃ ॥২০॥
নহি শক্যো রণে পার্থঃ সেন্দ্রৈর্দেবাসুরৈরপি।
প্রত্যুদ্‌যাতুমতস্তাত! নৈতদামর্ষয়াম্যহম্ ॥২১॥
অসংশয়ং স মে শিষ্যো মৎপূর্ব্বশ্চাস্ত্রকর্ম্মণি।
তরুণঃ সুকৃতৈর্যুক্ত একায়নগতশ্চ হ ॥২২॥
অস্ত্রাণীন্দ্রাচ্চ রুদ্রাচ্চ ভূয়ঃ স সমবাপ্তবান্।
অমর্ষিতশ্চ তে রাজন্! ততো নামর্ষয়াম্যহম্ ॥২৩॥
স চাপক্রাম্যতাং যুদ্ধাদ্‌যেনোপায়েন শক্যতে।
অপনীতে ততঃ পার্থে ধর্ম্মরাজো জিতস্ত্বয়া ॥২৪॥

নেতি। অর্জ্জুনেন রক্ষণে তু যুধিষ্ঠিরগ্রহণমসম্ভবমেবেতি ভাবঃ ॥২০॥

নহীতি। পার্থোঽর্জ্জুনঃ। এতৎ পার্থসন্নিধানে যুধিষ্ঠিরগ্রহণম্, নামর্ষয়ামি ন শক্নোমি ॥২১॥

অসংশয়মিতি। অহমেব পূর্ব্বো গুরুর্যস্য সঃ। তথাপি স তরুণঃ, অহন্তু বৃদ্ধঃ, সুকৃতৈস্তপশ্চরণাদিকর্ম্মৈর্যুক্তঃ, একায়নগতঃ যুধিষ্ঠিররক্ষার্থমেকাগ্রতাপ্রাপ্তঃ ॥২২॥

অস্ত্রাণীতি। অমর্ষিতো জাতক্রোধঃ। নামর্ষয়ামি তৎ সন্নিধৌ যুধিষ্ঠিরং ধর্ত্তুং ন শক্নোমি ॥২৩॥

স ইতি। স পার্থস্, অপক্রাম্যতাং স্থানান্তরং নীয়তাম্ ॥২৪॥

দ্রোণ বলিলেন—'রাজা! মহাবীর অর্জ্জুন যদি যুদ্ধে যুধিষ্ঠিরকে রক্ষা না করেন, তবে যুধিষ্ঠিরকে বশে আনা হইয়াছে বলিয়াই মনে কর ॥২০॥

কারণ, বৎস! ইন্দ্রের সহিত দেবাসুরেরাও যুদ্ধে অর্জ্জুনের সম্মুখে যাইতে সমর্থ হন না; সুতরাং অর্জ্জুনের নিকটে আমি যুধিষ্ঠিরকে গ্রহণ করিতে সমর্থ হইব না ॥২১॥

অর্জ্জুন আমার শিষ্য এবং অস্ত্রশিক্ষায় আমি তাহার গুরু, এ বিষয়ে কোন সন্দেহ নাই। তথাপি সে, যুবক, পুণ্যবান্ ও যুধিষ্ঠিররক্ষায় একাগ্রচিত্ত ॥২২॥

বিশেষতঃ সে, আবার ইন্দ্র ও রুদ্রের নিকট হইতে নানাবিধ অস্ত্র লাভ করিয়াছে; তা'র পর, আবার তোমার উপরে জাতক্রোধ হইয়া রহিয়াছে; অতএব তাহার নিকটে যুধিষ্ঠিরকে ধরিতে পারিব না ॥২৩॥

---

(২০)...পালয়ত্যর্জ্জুনো যুধি—পি বা ব র। (২১)...প্রত্যুদ্যাতমতস্তাত!—পি,...তাত! ন তন্মার্ষয়াম্যহম্—নি। (২২)...তরুণঃ সুকৃতী যুক্তঃ—নি। (২৩)...ভূয়াংসি সমবাপ্তবান্—নি।

গ্রহণে হি জযস্তস্য ন বধে পুরুষর্ষভ।।
এতেন চাপ্যুপাযেন গ্রহণং সমুপৈষ্যতি ॥২৫॥
অহং গৃহীত্বা রাজানং সত্যধর্ম্মপরায়ণম্।
আনয়িষ্যামি তে রাজন্! বশমদ্য ন সংশয়ঃ ॥২৬॥
যদি স্থাস্যতি সংগ্রামে মুহূর্ত্তমপি মেঽগ্রতঃ।
অপনীতে নরব্যাঘ্রে কুন্তীপুত্রে ধনঞ্জয়ে ॥২৭॥ (যুগ্মকম্)
ফাল্গুনস্য সমীপে তু নহি শক্যো যুধিষ্ঠিরঃ।
গ্রহীতুং সমরে রাজন্! সেন্দ্রৈরপি সুরাসুরৈঃ ॥ ৮॥

সঞ্জয় উবাচ।

সান্তরস্তু প্রতিজ্ঞাতে রাজ্ঞো দ্রোণেন নিগ্রহে।
গৃহীতং তমমন্যন্ত তব পুত্রাঃ সুবালিশাঃ ॥২৯॥

গ্রহণ ইতি। এতেন পার্থাপসারণাত্মকেন। সমুপৈষ্যতি যুধিষ্ঠির ইতি শেষঃ ॥২৫॥ অহমিতি। আনয়িষ্যামি আনেষ্যামি। স্থাস্যতি যুধিষ্ঠির ইতি তাৎপর্য্যম্ ॥২৬—২৭॥ অর্জ্জুনস্যাজয্যত্বং সর্ব্বথা সমর্থয়িতুং পুনরাহ—ফাল্গুনস্যেতি। ফাল্গুনস্যার্জ্জুনস্য ॥২৮॥ সেতি। সান্তরং সচ্ছিদ্রম্, রাজ্ঞো যুধিষ্ঠিরস্য। সুবালিশাঃ তদন্তরস্যাবিজ্ঞানাদতীব ⟨মূ⟩র্খাঃ। এতেনাচার্য্যস্যাপি পাণ্ডবপক্ষপাতঃ সূচিতঃ ॥২৯॥

অতএব যে উপায়ে পার, অর্জ্জুনকে আমার যুদ্ধ হইতে অপসারিত কর। ⟨তা⟩র পর, অর্জ্জুনকে অপসারিত করিলে, তুমি যুধিষ্ঠিরকে জয় করিয়াছ (বলিয়াই ⟨ম⟩নে কর) ॥২৪॥

পুরুষশ্রেষ্ঠ! যুধিষ্ঠিরকে ধরিতে পারিলেই তোমার জয় হইবে, কিন্তু বধ করিলে হইবে না (ইহা ঠিক্)। অথচ এই উপায়ে তিনি ধৃত হইবেন ॥২৫॥

রাজা! কুন্তীনন্দন নরশ্রেষ্ঠ অর্জ্জুন অপসারিত হইলে পর যুধিষ্ঠির যদি যুদ্ধে আমার সম্মুখে মুহূর্ত্তকালও থাকেন, তবে আমি সেই সত্যধর্ম্মপরায়ণ ⟨র⟩াজাকে অদ্যই তোমার বশে আনয়ন করিব, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২৬—২৭॥

রাজা! ইন্দ্রের সহিত দেবাসুরেরাও যুদ্ধে অর্জ্জুনের নিকটে যুধিষ্ঠিরকে গ্রহণ করিতে সমর্থ হন না" ॥২৮॥

সঞ্জয় বলিলেন—"মহারাজ! দ্রোণ ফাঁক্ রাখিয়া যুধিষ্ঠিরকে ধরার প্রতিজ্ঞা করিলে, আপনার অতিমূর্খ পুত্রেরা তাঁহাকে ধৃত বলিয়া মনে করিলেন ॥২৯॥

---

(২৫) অনেনৈবাপ্যুপায়েন গ্রহণং সমুপৈষ্যসি—নি। (২৮) ফাল্গুনস্য সমক্ষন্তু—পি।

পাণ্ডবেয়েষু সাপেক্ষং দ্রোণং জানাতি তে সুতঃ।
ততঃ প্রতিজ্ঞাস্থৈর্য্যার্থং স মন্ত্রো বহুলীকৃতঃ ॥৩০॥
ততো দুর্য্যোধনেনাপি গ্রহণং পাণ্ডবস্য তৎ।
সৈন্যস্থানেষু সর্ব্বেষু সুঘোষিতমরিন্দম ! ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে দ্রোণবরদানে দশমোঽধ্যায়ঃ ॥০॥ *

——ঃ*ঃ——

একাদশোঽধ্যায়ঃ।

——ঃ*ঃ——

সঞ্জয় উবাচ।

ততস্তে সৈনিকাঃ শ্রুত্বা তং যুধিষ্ঠিরনিগ্রহম্।
সিংহনাদরবাংশ্চক্রুর্বাণশঙ্খরবৈঃ সহ ॥১॥

পাণ্ডবেয়েষ্বিতি। অপেক্ষয়া পক্ষপাতেন সহেতি সাপেক্ষস্তম্। সুতো দুর্য্যোধনেতরঃ পুত্রগণঃ পরত্র দুর্য্যোধনস্য পৃথগভিধানাৎ। প্রতিজ্ঞায়াঃ স্থৈর্য্যার্থং দৃঢত্বার্থম্, স মন্ত্রো যুধিষ্ঠির-গ্রহণমন্ত্রণা, বহুলীকৃতঃ প্রচারিতঃ। তন্মন্ত্রপ্রচারে মিথ্যাবাদিত্বভয়াদবশ্যমেব দ্রোণস্তাং প্রতিজ্ঞাং পালয়িষ্যতীতি ভাবঃ ॥৩০॥

তত ইতি। পাণ্ডবস্য প্রাধান্যাদ্যুধিষ্ঠিরস্য। সুঘোষিতমতিশয়েন প্রচারিতম্ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে দশমোঽধ্যায়ঃ ॥০॥

——ঃ*ঃ——

তত ইতি। সিংহনাদা ইব রবাস্তান্ ॥১॥

কিন্তু আপনার পুত্রেরা দ্রোণকে পাণ্ডবগণের পক্ষপাতী বলিয়া জানিতেন; সুতরাং তাঁহারা সেই দ্রোণপ্রতিজ্ঞার স্থায়িত্ব সম্পাদন করিবার জন্য সেই মন্ত্রণাটাকে প্রচারিত করিলেন ॥৩০॥

অরিন্দম! তাহার পর স্বয়ং দুর্য্যোধনও যুধিষ্ঠিরকে ধরিবার সেই প্রতিজ্ঞা সমস্ত সৈন্যের নিকটে বিশেষভাবে ঘোষণা করিলেন" ॥৩১॥

---

* '.. একাদশোঽধ্যায়ঃ'—ব, '...দ্বাদশোঽধ্যায়ঃ'—বা, রা নি। (১) 'সান্তবে তু প্রতিজ্ঞাতে বাক্যে দ্রোণেন নিগ্রহে' ইতি পাদদ্বয়ং প্রথম এবাধিকম্—বা ব নি, ...চক্রুর্বাহু-শব্দাংশ্চ কৃৎস্নশঃ—বা নি।

তচ্চ সর্ব্বং যথান্যায়ং ধর্ম্মরাজেন ভারত ! ।
আপ্তৈশ্চারৈঃ পরিজ্ঞাতং ভারদ্বাজচিকীর্ষিতম্ ॥২॥
ততঃ সর্ব্বান্ সমানায্য ভ্রাতৄনন্যাংশ্চ সর্ব্বশঃ ।
অব্রবীদ্ধর্ম্মরাজস্তু ধনঞ্জয়মিদং বচঃ ॥৩॥
শ্রুতং তে পুরুষব্যাঘ্র ! দ্রোণস্যাদ্য চিকীর্ষিতম্ ।
যথা তন্ন ভবেৎ সত্যং তথা নীতির্বিধীয়তাম্ ॥৪॥
সান্তরং হি প্রতিজ্ঞাতং দ্রোণেনামিত্রকর্ষণ ! ।
তচ্চান্তরং মহেষ্বাস ! ত্বযি তেন সমাহিতম্ ॥৫॥
তত্ত্বমদ্য মহাবাহো ! যুধ্যস্ব মদনন্তরম্ ।
যথা দুর্য্যোধনঃ কামং নেমং দ্রোণাদবাপ্নুয়াৎ ॥৬॥

তদিতি। আপ্তৈর্বিশ্বস্তৈঃ, চারৈর্গূঢ়পুরুষৈঃ, ভারদ্বাজচিকীর্ষিতং দ্রোণেন কর্ত্তুমিষ্টম্ ॥২॥
তত ইতি। অন্যান্ প্রধানপুরুষান্, সর্ব্বশঃ সর্ব্বান্ ॥৩॥
শ্রুতমিতি। চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টম্। ভাবে ক্তপ্রত্যয়ঃ ॥৪॥
সান্তরমিতি। সান্তরং সচ্ছিদ্রম্। অন্তরং ছিদ্রম্। সমাহিতং স্থাপিতম্ ॥৫॥
তদিতি। মদনন্তরং মমাব্যবধানং যথা স্যাত্তথা। কামমভীষ্টং মম নিগ্রহম্ ॥ ॥

সঞ্জয় বলিলেন—"মহারাজ! তাহার পর সেই কৌরবসৈন্যেরা সেই যুধিষ্ঠিরনিগ্রহের সংবাদ শুনিয়া বাণ ও শঙ্খধ্বনির সহিত সিংহনাদ করিয়া উঠিল ॥১॥

ভরতনন্দন! ও দিকে যুধিষ্ঠির বিশ্বস্ত গুপ্তচরদ্বারা দ্রোণের সেই অভিপ্রেত বিষয় সমস্তই যথানিয়মে অবগত হইলেন ॥২॥

তদনন্তর তিনি সকল ভ্রাতাকে এবং অন্য সকলকে আনাইয়া অর্জ্জুনকে এই কথা বলিলেন—॥৩॥

'পুরুষশ্রেষ্ঠ! তুমি আজ দ্রোণের অভিপ্রেত বিষয় শুনিয়াছ ত? যাহাতে তাহা সত্য না হইতে পারে, সেইরূপ নীতি বিধান কর ॥৪॥

শত্রুবিজয়ী মহাধনুর্দ্ধর! দ্রোণ একটু ফাঁক্ রাখিয়া প্রতিজ্ঞা করিয়াছেন এবং সে ফাঁকটুকু আবার তিনি তোমার উপরে রাখিয়াছেন ॥৫॥

অতএব মহাবাহু! তুমি আজ আমার নিকটে থাকিয়া যুদ্ধ কর; যাহাতে দুর্য্যোধন দ্রোণের নিকট হইতে এই অভীষ্ট বিষয় লাভ না করে" ॥৬॥

(২) তত্তু সর্ব্বম্ · আপ্তৈবাশু পরিজ্ঞাতম্—পি বা ব রা। (৫)·· দ্রোণেনামিত্রঘাতিনা—নি। (৬) স ত্বমদ্য···পি বা ব, তদনন্তরম্—পি।

অর্জ্জুন উবাচ।

যথা মে ন বধঃ কার্য্য আচার্য্যস্য কথঞ্চন।
তথা তব পরিত্যাগো ন মে রাজংশ্চিকীর্ষিতঃ ॥৭॥
অপ্যেব পাণ্ডব! প্রাণানুৎসৃজেয়মহং যুধি।
প্রতীপো নাহমাচার্য্যে ত্বাং বা জহ্যাং কথঞ্চন ॥৮॥
ত্বাং নিগৃহ্যাহবে রাজন্! ধার্ত্তরাষ্ট্রো যমিচ্ছতি।
ন স তং জীবলোকেঽস্মিন্ কামং প্রাপ্তা কথঞ্চন ॥৯॥
প্রপতেদ্দ্যোঃ সনক্ষত্রা পৃথিবী শকলীভবেৎ।
ন ত্বাং দ্রোণো নিগৃহ্নীয়াজ্জীবমানে ময়ি ধ্রুবম্ ॥১০॥
যদি তস্য রণে সাহ্যং কুরুতে বজ্রভৃৎ স্বয়ম্।
বিষ্ণুর্বা সহিতো দেবৈর্ন ত্বাং প্রাপ্স্যত্যসৌ মৃধে ॥১১॥

যথেতি। পূর্বত্র মে ময়া। পরত্র মে ময়া। চিকীর্ষিতঃ কর্ত্তুমিষ্টঃ ॥৭॥

অপীতি। হে পাণ্ডব! অহং যুধি প্রাণানপি উৎসৃজেয়ং ত্যজেয়মেব, তথাপি অহম্ আচার্য্যে দ্রোণং প্রতি, প্রতীপ প্রহারেণ প্রতিকূলো ন ভবেয়ম্, ত্বাং বা কথঞ্চন ন জহ্যাং ত্যজেয়ম্ ॥৮॥

ত্বামিতি। কামং পুনর্দ্যূতজন্যরূপমভীষ্টম্, প্রাপ্তা প্রাপ্স্যতি ॥৯॥

প্রপতেদিতি। দ্যৌরাকাশম্। শকলীভবেৎ খণ্ডীভবেৎ। জীবমানে জীবতি ॥১০॥

যদীতি। সাহ্যং সাহায্যম্। অত্রার্থে মুনিবু কচোঽহয়ং শব্দ ইতি বহুশ উক্তম্ ॥১১॥

অর্জ্জুন বলিলেন—'রাজা! আচার্য্যকে বধ করা যেমন আমার কোন প্রকারেই কর্ত্তব্য নহে, তেমন আপনাকে পরিত্যাগ করাও আমার কোন প্রকারেই অভীষ্ট নহে ॥৭॥

পাণ্ডব! আমি যুদ্ধে প্রাণও ত্যাগ করিব; কিন্তু কোন প্রকারেই দ্রোণের প্রতিকূল হইব না, কিংবা আপনাকে পরিত্যাগ করিব না ॥৮॥

অতএব রাজা! দুর্য্যোধন যুদ্ধে আপনাকে নিগৃহীত করিয়া যাহা ইচ্ছা করিতেছে, তাহা সে এই পৃথিবীতে কোন প্রকারেই পাইবে না ॥৯॥

নক্ষত্রের সহিত আকাশ পড়িয়া যাইবে, কিংবা পৃথিবী খণ্ড খণ্ড হইবে; তথাপি আমি জীবিত থাকিতে নিশ্চয়ই দ্রোণ আপনাকে নিগৃহীত করিতে পারিবেন না ॥১০॥

সমস্ত দেবগণের সহিত স্বয়ং ইন্দ্র কিংবা বিষ্ণুও যদি যুদ্ধে দ্রোণের সাহায্য করেন, তথাপি তিনি যুদ্ধে আপনাকে ধরিতে সমর্থ হইবেন না ॥১১॥

---

(৭) ...আচার্য্যস্য কদাচন —পি বা ব রা।

মযি জীবতি বাজেন্দ্র। ন ভয়ং কর্ত্তুমর্হসি।
দ্রোণাদস্ত্রভৃতাং শ্রেষ্ঠাৎ সর্ব্বশস্ত্রভৃতামপি ॥১২॥
অন্যচ্চ ব্রূয়াং রাজেন্দ্র। প্রতিজ্ঞা মম নিত্যদা।
ন স্মরাম্যনৃতাং বাচং ন স্মবামি পরাজয়ম্।
ন স্মরামি প্রতিশ্রুত্য কিঞ্চিদপ্যনৃতং কৃতম্ ॥১৩॥

সঞ্জয উবাচ।

ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ মৃদঙ্গাশ্চানকৈঃ সহ।
প্রাবাদ্যন্ত মহাবাজ। পাণ্ডবানাং নিবেশনে ॥১৪॥
সিংহনাদশ্চ সংজজ্ঞে পাণ্ডবানাং মহাত্মনাম্।
ধনুর্জ্যাতলশব্দশ্চ গগনস্পৃক্ সুভৈরবঃ ॥১৫॥
তং শ্রুত্বা শঙ্খনির্ঘোষং পাণ্ডবস্য মহৌজসঃ।
ত্বদীয়েষ্বপ্যনীকেষু বাদিত্রাণ্যভিজঘ্নিরে ॥১৬॥

ময়ীতি। দূরে ক্ষেপেণ বধসাধনমস্ত্রং বাণাদি, “অস্থ ক্ষেপণে” ইতি ধাত্বর্থানুসারাৎ। সন্নিধৌ হিংসাসাধনন্তু শস্ত্রং শূলাদি, “শসু হিংসায়াম্” ইতি ধাত্বর্থবশাদিত্যপুনরুক্তিঃ ॥১২॥

অন্যদিতি। বাচমুক্তামিতি শেষঃ। অত আশ্বসিহীতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥

তত ইতি। নিবেশনে শিবিবে ॥১৪॥

সিংহেতি। ধনুষাং জ্যা গুণাঃ তলানি হস্তাবাপাশ্চ তেষাং শব্দঃ ॥১৫॥

তমিতি। অনীকেষু সৈন্যেষু, বাদিত্রাণি বাদ্যানি, অভিজঘ্নিরে বাদিতানি ॥১৬॥

অতএব রাজশ্রেষ্ঠ! আমি জীবিত থাকিতে আপনি—সমস্ত অস্ত্রধারী বা শস্ত্রধাবীব মধ্যে শ্রেষ্ঠ দ্রোণ হইতে ভয় কবিতে পাবেন না ॥১২॥

রাজা! আমি আর এক কথা বলিতেছি; আমাব প্রতিজ্ঞা চিরকাল অক্ষুণ্ণ থাকে এবং আমি মিথ্যা কথা বলিয়াছি এরূপ মনে পড়ে না, আমাব পবাজয হইয়াছে ইহা স্মরণ হয না, কিংবা আমি কোন বিষয়ে প্রতিশ্রুতি দিয়া তাহা মিথ্যা কবিযাছি এরূপও মনে পড়ে না” ॥১৩॥

সঞ্জয বলিলেন—“মহারাজ! তাহাব পব পাণ্ডবশিবিবে অনেকেব সহিত শঙ্খ, ভেরী ও মৃদঙ্গ বাজিতে লাগিল ॥১৪॥

এবং মহাত্মা পাণ্ডবগণেব শিবিবে সিংহনাদ ও আকাশস্পর্শী অতিভয়ঙ্কব ধনুষ্টঙ্কাব হইতে থাকিল ॥১৫॥

মহারাজ! মহাতেজা পাণ্ডবপক্ষেব সেই শঙ্খধ্বনিপ্রভৃতি শুনিযা আপনাব সৈন্যমধ্যেও বাদ্যকারেরা বাদ্য বাজাইতে লাগিল ॥১৬॥

---

(১৩) প্রতিজ্ঞাং মম নিশ্চলম্ ‥প্রতিশ্রুত্য বিস্মৃত্য মনসাঽকৃতম্—নি। (১৬) শ্রুত্বা শঙ্খস্য নির্ঘোষম্—নি।

ততো ব্যূঢ়ান্যনীকানি তব তেষাঞ্চ ভারত ! ।
শনৈরুপসসৃপুস্তেঽন্যং যোৎস্যমানানি সংযুগে ॥১৭॥
ততঃ প্রববৃতে যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্ ।
পাণ্ডবানাং কুরূণাঞ্চ দ্রোণপাঞ্চাল্যয়োরপি ॥১৮॥
যতমানাঃ প্রযত্নেন দ্রোণানীকবিনাশনে ।
ন শেকুঃ সৃঞ্জয়া যুদ্ধে তদ্ধি দ্রোণেন পালিতম্ ॥১৯॥
তথৈব তব পুত্রস্য রথোদারাঃ প্রহারিণঃ ।
ন শেকুঃ পাণ্ডবীং সেনাং পাল্যমানাং কিরীটিনা ॥২০॥
আস্তাং তে স্তিমিতে সেনে রক্ষ্যমাণে পরস্পরম্ ।
সম্প্রসুপ্তে যথা নক্তং বনরাজ্যৌ সুপুষ্পিতে ॥২১॥
ততো রুক্মরথো রাজন্নর্কেণেব বিরাজতা ।
বরূথিনা বিনিষ্পত্য ব্যচরৎ পৃতনামুখে ॥২২॥

তত ইতি। ব্যূঢ়ানি ব্যূহরূপেণ সন্নিবেশিতানি ।১৭।

তত ইতি। পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নঃ ।১৮।

যতেতি। যতমানা অপি। তদ্ধি যস্মাৎ ।১৯।

তথেতি। রথোদারা মহারথাঃ। পাণ্ডবীং সেনাং বিনাশয়িতুমিতি শেষঃ ।২০।

আস্তামিতি। সম্প্রসুপ্তে পত্রপুষ্পাদিস্পন্দনশূন্যে, সুপুষ্পিতে চ, বনরাজ্যৌ বনশ্রেণ্যৌ, নক্তং রাত্রৌ যথা, তথা দ্রোণার্জ্জুনাভ্যাং পরস্পরং রক্ষ্যমাণে, তে সেনে, স্তিমিতে নিশ্চলে আস্তাম্ ।২১।

তত ইতি। রুক্মরথঃ দ্রোণঃ, বরূথিনা রথেন, বিনিষ্পত্য ব্যূহাদ্বিনির্গত্য ।২২।

ভরতনন্দন ! তাহার পর আপনার পক্ষের ও পাণ্ডবপক্ষের ব্যূহিত সৈন্যেরা যুদ্ধার্থী হইয়া ধীরে ধীরে পরস্পরাভিমুখে চলিল ।১৭।

তৎপরে পাণ্ডবগণ ও কৌরবগণের এবং দ্রোণ ও ধৃষ্টদ্যুম্নের তুমুল ও লোমহর্ষণ যুদ্ধ উপস্থিত হইল ।১৮।

তবে বহুতর সৃঞ্জয়েরা বিশেষ যত্ন করিয়াও দ্রোণের সৈন্য বিনাশ করিতে সমর্থ হইল না। কারণ, তাহা দ্রোণকর্ত্তৃক রক্ষিত ছিল ।১৯।

আবার সেইরূপ আপনার পুত্রের প্রহারী মহারথেরাও অর্জ্জুনরক্ষিত পাণ্ডবসৈন্য বিনাশ করিতে পারিলেন না ।২০।

ক্রমে রাত্রিতে যেমন পত্রপুষ্পাদিস্পন্দনশূন্য ও পুষ্পসমন্বিত দুইটী বনশ্রেণী নিশ্চল থাকে, সেইরূপ পরস্পর সুরক্ষিত সেই সেনা দুইটী কিছু কাল নিশ্চল থাকিল ।২১।

তমুদ্যন্তং রথেনৈকমাশুকারিণমাহবে।
অনেকমিব সন্ত্রাসান্মেনিরে পাণ্ডুসৃঞ্জয়াঃ ॥২৩॥
তেন মুক্তা শরা ঘোরা বিচেরুঃ সর্ব্বতোদিশম্।
ত্রাসয়ন্তো মহারাজ! পাণ্ডবেয়স্য বাহিনীম্ ॥২৪॥
মধ্যন্দিনমনুপ্রাপ্তো গভস্তিশতসংবৃতঃ।
যথা দৃশ্যেত ঘর্ম্মাংশুস্তথা দ্রোণোঽপ্যদৃশ্যত ॥২৫॥
ন চৈনং পাণ্ডবেয়ানাং কশ্চিচ্ছক্নোতি ভারত।।
বীক্ষিতুং সমরে ক্রুদ্ধং মহেন্দ্রমিব দানবাঃ ॥২৬॥
মোহয়িত্বা ততঃ সৈন্যং ভারদ্বাজঃ প্রতাপবান্।
ধৃষ্টদ্যুম্নবলং তূর্ণং ব্যধমন্নিশিতৈঃ শরৈঃ ॥২৭॥

তমিতি। উদ্যন্তং শত্রুসংহারায়োদ্যমমানম্। আশুকারিণং দ্রুতাস্ত্রক্ষেপিণম্ ॥২৩॥
তেনেতি। তেন দ্রোণেন, মুক্তা নিক্ষিপ্তাঃ ॥২৪॥
মধ্যেতি। গভস্তিশতসংবৃতঃ কিরণসমূহবেষ্টিতঃ। ঘর্ম্মাংশুঃ সূর্য্যঃ ॥২৫॥
নেতি। এনং দ্রোণম্। মহেন্দ্রং দেবরাজম্ ॥২৬॥
মোহেতি। ভারদ্বাজো দ্রোণঃ। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥২৭॥

রাজা। তদনন্তর স্বর্ণরথ দ্রোণ সূর্য্যের ন্যায় উজ্জ্বল রথে নিজসৈন্যমধ্য হইতে নির্গত হইয়া সেই সৈন্যের সম্মুখে বিচরণ করিতে লাগিলেন ॥২২॥

দ্রুতাস্ত্রক্ষেপী একক দ্রোণ রথারোহণে যুদ্ধে উপস্থিত হইলে, পাণ্ডবগণ ও সৃঞ্জয়গণ ভয়ে তাঁহাকে যেন অনেক বলিয়া মনে করিতে লাগিলেন ॥২৩॥

মহারাজ। দ্রোণনিক্ষিপ্ত ভয়ঙ্কর বাণ সকল পাণ্ডবসেনাকে বিত্রস্ত করিয়া সমস্ত দিকে বিচরণ করিতে লাগিল ॥২৪॥

তখন মধ্যাহ্নগত কিরণসমূহবেষ্টিত সূর্য্যকে যেমন দেখা যায়, দ্রোণকে তেমন দেখা যাইতে থাকিল ॥২৫॥

ভরতনন্দন। দানবেরা যেমন যুদ্ধে ইন্দ্রের প্রতি দৃষ্টিপাতও করিতে পারে নাই, সেইরূপ পাণ্ডবপক্ষের মধ্যে কোন ব্যক্তিই দ্রোণের প্রতি দৃষ্টিপাত করিতে পারে নাই ॥২৬॥

তাহার পর প্রতাপশালী দ্রোণ পাণ্ডবসৈন্যকে মুগ্ধ করিয়া নিশিত বাণসমূহদ্বারা সত্বর সত্বর ধৃষ্টদ্যুম্নের সৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥২৭॥

---

(২৩) তমুদ্যতং রথেনৈকম্—পি।

স দিশঃ সর্ব্বতো রুদ্ধ্বা সংবৃত্য খমজিহ্মগৈঃ।
পার্ষতো যত্র তত্রৈব মমৃদে পাণ্ডুবাহিনীম্ ॥২৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
দ্রোণাভিষেকে অর্জ্জুনকৃতযুধিষ্ঠিরাশ্বাসনে একাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

দ্বাদশোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

ততঃ স পাণ্ডবানীকে জনয়ন্ সুমহদ্ভয়ম্!
ব্যচরৎ পৃতনাং দ্রোণো দহন্ কক্ষমিবানলঃ ॥১॥
নির্দ্দহন্তমনীকানি সাক্ষাদগ্নিমিবোত্থিতম্।
দৃষ্ট্বা রুক্মরথং ক্রুদ্ধং সমকম্পন্ত সৃঞ্জয়াঃ ॥২॥

স ইতি। খমাকাশম্, অজিহ্মগৈর্বাণৈঃ। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। মমৃদে মর্দ্দয়ামাস ॥২৮॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি
দ্রোণাভিষেকে একাদশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। পাণ্ডবানামনীকে সৈন্যে। পৃতনাং পাণ্ডবসেনাম্। কক্ষং তৃণরাশিম্ ॥১॥
নির্দ্দহন্তমিতি। রুক্মরথং স্বর্ণময়রথং দ্রোণম্ ॥২॥

এবং তিনি বাণসমূহদ্বারা সমস্ত দিক্ রুদ্ধ ও আকাশ আবৃত করিয়া যেখানে ধৃষ্টদ্যুম্ন ছিলেন, সেইখানেই পাণ্ডবসৈন্য মর্দ্দন করিতে থাকিলেন” ॥২৮॥

—:*:—

সঞ্জয় বলিলেন—“তাহার পর দ্রোণ পাণ্ডবসৈন্যের গুরুতর ভয় উৎপাদন করিয়া অগ্নি যেমন তৃণরাশি দগ্ধ করতঃ বিচরণ করে, সেইরূপ পাণ্ডবসৈন্য দগ্ধ করতঃ বিচরণ করিতে লাগিলেন ॥১॥

ক্রুদ্ধ দ্রোণকে উত্থিত সাক্ষাৎ অগ্নির ন্যায় পাণ্ডবসৈন্য দগ্ধ করিতে দেখিয়া সৃঞ্জয়েরা কাঁপিতে লাগিল ॥২॥

---

* ‘…দ্বাদশোঽধ্যায়ঃ’ ব, ‘…ত্রয়োদশোঽধ্যায়ঃ’ বা স্না নি। (১)…জনয়ংস্তমুলং মহৎ—পি ব।

সততং ক্রুধ্যতঃ সংখ্যে ধনুষোঽস্যাশুকারিণঃ।
জ্যাঘোষঃ শুশ্রুবেঽত্যর্থং বিস্ফূর্জিতমিবাশনেঃ ॥৩॥
রথিনঃ সাদিনশ্চৈব নাগানশ্বান্ পদাতিনঃ।
রৌদ্রা হস্তবতা মুক্তাঃ সংমৃদ্নন্তি স্ম সায়কাঃ ॥৪॥
নানদ্যমানঃ পর্জ্জন্যঃ সানিলঃ শুচিসংক্ষয়ে।
অশ্মবর্ষমিবাবর্ষৎ পরেষামাবহদ্ভয়ম্ ॥৫॥
বিচরন্ স তদা রাজন্! সেনাং সংক্ষোভয়ন্ প্রভুঃ।
বর্দ্ধয়ামাস সন্ত্রাসং শাত্রবাণামমানুষম্ ॥৬॥
তস্য বিদ্যুদিবাভ্রেষু চাপং হেমপরিষ্কৃতম্।
ভ্রাজমানং রথে তস্মিন্ দৃশ্যতে স্ম মহাভয়ম্ ॥৭॥
স বীরঃ সত্যবান্ প্রাজ্ঞো ধর্ম্মনিত্যঃ সদা পুনঃ।
যুগান্তকালবদ্‌ঘোরাং রৌদ্রাং প্রাবর্ত্তয়ন্নদীম্ ॥৮॥

সততমিতি। সততং শুশ্রুবে ইতি সম্বন্ধঃ। বিস্ফূর্জিতং নিষ্পেষধ্বনিঃ ॥৩॥

রথিন ইতি। সাদিনোঽশ্বারোহিণঃ, নাগান্ গজান্। হস্তবতা লঘুহস্তেন দ্রোণেন ॥৪॥

নানদ্যেতি। শুচিসংক্ষয়ে গ্রীষ্মাবসানে, নানদ্যমানঃ পুনঃ পুনর্নদন্ গর্জ্জন্, সানিলঃ সবায়ুঃ, পর্জ্জন্যো মেঘঃ, অশ্মবর্ষং করকাবর্ষমিব, দ্রোণো বাণবর্ষম্, অবর্ষৎ অকরোৎ; পরেষাং শত্রূণাম্, ভয়ম্, আবহৎ অজনয়চ্চ ॥৫॥

বিচরন্নিতি। প্রভুঃ অস্ত্রপ্রয়োগদক্ষো দ্রোণঃ ॥৬॥

তস্যেতি। অভ্রেষু মেঘেষু। হেমপরিষ্কৃতং স্বর্ণশোভিতম্ ॥৭॥

স ইতি। স দ্রোণঃ। ঘোরাং মহতীম্, রৌদ্রাং ভীষণাম্ ॥৮॥

ক্রমে ক্রুদ্ধ ও দ্রুতাস্ত্রক্ষেপী দ্রোণের ধনুর গুণধ্বনি, বজ্রপাতশব্দের ন্যায় সমরাঙ্গনে অনবরত শুনা যাইতে থাকিল ॥৩॥

লঘুহস্ত দ্রোণকর্ত্তৃক নিক্ষিপ্ত ভয়ঙ্কর বাণ সকল রথী, অশ্বারোহী, পদাতি, হস্তী ও অশ্বদিগকে মর্দ্দন করিতে লাগিল ॥৪॥

বর্ষাকালে অনবরত গর্জ্জনকারী ও বায়ুযুক্ত মেঘ যেমন শিলা বর্ষণ করে, দ্রোণও তেমন বাণবর্ষণ এবং শত্রুপক্ষের ভয়োৎপাদন করিতে লাগিলেন ॥৫॥

রাজা! অস্ত্রপ্রয়োগদক্ষ দ্রোণ তখন বিপক্ষসৈন্যকে ক্ষুব্ধ করতঃ বিচরণ করিতে থাকিয়া শত্রুপক্ষের অলৌকিক ভয় বৃদ্ধি করিলেন ॥৬॥

মেঘের উপরে বিদ্যুতের ন্যায় দ্রোণের সেই রথে তাঁহার স্বর্ণখচিত ধনুখানাকে দেখা যাইতে লাগিল ॥৭॥

---

(৩) সততং ক্রুধ্যতঃ সংখ্যে—বা ব। (৫) ...প্রবৃদ্ধঃ শুচিসংক্ষয়ে—নি। (৬) বিচরন্ স দিশঃ সর্ব্বাঃ—নি।

অমর্ষবেগপ্রভবাং ক্রব্যাদগণসঙ্কুলাম্ ।
বলৌঘৈঃ সর্ব্বতঃ পূর্ণাং ধ্বজবৃক্ষাপহারিণীম্ ॥৯॥
শোণিতোদাং রথাবর্ত্তাং হস্ত্যশ্বকৃতরোধসম্ ।
কবচোৎপলসংযুক্তাং মাংসপঙ্কসমাকুলাম্ ॥১০॥
মেদোমজ্জাস্থিসিকতামুষ্ণীষচয়ফেনিলাম্ ।
সংগ্রামজলদাপূর্ণাং প্রাসমৎস্যসমাকুলাম্ ॥১১॥
নরনাগাশ্বকলিলাং শরবেগৌঘবাহিনীম্ ।
শরীরদারুসংঘট্টাং রথকচ্ছপসঙ্কুলাম্ ॥১২॥
উত্তমাঙ্গৈঃ পঙ্কজিনীং নিস্ত্রিংশঝষসঙ্কুলাম্ ।
রথনাগহ্রদোপেতাং নানাভরণভূষিতাম্ ॥১৩॥
মহারথশতাবর্ত্তাং ভূমিরেণূর্ম্মিমালিনীম্ ।
মহাবীর্য্যবতাং সংখ্যে সুতরাং ভীরুদুস্তরাম্ ॥১৪॥
শরীরশতসংবাধাং গৃধ্রকঙ্কনিষেবিতাম্ ।
মহারথসহস্রাণি নয়ন্তীং যমসাদনম্ ॥১৫॥

অথৈকাদশভিঃ শ্লোকৈঃ কুলকেন তামেব নদীং বর্ণয়তি । অমর্ষেতি । অত্র সাদৃশ্যমূহনীয়ম্। অসামঞ্জস্যং পুনরুক্তিদূষণঞ্চার্ষত্বাৎ সহনীয়ম্। জলস্যেব অমর্ষস্য ক্রোধস্য বেগেন প্রভবতীতি তাম্, ক্রব্যাদানাং মাংসভোজিনাং শৃগালাদীনাং গণেন সঙ্কুলাং ব্যাপ্তাম্। বলৌঘৈঃ সৈন্যসমূহৈঃ কাকসমূহৈশ্চ সর্ব্বতঃ পূর্ণাম্, ধ্বজা এব বৃক্ষাস্তানপহরতীতি তাম্। শোণিতানি রক্তান্যেব উদকানি জলানি যস্যাস্তাম্। রথা এব আবর্ত্তা জলভ্রময়ো যস্যাস্তাম্, হস্তিভিরশ্বৈশ্চ কৃতানি রোধাংসি তীরাণি যস্যাস্তাম্। কবচান্যেব উৎপলানি তৈঃ সংযুক্তাম্, মাংসান্যেব পঙ্কাঃ কর্দ্দমাস্তৈঃ সমাকুলাং ব্যাপ্তাম্। মেদোমজ্জাস্থীন্যেব সিকতা বালুকা যস্যাস্তাম্, উষ্ণীষাণাং চয়েন সমূহেন ফেনিলাং ফেনবতীম্। সংগ্রামা এব জলদা মেঘাস্তৈবাপূর্ণাম্, প্রাসা অস্ত্রবিশেষা এব

ক্রমে বীর, সত্যপরায়ণ, বিদ্বান্ এবং সর্ব্বদা ধর্ম্মনিষ্ঠ দ্রোণ প্রলয়কালের ন্যায় বিশাল ও ভয়ঙ্কর একটা নদী প্রবর্ত্তিত করিলেন ॥৮॥

রাজশ্রেষ্ঠ রাজা। সেই নদীটা জলবেগের ন্যায় ক্রোধবেগে জন্মিয়াছিল, মাংসভোজী প্রাণীরা সেটাকে ব্যাপ্ত করিয়াছিল, কাকসমূহের ন্যায় সৈন্যসমূহে সেটা সকল দিকে পূর্ণ ছিল, ধ্বজরূপ বৃক্ষ সকল হরণ করিতেছিল, রক্ত ছিল তাহার জল, রথ ছিল আবর্ত্ত (ঘোলা), হস্তী ও অশ্বের শরীর হইয়াছিল তীর, বর্ম্ম ছিল উৎপল, মাংস ছিল কর্দ্দম, মেদ মজ্জা ও অস্থি ছিল বালি, উষ্ণীষসমূহ ছিল

---

(১০) কবচোড়ুপসংযুক্তাম্—নি। (১১)…উষ্ণীষবরফেনিলাম্—পি। (১৩) উত্তমাঙ্গোপলতটাম্—ব।

শূলব্যালসমাকীর্ণাং প্রাণিবাজিনিষেবিতাম্।
ছিন্নচ্ছত্রমহাহংসাং মুকুটাণ্ডজসেবিতাম্ ॥১৬॥
চক্রকূর্ম্মাং গদানক্রাং শরক্ষুদ্রঝষাকুলাম্।
বকগৃধ্রশৃগালানাং ঘোরসংঘৈর্নিষেবিতাম্ ॥১৭॥
নিহতান্ প্রাণিনঃ সংখ্যে দ্রোণেন বলিনা রণে।
বহন্তীং পিতৃলোকায় শতশো রাজসত্তম ! ॥১ ॥
শরীরশতসংবাধাং কেশশৈবলশাদ্বলাম্।
নদীং প্রাবর্ত্তয়দ্রাজন্। ভীরূণাং ভববর্দ্ধিনীম্ ॥১৯॥ (কুলকম্)

মৎস্যাস্তৈঃ সমাকুলাম্। নরৈঃ নাগৈর্গজৈঃ অশ্বৈশ্চ কলিলাং ব্যাপ্তাম্, শরা এব বেগৌঘ বেগবন্তঃ প্রবাহাস্তান্ বহতীতি তাম্। শরীরাণ্যেব দারুণি বৃক্ষাস্তৈঃ সংঘট্টাঃ সমীচীনঘট্টা যস্যাং তাম্, রথা এব কচ্ছপাস্তৈঃ সঙ্কুলাম্। উত্তমাঙ্গৈঃ শিরোভিঃ পঙ্কজিনীং পদ্মবতীং মুখরূপ-পদ্মযুক্তামিত্যর্থঃ, নিস্ত্রিংশাঃ খড়্গা এব ঝষা মৎস্যাস্তৈঃ সঙ্কুলাং ব্যাপ্তাম্। রথা নাগা গজাশ্চৈব হ্রদাস্তৈরুপেতাং যুক্তাম্, নানাভরণৈঃ কুণ্ডলাদিভিঃ তীরবৃক্ষপুষ্পৈশ্চ ভূষিতাম্। মহৎ বিশালং রথশতমেব আবর্ত্তা জলভ্রময়ো যস্যাস্তাম্, ভূমিরেণবো ভূতলধূলয় এব উর্ম্ময়স্তরঙ্গাস্তেষাং মালা অস্যা অস্তীতি তাম্। সংখ্যে যুদ্ধে মহাবীর্য্যবতাম্, সুখেন তীর্য্যত ইতি সুতরা তাম্, ভীরূণাঞ্চ জনানাং দুস্তরাম্। শরীরশতৈঃ সংবাধাং সঙ্কীর্ণাম্, গৃধ্রৈঃ কঙ্কৈশ্চ পক্ষিভির্নিষেবিতাম্। মহারথসহস্রাণি, যমস্য সাদনং ভবনম্, নয়ন্তীং প্রবাহেণ প্রাপয়ন্তীম্। শূলান্যেব ব্যালাঃ সর্পাস্তৈঃ সমাকীর্ণাম্, প্রাণিভিঃ প্রাণবদ্ভিরেব বাজিভিঃ পতিতৈরশ্বৈর্নিষেবিতাম্। ছিন্নানি ছত্রাণ্যেব এব মহান্তো হংসা যস্যাং তাম্, মুকুটান্যেব অণ্ডজাঃ পক্ষিবিশেষাস্তৈঃ সেবিতাম্। চক্রাণ্যেব কূর্ম্মা যস্যাং তাম্, গদা এব নক্রা জলজন্তবো যস্যাং তাম। শরা এব

ফেন, সে নদীটা যুদ্ধরূপ মেঘে পূর্ণ হইয়াছিল, কুন্তরূপ মৎস্যে ব্যাপ্ত ছিল, মানুষ, হস্তী ও অশ্বে পরিপূর্ণ ছিল, তাহাতে বাণরূপ বেগবান্ প্রবাহ চলিতেছিল, দেহরূপ বৃক্ষে ঘাট তৈয়ারি হইয়াছিল, সেটা রথরূপ কচ্ছপে ব্যাপ্ত ছিল, তাহাতে বীরগণের মুখ ছিল পদ্ম, তরবারি ছিল মৎস্য, রথ ও হস্তী ছিল হ্রদ, সে নদীটা নানা অলঙ্কারে অলঙ্কৃত ছিল, তাহাতে বিশাল রথ সকল ছিল আবর্ত্ত (ঘোলা), ধূলিরাশি ছিল তরঙ্গমালা, অত্যন্ত বলবান্ যোদ্ধারা তাহা অনায়াসে উত্তীর্ণ হইতেছিলেন, কিন্তু ভীরু লোকেরা কষ্টে পার হইতেছিল, সে নদীটা শত শত শরীরে ব্যাপ্ত ছিল, গৃধ্র ও কঙ্কপক্ষিগণে পূর্ণ ছিল, সহস্র সহস্র মহারথকে যমালয়ে লইয়া যাইতেছিল, শূলরূপ সর্পে ব্যাপ্ত ছিল, তাহাতে প্রাণবান অশ্বগণ পড়িয়াছিল, ছিন্ন ছত্রস্বরূপ মহাহংসগণ অবস্থান করিতেছিল, মুকুটরূপ

(১৬) শূরব্যালসমাকীর্ণাম্—পি, ···ছিন্নক্ষত্রমহাহংসাম্—নি।

তং জয়ন্তমনীকানি তানি তানি মহারথম্ ।
সর্ব্বতোঽভ্যদ্রবন্ দ্রোণং যুধিষ্ঠিরপুরোগমাঃ ॥২০॥
তানভিদ্রবতঃ শূরাংস্তাবকা দৃঢ়বিক্রমাঃ ।
সর্ব্বতঃ প্রত্যগৃহ্লন্ত তদভূদ্রোমহর্ষণম্ ॥২১॥
শতমায়স্তু শকুনিঃ সহদেবং সমাদ্রবৎ ।
সনিয়ন্তৃধ্বজরথং বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ ॥২২॥
তস্য মাদ্রীসুতঃ কেতুং ধনুঃ সূতং হয়ানপি ।
নাতিক্রুদ্ধঃ শরৈশ্ছিত্ত্বা ষষ্ট্যা বিবাধ সৌবলম্ ॥২৩॥

ক্ষুদ্রা ঝষা মৎস্যাস্তৈরাকুলাং ব্যাপ্তাম্। বকগৃধ্রশৃগালানাং ঘোরসংঘৈর্ভীষণসমূহৈর্নিষেবিতাম্। হে রাজসত্তম! সম্যক্ খ্যায়তে ভীষণত্বেনোচ্যত ইতি সংখ্যস্তস্মিন্ রণে বলিনা দ্রোণেন নিহতান্ শতশঃ প্রাণিনঃ পিতৃলোকায় বহন্তীম্। হে রাজন্! শরীরশতসংবাধাম্, কেশা এব শৈবলাস্তৈঃ শাদ্বলাং হরিদ্বর্ণাম্, ভীরূণাং ভয়বর্দ্ধিনীঞ্চ নদীম্, প্রাবর্ত্তয়ৎ উদপাদয়ৎ দ্রোণ ইতি শেষঃ ॥৯—১৯॥

তমিতি। অনীকানি পাণ্ডবসৈন্যানি। অভ্যদ্রবন্ অভ্যধাবন্ ॥২০॥

তানিতি। তাবকাস্ত্বৎপক্ষীয়যোদ্ধারঃ। তদ্যুদ্ধম্ ॥২১॥

শতেতি। শতং বিবিধা মায়া যস্য সঃ। নিয়ন্তা রথচালয়িতা সারথিঃ ॥২২॥

তস্যেতি। কেতুং ধ্বজম্, সূতং সারথিম্, হয়ান্ অশ্বান্। সৌবলং শকুনিম্ ॥২৩॥

পঙ্ক্তী চলিতেছিল, চক্র ছিল তাহার কচ্ছপ গদা ছিল জলজন্তু, বাণ ছিল ক্ষুদ্র মৎস্য, ভয়ঙ্কর বক গৃধ্র ও শৃগালগণ বিচরণ করিতেছিল, বলবান্ দ্রোণ যুদ্ধে যাহাদিগকে বিনাশ করিতেছিলেন, তাহাদিগকে সেই নদীটা পিতৃলোকে লইয়া যাইতেছিল, শত শত শরীরে সে নদীটা পূর্ণ ছিল, কেশরূপ শৈবলে (সেগুলাতে) সে নদীটা হরিদ্বর্ণ হইয়াছিল এবং ভীরুলোকদের ভয় বৃদ্ধি করিতেছিল; দ্রোণ উক্তরূপে একটা রক্তের নদী প্রবর্ত্তিত করিয়াছিলেন ॥৯—১৯॥

মহারথ দ্রোণ সেই সেই পাণ্ডবসৈন্য জয় করিতে লাগিলে, যুধিষ্ঠির প্রভৃতি যোদ্ধারা সকল দিক্ হইতে দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥২০॥

সেই বীরেরা দ্রোণের দিকে ধাবিত হইলে, দৃঢ়বিক্রমশালী আপনার পক্ষের যোদ্ধারা তাঁহাদিগকে গ্রহণ করিলেন। তখন সেই যুদ্ধ রোমহর্ষণভাবে হইতে লাগিল ॥২১॥

নানাপ্রকার মায়াশালী শকুনি সহদেবের প্রতি ধাবিত হইলেন এবং নিশিত শরসমূহদ্বারা সহদেবের রথ, সারথি ও ধ্বজটাকে বিদ্ধ করিলেন ॥২২॥

---

(২০) তর্জয়ন্তমনীকানি—বা ব রা নি।

সৌবলস্তু গদাং গৃহ্য প্রচস্কন্দ রথোত্তমাৎ।
স তস্য গদয়া রাজন্। রথাৎ সূতমপাতয়ৎ ॥২৪॥
ততস্তৌ বিরথৌ রাজন্। গদাহস্তৌ মহাবলৌ।
চিক্রীড়তু রণে শূরৌ সশৃঙ্গাবিব পর্ব্বতৌ ॥২৫॥
দ্রোণঃ পাঞ্চালরাজানং বিদ্ধা দশভিরাশুগৈঃ।
বহূনন্যাংশ্চ সমরে সমং বিব্যাধ সায়কৈঃ ॥২৬॥
বিবিংশতিং ভীমসেনো বিংশত্যা নিশিতৈঃ শরৈঃ।
বিদ্ধা নাকম্পয়দ্বীরস্তদদ্ভুতমিবাভবৎ ॥২৭॥
বিবিংশতিশ্চ সহসা ব্যশ্বসূতশরাসনম্।
ভীমং চক্রে মহারাজ! ততঃ সৈন্যান্যপূজয়ন্ ॥২৮॥

সৌবল ইতি। গৃহ্য গৃহীত্বা, প্রচস্কন্দ অবততার ॥২৪॥
তত ইতি। সশৃঙ্গাবিবেত্যনেন গদাদ্বয়স্য শৃঙ্গতুল্যত্বং ধ্বনিতম্ ॥২৫॥
দ্রোণ ইতি। পাঞ্চালরাজানং দ্রুপদম্। অদন্তত্বাভাব আর্ষঃ। সমং যুগপৎ ॥২৬॥
বিবিংশতিমিতি। মহাবীরেণ সাধারণবীরস্যাকম্পনমেবাদ্ভুতমিতি ভাবঃ ॥২৭॥
বিবিংশতিবিতি। বিগতানি অশ্বাঃ সূতঃ সারথিঃ শরাসনং ধনুশ্চ যস্য তম্ ॥২৮॥

তখন সহদেবও অনধিক ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা শকুনির ধ্বজ, ধনু, সারথি ও অশ্বগুলিকে ছেদন করিয়া ষাটটা বাণদ্বারা শকুনিকে বিদ্ধ করিলেন ॥২৩॥

রাজা! পরে শকুনি গদা ধারণপূর্ব্বক উত্তম রথ হইতে অবতরণ করিয়া সেই গদাদ্বারা সহদেবের সারথিকে তাঁহার রথ হইতে নিপাতিত করিলেন ॥২৪॥

রাজা! তাহার পর রথশূন্য, গদাধারী, মহারথ ও বীর শকুনি এবং সহদেব শৃঙ্গযুক্ত দুইটা পর্ব্বতের ন্যায় সমরাঙ্গনে রণক্রীড়া করিতে লাগিলেন ॥২৫॥

এদিকে দ্রোণাচার্য্য দশটা বাণদ্বারা দ্রুপদরাজাকে বিদ্ধ করিয়া অন্য বহুতর বাণদ্বারা একদা অন্য বহু যোদ্ধাকে বিদ্ধ করিলেন ॥২৬॥

ওদিকে মহাবীর ভীমসেন কুড়িটা সুধার বাণদ্বারা বিবিংশতিকে বিদ্ধ করিয়াও কম্পিত করিতে পারিলেন না; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥২৭॥

মহারাজ। তখন বিবিংশতিও তৎক্ষণাৎ ভীমসেনের অশ্ব, সারথি ও ধনু ছেদন করিলেন, তাহার পর সৈন্যেরা তাঁহার সেই কার্য্যের প্রশংসা করিল ॥২৮॥

---

(২৪) গদাং গৃহীত্বা শকুনিঃ—নি। (২৬) দ্রোণঃ পাঞ্চালদায়াদম্—নি,·· বহুভিঃশুন চাভ্যস্তস্তং বিব্যাধ ততোঽধিকৈঃ—বা ব।

স তন্ন মমৃষে বীরঃ শত্রোর্বিক্রমমাহবে।
ততোঽস্য গদয়া দান্তান্ হয়ান্ সর্ব্বানপাতয়ৎ ॥২৯॥
হতাশ্বাৎ স রথাদ্রাজন্! গৃহ্য চর্ম্ম মহাবলঃ।
অভ্যয়াদ্ভীমসেনন্তু মত্তো মত্তমিব দ্বিপম্ ॥৩০॥
শল্যস্তু নকুলং বীরঃ স্বস্রীয়ং প্রিয়মাত্মনঃ।
বিব্যাধ প্রহসন্ বাণৈর্লালয়ন্ কোপয়ন্নিব ॥৩১॥
তস্যাশ্বানাতপত্রঞ্চ ধ্বজং সূতমথো ধনুঃ।
নিপাত্য নকুলঃ সংখ্যে শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥৩২॥
ধৃষ্টকেতুঃ কৃপেণাস্তাংশ্ছিত্ত্বা বহুবিধান্ শরান্।
কৃপং বিব্যাধ সপ্তত্যা ধ্বজঞ্চাস্য ত্রিভিঃ শরৈঃ ॥৩৩॥
তং কৃপঃ শরবর্ষেণ মহতা সমবারয়ৎ।
বিব্যাধ চ রণে বিপ্রো ধৃষ্টকেতুমমর্ষণম্ ॥৩৪॥

স ইতি। স ভীমসেনঃ, মমৃষে সেহে। দান্তান্ শিক্ষিতান্, হয়ান্ অশ্বান্ ॥২৯॥
হতেতি। চর্ম্মেত্যসেরপ্যুপলক্ষণম্। মহাবলো বিবিংশতিঃ। দ্বিপং হস্তিনম্ ॥৩০॥
শল্য ইতি। স্বস্রীয়ং ভাগিনেয়ম্। লালয়ন্ হস্তামর্শেনেবেতি ভাবঃ ॥৩১॥
তস্যেতি। আতপত্রং ছত্রম্, সূতং সারথিম্। সংখ্যে যুদ্ধে ॥৩২॥
ধৃষ্টেতি। অস্তান্ ক্ষিপ্তান্। "অসু ক্ষেপণে" ইত্যসধাতোঃ কর্ম্মণি ক্তঃ ॥৩৩॥
তমিতি। বিপ্রঃ কৃপ এব, অমর্ষণম্ আক্রমণাসহিষ্ণুম্ ॥৩৪॥

কিন্তু মহাবীর ভীমসেন যুদ্ধে শত্রুর সেই বিক্রম সহ্য করিলেন না; তিনি তখন গদাদ্বারা বিবিংশতির সমস্ত শিক্ষিত অশ্বগুলিকে নিপাতিত করিলেন ॥২৯॥

রাজা! তখন মহাবল বিবিংশতি খড়্গ ও চর্ম্ম ধারণ করিয়া সেই হতাশ্ব রথ হইতে অবতীর্ণ হইয়া—মত্ত হস্তী যেমন মত্ত হস্তীর প্রতি ধাবিত হয়, সেইরূপ ভীমসেনের প্রতি ধাবিত হইলেন ॥৩০॥

বীর শল্যরাজা হাসিতে হাসিতে লালন ও কোপন করতই যেন বাণদ্বারা নিজের প্রিয় ভাগিনেয় নকুলকে বিদ্ধ করিলেন ॥৩১॥

তখন প্রতাপশালী নকুল যুদ্ধে শল্যরাজার অশ্ব, ছত্র ধ্বজ, সারথি ও ধনু ছেদন করিয়া শঙ্খধ্বনি করিলেন ॥৩২॥

অপর দিকে ধৃষ্টকেতু কৃপনিক্ষিপ্ত বহুবিধ বাণ ছেদন করিয়া সত্তরটা বাণদ্বারা কৃপকে এবং তিনটা বাণদ্বারা তাঁহার ধ্বজটাকে বিদ্ধ করিলেন ॥৩৩॥

---

(২৯) হয়ান্ সর্ব্বানপোথয়ৎ—পি। (৩৩)... লক্ষ্ম চাস্যাহনৎত্রিভিঃ—পি বা ব। (৩৪)... নিবার্য্য চ রণে বিপ্রো ধৃষ্টকেতুমযোধয়ৎ—পি ব।

সাত্যকিঃ কৃতবর্ম্মাণং নারাচেন স্তনান্তরে।
বিদ্ধ্বা বিব্যাধ সপ্তত্যা পুনরন্যৈঃ স্ময়ন্নিব ॥৩৫॥
তং ভোজঃ সপ্তসপ্তত্যা বিদ্ধ্বা সুনিশিতৈঃ শরৈঃ।
নাকম্পয়ত শৈনেয়ং শীঘ্রো বায়ুরিবাচলম্ ॥৩৬॥
সেনাপতিঃ সুশর্ম্মাণং ভৃশং মর্ম্মস্বতাড়য়ৎ।
স চাপি তং তোমরেণ জত্রুদেশেঽভ্যতাড়য়ৎ ॥৩৭॥
বৈকর্ত্তনস্তু সমরে বিরাটঃ প্রত্যবারয়ৎ।
সহ মৎস্যৈর্মহাবীরৈস্তদদ্ভুতমিবাভবৎ ॥৩৮॥
তৎ পৌরুষমভূত্তত্র সূতপুত্রস্য দারুণম্।
যৎ সৈন্যং বারয়ামাস শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৩৯॥

সাত্যকিরিতি। স্তনান্তরে বক্ষসি। স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্ ॥৩৫॥
তমিতি। ভোজঃ কৃতবর্ম্মা। শৈনেয়ং শিনেঃ পৌত্রং সাত্যকিম্, শীঘ্রঃ শীঘ্রগামী ॥৩৬॥
সেনেতি। সেনাপতির্ধৃষ্টদ্যুম্নঃ। জত্রুদেশে স্কন্দসন্ধৌ ॥৩৭॥
বৈকর্ত্তনমিতি। বৈকর্ত্তনং কর্ণম্। মহাবীরস্য যুদ্ধেন বারণমদ্ভুতমেবেতি ভাবঃ ॥৩৮॥
তদিতি। পৌরুষং বীরত্বম্। সূতপুত্রস্য একাকিনঃ কর্ণস্য ॥৩৯॥

কৃপাচার্য্য বিশাল বাণবর্ষণদ্বারা ধৃষ্টকেতুকে বারণ করিলেন এবং ব্রাহ্মণ কৃপ অসহিষ্ণু ধৃষ্টকেতুকে যুদ্ধে বিদ্ধও করিলেন ॥৩৪॥

ওদিকে সাত্যকি একটা নারাচদ্বারা কৃতবর্ম্মার বক্ষস্থলে তাড়ন করিয়া পুনরায় ঈষৎ হাস্য করতই যেন অন্য সত্তরটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৩৫॥

তখন কৃতবর্ম্মা সুধার সপ্তসপ্ততি বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিয়াও শীঘ্রগামী বায়ু যেমন পর্ব্বতকে কম্পিত করিতে পারে না, সেইরূপ তাঁহাকে কম্পিত করিতে পারিলেন না ॥৩৬॥

অন্য দিকে ধৃষ্টদ্যুম্ন সুশর্ম্মার মর্ম্মদেশে গুরুতর আঘাত করিলেন; আবার সুশর্ম্মাও একটা তোমরদ্বারা ধৃষ্টদ্যুম্নের স্কন্ধসন্ধিস্থানে তাড়ন করিলেন ॥৩৭॥

অপর স্থানে বিরাটরাজা মৎস্যদেশীয় মহাবীরগণের সহিত মিলিত হইয়া যুদ্ধে কর্ণকে বারণ করিলেন। তাহা যেন আশ্চর্য্য বলিয়া বোধ হইল ॥৩৮॥

তখন কর্ণের সেই বীরত্ব ভয়ঙ্করই হইয়াছিল। যেহেতু তিনি একাকী নতপর্ব্ব বাণসমূহদ্বারা মৎস্যসৈন্যকে বারণ করিতে পারিয়াছিলেন ॥৩৯॥

---

(৩৬)…বিদ্ধাশু নিশিতৈঃ শরৈঃ—বা ব রা নি। (৩৮)· সহ মৎস্যৈর্মহারথৈঃ—বা। ব রা নি।

দ্রুপদস্তু স্বয়ং রাজা ভগদত্তেন সঙ্গতঃ।
তয়োর্যুদ্ধং মহারাজ! চিত্ররূপমিবাভবৎ ॥৪০॥
ভগদত্তস্তু রাজানং দ্রুপদং নতপর্ব্বভিঃ।
সনিযন্তৃধ্বজরথং বিব্যাধ পুরুষর্ষভঃ ॥৪১॥
দ্রুপদস্তু ততঃ ক্রুদ্ধো ভগদত্তং মহারথম্।
আজঘানোরসি ক্ষিপ্রং শরেণানতপর্ব্বণা ॥৪২॥
যুদ্ধং যোধবরৌ লোকে সৌমদত্তিশিখণ্ডিনৌ।
ভূতানাং ত্রাসজননং চক্রাতেঽস্ত্রবিশারদৌ ॥৪৩॥
ভূরিশ্রবা রণে রাজন্! যাজ্ঞসেনিং মহারথম্।
মহতা সায়কৌঘেন চ্ছাদয়ামাস বীর্য্যবান্ ॥৪৪॥
শিখণ্ডী তু ততঃ ক্রুদ্ধঃ সৌমদত্তিং বিশাংপতে!।
নবত্যা সায়কানাস্তু কম্পয়ামাস ভারত! ॥৪৫॥

দ্রুপদ ইতি। সঙ্গতো যুদ্ধে মিলিতঃ। চিত্ররূপমাশ্চর্য্যম্ ॥৪০॥
ভগদত্ত ইতি। নতানি ঈষদ্বক্রাণি পর্ব্বাণি উপান্ত্যদেশা যেষাং তৈঃ ॥৪১॥
দ্রুপদ ইতি। উরসি বক্ষসি, ক্ষিপ্রং দ্রুতম্ ॥৪২॥
যুদ্ধমিতি। যোধবরৌ যোদ্ধৃশ্রেষ্ঠৌ, সৌমদত্তির্ভূরিশ্রবা। চক্রাতে কৃতবন্তৌ ॥৪৩॥
ভূরীতি। যাজ্ঞসেনিং শিখণ্ডিনম্। সায়কৌঘেন বাণসমূহেন ॥৪৪॥
শিখণ্ডীতি। "বিংশত্যাদ্যাঃ সদৈকত্বে সর্ব্বাঃ সংখ্যেয়সংখ্যয়োঃ" ইত্যমরোক্তিপ্রামাণ্যাদত্র নবতিপদং সংখ্যানপরমিত্যুপপত্তিঃ ॥৪৫॥

মহারাজ! দ্রুপদরাজা স্বয়ং যাইয়া ভগদত্তের সহিত মিলিত হইলেন। তখন তাঁহাদের যুদ্ধটা আশ্চর্য্যের ন্যায় হইতে লাগিল ॥৪০॥

পুরুষশ্রেষ্ঠ ভগদত্ত নতপর্ব্ব বাণসমূহদ্বারা সারথি, রথ ও ধ্বজের সহিত দ্রুপদরাজাকে বিদ্ধ করিলেন ॥৪১॥

তাহার পর দ্রুপদরাজাও ক্রুদ্ধ হইয়া একটা নতপর্ব্ব বাণদ্বারা সত্বর মহারথ ভগদত্তের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৪২॥

অন্য দিকে জগতে যোদ্ধৃশ্রেষ্ঠ ও অস্ত্রবিশারদ ভূরিশ্রবা এবং শিখণ্ডী প্রাণিগণের ভয়জনক যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৩॥

রাজা! বলবান্ ভূরিশ্রবা বিশাল বাণসমূহদ্বারা যুদ্ধে মহারথ শিখণ্ডীকে আবৃত করিয়া ফেলিলেন ॥৪৪॥

ভরতনন্দন নরনাথ! তৎপরে শিখণ্ডী ক্রুদ্ধ হইয়া নব্বইটা বাণদ্বারা ভূরিশ্রবাকে কম্পিত করিলেন ॥৪৫॥

রাক্ষসৌ রৌদ্রকর্ম্মাণৌ হৈড়িম্বালম্বুষাবুভৌ।
চক্রাতেঽত্যদ্ভুতং যুদ্ধং পরস্পরজয়ৈষিণৌ ॥৪৬॥
মায়াশতসৃজৌ দৃপ্তৌ মায়াভিবিতরেতরম্।
অন্তর্হিতৌ চেরতুস্তৌ ভৃশং বিস্ময়কারিণৌ ॥৪৭॥
চেকিতানোঽনুবিন্দেন যুযুধে চাতিভৈরবম্।
যথা দেবাসুরে যুদ্ধে বলশক্রৌ মহাবলৌ ॥৪৮॥
লক্ষ্মণঃ ক্ষত্রদেবেন বিমর্দ্দমকরোদ্ভৃশম্।
যথা বিষ্ণুঃ পুরা রাজন্! হিরণ্যাক্ষেণ সংযুগে ॥৪৯॥
ততঃ প্রজবিতাশ্বেন বিধিবৎ কল্পিতেন চ।
রথেনাভ্যদ্রবদ্রাজন্! সৌভদ্রং পৌরবো নদন্ ॥৫০॥

রাক্ষসাবিতি। হৈড়িম্বো হিড়িম্বো হিড়িম্বাপুত্রো ঘটোৎকচঃ ॥৪৬॥
মায়েতি। মায়াশতং বহুবিধা মায়াঃ সৃজতঃ কুরুত ইতি তৌ ॥৪৭॥
চেকীতি। অনুবিন্দেন আবন্ত্যেন। বলো নামাসুরঃ, শক্রশ্চেন্দ্রঃ ॥৪৮॥
লক্ষ্মণ ইতি। লক্ষ্মণো দুর্য্যোধনপুত্রঃ, বিমর্দ্দং যুদ্ধম্ ॥৪৯॥
তত ইতি। প্রজবিতাঃ সঞ্জাতাধিকবেগা অশ্বা যস্য তেন, কল্পিতেন সজ্জিতেন। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ 'সৌভদ্রমভিমন্যুম্, পৌরবঃ পুরুবংশীয়ো বৃহদ্বলঃ ॥৫০॥

ওদিকে ভয়ঙ্করকর্ম্মা রাক্ষস ঘটোৎকচ ও অলম্বুষ পরস্পর জয়াভিলাষী হইয়া অতি অদ্ভুত যুদ্ধ করিতে লাগিল ॥৪৬॥

দর্পশালী ঘটোৎকচ ও অলম্বুষ নানাবিধ মায়া আবিষ্কার করিয়া মায়াবলে পরস্পর অন্তর্হিত হইতে থাকিয়া লোকের অত্যন্ত বিস্ময় উৎপাদন করতঃ সমরাঙ্গনে বিচরণ করিতে থাকিল ॥৪৭॥

দেবাসুরযুদ্ধে মহাশক্তি বল ও ইন্দ্র যেমন অতিভয়ঙ্কর যুদ্ধ করিয়াছিলেন, সেইরূপ চেকিতান অনুবিন্দের সহিত অতিভয়ঙ্কর যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৮॥

রাজা! পূর্ব্বকালে বিষ্ণু যেমন হিরণ্যাক্ষের সহিত সমরাঙ্গনে সংঘর্ষ করিয়াছিলেন, সেইরূপ লক্ষ্মণ ক্ষত্রদেবের সহিত গুরুতর সংঘর্ষ করিতে থাকিলেন ॥৫০॥

রাজা! অপর দিকে দ্রুতাশ্বযুক্ত ও যথাবিধানে সজ্জিত রথে আরোহণ করিয়া পুরুবংশীয় বৃহদ্বল গর্জ্জন করিতে করিতে অভিমন্যুর প্রতি ধাবিত হইলেন ॥৫০॥

---

(৪৬)···চক্রাতে তুমুলং যুদ্ধম্—পি। (৫০) ততঃ প্রচলিতাশ্বেন—বা ব রা নি।

ততোঽভ্যয়াৎ স ত্বরিতো যুদ্ধাকাঙ্ক্ষী মহাবলঃ।
তেন চক্রে মহদ্‌যুদ্ধমভিমন্যুররিন্দমঃ ॥৫১॥
পৌরবস্ত্বথ সৌভদ্রং শরব্রাতৈরবাকিরৎ।
তস্যার্জ্জুনির্ধ্বজং ছত্রং ধনুশ্চোর্ব্যামপাতয়ৎ ॥৫২॥
সৌভদ্রঃ পৌরবং ত্বন্যৈর্বিদ্ধ্বা সপ্তভিরাশুগৈঃ।
পঞ্চভিস্তস্য বিব্যাধ হয়ান্ সূতঞ্চ সায়কৈঃ ॥৫৩॥
ততঃ সংহর্ষয়ন্ সেনাং সিংহবদ্বিনদন্ মুহুঃ।
সমাদত্তার্জ্জুনিস্তূর্ণং পৌরবান্তকরং শরম্ ॥৫৪॥
তন্তু সন্ধিতমাজ্ঞায় সায়কং ঘোরদর্শনম্।
দ্বাভ্যাং শরাভ্যাং হার্দ্দিক্যশ্চিচ্ছেদ সশরং ধনুঃ ॥৫৫॥
তদুৎসৃজ্য ধনুশ্ছিন্নং সৌভদ্রঃ পরবীরহা।
উদ্বর্হ সিতং খড়্গমাদদানঃ শরাবরম্ ॥৫৬॥

তত ইতি। অভ্যয়াৎ সমীপমাগচ্ছৎ, স পৌরবঃ। তেন পৌরবেণ সহ ॥৫১॥
পৌরব ইতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ। আর্জ্জুনিরভিমন্যুঃ। উর্ব্যাং ভূমৌ ॥৫২॥
সৌভদ্র ইতি। আশুগৈর্বাণৈঃ। হয়ান্ অশ্বান্, সূতং সারথিম্ ॥৫৩॥
তত ইতি। সমাদত্ত অগৃহ্লাৎ। পৌরবান্তকরং বৃহদ্বলনাশনযোগ্যম্ ॥৫৪॥
তমিতি। সন্ধা সন্ধানমস্য সঞ্জাতেতি সন্ধিতস্তম্। হার্দ্দিক্যঃ কৃতবর্ম্মা ॥৫৫॥
তদিতি। উদ্বর্হ কোষাদুদ্ধৃত্য, সিতং মলাভাবাচ্ছুভ্রম্। শরাবরং চর্ম্ম ॥৫৬॥

ক্রমে মহাশক্তিশালী বৃহদ্বল যুদ্ধার্থী হইয়া সত্বর উপস্থিত হইলে, শত্রুদমনকারী অভিমন্যু তাঁহার সহিত গুরুতর যুদ্ধ করিতে লাগিলেন ॥৫১॥

বৃহদ্বল বাণসমূহদ্বারা অভিমন্যুকে আবৃত করিয়া ফেলিলেন। তখন অভিমন্যু তাঁহার ধ্বজ, ছত্র ও ধনু ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥৫২॥

এবং অভিমন্যু অপর সাতটা বাণদ্বারা বৃহদ্বলকে বিদ্ধ করিয়া পাঁচটা বাণদ্বারা তাঁহার অশ্ব ও সারথিকে বিদ্ধ করিলেন ॥৫৩॥

তাহার পর আবার অভিমন্যু মুহুর্মুহুঃ সিংহনাদ করিতে থাকিয়া আপন সৈন্যদিগকে আনন্দিত করতঃ সত্বর বৃহদ্বলের বিনাশজনক একটা বাণ গ্রহণ করিলেন ॥৫৪॥

অভিমন্যু সেই ঘোরদর্শন বাণটাকে সন্ধান করিতেছেন ইহা দূর হইতে দেখিয়া কৃতবর্ম্মা দুইটা বাণদ্বারা অভিমন্যুর সেই বাণ ও ধনুখানাকে কাটিয়া ফেলিলেন ॥৫৫॥

(৫১) ততোঽতীয়ায় ত্বরিতঃ—পি। (৫৪) ততঃ প্রহর্ষয়ন্ সেনাম্—বা ব রা নি।

স তেনানেকতারেণ চর্ম্মণা কৃতহস্তবৎ।
ভ্রান্তাসির্ব্যচরন্মার্গান্ দর্শয়ন্ বীর্য্যমাত্মনঃ ॥৫৭॥
ভ্রামিতং পুনরুদ্‌ভ্রান্তমাধূতং পুনরুত্থিতম্।
চর্ম্মনিস্ত্রিংশয়ো রাজন্! নির্বিশেষমদৃশ্যত ॥৫৮॥
স পৌরবরথস্যেষামাপ্লুত্য সহসা নদন্।
পৌরবং রথমাস্থায় কেশপক্ষে পরামৃশৎ ॥৫৯॥
জঘানাস্য পদা সূতমসিনাপাতয়দ্ধ্বজম্!
বিক্ষোভ্যাম্ভোনিধিং তার্ক্ষ্য্যস্তন্নাগমিব চাক্ষিপৎ ॥৬০॥
তমাগলিতকেশান্তং দদৃশুঃ সর্ব্বপার্থিবাঃ।
উক্ষাণমিব সিংহেন পাত্যমানমচেতসম্ ॥৬১॥

স ইতি। অনেকাস্তারা নক্ষত্রাকারচিহ্নানি যত্র তেন। ভ্রান্তাসির্ঘূর্ণিতখড়্গঃ ॥৫৭॥
ভ্রামিতমিতি। ভ্রামিতম্ অধো ঘূর্ণিতম্, উদ্‌ভ্রান্তম্ ঊর্দ্ধে ঘূর্ণিতম্, আধূতম্ অধঃ কৃতম্, পুনরুত্থিতঞ্চ। চর্ম্মনিস্ত্রিংশয়োশ্চর্ম্মখড়্গয়োঃ, নির্বিশেষং বৈষম্যরহিতম্ ॥৫৮॥
স ইতি। ঈষাং দারুবিশেষম্, আপ্লুত্য উৎপত্য। কেশপক্ষে কেশপাশে ॥৫৯॥
জঘানেতি। সূতং সারথিম্। তার্ক্ষ্যো গরুড়ঃ, তন্নাগম্ অম্ভোধেঃ সর্পম্ ॥৬০॥
তমিতি। আগলিতকেশান্তং স্খলিতকেশাগ্রম্। উক্ষাণং বৃষভম্ ॥৬১॥

তখন বিপক্ষবীরহন্তা অভিমন্যু সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া চর্ম্ম (ঢাল) গ্রহণপূর্ব্বক কোষ হইতে শুভ্রবর্ণ তরবারি নিষ্কাশন করিলেন ॥৫৬॥

এবং তিনি নিজের শক্তি দেখাইতে থাকিয়া শিক্ষিতহস্ত ঐন্দ্রজালিকের ন্যায় অনেক তারাযুক্ত সেই চর্ম্মের সহিত তরবারিখানাকে ঘুরাইতে ঘুরাইতে বহুপথে বিচরণ করিতে লাগিলেন ॥৫৭॥

রাজা! তখন অভিমন্যুর সেই চর্ম্ম ও তরবারির নীচে ঘূর্ণন, আবার ঊর্দ্ধে সঞ্চালন এবং নীচে আনয়ন, আবার উপরে উত্তোলন ইহার কোন বিশেষ দেখা গেল না ॥৫৮॥

ক্রমে অভিমন্যু গর্জ্জন করিতে করিতে বৃহদ্বলের রথের সম্মুখের কাঠে লাফ দিয়া উঠিয়া রথের ভিতরে যাইয়া বৃহদ্বলের কেশাকর্ষণ করিলেন ॥৫৯॥

পরে তিনি পদাঘাতে বৃহদ্বলের সারথিকে বধ করিলেন, তরবারিদ্বারা ধ্বজটাকে কাটিয়া ফেলিলেন এবং গরুড় যেমন সমুদ্র আলোড়ন করিয়া তাহার ভিতরের সর্পকে নিক্ষেপ করেন, সেইরূপ বৃহদ্বলকে নিক্ষেপ করিলেন ॥৬০॥

---

(৫৭)…ভ্রান্তাসিবচন্মার্গান্—পি, ..ভ্রান্তাসিনাঽচরন্মার্গান্—বা নি।

তমার্জ্জুনিবশং প্রাপ্তং কৃষ্যমাণমনাথবৎ।
পৌরবং পাতিতং দৃষ্ট্বা নামৃষ্যত জয়দ্রথঃ ॥৬২॥
স বর্হিবর্হাবততং কিঙ্কিণীশতজালবৎ।
চর্ম্ম চাদায় খড়্গঞ্চ নদন্ পর্য্যপতদ্রথাৎ ॥৬৩॥
ততঃ সৈন্ধবমালোক্য কার্ষ্ণিরুৎসৃজ্য পৌরবম্।
উৎপপাত রথাত্তূর্ণং শ্যেনবন্নিপপাত চ ॥৬৪॥
প্রাস-পট্টিশ-নিস্ত্রিংশান্ শত্রুভিঃ সম্প্রচোদিতান্।
চিচ্ছেদ চাসিনা কার্ষ্ণিশ্চর্ম্মণা সংরুরোধ চ ॥৬৫॥
স দর্শয়িত্বা সৈন্যানাং স্ববাহুবলমাত্মনঃ।
তমুদ্যম্য মহাখড়্গং চর্ম্ম চাথ পুনর্বলী ॥৬৬॥
বৃদ্ধক্ষত্রস্য দায়াদং পিতুরত্যন্তবৈরিণম্।
সসারাভিমুখঃ শূরঃ শার্দ্দূল ইব কুঞ্জরম্ ॥৬৭॥ (যুগ্মকম্)

তমিতি। আর্জ্জুনিবশম্ অভিমন্যোরধীনতাম্। নামৃষ্যত নাসহত ॥৬২॥
স ইতি। বর্হিবর্হেণ ময়ূরপুচ্ছেন অবততং প্রান্তে বেষ্টিতম্। নদন্ গর্জ্জন্ ॥৬৩॥
তত ইতি। সৈন্ধবং জয়দ্রথম্, কার্ষ্ণিরভিমন্যুঃ। রথাৎ পৌরবস্যৈব ॥৬৪॥
প্রাসেতি। সম্প্রচোদিতান্ আত্মোপরি নিক্ষিপ্তান্। সংরুরোধ নিবারয়ামাস ॥৬৫॥
স ইতি। আত্মনঃ সৈন্যানামিতি সম্বন্ধঃ। উদ্যম্য উত্তোল্য। দায়াদং পুত্রং জয়দ্রথম্, পিতুরর্জ্জুনস্য, সসার দধাব ॥৬৬—৬৭॥

তখন রাজারা সকলে দেখিলেন—সিংহকর্ত্তৃক নিপাতিত বৃষের ন্যায় বৃহদ্বল স্খলিতকেশে ও বিচলিতচিত্তে নিপাতিত হইলেন ॥৬১॥

বৃহদ্বলকে অভিমন্যুর বশীভূত, নিপাতিত ও অনাথের ন্যায় আকর্ষণ করিতে দেখিয়া জয়দ্রথ সহ্য করিলেন না ॥৬২॥

তিনি ময়ূরপুচ্ছবেষ্টিত ও কিঙ্কিণীজালযুক্ত চর্ম্ম (ঢাল) এবং তরবারি লইয়া গর্জ্জন করিতে করিতে রথ হইতে লাফাইয়া পড়িলেন ॥৬৩॥

তাহার পর অভিমন্যু জয়দ্রথকে দেখিয়া বৃহদ্বলকে পরিত্যাগ করিয়া সত্বর বৃহদ্বলের রথ হইতে লাফাইয়া উঠিলেন এবং শ্যেনপক্ষীর ন্যায় ভূতলে পতিত হইলেন ॥৬৪॥

তখন শত্রুরা অভিমন্যুর উপরে প্রাস, পট্টিশ ও তরবারিপ্রভৃতি প্রয়োগ করিতে লাগিলে, অভিমন্যু যথাসম্ভব তরবারিদ্বারা সেগুলির ছেদন এবং চর্ম্মদ্বারা নিবারণ করিতে থাকিলেন ॥৬৫॥

---

(৬৩) সবর্হিণং মহারাজ!—পি ব।

তৌ পরস্পরমাসাদ্য খড়্গদন্তনখায়ুধৌ।
হৃষ্টবৎ সম্প্রজহ্রাতে ব্যাঘ্রকেশরিণাবিব ॥৬৮॥
সম্পাতেষ্বভিঘাতেষু নিপাতেষ্বসিচর্ম্মণোঃ।
ন তয়োরন্তরং কশ্চিদ্দদর্শ নরসিংহযোঃ ॥৬৯॥
অবক্ষেপোঽসিনির্হ্রাদঃ শস্ত্রান্তরনিদর্শনম্।
বাহ্যান্তরনিপাতশ্চ নির্বিশেষমদৃশ্যত ॥৭০॥
বাহ্যমাভ্যন্তরঞ্চৈব চরন্তৌ মার্গমুত্তমম্।
দদৃশাতে মহাত্মানৌ সপক্ষাবিব পর্ব্বতৌ ॥৭১॥
ততো বিক্ষিপতঃ খড়্গং সৌভদ্রস্য যশস্বিনঃ।
শরাবরণপক্ষান্তে প্রজহার জয়দ্রথঃ ॥৭২॥

তাবিতি। খড়্গো দন্তা নখাশ্চ আয়ুধান্যস্ত্রাণি যয়োস্তৌ ॥৬৮॥

সম্পাতেষিতি। অসিচর্ম্মণোঃ সম্পাতেষু পার্শ্বয়োর্বাঘাতেষু, অভিঘাতেষু প্রতিপ্রহারেষু, নিপাতেষু ঊর্দ্ধাদধঃ পাতনেষু চ, তয়োর্নরসিংহয়োরন্তরং বিশেষং কশ্চিন্ন দদর্শ ॥৬৯॥

অবেতি। অবক্ষেপ আকর্ষণম্, অসের্নির্হ্রাদো ঘূর্ণনশব্দঃ, শস্ত্রান্তরনিদর্শনং মধ্যে মধ্যে শূলাদ্যপরশস্ত্রপ্রদর্শনম্, বাহ্যে দূরে অন্তরে সমীপে নিপাতো গমনঞ্চ তযোর্নির্বিশেষমদৃশ্যত ॥৭০॥

বাহ্যমিতি। বাহ্যং দূরস্থম্, আভ্যন্তরং সমীপস্থঞ্চ। সপক্ষৌ পতত্রযুক্তৌ ॥৭১॥

বীর ও বলবান্ অভিমন্যু এইভাবে আপন সৈন্যদিগকে নিজের বাহুবল দেখাইয়া পুনরায় সেই বিশাল তরবারি ও চর্ম্ম উত্তোলন করিয়া—ব্যাঘ্র যেমন হস্তীর দিকে ধাবিত হয়, সেইরূপ পিতার মহাশত্রু জয়দ্রথের দিকে ধাবিত হইলেন ॥৬৬—৬৭॥

ক্রমে তাঁহারা পরস্পর সন্নিহিত হইয়া আনন্দিতের ন্যায় ব্যাঘ্র ও সিংহের তুল্য তরবারি, দন্ত ও নখদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥৬৮॥

অসি ও চর্ম্মের পরস্পর পার্শ্বে সঞ্চালন, অভিমুখে সঞ্চালন এবং নিম্নে সঞ্চালন এই সমস্ত বিষয়ে নরশ্রেষ্ঠ জয়দ্রথ ও অভিমন্যুর প্রভেদ কেহই দেখিতে পাইল না ॥৬৯॥

আর অসি আকর্ষণ, অসিসঞ্চালনের শব্দ, অন্যান্য অস্ত্র প্রদর্শন, দূরে অপসরণ এবং নিকটে আগমন এগুলিও উভয়েরই সমান দেখা যাইতে লাগিল ॥৭০॥

আবার সেই মহাত্মারা উভয়েই পক্ষযুক্ত দুইটা পর্ব্বতের ন্যায় দূর ও নিকটে আশ্চর্য্য পথে বিচরণ করিতে থাকিলেন দেখা গেল ॥৭১॥

---

(৭২)…সৌভদ্রস্য মহাত্মনঃ—পি।

রুক্মপত্রান্তরে সক্তস্তস্মিংশ্চর্ম্মণি ভাস্বরে।
সিন্ধুরাজবলোদ্ধূতঃ সোঽভজ্যত মহানসিঃ ॥৭৩॥
ভগ্নমাজ্ঞায় নিস্ত্রিংশমবপ্লুত্য পদানি ষট্।
অদৃশ্যত নিমেষেণ স্বরথং পুনরাস্থিতঃ ॥৭৪॥
তং কার্ষ্ণিং সমরান্মুক্তমাস্থিতং রথমুত্তমম্।
সহিতাঃ সর্ব্বরাজানঃ পরিবব্রুঃ সমন্ততঃ ॥৭৫॥
ততশ্চর্ম্ম চ খড়্গঞ্চ সমুৎক্ষিপ্য মহাবলঃ।
ননাদার্জ্জুনদায়াদঃ প্রেক্ষমাণো জয়দ্রথম্ ॥৭৬॥
সিন্ধুরাজং পরাজিত্য সৌভদ্রঃ পরবীরহা।
তাপয়ামাস তৎ সৈন্যং ভুবনং ভাস্করো যথা ॥৭৭॥

তত ইতি। বিক্ষিপত উত্তোলয়তঃ। শরা আব্রিয়ন্তে নিবার্য্যন্তে অনেনেতি শরাবরণং চর্ম্ম তস্য পক্ষান্তে পক্ষিপক্ষযুক্তদেশপ্রান্তে, প্রজহার অসিনেতি শেষঃ ॥৭২॥

রুক্মেতি। রুক্মপত্রং স্বর্ণপট্টম্ অন্তরে পক্ষিপক্ষান্তরালে যস্য তস্মিন্। অত এব তত্র লগ্নতয়া অসিরভজ্যতেতি ভাবঃ। সিন্ধুরাজেন বলেন উদ্ধূতশ্চালিতঃ ॥৭৩॥

ভগ্নমিতি। নিস্ত্রিংশমসিম্। আস্থিত আরূঢো জয়দ্রথঃ ॥৭৪॥

তমিতি। কার্ষ্ণিমভিমন্যুম্। আস্থিতমারূঢম্। পরিবব্রুঃ পরিবেষ্টিতবন্তঃ ॥৭৫॥

তত ইতি। সমুৎক্ষিপ্য সমুত্তোল্য। অর্জ্জুনস্য দায়াদঃ পুত্রোঽভিমন্যুঃ ॥৭৬॥

সিন্ধুরাজমিতি। সৌভদ্রোঽভিমন্যুঃ, পরবীরহা বিপক্ষবীরহন্তা ॥৭৭॥

তাহার পর যশস্বী অভিমন্যু যখন তরবারি উত্তোলন করিলেন, সেই সময়ে জয়দ্রথ তাঁহার চর্ম্মপ্রান্তে তরবারিপ্রহার করিলেন ॥৭২॥

অভিমন্যুর সেই উজ্জ্বল ঢালখানার পাখীর পাখার ভিতরে সোণার পাত লাগান ছিল; সুতরাং তাহাতে লাগিয়া বলপূর্ব্বক জয়দ্রথপ্রযুক্ত সেই বিশাল তরবারিখানা ভাঙ্গিয়া গেল ॥৭৩॥

তখন নিজের তরবারি ভাঙ্গিয়া গিয়াছে দেখিয়া জয়দ্রথ নিমেষকালমধ্যে ছয় পা লাফাইয়া যাইয়া পুনরায় নিজের রথে আরোহণ করিলেন ॥৭৪॥

সেই সময়ে অভিমন্যুও যুদ্ধ হইতে মুক্ত হইয়া নিজের উত্তম রথে যাইয়া আরোহণ করিলেন। তখন রাজারা সকলে মিলিত হইয়া সকল দিকে অভিমন্যুকে বেষ্টন করিলেন ॥৭৫॥

তাহার পর মহাবল অভিমন্যু অসি ও চর্ম্ম উত্তোলনপূর্ব্বক জয়দ্রথের প্রতি দৃষ্টিপাত করতঃ গর্জ্জন করিতে লাগিলেন ॥৭৬॥

---

(৭৩)…চর্ম্মণি ভাস্বরে—পি। (৭৭) সিন্ধুরাজং পরিত্যজ্য—রা, ব, রা নি।

তস্য সর্ব্বায়সীং শক্তিং শল্যঃ কনকভূষণাম্।
চিক্ষেপ সমরে ঘোরাং দীপ্তামগ্নিশিখামিব ॥৭৮॥
তামবপ্লুত্য জগ্রাহ বিকোষঞ্চাকরোদসিম্।
বৈনতেয়ো যথা কাষ্ণিঃ পতন্তমুরগোত্তমম্ ॥৭৯॥
তস্য লাঘবমাজ্ঞায় সত্ত্বঞ্চামিততেজসঃ।
সহিতাঃ সর্ব্বরাজানঃ সিংহনাদমথানদন্ ॥৮০॥
ততস্তামেব শল্যস্য সৌভদ্রঃ পরবীরহা।
মুমোচ ভুজবীর্য্যেণ বৈদূর্য্যবিকৃতাং শিতাম্ ॥৮১॥
সা তস্য রথমাসাদ্য নির্ম্মুক্তভুজগোপমা।
জঘান সূতং শল্যস্য রথাচ্চৈনমপাতয়ৎ ॥৮২॥
ততো বিরাটদ্রুপদৌ ধৃষ্টকেতুর্যুধিষ্ঠিরঃ।
সাত্যকিঃ কেকয়া ভীমো ধৃষ্টদ্যুম্নশিখণ্ডিনৌ ॥৮৩॥

তস্যেতি। তস্য অভিমন্যোরুপরি, সর্ব্বেষেবাবয়বেষু আসন্নীং লৌহময়ীম্ ॥৭৮॥
তামিতি। বিকোষং কোষমুক্তম্। বৈনতেযো গরুডঃ, কাষ্ণিরভিমন্যুঃ ॥৭৯॥
তস্যেতি। লাঘবং শীঘ্রকাবিতাম্, সত্ত্বমধ্যবসায়ম্। অনদন্ অকুর্ব্বন্ ॥৮০॥
তত ইতি। বৈদূর্য্যেণ মণিনা বিকৃতাং খচিতাম্,·শিতাং শিলাশাণিতাম্ ॥৮১॥
সেতি। নির্ম্মুক্তশ্চর্ম্মণো মুক্তো যো ভুজগঃ স এবোপমা যস্যাঃ সা ॥৮২॥

বিপক্ষবীরহন্তা অভিমন্যু এইভাবে জয়দ্রথকে পরাজিত করিয়া—সূর্য্য যেমন জগৎ সন্তপ্ত করেন, সেইরূপ কৌরবসৈন্য সন্তপ্ত করিতে থাকিলেন ॥৭৭॥

তখন শল্যরাজা যুদ্ধে অভিমন্যুর উপরে লৌহময়ী, স্বর্ণভূষণা ও উজ্জ্বল অগ্নিশিখার ন্যায় ভীষণ একটা শক্তি নিক্ষেপ করিলেন ॥৭৮॥

সেই সময়ে গরুড় যেমন পতনশীল উত্তম সর্পকে গ্রহণ করেন, সেইরূপ অভিমন্যু লাফ দিয়া উঠিয়া সেই শক্তিটাকে গ্রহণ করিলেন এবং তরবারিখানাকে কোষমুক্ত করিলেন ॥৭৯॥

অমিততেজা অভিমন্যুর সেই শীঘ্রকাবিতা ও অধ্যবসায় দেখিয়া রাজারা সকলে মিলিত হইয়া সিংহনাদ করিয়া উঠিলেন ॥৮০॥

তাহার পর বিপক্ষবীরহন্তা অভিমন্যু বৈদূর্য্যমণিখচিত ও শিলাশাণিত সেই শক্তিটাকেই বাহুবলে শল্যের উপরে নিক্ষেপ করিলেন ॥৮১॥

চর্ম্মনির্গত সর্পের তুল্য সেই শক্তিটা শল্যের রথের নিকটে যাইয়া তাঁহার সারথিকে নিহত করিয়া রথ হইতে নিপাতিত করিল ॥৮২॥

---

(৭৯) ·বিকোষমকরোদসিম্—পি।

যমৌ চ দ্রৌপদেয়াশ্চ সাধু সাধ্বিতি চুক্রুশুঃ।
বাণশব্দাশ্চ বিবিধাঃ সিংহনাদাশ্চ পুষ্কলাঃ ॥৮৪॥
প্রাদুরাসন্ হর্ষয়ন্তঃ সৌভদ্রমপলায়িনম্।
তন্নামৃষ্যন্ত পুত্রাস্তে শত্রোর্বিজয়লক্ষণম্ ॥৮৫॥ (বিশেষকম্)
অথৈনং সহসা সর্ব্বে সমন্তান্নিশিতৈঃ শরৈঃ।
অভ্যাকিরন্ মহারাজ! জলদা ইব পর্ব্বতম্ ॥৮৬॥
তেষাঞ্চ প্রিয়মন্বিচ্ছন্ সূতস্য চ পরাভবম্।
আর্ত্তায়নিরমিত্রঘ্নঃ ক্রুদ্ধঃ সৌভদ্রমভ্যয়াৎ ॥৮৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে অভিমন্যুপরাক্রমে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

তত ইতি। কেকযা ভ্রাতরঃ পঞ্চ। যমৌ নকুলসহদেবৌ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। চুক্রুশুঃ উচ্চৈরূচুঃ। পুষ্কলাঃ প্রচুরাঃ। নামৃষ্যন্ত নাসহন্ত। বিজযস্য লক্ষণং চিহ্নম্ ॥৮৩—৮৫॥

অথেতি। এনমভিমন্যুম্। অভ্যাকিরন্ প্রাহরন্। জলদা মেঘাঃ ॥৮৬॥

তেষামিতি। অমিত্রঘ্নঃ, আর্ত্তায়নিঃ শল্যঃ, সূতস্য নিজসারথেঃ, পরাভবং দৃষ্ট্বেতি শেষঃ, ক্রুদ্ধঃ সন্, তেষাং কৌরবাণাং প্রিয়ঞ্চান্বিচ্ছন্, সৌভদ্রমভিমন্যুমভ্যযাৎ ॥৮৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥

তাহার পর বিরাট, দ্রুপদ, ধৃষ্টকেতু, যুধিষ্ঠির, সাত্যকি, কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা, ভীমসেন, ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, নকুল, সহদেব ও দ্রৌপদীর পুত্রগণ—ইঁহারা অপলায়ী অভিমন্যুকে আনন্দিত করতঃ উচ্চস্বরে 'সাধু সাধু' বলিয়া উঠিলেন এবং নানাবিধ বাণশব্দ ও প্রচুর সিংহনাদ হইতে লাগিল; কিন্তু আপনার পুত্রেরা শত্রুর সেই বিজয়সূচক ব্যাপারগুলি সহ্য করিতে পারিলেন না ॥৮৩—৮৫॥

মহারাজ! তদনন্তর কৌরবপক্ষের যোদ্ধারা সকলে সকল দিক্ হইতে—মেঘ যেমন পর্ব্বতের উপরে জলবর্ষণ করে, সেইরূপ অভিমন্যুর উপরে দ্রুত ক্ষুরধার শর বর্ষণ করিতে লাগিলেন ॥৮৬॥

আর শত্রুহন্তা শল্যরাজা নিজ সারথির পরাভব দেখিয়া ক্রুদ্ধ হইয়া এবং কৌরবগণের প্রিয় কার্য্য করিবার ইচ্ছা করিয়া অভিমন্যুর দিকে ধাবিত হইলেন" ॥৮৭॥

---

* '...ত্রয়োদশোঽধ্যায়ঃ'—ব, '...চতুর্দ্দশোঽধ্যায়ঃ'—বা রা নি।

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

—:※:—

ধৃতরাষ্ট্র উবাচ।

বহূনি সুবিচিত্রাণি দ্বন্দ্বযুদ্ধানি সঞ্জয়!।
ত্বয়োক্তানি নিশম্যাহং স্পৃহয়ামি সচক্ষুষাম্ ॥১॥
আশ্চর্য্যভূতং লোকেষু কথয়িষ্যন্তি মানবাঃ।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ যুদ্ধং দেবাসুরোপমম্ ॥২॥
নহি মে তৃপ্তিরস্তীহ শৃণ্বতো যুদ্ধমুত্তমম্।
তস্মাদার্ত্তায়নের্যুদ্ধং সৌভদ্রস্য চ শংস মে ॥৩॥

সঞ্জয় উবাচ।

সাদিতং প্রেক্ষ্য যন্তারং শল্যঃ সর্ব্বায়সীং গদাম্।
সমুৎক্ষিপ্য নদন্ ক্রুদ্ধঃ প্রচস্কন্দ রথোত্তমাৎ ॥৪॥
তং দীপ্তমিব কালাগ্নিং দণ্ডহস্তমিবান্তকম্।
জবেনাভ্যপতদ্ভীমঃ প্রগৃহ্য মহতীং গদাম্ ॥৫॥

বহূনীতি। সচক্ষুষাং জনানাং সৌভাগ্যমিতি শেষঃ ॥১॥
আশ্চর্য্যেতি। দেবাসুরোপমং দেবাসুরযুদ্ধতুল্যম্ ॥২॥
নহীতি। আর্ত্তায়নেঃ শল্যস্য, সৌভদ্রস্য অভিমন্যোঃ, শংস ব্রূহি ॥৩॥
সাদিতমিতি। সাদিতং নাশিতম্, যন্তারং সারথিম্। প্রচস্কন্দ অবততার ॥৪॥
তমিতি। দীপ্তং প্রজ্বলিতম্। জবেন বেগেন, অভ্যপতৎ অভ্যধাবৎ ॥৫॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়! তুমি বহুতর বিচিত্র দ্বন্দ্বযুদ্ধের কথা বলিয়াছ; ঐগুলি শুনিয়া আমি চক্ষুষ্মান্ লোকদিগের সৌভাগ্যের কামনা করি ॥১॥

দেবাসুরযুদ্ধের তুল্য এই কুরুপাণ্ডবের আশ্চর্য্য যুদ্ধের বৃত্তান্ত মানুষেরা সমগ্র জগতে বলিবে ॥২॥

এই উত্তম যুদ্ধের বৃত্তান্ত শুনিতে শুনিতে আমার তৃপ্তি হইতেছে না; সুতরাং সঞ্জয়! তুমি আমার নিকট শল্য ও অভিমন্যুর যুদ্ধবৃত্তান্ত বল" ॥৩॥

সঞ্জয় বলিলেন—"শল্যরাজা নিজের সারথিকে নিহত দেখিয়া ক্রুদ্ধ হইয়া গর্জ্জন করিতে থাকিয়া লৌহময়ী গদা উত্তোলন করিয়া উত্তম রথ হইতে অবতরণ করিলেন ॥৪॥

সৌভদ্রোঽপ্যশনিপ্রখ্যাং প্রগৃহ্য মহতীং গদাম্।
এহ্যেহীত্যব্রবীচ্ছল্যং যত্নাদ্ভীমেন বারিতঃ ॥৬॥
বারয়িত্বা তু সৌভদ্রং ভীমসেনঃ প্রতাপবান্।
শল্যমাসাদ্য সমরে তস্থৌ গিরিরিবাচলঃ ॥৭॥
তথৈব মদ্ররাজোঽপি ভীমং দৃষ্ট্বা মহাবলঃ।
সসারাভিমুখস্তূর্ণং শার্দ্দূল ইব কুঞ্জরম্ ॥৮॥
ততস্তূর্য্যনিনাদাশ্চ শঙ্খানাঞ্চ সহস্রশঃ।
সিংহনাদাশ্চ সংজজ্ঞুর্ভেরীণাঞ্চ মহাস্বনাঃ ॥৯॥
পশ্যতাং শতশো হ্যাসীদন্যোন্যমভিধাবতাম্।
পাণ্ডবানাং কুরূণাঞ্চ সাধু সাধ্বিতি নিস্বনঃ ॥১০॥
নহি মদ্রাধিপাদন্যঃ সর্ব্বরাজসু ভারত !।
সোঢ়ুমুৎসহতে বেগং ভীমসেনস্য সংযুগে ॥১১॥

সৌভদ্র ইতি। অশনিপ্রখ্যাং বজ্রতুল্যাম্। বারিতঃ সৌভদ্র এব ॥৬॥
বারয়িত্বেতি। গিরিঃ পর্ব্বত ইব, অচলো নিস্পন্দঃ সন্ তস্থৌ ॥৭॥
তথেতি। মদ্ররাজঃ শল্যঃ। সসার দধাব ॥৮॥
তত ইতি। শঙ্খানাঞ্চ সহস্রশো নিনাদাঃ। সংজজ্ঞুর্বভূবুঃ ॥৯॥
পশ্যতামিতি। পশ্যতাম্ অন্যোন্যমভিধাবতাঞ্চেত্যর্থঃ। নিস্বনো বাক্যম্ ॥১০॥
নহীতি। সর্ব্বরাজস্বিতি অদন্তত্বাভাব আর্ষঃ। উৎসহতে শক্নোতি ॥১১॥

তখন ভীমসেন বিশাল গদা ধারণপূর্ব্বক প্রজ্বলিত প্রলয়াগ্নিতুল্য এবং দণ্ডহস্ত যম সদৃশ শল্যের দিকে বেগে ধাবিত হইলেন ॥৫॥

অভিমন্যুও বজ্রতুল্য বিশাল গদা ধারণ করিয়া 'আসুন আসুন' এইরূপ শল্যকে বলিলেন ; তখন ভীমসেন যত্ন সহকারে তাঁহাকে বারণ করিলেন ॥৬॥

ক্রমে প্রতাপশালী ভীমসেন অভিমন্যুকে বারণ করিয়া শল্যের নিকটে যাইয়া পর্ব্বতের ন্যায় অচল হইয়া রহিলেন ॥৭॥

সেইরূপই ব্যাঘ্র যেমন হস্তীর দিকে ধাবিত হয়, তেমন মহাবল শল্যও ভীমকে দেখিয়া তাঁহার অভিমুখে সত্বর ধাবিত হইলেন ॥৮॥

তাহার পর উভয়পক্ষেই সহস্র সহস্র তূর্য্যধ্বনি, শঙ্খের শব্দ, সিংহনাদ ও ভেরীর মহাশব্দ হইতে লাগিল ॥৯॥

শত শত দ্রষ্টা এবং পরস্পর অভিধাবিত পাণ্ডব ও কৌরবগণের 'সাধু সাধু' এইরূপ শব্দ হইতে থাকিল ॥১০॥

---

(৮)...ভীমং দৃষ্ট্বা মহাবলম্—বা নি।

তথা মদ্রাধিপস্যাপি গদাবেগং মহাত্মনঃ।
সোঢ়ুমুৎসহতে লোকে যুধি কোঽন্যো বৃকোদরাৎ ॥১২॥
পট্টৈর্জাম্বূনদৈর্বদ্ধা বভূব জনহর্ষিণী।
প্রজজ্বাল তদাবিদ্ধা ভীমেন মহতী গদা ॥১৩॥
তথৈব চরতো মার্গান্ মণ্ডলানি চ ভাগশঃ।
মহাবিদ্যুৎপ্রতীকাশা শল্যস্য শুশুভে গদা ॥১৪॥
তৌ বৃষাবিব নর্দ্দন্তৌ মণ্ডলানি বিচেরতুঃ।
আবর্ত্তিতগদাশৃঙ্গাবুভৌ শল্যবৃকোদরৌ ॥১৫॥
মণ্ডলাবর্ত্তমার্গেষু গদাবিহরণেষু চ।
নির্বিশেষমভূদ্যুদ্ধং তয়োঃ পুরুষসিংহয়োঃ ॥১৬॥
তাড়িতা ভীমসেনেন শল্যস্য মহতী গদা।
সাগ্নিজ্বালা মহারৌদ্রা তদা তূর্ণমশীর্য্যত ॥১৭॥

তথেতি। উভাবপি মহাবলাবিতি ভাবঃ ॥১২॥
পট্টৈরিতি। জাম্বূনদৈঃ স্বর্ণময়ৈঃ। আবিদ্ধা ঘূর্ণিতা ॥১৩॥
তথেতি। মণ্ডলানি গোলাকারভ্রমণানি, চরতঃ কুর্ব্বতঃ ॥১৪॥
তাবিতি। আবর্ত্তিতে সঞ্চালিতে গদে শৃঙ্গে বিষাণে ইব যাভ্যাং তৌ ॥১৫॥
মণ্ডলেতি। মণ্ডলাবর্ত্তমার্গেষু গোলাকারভ্রমণপথেষু, গদয়োর্বিহরণেষু সঞ্চালনেষু ॥১৬॥
তাড়িতেতি। অগ্নিজ্বালয়া অগ্নিশিখয়া সহেতি সা ॥১৭॥

ভরতনন্দন! সকল রাজার মধ্যে এক মদ্ররাজভিন্ন অন্য কোন রাজাই যুদ্ধে ভীমসেনের বেগ সহ্য করিতে সমর্থ হন না ॥১১॥

আবার জগতে এক ভীমসেন ব্যতীত অন্য কোন্ বীর যুদ্ধে মহাবল শল্যের গদার বেগ সহ্য করিতে পারেন? ॥১২॥

তখন স্বর্ণময় পট্টে বদ্ধা (সোনার পাতে মোড়া) ভীমের বিশাল গদাটা লোকের হর্ষজনক হইল এবং ঘূর্ণিত হইতে থাকিয়া জ্বলিতে লাগিল ॥১৩॥

সেইরূপ শল্য যখন বিবিধ পথে বিচরণ ও ভাগে ভাগে মণ্ডলাকারে ভ্রমণ করিতে থাকিলেন, তখন বিশাল বিদ্যুতের ন্যায় দীপ্তিযুক্ত তাঁহার গদাটাও শোভা পাইতে থাকিল ॥১৪॥

ক্রমে শল্য ও ভীমসেন—দুই জনই শৃঙ্গের ন্যায় গদা দুইটা সঞ্চালিত করিয়া দুইটা বৃষের ন্যায় গর্জ্জন করতঃ মণ্ডলাকারে বিচরণ করিতে লাগিলেন ॥১৫॥

মণ্ডলাকারে ভ্রমণে এবং গদাসঞ্চালনে সেই পুরুষশ্রেষ্ঠ শল্য ও ভীমসেনের কোন তারতম্য রহিল না ॥১৬॥

তথৈব ভীমসেনস্য দ্বিষতাভিহতা গদা।
বর্ষাপ্রদোষে খদ্যোতৈর্বৃতো বৃক্ষ ইবাবভৌ ॥১৮॥
গদা ক্ষিপ্তা তু সমরে মদ্ররাজেন ভারত !।
ব্যোম দীপয়মানা সা সসৃজে পাবকং মুহুঃ ॥১৯॥
তথৈব ভীমসেনেন দ্বিষতে প্রেষিতা গদা।
তাপয়ামাস তৎ সৈন্যং মহোল্কা পততী যথা ॥২০॥
তে গদে গদিনাং শ্রেষ্ঠৌ সমাসাদ্য পরস্পরম্।
শ্বসন্ত্যৌ নাগকন্যে ব সসৃজাতে বিভাবসুম্ ॥২১॥
নখৈরিব মহাব্যাঘ্রৌ দন্তৈরিব মহাগজৌ।
তৌ বিচেরতুরাসাদ্য গদাগ্র্যাভ্যাং পরস্পরম্ ॥২২॥
ততো গদাগ্রাভিহতৌ ক্ষণেন রুধিরোক্ষিতৌ।
দদৃশাতে মহাত্মানৌ কিংশুকাবিব পুষ্পিতৌ ॥২৩॥

তথেতি। দ্বিষতা শত্রুণা শল্যেন ॥১৮॥
গদেতি। ব্যোম গগনম্, দীপয়মানা প্রকাশয়ন্তী, সসৃজে উৎপাদয়ামাস ॥১৯॥
তথেতি। দ্বিষতে শল্যায়। পততী পতন্তী ॥২০॥
তে ইতি। ইবার্থে বশব্দঃ, "ইবার্থে বনিপাতোঽপ্যেব" ইতি শ্রীপতিঃ ॥২১॥
নখৈরিতি। গদাগ্র্যাভ্যাং গদাশ্রেষ্ঠাভ্যাম্ ॥২২॥

তখন ভীমসেন তাড়ন করিলে, শল্যের সেই বিশাল ও ভীষণ গদাটা অগ্নিশিখা নিঃসারণ করিয়া সত্বরই বিশীর্ণ হইয়া গেল ॥১৭॥

সেইরূপই শল্য আঘাত করিলে, ভীমের গদাটা-বর্ষাকালের প্রদোষসময়ে খদ্যোত-(জোনাকি পোকা) বেষ্টিত বৃক্ষের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥১৮॥

ভরতনন্দন! যুদ্ধে শল্য ভীমের প্রতি গদা নিক্ষেপ করিলে, সে গদাটা আকাশ আলোকিত করিয়া অনবরত অগ্নিসৃষ্টি করিতে থাকিল ॥১৯॥

আবার সেইরূপই শল্যের প্রতি ভীমসেন গদা নিক্ষেপ করিলে, পতনশীল বিশাল উল্কার ন্যায় সে গদাটা কৌরবসৈন্যকে সন্তপ্ত করিতে লাগিল ॥২০॥

সেই গদা দুইটা গদাধারিশ্রেষ্ঠ শল্য ও ভীমকে পাইয়া—নিশ্বাসত্যাগকারী দুইটা সর্পীর ন্যায় অগ্নিসৃষ্টি করিতে থাকিল ॥২১॥

দুইটা মহাব্যাঘ্র যেমন নখদ্বারা এবং দুইটা মহাহস্তী যেরূপ দন্তদ্বারা যুদ্ধ করতঃ বিচরণ করে, তেমন শল্য ও ভীমসেন পরস্পর সন্নিহিত হইয়া উৎকৃষ্ট গদাযুগলদ্বারা যুদ্ধ করতঃ বিচরণ করিতে লাগিলেন ॥২২॥

(২০) ··প্রেরিতা গদা—পি। (২১)···গদিনাং শ্রেষ্ঠে—বা ব রা নি।

শুশ্রুবে দিক্ষু সর্ব্বাসু তয়োঃ পুরুষসিংহয়োঃ।
গদাভিঘাতসংহ্রাদঃ শক্রাশনিরবোপমঃ ॥২৪॥
গদয়া মদ্ররাজেন সব্যদক্ষিণমাহতঃ।
নাকম্পত তদা ভীমো ভিদ্যমান ইবাচলঃ ॥২৫॥
তথা ভীমগদাবেগৈস্তাড্যমানো মহাবলঃ।
ধৈর্য্যান্মদ্রাধিপস্তস্থৌ বজ্রৈর্গিরিরিবাহতঃ ॥২৬॥
আপেততুর্মহাবেগৌ সমুচ্ছ্রিতগদাবুভৌ।
পুনরন্তরমার্গস্থৌ মণ্ডলানি বিচেরতুঃ ॥২৭॥
তথাপ্লুত্য পদান্যষ্টৌ সন্নিপত্য গজাবিব।
সহসা লোহদণ্ডাভ্যামন্যোন্যমভিজঘ্নতুঃ ॥২৮॥

তত ইতি। মহাত্মানৌ শল্যভীমসেনৌ। পুষ্পিতৌ সঞ্জাতপুষ্পৌ ॥২৩॥
শুশ্রুব ইতি। গদাভিঘাতস্য সংহ্রাদো বিকটঃ শব্দঃ ॥২৪॥
গদয়েতি। সব্যং বামং দক্ষিণঞ্চ পার্শ্বমাশ্রিত্যেতি শেষঃ ॥২৫॥
তথেতি। ভীমস্য গদাবেগৈর্বেগবত্যা গদয়েত্যর্থঃ ॥২৬॥
আপেততুরিতি। সমুচ্ছ্রিতগদৌ উত্তোলিতগদৌ। অন্তরমার্গস্থৌ সন্নিহিতৌ ॥২৭॥
তথেতি। আপ্লুত্য উৎপত্যোৎপত্য গত্বা, সন্নিপত্য উপস্থায় ॥২৮॥

ক্রমে মহাবল শল্য ও ভীমসেন গদাগ্রের আঘাতে ক্ষণকালমধ্যেই রুধিরসিক্ত হইয়া পুষ্পিত কিংশুকবৃক্ষের ন্যায় দৃষ্টিগোচর হইতে থাকিলেন ॥২৩॥

ক্রমে ইন্দ্রের বজ্রপাতের শব্দের ন্যায় সেই পুরুষশ্রেষ্ঠ দুই জনের গদাঘাতের শব্দ সকল দিকে শুনা যাইতে লাগিল ॥২৪॥

শল্য গদাদ্বারা ভীমসেনের বাম ও দক্ষিণ পার্শ্বে আঘাত করিলেও, বিদার্য্যমাণ পর্ব্বতের ন্যায় ভীমসেন কম্পিত হইতে লাগিলেন না ॥২৫॥

আবার ভীমসেনও গদাদ্বারা তাড়ন করিলে, বজ্রাহত পর্ব্বতের ন্যায় মহাবল শল্য ধৈর্য্যের গুণে স্থির থাকিতে লাগিলেন ॥২৬॥

তাঁহারা দুই জনই গদা উত্তোলন করিয়া এক এক বার মহাবেগে আপতিত হইতে থাকিলেন, আবার সন্নিহিত হইয়া মণ্ডলাকারে বিচরণ করিতে লাগিলেন ॥২৭॥

এবং তাঁহারা আট পা লাফাইয়া লাফাইয়া যাইয়া আবার দুইটা হস্তীর ন্যায় সন্নিহিত হইয়া হঠাৎ গদাযুগলদ্বারা পরস্পর আঘাত করিতে থাকিলেন ॥২৮॥

---

(২৮) অথাপ্লুত্য—বা ব রা নি।

তৌ পরস্পরবেগাচ্চ গদাভ্যাঞ্চ ভৃশাহতৌ।
যুগপৎ পেততুর্বীরৌ ক্ষিতাবিন্দ্রধ্বজাবিব ॥২৯॥
ততো বিহ্বলমানং তং নিশ্বসন্তং পুনঃ পুনঃ।
শল্যমভ্যপতত্তূর্ণং কৃতবর্ম্মা মহারথঃ ॥৩০॥
দৃষ্ট্বা চৈনং মহারাজ! গদয়াভিনিপীড়িতম্।
বিচেষ্টন্তং যথা নাগং মূর্চ্ছয়াভিপরিপ্লুতম্ ॥৩১॥
ততঃ স্বরথমারোপ্য মদ্রাণামধিপং রণে।
অপোবাহ রণাত্তূর্ণং কৃতবর্ম্মা মহারথঃ ॥৩২॥ (যুগ্মকম্)
ক্ষীববদ্বিহ্বলো বীরো নিমেষাৎ পুনরুত্থিতঃ।
ভীমোঽপি সুমহাবাহুর্গদাপাণিরদৃশ্যত ॥৩৩॥
ততো মদ্রাধিপং দৃষ্ট্বা তব পুত্রাঃ পরাঙ্মুখম্।
সনাগপত্ত্যশ্বরথাঃ সমকম্পন্ত মারিষ! ॥৩৪॥

তাবিতি। পরস্পরবেগাৎ বেগেন পরস্পরদেহাঘাতাৎ ॥২৯॥

তত ইতি। বিহ্বলমানং বিহ্বলীভবন্তম্। অভ্যপতৎ রক্ষার্থমভ্যধাবৎ ॥৩০॥

দৃষ্ট্বেতি। এনং শল্যম্। বিচেষ্টন্তং স্পন্দমানম্, নাগং হস্তিনম্। অভিপরিপ্লুতং সর্ব্বতোভাবেনাক্রান্তম্। অপোবাহ অপসসার ॥৩১—৩২॥

ক্ষীববদিতি। ক্ষীববৎ সুরাপানাদিনা মত্ত ইব ॥৩৩॥

তত ইতি। নাগৈর্হস্তিভিঃ পত্তিভিঃ পদাতিভিঃ অশ্বৈ রথৈশ্চ সহেতি তে ॥৩৪॥

ক্রমে তাঁহারা উভয়েই পরস্পরের বেগে এবং গদাদ্বয়ের অত্যন্ত আঘাতে ছুইটা ইন্দ্রধ্বজের ন্যায় একদাই ভূতলে পতিত হইলেন ॥২৯॥

শল্য ভূতলে পতিত ও বিহ্বল হইয়া বার বার নিশ্বাস ত্যাগ করিতে লাগিলে, মহারথ কৃতবর্ম্মা সত্বর তাঁহার নিকট আগমন করিলেন ॥৩০॥

মহারাজ! শল্যকে গদাঘাতে পীড়িত, হস্তীর ন্যায় স্পন্দিত ও মূর্চ্ছাগ্রস্ত দেখিয়া মহারথ কৃতবর্ম্মা সত্বর তাঁহাকে আপন রথে তুলিয়া লইয়া সমরস্থল হইতে অপসৃত হইলেন ॥৩১—৩২॥

এদিকে মত্তের ন্যায় বিহ্বল, বীর ও মহাবাহু ভীমসেনও নিমেষমধ্যে পুনরায় উত্থিত হইয়া গদাপাণি অবস্থায় দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥৩৩॥

মাননীয় রাজা! তাহার পর আপনার পুত্রেরা মদ্ররাজ শল্যকে পরাঙ্মুখ দেখিয়া হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণের সহিত কম্পিত হইতে থাকিলেন ॥৩৪॥

---

(৩০)...কৃতবর্ম্মা মহাবলঃ—ব।

তে পাণ্ডবৈরর্দ্দ্যমানাস্তাবকা জিতকাশিভিঃ।
ভীতা দিশোঽন্বপদ্যন্ত বাতনুন্না ঘনা ইব ॥৩৫॥
নির্জ্জিত্য ধার্ত্তরাষ্ট্রাংস্তু পাণ্ডবেয়া মহারথাঃ।
ব্যরোচন্ত রণে রাজন্! দীপ্যমানা ইবাগ্নয়ঃ ॥৩৬॥
সিংহনাদান্ ভৃশং চক্রুঃ শঙ্খান্ দধ্মুশ্চ হর্ষিতাঃ।
ভেরীশ্চ বাদয়ামাসুর্মৃদঙ্গাংশ্চানকৈঃ সহ ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে শল্যাপযানে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ*ঃ—

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

সঞ্জয় উবাচ।

তদ্বলং সুমহদ্দীর্ণং ত্বদীয়ং প্রেক্ষ্য বীর্য্যবান্।
দধারৈকো রণে রাজন্! বৃষসেনোঽস্ত্রমায়য়া ॥১॥

ত ইতি। জিতেন জয়েন কাশন্তে শোভন্তে ইতি তৈঃ। বাতনুন্না বায়ুপ্রেরিতাঃ ॥৩৫॥
নির্জ্জিত্যেতি। ব্যরোচন্ত আনন্দেনাশোভন্ত। দীপ্যমানা জ্বলন্তঃ ॥৩৬॥
সিংহেতি। হর্ষিতাঃ পাণ্ডবেয়া ইত্যনুবৃত্তিঃ ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

তদিতি। দীর্ণং ভগ্নম্। বৃষসেনঃ কর্ণপুত্রঃ, অস্ত্রমায়য়া অস্ত্রশিক্ষাকৌশলেন ॥১॥

বিজয়শোভী পাণ্ডবেরা পীড়ন করিতে লাগিলে, আপনার পক্ষের সেই যোদ্ধারা ভীত হইয়া বায়ুপ্রেরিত মেঘসমূহের ন্যায় নানাদিকে সরিয়া গেলেন ॥৩৫॥

রাজা! তখন মহারথ পাণ্ডবেরা ধার্ত্তরাষ্ট্রগণকে জয় করিয়া সমরাঙ্গনে প্রজ্বলিত অগ্নির ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৩৬॥

আর তাঁহারা আনন্দিত হইয়া বিশাল সিংহনাদ, শঙ্খধ্বনি, ভেরীর বাদ্য এবং মৃদঙ্গ ও আনকের শব্দ করিতে থাকিলেন" ॥৩৭॥

---

(৩৬)…ধার্ত্তরাষ্ট্রাংশ্চ—পি। * '… চতুর্দ্দশোঽধ্যায়ঃ'—ব, '… পঞ্চদশোঽধ্যায়ঃ'—বা রা নি। (১)… দধারৈকো রণে পাণ্ডূন্—নি।

শরা দশ দিশো মুক্তা বৃষসেনেন সংযুগে।
বিচেরুস্তে বিনির্ভিদ্য নরবাজিরথদ্বিপান্ ॥২॥
তস্য দীপ্তা মহাবাণা বিনিশ্চেরুঃ সহস্রশঃ।
ভানোরিব মহারাজ! ঘর্ম্মকালে মরীচয়ঃ ॥৩॥
তেনার্দ্দিতা মহারাজ! রথিনঃ সাদিনস্তথা।
নিপেতুরুর্ব্যাং সহসা বাতভগ্না ইব দ্রুমাঃ ॥৪॥
হযৌঘাংশ্চ রথৌঘাংশ্চ গজৌঘাংশ্চ মহারথঃ।
অপাতযদ্রণে রাজন্! শতশোঽথ সহস্রশঃ ॥৫॥
দৃষ্ট্বা তমেকং সমরে বিচরন্তমভীতবৎ।
সহিতাঃ সর্ব্বরাজানঃ পরিবব্রুঃ সমন্ততঃ ॥৬॥
নাকুলিস্তু শতানীকো বৃষসেনং সমভ্যয়াৎ।
বিব্যাধ চৈনং দশভির্নারাচৈর্ম্মর্ম্মভেদিভিঃ ॥৭॥

শরা ইতি। মুক্তা নিক্ষিপ্তাঃ। নরবাজিরথদ্বিপান্ পাণ্ডবপক্ষীযান্ ॥২॥
তস্যেতি। দীপ্তা উজ্জ্বলাঃ। ভানোঃ সূর্য্যস্য, ঘর্ম্মকালে গ্রীষ্মসময়ে ॥৩॥
তেনেতি। সাদিনো হস্ত্যশ্বারোহিণঃ। উর্ব্যাং ভূতলে ॥৪॥
হয়ৌঘানিতি। ওঘানামপি নানাত্বাৎ সর্ব্বত্র বহুবচনম্ ॥৫॥
দৃষ্ট্বেতি। সর্ব্বরাজানঃ পাণ্ডবপক্ষীযাঃ, পরিবব্রুঃ পরিবেষ্টিতবন্তঃ ॥৬॥
নাকুলিরিতি। নাকুলির্নকুলপুত্রঃ, শতানীকো নাম ॥৭॥

সঞ্জয় বলিলেন—"রাজা! আপনার সেই বিশাল সৈন্য ভগ্ন হইয়াছে দেখিয়া কর্ণের পুত্র বলবান্ বৃষসেন একাকীই অস্ত্রশিক্ষার কৌশলে সেই সৈন্য-রক্ষার ভার গ্রহণ করিলেন ॥১॥

বৃষসেনকর্ত্তৃক নিক্ষিপ্ত বাণ সকল পাণ্ডবপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতি-গণকে বিদীর্ণ করিয়া দশ দিকে বিচরণ করিতে লাগিল ॥২॥

মহারাজ! বৃষসেনের উজ্জ্বল সহস্র সহস্র মহাবাণ, গ্রীষ্মকালে সূর্য্যের কিরণসমূহের ন্যায় নির্গত হইতে থাকিল ॥৩॥

মহারাজ! বৃষসেনকর্ত্তৃক নিপীড়িত পাণ্ডবপক্ষের রথী ও গজাশ্বারোহী সকল বায়ুভগ্ন বৃক্ষসমূহের ন্যায় ভূতলে পতিত হইতে থাকিল ॥৪॥

রাজা! মহারথ বৃষসেন পাণ্ডবপক্ষের শত শত ও সহস্র সহস্র অশ্বারোহী, রথারোহী ও গজারোহীকে যুদ্ধে নিপাতিত করিতে লাগিলেন ॥৫॥

তিনি একাকী নির্ভয়ের ন্যায় যুদ্ধে বিচরণ করিতেছেন দেখিয়া পাণ্ডবপক্ষের রাজারা সকলে মিলিত হইয়া আসিয়া সকল দিকে তাঁহাকে বেষ্টন করিলেন ॥৬॥

তস্য কর্ণাত্মজশ্চাপং ছিত্ত্বা কেতুমপাতযৎ।
তং ভ্রাতরং পরীপ্সন্তো দ্রৌপদেয়াঃ সমভ্যয়ুঃ ॥৮॥
কর্ণাত্মজং শবব্রাতৈরদৃশ্যং চক্রুরঞ্জসা।
তান্ নদন্তোঽভ্যধাবন্ত দ্রোণপুত্রমুখা রথাঃ ॥৯॥
ছাদয়ন্তো মহারাজ! দ্রৌপদেয়ান্ মহারথান্।
শরৈর্নানাবিধৈস্তূর্ণং পর্ব্বতান্ জলদা ইব ॥১০॥ (যুগ্মকম্)
তান্ পাণ্ডবাঃ প্রত্যগৃহ্ণংস্ত্বরিতাঃ পুত্রগৃদ্ধিনঃ।
পাঞ্চালাঃ কেকয়া মৎস্যাঃ সৃঞ্জয়াশ্চোদ্যতায়ুধাঃ ॥১১॥
তদ্যুদ্ধমভবদ্ঘোরং সুমহদ্রোমহর্ষণম্।
ত্বদীয়ৈঃ পাণ্ডুপুত্রাণাং দেবানামিব দানবৈঃ ॥১২॥

তস্যেতি। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যা অপবে পুত্রাঃ ॥৮॥
কর্ণেতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ। অঞ্জসা দ্রুতম্। দ্রোণপুত্রমুখা অশ্বত্থামপ্রভৃতয়ঃ, রথা রথিনঃ। জলদা মেঘাঃ ॥৯—১০॥
তানিতি। পুত্রগৃদ্ধিনঃ পুত্রাণাং জীবনরক্ষণাভিলাষিণঃ ॥১১॥
তদিতি। রোমহর্ষণম্ আশ্চর্য্যরূপতয়া রোমাঞ্চজনকম্ ॥১২॥

নকুলের পুত্র শতানীক বৃষসেনের দিকে ধাবিত হইলেন এবং মর্ম্মভেদী দশটা নাবাচদ্বারা তাঁহাকে বিদ্ধ কবিলেন ॥৭॥

তখন বৃষসেন শতানীকের ধনু ও ধ্বজ ছেদন করিয়া নিপাতিত করিলেন। সেই সময়ে দ্রৌপদীর অপর পুত্রেবা সেই ভ্রাতা শতানীককে রক্ষা কবিবার জন্য উপস্থিত হইলেন ॥৮॥

এবং তাঁহাবা তৎক্ষণাৎ বাণসমূহদ্বাবা বৃষসেনকে অদৃশ্য কবিয়া ফেলিলেন। মহাবাজ! তখন মেঘসমূহ যেমন জলবর্ষণদ্বারা পর্ব্বতগণকে আচ্ছাদন করে, সেইরূপ অশ্বত্থামপ্রভৃতি বথীবা গর্জ্জন ও নানাবিধ বাণদ্বাবা আচ্ছাদন করিতে কবিতে সত্বব মহাবথ দ্রৌপদেযগণেব দিকে ধাবিত হইলেন ॥৯—১০॥

এই সময়ে পুত্রগণকে বক্ষা কবিবাব অভিলাষী পাণ্ডবগণ, পাঞ্চালগণ, কেকযগণ, মৎস্যগণ ও সৃঞ্জযগণ অস্ত্র উত্তোলন কবিয়া সত্বর তাঁহাদিগকে গ্রহণ করিলেন ॥১১॥

ক্রমে দানবগণেব সহিত দেবগণের ন্যায় কৌরবগণের সহিত পাণ্ডবগণের অতিবিশাল, ভীষণ ও রোমহর্ষণ যুদ্ধ হইতে লাগিল ॥১২॥

---

(১১)...পাঞ্চালাঃ কৈকয়াঃ—পি বা ব।

এবং যুযুধিরে বীরাঃ সংরব্ধাঃ কুরুপাণ্ডবাঃ।
পরস্পরমুদীক্ষন্তঃ পরস্পরকৃতাগসঃ ॥১৩॥
তেষাং দদৃশিরে কোপাদ্বপূংষ্যমিততেজসাম্।
যুযুৎসূনামিবাকাশে পতত্রিবর-ভোগিনাম্ ॥১৪॥
ভীমকর্ণকৃপদ্রোণ-দ্রৌণিপার্ষতসাত্যকৈঃ।
বভাসে স রণোদ্দেশঃ কালসূর্য্যৈরিবোদিতৈঃ ॥১৫॥
তদাসীত্তুমুলং যুদ্ধং নিঘ্নতামিতরেতরম্।
মহাবলানাং বলিভির্দানবানাং যথা সুরৈঃ ॥১৬॥
ততো যুধিষ্ঠিরানীকমুদ্ধূতার্ণবনিস্বনম্।
ত্বদীয়মবধীৎ সৈন্যং সংপ্রদ্রুতমহারথম্ ॥১৭॥
তৎ প্রভগ্নং বলং দৃষ্ট্বা শত্রুভির্ভৃশমর্দ্দিতম্।
অলং দ্রুতেন বঃ শূরা ইতি দ্রোণোঽভ্যভাষত ॥১৮॥

এবমিতি। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ। পরস্পরং কৃতানি আগাংসি অপরাধা যৈস্তে ॥১৩॥
তেষামিতি। বপূংষি শরীরাণি। পতত্রিবরাঃ পক্ষিশ্রেষ্ঠা ভোগিনঃ সর্পাশ্চ তেষাম্ ॥১৪॥
ভীমেতি। দ্রৌণিরশ্বত্থামা, পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। রণোদ্দেশো রণাঙ্গনম্ ॥১৫॥
তদেতি। নিঘ্নতাং প্রহরতাং বিনাশয়তাঞ্চ। সুরৈঃ সহ ॥১৬॥
তত ইতি। ততঃ, উদ্ধূত উদ্বেলিতঃ যঃ অর্ণবস্তস্য নিস্বন ইব নিস্বনো গর্জ্জনং যস্য তত্তাদৃশম্, যুধিষ্ঠিরস্য অনীকং সৈন্যং কর্ত্তৃ, সংপ্রদ্রুতাঃ পলায়িতা মহারথা যস্য তৎ তথাভূতম্, ত্বদীয়ং সৈন্যং কর্ম্ম অবধীৎ ॥১৭॥

পরস্পর অপরাধী বীর কুরুপাণ্ডবেরা ক্রুদ্ধ হইয়া পরস্পর দৃষ্টিপাত করিতে থাকিয়া এইভাবে যুদ্ধ করিতে লাগিলেন ॥১৩॥

ক্রমে আকাশে যুদ্ধার্থী পক্ষী ও সর্পগণের শরীর যেমন দেখা যায়, ক্রোধ-বশতঃ অমিততেজা কুরুপাণ্ডবগণের সেইরূপ শরীর দেখা যাইতে লাগিল ॥১৪॥

তখন প্রলয়কালোদিত বহুতর সূর্য্যের ন্যায় ভীমসেন, কর্ণ, কৃপ, দ্রোণ, অশ্বত্থামা, ধৃষ্টদ্যুম্ন ও সাত্যকিদ্বারা সেই সমরস্থল শোভা পাইতে লাগিল ॥১৫॥

পূর্ব্বকালে বলবান্ দেবগণের সহিত মহাবল দানবগণের যেরূপ তুমুল যুদ্ধ হইয়াছিল, সেই সময়ে পরস্পর প্রহারকারী কুরুপাণ্ডবগণেরও সেইরূপই তুমুল যুদ্ধ হইতে থাকিল ॥১৬॥

তদনন্তর উদ্বেলিত সমুদ্রের ন্যায় গর্জ্জনকারী যুধিষ্ঠিরের সৈন্য আপনার সৈন্যগণকে বধ করিতে লাগিল; তখন আপনার পক্ষের মহারথেরাও পলায়ন করিতে লাগিলেন ॥১৭॥

ততঃ শোণহয়ঃ ক্রুদ্ধশ্চতুর্দ্দন্ত ইব দ্বিপঃ।
প্রবিশ্য পাণ্ডবানীকং যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥১৯॥
তমাবিধ্যচ্ছিতৈর্বাণৈঃ কঙ্কপত্রৈর্যুধিষ্ঠিরঃ।
তস্য দ্রোণো ধনুশ্ছিত্ত্বা তং দ্রুতং সমুপাদ্রবৎ ॥২০॥
চক্ররক্ষঃ কুমারস্তু পাঞ্চালানাং যশস্করঃ।
দধার দ্রোণমায়ান্তং বেলেব সরিতাং পতিম্ ॥২১॥
দ্রোণং নিবারিতং দৃষ্ট্বা কুমারেণ দ্বিজর্ষভম্।
সিংহনাদরবো হ্যাসীৎ সাধু সাধ্বিতি ভাষিতম্ ॥২২॥
কুমারস্তু ততো দ্রোণং সায়কেন মহাহবে।
বিব্যাধোরসি সংক্রুদ্ধঃ সিংহবচ্চানদন্মুহুঃ ॥২৩॥

তদিতি। প্রভগ্নং বিশ্লিষ্টম্, বলং কৌরবসৈন্যম্। দ্রুতেন পলায়নেন ॥১৮॥
তত ইতি। শোণা রক্তবর্ণা হযা অশ্বা যস্য স দ্রোণঃ ॥১৯॥
তমিতি। শিতৈঃ শিলাশাণিতৈঃ, কঙ্কানাং পক্ষিণাং পত্রাণি পক্ষা যেষু তৈঃ ॥২০॥
চক্রেতি। চক্ররক্ষো যুধিষ্ঠিরসৈন্যরক্ষকঃ কুমারো নাম। বেলা তীরম্ ॥২১॥
দ্রোণমিতি। সিংহনাদ এব রবঃ সঃ, ইতি ভাষিতং বাক্যঞ্চাসীৎ পাণ্ডবপক্ষে ॥২২॥
কুমার ইতি। উরসি বক্ষসি। অনদৎ অগর্জ্জৎ ॥২৩॥

শত্রুগণের গুরুতর পীড়নে সেই কৌরবসৈন্য ভগ্ন হইয়া পলায়ন করিতেছে দেখিয়া দ্রোণ বলিলেন—'বীরগণ। আপনারা পলায়ন করিবেন না' ॥১৮॥

তাহার পর রক্তাশ্ব দ্রোণ ক্রুদ্ধ হইয়া চতুর্দ্দন্ত হস্তীর ন্যায় পাণ্ডবসৈন্যমধ্যে প্রবেশ করিয়া যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥১৯॥

তখন যুধিষ্ঠির শিলাশাণিত ও কঙ্কপক্ষযুক্ত বাণসমূহদ্বারা দ্রোণকে বিদ্ধ করিতে লাগিলেন। দ্রোণও সত্বর তাঁহার ধনু ছেদন করিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥২০॥

দ্রোণ আসিতে লাগিলে, তীর যেমন সমুদ্রকে ধারণ করে, সেইরূপ যুধিষ্ঠিরের চক্ররক্ষক ও পাঞ্চালগণের যশস্কর কুমার দ্রোণকে ধারণ করিলেন ॥২১॥

কুমার ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণকে নিবারণ করিলেন দেখিয়া পাণ্ডবপক্ষে সিংহনাদ ও সাধুবাদ হইতে লাগিল ॥২২॥

তাহার পর কুমার অত্যন্ত ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা মহাযুদ্ধে দ্রোণের বক্ষস্থল বিদ্ধ করিলেন এবং অনবরত সিংহনাদ করিতে থাকিলেন ॥২৩॥

---

(২২) ...ইতি ভাষতাম্—পি। (২৩) ..সিংহবচ্চ নদন্ মুহুঃ—বা ব রা নি।

সংবার্য্য চ রণে দ্রোণং কুমারস্তু মহাবলঃ।
শরৈরনেকসাহস্রৈঃ কৃতহস্তো জিতক্লমঃ ॥২৪॥
তং শূরমার্য্যব্রতিনং মন্ত্রাস্ত্রেষু কৃতশ্রমম্।
চক্ররক্ষং পরামৃদ্‌নাৎ কুমারং দ্বিজপুঙ্গবঃ ॥২৫॥
স মধ্যং প্রাপ্য সৈন্যানাং সর্ব্বাঃ প্রবিচরন্ দিশঃ।
তব সৈন্যস্য গোপ্তাসীদ্ভারদ্বাজো দ্বিজর্ষভঃ ॥২৬॥
শিখণ্ডিনং দ্বাদশভির্বিংশত্যা চোত্তমৌজসম্।
নকুলং পঞ্চভির্বিদ্ধা সহদেবঞ্চ সপ্তভিঃ ॥২৭॥
যুধিষ্ঠিরং দ্বাদশভির্দ্রৌপদেয়াংস্ত্রিভিস্ত্রিভিঃ।
সাত্যকিং পঞ্চভির্বিদ্ধা মৎস্যঞ্চ দশভিঃ শরৈঃ ॥২৮॥
ব্যক্ষোভয়দ্রণে যোধান্ যথামুখ্যমভিদ্রবন্।
অভ্যবর্ত্তত সংপ্রেপ্সুঃ কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্ ॥২৯॥ (বিশেষকম্)

সংবার্য্যেতি। কৃতহস্তঃ অস্ত্রক্ষেপে শিক্ষিতহস্তঃ, জিতক্লম এবাসীৎ ॥২৩॥
তমিতি। আর্য্যব্রতিনং সজ্জনকার্য্যে নিরতম্। পরামৃদ্‌নাৎ অমর্দ্দয়ৎ ॥২৫॥
স ইতি। সৈন্যানাং পাণ্ডবীযানাম্। গোপ্তা রক্ষকঃ ॥২৬॥
শিখণ্ডিনমিতি। বিদ্ধা তাডয়িত্বা। মৎস্যং বিরাটম্। ব্যক্ষোভয়ৎ আলোডয়ৎ। যথামুখ্যং প্রধানানতিক্রম্য, অভিদ্রবন্ অভিধাবন্। সংপ্রেপ্সুঃ গ্রহীতুমিচ্ছুঃ ॥২৭—২৯॥

মহাবল ও শিক্ষিতহস্ত কুমার অনেক সহস্র বাণদ্বারা যুদ্ধে দ্রোণকে নিবারণ করিয়া অপরিশ্রান্তই থাকিলেন ॥২৪॥

ক্রমে ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণ—বীব, সজ্জনকার্য্যে নিবত, মন্ত্রণা ও অস্ত্রে নিপুণ এবং যুধিষ্ঠিবেব চক্ররক্ষক কুমারকে মর্দ্দন কবিতে লাগিলেন ॥২৫॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণ পাণ্ডবসৈন্যমধ্যে প্রবেশ কবিয়া সকল দিকে বিচরণ করিতে থাকিয়াও আপনার সৈন্য রক্ষা করিতে থাকিলেন ॥২৬॥

ক্রমে দ্রোণ—বারটা বাণদ্বারা শিখণ্ডীকে, কুড়িটাদ্বারা উত্তমৌজাকে, পাঁচটাদ্বাবা নকুলকে, সাতটাদ্বাবা সহদেবকে, বারটাদ্বারা যুধিষ্ঠিরকে, তিন তিনটাদ্বাবা দ্রৌপদীব পুত্রগণকে, পাঁচটাদ্বাবা সাত্যকিকে এবং দশটাদ্বারা বিরাটরাজাকে বিদ্ধ করিয়া প্রধান প্রধান যোদ্ধাদের দিকে ধাবিত হইয়া তাঁহাদিগকে আলোড়ন করিলেন এবং কুন্তীনন্দন যুধিষ্ঠিরকে ধরিবার জন্য তাঁহার অভিমুখবর্ত্তী হইলেন ॥২৭—২৯॥

---

(২৪)...জিতশ্রমঃ—ব রা নি।

যুগন্ধরস্ততো রাজন্! ভারদ্বাজং মহারথম্।
বারয়ামাস সংক্রুদ্ধং বাতোদ্ধূতমিবার্ণবম্ ॥৩০॥
যুধিষ্ঠিরং স বিদ্ধ্বা তু শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
যুগন্ধরন্তু ভল্লেন রথনীড়াদপাতয়ৎ ॥৩১॥
ততো বিরাটদ্রুপদৌ কেকয়াঃ সাত্যকিঃ শিবিঃ।
ব্যাঘ্রদত্তশ্চ পাঞ্চাল্যঃ সিংহসেনশ্চ বীর্য্যবান্ ॥৩২॥
এতে চান্যে চ বহবঃ পরীপ্সন্তো যুধিষ্ঠিরম্।
আবব্রুস্তস্য পন্থানং কিরন্তঃ সায়কান্ বহূন্ ॥৩৩॥ (যুগ্মকম্)
ব্যাঘ্রদত্তস্তু পাঞ্চাল্যো দ্রোণং বিব্যাধ মার্গণৈঃ।
পঞ্চাশতা শিতৈ রাজন্! তত উচ্চুক্রুশুর্জনাঃ ॥৩৪॥
ত্বরিতং সিংহসেনস্তু দ্রোণং বিদ্ধ্বা মহারথম্।
প্রাহসৎ সহসা হৃষ্টস্ত্রাসয়ন্ বৈ মহারথান্ ॥৩৫॥

যুগেতি। যুগন্ধরো নাম কশ্চিৎ পাণ্ডবপক্ষীয়ো যোদ্ধা। বাতোদ্ধূতং বায়ুবেলিতম্ ॥৩০॥
যুধীতি। স দ্রোণঃ। রথনীড়াদিত্যনেন যুগন্ধরস্য পক্ষিতুল্যত্বং ধ্বনিতম্ ॥৩১॥
তত ইতি। কেকয়াঃ পঞ্চ ভ্রাতরঃ। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ ॥৩২—৩৩॥
ব্যাঘ্রেতি। মার্গণৈর্বাণৈঃ। উচ্চুক্রুশুরানন্দকোলাহলং চক্রুঃ, জনাঃ পাণ্ডবপক্ষীয়াঃ ॥৩৪॥
ত্বরিতমিতি। হৃষ্টো দ্রোণতাড়নে শক্তত্বাদেবেতি ভাবঃ ॥৩৫॥

রাজা! তাহার পর যুগন্ধর—বায়ুসঞ্চালিত সমুদ্রের ন্যায় উপস্থিত ক্রুদ্ধ মহারথ দ্রোণকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৩০॥

তখন দ্রোণ নতপর্ব্ব বহুতর বাণদ্বারা যুধিষ্ঠিরকে বিদ্ধ করিয়া একটা ভল্লদ্বারা যুগন্ধরকে রথনীড় হইতে নিপাতিত করিলেন ॥৩১॥

তদনন্তর বিরাট, দ্রুপদ, কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা, সাত্যকি, শিবি, পাঞ্চালদেশীয় ব্যাঘ্রদত্ত ও বলবান্ সিংহসেন—ইঁহারা এবং অন্যও বহুতর যোদ্ধা যুধিষ্ঠিরকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া বহুতর বাণ নিক্ষেপ করতঃ দ্রোণের পথ রুদ্ধ করিলেন ॥৩২—৩৩॥

রাজা! পাঞ্চালদেশীয় ব্যাঘ্রদত্ত সুধার পঞ্চাশটা বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিলেন, তাহার পর পাণ্ডবপক্ষের লোকেরা উচ্চস্বরে আনন্দকোলাহল করিয়া উঠিল ॥৩৪॥

সিংহসেনও সত্বর মহারথ দ্রোণকে বিদ্ধ করিয়া আনন্দিত হইয়া এবং বিপক্ষমহারথগণকে ত্রস্ত করিতে থাকিয়া তৎক্ষণাৎ হাস্য করিয়া উঠিলেন ॥৩৫॥

---

(৩৪) ব্যাঘ্রদত্তশ্চ পি,—পঞ্চাশদ্ভিঃ শিতৈঃ—পি ব,· পঞ্চাশতৈঃ শিতৈঃ—বা।

ততো বিস্ফার্য্য নয়নে ধনুর্জ্যামবমৃজ্য চ।
তলশব্দং মহৎ কৃত্বা দ্রোণস্তং সমুপাদ্রবৎ ॥৩৬॥
ততস্তু সিংহসেনস্য শিরঃ কায়াৎ সকুণ্ডলম্।
ব্যাঘ্রদত্তস্য চাক্রম্য ভল্লাভ্যামাহরদ্বলী ॥৩৭॥
তান্ প্রমৃদ্য শরব্রাতৈঃ পাণ্ডবানাং মহারথান্।
যুধিষ্ঠিররথাভ্যাসে তস্থৌ মৃত্যুরিবান্তকঃ ॥৩৮॥
ততোঽভবন্মহাশব্দো রাজন্! যৌধিষ্ঠিরে বলে।
হতো রাজেতি যোধানাং সমীপস্থে যতব্রতে ॥৩৯॥
অব্রুবন্ সৈনিকাস্তত্র দৃষ্ট্বা দ্রোণস্য বিক্রমম্।
অদ্য রাজা ধার্ত্তরাষ্ট্রঃ কৃতার্থো বৈ ভবিষ্যতি ॥৪০॥

তত ইতি। ধনুষো জ্যাং গুণম্। মহদিতি ক্রিয়াবিশেষণম্ ॥৩৬॥

তত ইতি। ভল্লাভ্যাম্ একেন ভল্লেন সিংহসেনস্য সকুণ্ডলং শিরঃ, অপরেণ চ ব্যাঘ্রদত্তস্য সকুণ্ডলং শিরঃ, কায়াদাহরৎ অচ্ছিনদিত্যর্থঃ বলী বলবান্ দ্রোণঃ ॥৩৭॥

তানিতি। যুধিষ্ঠিররথস্য অভ্যাসে সমীপে, অন্তকো বন্ধনকারী ॥৩৮॥

তত ইতি। রাজা যুধিষ্ঠিরঃ। যতব্রতে অগ্নিহোত্রাদিব্রতবতি দ্রোণে ॥৩৯॥

অব্রুবন্নিতি। কৃতার্থো যুধিষ্ঠিরগ্রহণাৎ সম্পাদিতপ্রয়োজনঃ ॥৪০॥

তদনন্তর দ্রোণ নয়নযুগল উন্মীলন, ধনুর্গুণমার্জন ও বিশাল তলশব্দ করিয়া সিংহসেনের দিকে ধাবিত হইলেন ॥৩৬॥

তদনন্তর বলবান্ দ্রোণ আক্রমণপূর্ব্বক একটা ভল্লদ্বারা কুণ্ডলযুক্ত সিংহসেনের মস্তক এবং অপর ভল্লদ্বারা ব্যাঘ্রদত্তের শির দেহ হইতে অপহরণ করিলেন ॥৩৭॥

তিনি বাণসমূহদ্বারা এইভাবে পাণ্ডবপক্ষের মহারথগণকে পরাভূত করিয়া যুধিষ্ঠিরের রথের নিকটে যাইয়া কালান্তক যমের ন্যায় অবস্থান করিলেন ॥৩৮॥

রাজা! তখন দ্রোণাচার্য্য যুধিষ্ঠিরের রথের নিকটবর্ত্তী হইলে, যুধিষ্ঠিরের সৈন্যমধ্যে যোদ্ধাদের এইরূপ বিশাল কোলাহল হইল যে, 'রাজা নিহত হইলেন' ॥৩৯॥

আর সেই সময়ে দ্রোণের বিক্রম দেখিয়া কৌরবসৈন্যেরা বলিতে লাগিল যে, 'আজ রাজা দুর্য্যোধন কৃতার্থ হইবেন ॥৪০॥

---

(৩৬) ..কায়াদপাহরৎ...ভল্লাভ্যামহনদ্বলী—পি। (৩৮) তান্ প্রমৃজ্য—বা নি।

অস্মিন্ মুহূর্ত্তে দ্রোণস্তু পাণ্ডবং গৃহ্য হর্ষিতঃ।
'আগমিষ্যতি নো নূনং ধার্ত্তরাষ্ট্রস্য সংযুগে ॥৪১॥
এবং সংজল্পতাং তেষাং তাবকানাং মহারথঃ।
আযাজ্জবেন কৌন্তেয়ো রথঘোষেণ নাদয়ন্ ॥৪২॥
শোণিতোদাং রথাবর্ত্তাং কৃত্বা বিশসনীং নদীম্।
শূরাস্থিচয়সঙ্কীর্ণাং প্রেতকূলাপহারিণীম্ ॥৪৩॥ (যুগ্মকম্)
তাং শরৌঘমহাফেনাং প্রাসমৎস্যসমাকুলাম্।
নদীমুত্তীর্য্য বেগেন কুরূন্ বিদ্রাব্য পাণ্ডবঃ ॥৪৪॥
ততঃ কিরীটী সহসা দ্রোণানীকমুপাদ্রবৎ।
ছাদয়ন্নিষুজালেন মহতা মোহয়ন্নিব ॥৪৫॥ (যুগ্মকম্)

অস্মিন্নিতি। পাণ্ডবং যুধিষ্ঠিরম্, গৃহ্য গৃহীত্বা। নঃ অস্মাকম্ ॥৪১॥

এবমিতি। আয়াৎ আগচ্ছৎ, জবেন বেগেন, কৌন্তেযোঽর্জ্জুনঃ। শোণিতানি রক্তান্যেব উদকানি যস্যাস্তাম্, রথা এব আবর্ত্তা জলভ্রময়ো যস্যাস্তাম্, বিশস্যতে অস্যৈ ইতি বিশসনী তাং প্রাণিবধজনিতামিত্যর্থঃ। শূরাণামস্থিচয়েন সঙ্কীর্ণাং ব্যাপ্তাম্, প্রেতা মৃতা এব কূলানি তীরাণি তানি অপহরতীতি তাং তাদৃশীঞ্চ নদীং কৃত্বা ॥৪২—৪৩॥

তামিতি। ততঃ পাণ্ডবঃ কিরীটী অর্জ্জুনঃ, বেগেন, শরৌঘ এব মহাফেনো যস্যাস্তাম্, প্রাসা অস্ত্রবিশেষা এব মৎস্যাস্তৈঃ সমাকুলাং ব্যাপ্তাঞ্চ, তাং নদীমুত্তীর্য্য, কুরূন্ বিদ্রাব্য মর্দ্দয়িত্বা চ, মহতা ইষুজালেন বাণসমূহেন, ছাদযন্ মোহয়ন্নিব চ, সহসা, দ্রোণস্য অনীকং সৈন্যম্, উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৪৪—৪৫॥

নিশ্চয়ই দ্রোণ এই মুহূর্ত্তে যুধিষ্ঠিরকে ধারণ করিয়া আনন্দিত হইয়া আমাদের রাজা দুর্য্যোধনের নিকটে আগমন করিবেন' ॥ ৪১ ॥

আপনার সৈন্যেরা এইরূপ আলোচনা করিতেছিল, এমন সময়ে মহারথ অর্জ্জুন প্রাণিগণকে বধ করায় তাহাদের রক্তের একটা নদী করিয়া রথের শব্দে সমস্ত দিক্ নিনাদিত করিতে থাকিয়া বেগে সে স্থানে আগমন করিলেন। রক্ত ছিল সে নদীটার জল ও রথ ছিল তাহার আবর্ত্ত (ঘোলা), আর সে নদীটা বীরগণের অস্থিসমূহে ব্যাপ্ত ছিল এবং মৃতশরীররূপ তীর অপহরণ করিতে-ছিল ॥৪২—৪৩॥

তাহার পর পাণ্ডুনন্দন অর্জ্জুন বাণসমূহরূপ মহাফেনযুক্ত ও প্রাসরূপ মৎস্যে পরিপূর্ণ সেই নদীটাকে বেগে উত্তীর্ণ হইয়া এবং কৌরবগণকে নিপীড়িত করিয়া

---

(৪৩)...বিশসনে নদীম্—নি।

শীঘ্রমভ্যস্যতো বাণান্ সন্দধানস্য চানিশম্।
নান্তরং দদৃশে কশ্চিৎ কৌন্তেয়স্য যশস্বিনঃ ॥৪৬॥
ন দিশো নান্তরীক্ষঞ্চ ন দ্যৌর্নৈব চ মেদিনী।
অদৃশ্যন্ত মহারাজ! বাণভূতা ইবাভবন্ ॥৪৭॥
নাদৃশ্যত তদা রাজন্! তত্র কিঞ্চন সংযুগে।
বাণান্ধকারে মহতি কৃতে গাণ্ডীবধন্বনা ॥৪৮॥
সূর্য্যে চাস্তমনুপ্রাপ্তে তমসা চাভিসংবৃতে।
নাজ্ঞায়ত তদা শত্রুর্ন সুহৃন্ন চ কশ্চন।
ততোঽবহারং চক্রুস্তে দ্রোণদুর্য্যোধনাদয়ঃ ॥৪৯॥
তান্ বিদিত্বা পুনস্ত্রস্তানযুদ্ধমনসঃ পরান্।
স্বান্যনীকানি বীভৎসুঃ শনকৈরবহারয়ৎ ॥৫০॥

শীঘ্রমিতি। অভ্যস্যতঃ সমন্তাৎ ক্ষিপতঃ। অন্তরমবকাশম্, দদৃশে দদর্শ ॥৪৬॥

নেতি। দ্যৌঃআকাশস্থঃ স্বর্গীয়ো জনঃ। বাণভূতা বাণময়া দিগাদয়ঃ ॥৪৭॥

নেতি। সংযুগে সমরাঙ্গনে। গাণ্ডীবধন্বনা অর্জ্জুনেন ॥৪৮॥

সূর্য্য ইতি। তমসা অন্ধকারেণ। অবহারং তদ্দিনযুদ্ধবিরতিম্ ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৯॥

তানিতি। পুনর্বীভৎসুরর্জ্জুনোঽপি, তান্ পরান্ বিপক্ষান্, ত্রস্তান্ ভীতান্, অতএব ন বিদ্যন্তে যুদ্ধে মনাংসি যেষাং তান্ তথাভূতান্ বিদিত্বা, স্বানি স্বকীয়ানি, অনীকানি সৈন্যানি, শনকৈর্মন্দং মন্দম্, অবহারয়ৎ অবহারং যুদ্ধবিরামমকারয়ৎ। অড়াগমাভাব আর্ষঃ ॥৫০॥

বিশাল শরজালে সকলকে আবৃত ও মোহিত করিতে থাকিয়া অতিদ্রুত দ্রোণ-সৈন্যের দিকে ধাবিত হইলেন ॥৪৪—৪৫॥

যশস্বী অর্জ্জুন যখন দ্রুত বাণসন্ধান ও দ্রুত বাণক্ষেপ করিতেছিলেন, তখন কোন লোকই তাঁহার অবকাশ (ফাঁক্) দেখিতে পায় নাই ॥৪৬॥

মহারাজ! তখন দিক্, আকাশ, আকাশের লোক এবং ভূতল ইহার কিছুই দেখা গেল না; সমস্তই যেন বাণময় হইয়া গেল ॥৪৭॥

রাজা! অর্জ্জুন বাণদ্বারা গাঢ় অন্ধকার করিয়া ফেলিলে, তখন সেই সমরাঙ্গনে কিছুই দৃষ্টিগোচর হইল না ॥৪৮॥

ক্রমে সূর্য্য অস্তাচলে গমন করিলেন, অন্ধকারও আসিয়া সমস্ত আবৃত করিল; তখন শত্রু, মিত্র, বা অন্য কাহাকেও চেনা যাইতে লাগিল না। সুতরাং দ্রোণ ও দুর্য্যোধন প্রভৃতি সে দিনের যুদ্ধ সমাপ্ত করিলেন ॥৪৯॥

---

(৪৯) রজসা চাভিসংবৃতে···ন চ কিঞ্চন—পি।

ততোঽভিতুষ্টুবুঃ পার্থং প্রহৃষ্টাঃ পাণ্ডুসৃঞ্জয়াঃ।
পাঞ্চালাশ্চ মনোজ্ঞাভির্বাগ্‌ভিঃ সূর্য্যমিবর্ষয়ঃ ॥৫১॥
এবং স্বশিবিরং প্রাযাজ্জিত্বা শত্রূন্ ধনঞ্জয়ঃ।
পৃষ্ঠতঃ সর্ব্বসৈন্যানাং মুদিতো বৈ সকেশবঃ ॥৫২॥
মসারগল্বর্কসুবর্ণরূপ্যৈর্বজ্রপ্রবালস্ফটিকৈশ্চ মুখ্যৈঃ।
চিত্রে রথে পাণ্ডুসুতো বভাসে নক্ষত্রচিত্রে বিয়তীব চন্দ্রঃ ॥৫৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
দ্রোণাভিষেকে প্রথমদিনযুদ্ধাবহারে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

তত ইতি। পার্থমর্জ্জুনম্, প্রহৃষ্টা জয়লাভাদতীবানন্দিতাঃ ॥৫১॥

এবমিতি। মুদিত আনন্দিতঃ, সকেশবঃ কৃষ্ণেন সহিত ॥৫২॥

মসারেতি। পাণ্ডুসুতোঽর্জ্জুনঃ, মুখ্যৈরুত্তমৈঃ, মসারা বৈদূর্য্যাখ্যকৃষ্ণমণয়ঃ গল্বর্কা ইন্দ্রনীল-মণয়ঃ সুবর্ণানি স্বর্ণানি রূপ্যাণি রজতানি চ তৈঃ, তথা বজ্রাণি হীরকাণি প্রবালাঃ পদ্মরাগমণয়ঃ স্ফটিকাশ্চ তৈঃ, চিত্রে বিচিত্রীকৃতে রথে, নক্ষত্রচিত্রে, বিয়তি গগনে, চন্দ্র ইব, বভাসে বিররাজ ॥৫৩॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি
দ্রোণাভিষেকে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

সেই বিপক্ষগণকে ভীত এবং যুদ্ধ করিতে অনিচ্ছু জানিয়া অর্জ্জুনও আপন সৈন্যগণকে ধীরে ধীরে যুদ্ধ হইতে বিরত করিলেন ॥৫০॥

তাহার পর ঋষিরা যেমন বেদময় মনোহর বাক্যে সূর্য্যের স্তব করেন, সেইরূপ পাণ্ডবগণ, সৃঞ্জয়গণ ও পাঞ্চালগণ মনোহর বাক্যে অর্জ্জুনের স্তব করিতে লাগিলেন ॥৫১॥

অর্জ্জুন এইভাবে শত্রুগণকে জয় করিয়া আনন্দিত হইয়া সমস্ত সৈন্যের পিছনে থাকিয়া কৃষ্ণের সহিত আপন শিবিরে প্রস্থান করিলেন ॥৫২॥

তখন নক্ষত্রবিচিত্র আকাশে যেমন চন্দ্র শোভা পান, সেইরূপ অর্জ্জুনও উত্তম কৃষ্ণমণি, নীলমণি, স্বর্ণ, রৌপ্য, হীরক, প্রবাল ও স্ফটিকে খচিত বিচিত্র রথে শোভা পাইতে লাগিলেন' ॥৫৩॥

——:০:——

(৫৩)…সুবর্ণরূপৈঃ—নি। * '…পঞ্চদশোঽধ্যায়ঃ' ব, '…ষোড়শোঽধ্যায়ঃ' বা রা নি।

পঞ্চদশোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

তে সেনে শিবিরং গত্বা ন্যবিশেতাং বিশাংপতে!।
যথাভাগং যথান্যায়ং যথাগুল্মঞ্চ সর্বশঃ ॥১॥
কৃত্বাবহারং সৈন্যানাং দ্রোণঃ পরমদুর্মনাঃ।
দুর্য্যোধনমভিপ্রেক্ষ্য সব্রীড়মিদমব্রবীৎ ॥২॥
উক্তমেতন্ময়া পূর্বং ন তিষ্ঠতি ধনঞ্জয়ে।
শক্যো গ্রহীতুং সংগ্রামে দেবৈরপি যুধিষ্ঠিরঃ ॥৩॥
ইতি তদ্বঃ প্রযততাং কৃতং পার্থেন সংযুগে।
মা বিশঙ্কীর্বচো মহ্যমজেয়ৌ কৃষ্ণপাণ্ডবৌ ॥৪॥
অপনীতে তু যোগেন কেনচিচ্ছ্বেতবাহনে।
তত এষ্যতি তে রাজন্! বশমেষ যুধিষ্ঠিরঃ ॥৫॥

তে ইতি। ন্যবিশেতাং প্রাবিশতাম্। যথাগুল্মং যথাগৃহম্, সর্বশঃ সর্বে ॥১॥
কৃত্বেতি। অবহারং যুদ্ধবিরামম্। সব্রীডং যুধিষ্ঠিরাগ্রহণাৎ সলজ্জম্ ॥২॥
উক্তমিতি। তিষ্ঠতি বিদ্যমানে, গ্রহীতুং ন শক্য ইতি সম্বন্ধঃ ॥৩॥
ইতীতি। বো যুষ্মাকম্, প্রযততাং যুধিষ্ঠিরগ্রহণায় প্রযতমানানাম্। মহ্যং মম ॥৪॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ! উভয়পক্ষের সেই সমস্ত সৈন্যই শিবিরে যাইয়া বিভাগ অনুসারে আপন আপন নির্দ্দিষ্ট গৃহে যথানিয়মে প্রবেশ করিল ॥১॥

এদিকে দ্রোণ সৈন্যগণের যুদ্ধবিরাম করাইয়া অত্যন্তদুঃখিতচিত্ত হইয়া দুর্য্যোধনের দিকে দৃষ্টিপাত করিয়া লজ্জার সহিত এই কথা বলিলেন—॥২॥

'রাজা! আমি ইহা পূর্বেই বলিয়াছি যে, অর্জ্জুন উপস্থিত থাকিতে দেবতারাও যুদ্ধে যুধিষ্ঠিরকে ধরিতে সমর্থ হইবেন না ॥৩॥

তোমরা যুধিষ্ঠিরকে ধরিবার চেষ্টা করিতে থাকিলেও, অর্জ্জুন যুদ্ধে সেই কথাই সত্য করিয়াছেন। সুতরাং 'কৃষ্ণ ও অর্জুন অজেয়' আমার এ কথায় তুমি সন্দেহ করিও না ॥৪॥

---

(৫)…কথঞ্চিচ্ছ্বেতবাহনে…বশমন্ত—পি।

কশ্চিদাহূয় তং সংখ্যে দেশমন্যং প্রকর্ষতু।
তমজিত্বা ন কৌন্তেয়ো নিবর্ত্তেত কথঞ্চন ॥৬॥
এতস্মিন্নন্তরে শূন্যে ধর্ম্মরাজমহং নৃপ!।
গ্রহীষ্যামি চমূং ভিত্ত্বা ধৃষ্টদ্যুম্নস্য পশ্যতঃ ॥৭॥
অর্জ্জুনেন বিহীনস্তু যদি নোৎসৃজতে রণম্।
মামুপায়ান্তমালোক্য গৃহীতং বিদ্ধি পাণ্ডবম্ ॥৮॥
এবং তেঽহং মহারাজ! ধর্ম্মপুত্রং যুধিষ্ঠিরম্।
সমানেষ্যামি সগণং বশমদ্য ন সংশয়ঃ ॥৯॥
যদি তিষ্ঠতি সংগ্রামে মুহূর্ত্তমপি পাণ্ডবঃ।
অথাপযাতি সংগ্রামাদ্বিজয়াত্তু বিশিষ্যতে ॥১০॥

অপেতি। যোগেন উপায়েন, শ্বেতবাহনে অর্জ্জুনে। এষ্যতি প্রাপ্স্যতি ॥৫॥
তমেবোপায়মাহ কশ্চিদিতি। তমর্জ্জুনম্। প্রকর্ষতু আকৃষ্য নয়তু। কৌন্তেয়োঽর্জ্জুনঃ ॥৬॥
এতস্মিন্নিতি। অন্তরে অবকাশে, শূন্যে অর্জ্জুনরহিতে। ধৃষ্টদ্যুম্নস্যেত্যুপলক্ষণম্ ॥৭॥
অর্জ্জুনেনেতি। বিহীনো যুধিষ্ঠিরঃ। বিদ্ধি জানীহি, পাণ্ডবং যুধিষ্ঠিরম্ ॥৮॥
এবমিতি। সগণং সপরিজনম্ ॥৯॥
যদীতি। অপযাতি পলায়তে, তদা তৎপলায়নমস্মাকং বিজয়াদ্বিশিষ্যতে ॥১০॥

অতএব রাজা! কোন উপায়ে অর্জ্জুনকে অপসারিত করিতে পারিলে, তখন যুধিষ্ঠির তোমার বশীভূত হইবেন ॥৫॥

সুতরাং কোন যোদ্ধা অর্জ্জুনকে যুদ্ধে আহ্বান করিয়া অন্যস্থানে লইয়া যাউক। তাহা হইলেই অর্জ্জুন তাহাকে জয় না করিয়া কোন প্রকারেই ফিরিয়া আসিবেন না ॥৬॥

রাজা! সেই অবসরে আমি অর্জ্জুনশূন্য সমরে পাণ্ডবসৈন্য ভেদ করিয়া যাইয়া ধৃষ্টদ্যুম্ন প্রভৃতির সমক্ষেই যুধিষ্ঠিরকে ধরিয়া ফেলিব ॥৭॥

অর্জ্জুনবিহীন যুধিষ্ঠির আমাকে আসিতে দেখিয়াও যদি সমরাঙ্গন পরিত্যাগ করিয়া না যান, তবে তাঁহাকে ধরিয়া ফেলিয়াছি বলিয়াই তুমি জানিয়া রাখ ॥৮॥

মহারাজ! এইভাবে আমি আজ ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরকে তোমার বশে আনয়ন করিব; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৯॥

(তবে ইহা স্থির যে,) তিনি যদি সেই অবস্থায় মুহূর্ত্তকালও সমরাঙ্গনে

---

(৮) অর্জ্জুনেন পরিত্যক্তো ন চেত্ত্রাসাৎ পলায়তে—নি।

সঞ্জয় উবাচ।

দ্রোণস্য তদ্বচঃ শ্রুত্বা ত্রিগর্ত্তাধিপতিস্তদা।
ভ্রাতৃভিঃ সহিতো রাজন্নিদং বচনমব্রবীৎ ॥১১॥
বয়ং বিনিকৃতা রাজন্! সদা গাণ্ডীবধন্বনা।
অনাগঃস্বপি চাগস্তৎ কৃতমস্মাসু তেন বৈ ॥১২॥
তে বয়ং স্মরমাণাস্তান্ বিনিকারান্ পৃথগ্বিধান্।
ক্রোধাগ্নিনা দহ্যমানা ন শেমহি সদা নিশি ॥১৩॥
স নো দিষ্ট্যাস্ত্রসম্পন্নশ্চক্ষুর্বিষয়মাগতঃ।
কর্ত্তারঃ স্ম বয়ং কর্ম্ম যচ্চিকীর্ষাম হৃদ্গতম্ ॥১৪॥
ভবতশ্চ প্রিয়ং যৎ স্যাদস্মাকঞ্চ যশস্করম্।
বয়মেনং হনিষ্যামো নিকৃষ্যায়োধনাদ্বহিঃ ॥১৫॥ (যুগ্মকম্)

দ্রোণস্যেতি। ত্রিগর্ত্তাধিপতিঃ সুশর্ম্মা ॥১১॥
বয়মিতি। বিনিকৃতা অপমানিতাঃ। অনাগঃসু নিরপরাধেষু, আগোঽপরাধঃ ॥১২॥
ত ইতি। বিনিকারান্ অপমানান্। শেমহি স্বপিমঃ নিদ্রাং গচ্ছামঃ ॥১৩॥
স ইতি। নঃ অস্মাকম্, দিষ্ট্যা ভাগ্যেন। কর্ত্তারঃ করিষ্যামঃ, স্মেতি পাদপূরণে কিং তৎ কর্ম্মেত্যাহ বয়মিতি। নিকৃষ্য আকৃষ্য নীত্বা, আয়োধনাৎ দ্রোণযুদ্ধস্থলাৎ, বহিরন্যত্র ॥১৪—১৫॥

থাকেন। তা'র পর তিনি যদি রণস্থল হইতে পলায়ন করেন, তবে সেটা ত আমাদের পক্ষে জয় লাভ করা অপেক্ষাও অধিক' ॥১০॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তখন দ্রোণাচার্য্যের সেই কথা শুনিয়া ত্রিগর্ত্ত-দেশাধিপতি সুশর্ম্মা ভ্রাতাদের সহিত মিলিত হইয়া এই কথা কহিলেন—॥১১॥

'রাজা! অর্জ্জুন সর্ব্বদাই আমাদের অপমান করিয়াছে। আমাদের কোন অপরাধ ছিল না; তথাপি সে আমাদের নিকটে অপরাধ করিয়াছে ॥১২॥

আমরা অর্জ্জুনকৃত সেই নানাবিধ অপমান স্মরণ করিয়া সর্ব্বদা ক্রোধানলে দগ্ধ হইতে থাকিয়া রাত্রিতে নিদ্রা যাইতে পারি নাই ॥১৩॥

কিন্তু সেই অস্ত্রজ্ঞ অর্জ্জুন ভাগ্যবশতঃ আজ আমাদের দৃষ্টিপথে আসিয়াছে। সুতরাং আমরা মনোগত যে কার্য্য করিবার ইচ্ছা করি, আর যে কার্য্য আপনার প্রিয় এবং আমাদেরও যশস্কর, আমরা সেই কার্য্য করিব; (অর্থাৎ) আমরা অর্জ্জুনকে দ্রোণাচার্য্যের যুদ্ধস্থান হইতে অন্যত্র লইয়া যাইয়া উহাকে বধ করিব ॥১৪—১৫॥

---

(১৩)·· নহি শেম দিবা নিশি—পি,···দহ্যমানা হ্যশেমহি সদা নিশি—নি।

অদ্যাস্ত্বনর্জ্জুনা ভূমিরত্রিগর্ত্তাথবা পুনঃ।
সত্যং তে প্রতিজানীমো নৈতন্মিথ্যা ভবিষ্যতি ॥১৬॥
এবং সত্যরথশ্চোক্ত্বা সত্যবর্ম্মা চ ভারত।।
সত্যব্রতশ্চ সত্যেষুঃ সত্যকর্ম্মা তথৈব চ ॥১৭॥
সহিতা ভ্রাতরঃ পঞ্চ রথানামযুতেন চ।
ন্যবর্ত্তন্ত মহারাজ। কৃত্বা শপথমাহবে ॥১৮॥ (যুগ্মকম্)
মালবাস্তুণ্ডিকেরাশ্চ রথানামযুতৈস্ত্রিভিঃ।
সুশর্ম্মা চ নরব্যাঘ্রস্ত্রিগর্ত্তঃ প্রস্থলাধিপঃ ॥১৯॥
মাবেল্লকৈর্ললিথৈশ্চ সহিতো মদ্রকৈরপি।
রথানামযুতেনৈব সোঽগমদ্ভ্রাতৃভিঃ সহ ॥২০॥ (যুগ্মকম্)
নানাজনপদেভ্যশ্চ রথানামযুতং পুনঃ।
সমুত্থিতং বিশিষ্টানাং শপথার্থমুপাগমৎ ॥২১॥
ততো জ্বলনমানায্য হুত্বা সর্বে পৃথক্ পৃথক্।
জগৃহুঃ কুশচীরাণি চিত্রাণি কবচানি চ ॥২২॥

অদ্যেতি। অনর্জ্জুনা অর্জ্জুনরহিতা, অত্রিগর্ত্তা ত্রিগর্ত্তবিহীনা ॥১৬॥
এবমিতি। সত্যা অমোঘা ইষবো বাণা যস্য সঃ। অযুতেন চ সহিতাঃ ॥১৭—১৮॥
মালবা ইতি। ত্রিভিরযুতৈঃ সহিতা ইতি শেষঃ। অগমদ্‌যুদ্ধায ॥১৯—২০॥
নানেতি। সমুত্থিতং যুদ্ধাযোদ্‌যুক্তম্, বিশিষ্টানাং প্রধানানাম্ ॥২১॥
তত ইতি। জ্বলনমগ্নিম্। কুশচীরাণি কুশময়কৌপীনানি ॥২২॥

আজ পৃথিবী অর্জ্জুনশূন্য কিংবা ত্রিগর্ত্তশূন্য হউক। আমরা আপনার নিকট সত্য প্রতিজ্ঞা করিলাম, ইহা মিথ্যা হইবে না' ॥১৬॥

ভরতনন্দন মহারাজ! সত্যরথ, সত্যবর্ম্মা, সত্যব্রত, সত্যেষু ও সত্যকর্ম্মা এই পঞ্চ ভ্রাতা এইরূপ বলিয়া অযুত রথ লইয়া যুদ্ধবিষয়ে শপথ করিয়া নীরব হইলেন ॥১৭—১৮॥

আর তিন অযুত রথের সহিত মালবগণ ও তুণ্ডিকেরগণ এবং নরশ্রেষ্ঠ প্রস্থলাধিপতি ত্রিগর্ত্তদেশীয় সেই সুশর্ম্মা মাবেল্লক, ললিথ, মদ্রক, অযুত রথ ও ভ্রাতৃগণের সহিত মিলিত হইয়া চলিলেন ॥১৯—২০॥

আবার নানাদেশ হইতে আগত বিশিষ্ট অযুত রথী যুদ্ধের নিমিত্ত উদ্‌যোগী হইয়া শপথ করিবার জন্য উপস্থিত হইলেন ॥২১॥

---

(১৭)…সত্যধর্ম্মা… সত্যেষ্টঃ সত্যকর্ম্মা—পি। (১৯)… তুণ্ডিকেরাঃ—পি। (২২) ততো জ্বলনমানর্চ্য—বা ব রা নি।

তে চ বদ্ধতনুত্রাণা ঘৃতাক্তাঃ কুশচীরিণঃ।
মৌর্ব্বীমেখলিনো বীরাঃ সহস্রশতদক্ষিণাঃ ॥২৩॥
যজ্বানঃ পুত্রিণো লোক্যাঃ কৃতকৃত্যাস্তনুত্যজঃ।
যোক্ষ্যমাণাস্তদাত্মানং যশসা বিজয়েন চ ॥২৪॥
ব্রহ্মচর্য্যশ্রুতিমুখৈঃ ক্রতুভিশ্চাপ্তদক্ষিণৈঃ।
প্রাপ্যাল্লোঁকান্ সুযুদ্ধেন ক্ষিপ্রমেব যিযাসবঃ ॥২৫॥
ব্রাহ্মণাংস্তর্পয়িত্বা চ নিষ্কান্ দত্ত্বা পৃথক্ পৃথক্।
গাশ্চ বাসাংসি চ পুনঃ সমাভাষ্য পরস্পরম্ ॥২৬॥
প্রজ্বাল্য কৃষ্ণবর্ত্মানমুপাগম্য রণব্রতম্।
তস্মিন্নগ্নৌ তদা চক্রুঃ প্রতিজ্ঞাং দৃঢ়নিশ্চয়াঃ ॥২৭॥ (কুলকম্)

ত ইতি। বদ্ধতনুত্রাণা ধৃতকবচাঃ, ঘৃতাক্তাঃ, কুশচীরিণঃ কুশময়কৌপীনধারিণঃ, মৌর্ব্বীমেখলিনঃ তৃণবিশেষনির্ম্মিতমেখলাযুক্তাঃ, সহস্রশতদক্ষিণা যজ্ঞে দত্তলক্ষদক্ষিণাঃ। যজ্বানো যথাবিধি কৃতযজ্ঞাঃ, পুত্রিণঃ পুত্রেষু পবিজনভাবন্যাসকারিণঃ, লোক্যাঃ পুণ্যলোকপ্রাপ্তিযোগ্যাঃ, কৃতকৃত্যাঃ সম্পাদিতসর্ব্বসাংসারিককার্য্যাঃ, তনুত্যজো যুদ্ধে দেহত্যাগার্থিনঃ, তদা যশসা বিজয়েন চ আত্মানং যোক্ষ্যমাণা যুক্তং করিষ্যন্তঃ। সুযুদ্ধেন ন্যায়যুদ্ধেন, ক্ষিপ্রমেব, ব্রহ্মচর্য্যমষ্টবিধমৈথুনত্যাগঃ শ্রুতির্বেদাধ্যয়নঞ্চ মুখং প্রধানং যেষু তৈঃ, আপ্তদক্ষিণৈঃ প্রচুরদক্ষিণাযুক্তৈশ্চ, ক্রতুভির্যজ্ঞৈঃ, প্রাপ্যান্ লোকান্ স্বর্গান্, যিযাসবো যাতুমিচ্ছবঃ, তে বীরাঃ, পৃথক্ পৃথক্ নিষ্কান্ স্বর্ণমুদ্রাবিশেষান্, গাশ্চ, বাসাংসি চ দত্ত্বা, ব্রাহ্মণান্, তর্পয়িত্বা সন্তোষ্য, পুনঃ পরস্পরং সমাভাষ্য বন্ধুভাবেনালপ্য, কৃষ্ণবর্ত্মানমগ্নিং প্রজ্বাল্য, রণব্রতম্, উপাগম্য অঙ্গীকৃত্য, দৃঢ়নিশ্চয়াঃ সন্তঃ, তস্মিন্নগ্নৌ তদগ্নিসমীপে, তদা বক্ষ্যমাণপ্রকারাং প্রতিজ্ঞাং চক্রুঃ ॥২৩—২৭॥

তাহার পর তাঁহারা সকলে আগুন আনাইয়া পৃথক্ পৃথক্ ভাবে হোম করিয়া কুশময় কৌপীন ও বিচিত্র কবচ ধারণ করিলেন ॥২২॥

যাঁহারা পূর্ব্বে যথাবিধানে যজ্ঞ করিয়া তাহাতে লক্ষমুদ্রা দক্ষিণা দিয়াছিলেন, সংসারের সমস্ত কার্য্য করিয়াছিলেন এবং পুত্রবান্ ও পুণ্যলোকপ্রাপ্তির যোগ্য হইয়াছিলেন; সেই বীরেরা তৎকালে ঘৃতাক্তদেহ হইয়া, বর্ম্মধারণ, কুশময় কৌপীন পরিধান ও মৌর্ব্বী মেখলা বন্ধন করিয়া, যশ ও জয়সুখের প্রার্থী হইয়া, ব্রহ্মচর্য্য, বেদাধ্যয়ন ও প্রচুরদক্ষিণাসম্পন্ন যজ্ঞদ্বারা প্রাপ্য স্বর্গে ন্যায়যুদ্ধের গুণে সত্বরই যাইবার ইচ্ছা করিয়া, পৃথক্ পৃথক্ ভাবে স্বর্ণমুদ্রা, গো ও বস্ত্র দান-দ্বারা ব্রাহ্মণগণের সন্তোষ জন্মাইয়া, পরস্পর বন্ধুভাবে সম্ভাষণ করিয়া, সমরব্রতে দীক্ষিত হইয়া দৃঢ় নিশ্চয় করিয়া অগ্নিপ্রজ্বালনপূর্ব্বক সেই অগ্নির নিকটে প্রতিজ্ঞা করিতে লাগিলেন—॥২৩—২৭॥

(২৩) তেঽম্বনদ্ধতনুত্রাণা ঘৃতাক্তকুশচীরিণঃ। মৌঞ্জীমেখলিনঃ—পি।

শৃণ্বতাং সর্ব্বভূতানামুচ্চৈর্বাচো বভাষিরে।
সর্ব্বে ধনঞ্জয়বধে প্রতিজ্ঞাশ্চাপি চক্রিরে ॥২৮॥
যে বৈ লোকাশ্চানৃতিনাং যে চৈব ব্রহ্মঘাতিনাম্।
মদ্যপস্য চ যে লোকা গুরুদাররতস্য চ ॥২৯॥
ব্রহ্মস্বহারিণশ্চৈব রাজপিণ্ডাপহারিণঃ।
শরণাগতঞ্চ ত্যজতো যাচমানং তথা ঘ্নতঃ ॥৩০॥
অগারদাহিনাঞ্চৈব যে চ গাং নিঘ্নতামপি।
অপকারিণাঞ্চ যে লোকা যে চ ব্রহ্মদ্বিষামপি ॥৩১॥
স্বভার্য্যামৃতুকালেষু মোহাদ্বৈ নাভিগচ্ছতাম্।
শ্রাদ্ধমৈথুনিকানাঞ্চ যে চাপ্যাত্মাপহারিণাম্ ॥৩২॥
ন্যাসাপহারিণাং যে চ শ্রুতং নাশযতাঞ্চ যে।
ক্লীবেন যুধ্যমানানাং যে চ নীচানুসারিণাম্ ॥৩৩॥
নাস্তিকানাঞ্চ যে লোকা যেঽগ্নিমাতৃপিতৃত্যজাম্।
তানাপ্নুয়ামহে লোকান্ যে চ পাপকৃতামপি ॥৩৪॥
যদ্যহত্বা বয়ং যুদ্ধে নিবর্ত্তেম ধনঞ্জয়ম্।
তেন চাভ্যর্দ্দিতাস্ত্রাসাদ্ভবেমহি পরাঙ্মুখাঃ ॥৩৫॥ (কুলকম্)

শৃণ্বতামিতি। বাচো বক্ষ্যমাণাঃ। সর্বে তে বীরাঃ ॥২৮॥

য ইতি। লোকা নরকাঃ, অনৃতিনাং মিথ্যাপরায়ণানাম্। মদ্যপস্য মদ্যপায়িনঃ। রাজপিণ্ডাপহারিণো রাজদত্তপরবৃত্তিচ্ছেদিনঃ। ঘ্নতো বিনাশয়তঃ। অগারদাহিনাং পর-গৃহদাহকারিণাম্। ব্রহ্মদ্বিষাং বেদবিদ্বেষিণাম্। শ্রাদ্ধে শ্রাদ্ধদিবসে মৈথুনিকানাং স্ত্রীগামি-নাম্, আত্মাপহারিণাং ব্যয়কুণ্ঠিতত্বাদাত্মসুখনাশকানাম্। শ্রুতং দানায় পরেণ প্রতিশ্রুতং বস্তু, নাশয়তাং নিবর্ত্তযতাম্ ক্লীবেন নিস্তেজসা দুর্ব্বলেন সহ। নীচানুসারিণাং চাণ্ডালাদি-চরিত্রানুবর্ত্তিনাম্। অগ্নিরত্র শ্রৌতবিধানেন নিত্যহোমায় স্থাপিতঃ। আপ্নুয়ামহে প্রাপ্নমঃ। আর্ষোঽয়ং প্রয়োগঃ। পাপকৃতাম্ অন্যবিধপাপকারিণাম্। ভবেমহি ভবেম ॥২৯—৩৫॥

আর তাঁহারা সকলে সমস্ত লোকের সমক্ষে উচ্চস্বরে এই কথাগুলি বলিতে থাকিলেন এবং অর্জ্জুনবধে প্রতিজ্ঞা করিতে লাগিলেন—॥২৮॥

'আমরা যুদ্ধে অর্জ্জুনকে বধ না করিয়া যদি ফিরিয়া আসি, কিংবা অর্জ্জুন-কর্ত্তৃক নিপীড়িত হইয়া যদি ভয়বশতঃ পরাঙ্মুখ হই, তবে মিথ্যাপরায়ণ,

---

(২৯) যে বৈ লোকাশ্চাব্রতিনাম্—বা ব রা নি। (৩০)…যাচমানাংস্তথা ঘ্নতাম্—পি। (৩১)…অপচারিণাঞ্চ যে লোকাঃ—পি। (৩২) স্বকাযামৃতুকালেষু যে মোহান্নাভিগচ্ছতাম্—পি।

যদি ত্বস্থকরং লোকে কর্ম্ম কুর্য্যাম সংযুগে।
ইষ্টাল্লোঁকান্ প্রাপ্নুয়ামো বয়মদ্য ন সংশয়ঃ ॥৩৬॥
এবমুক্ত্বা তদা রাজন্। তেঽভ্যবর্ত্তন্ত সংযুগে।
আহ্বয়ন্তোঽর্জ্জুনং বীরাঃ পিতৃজুষ্টাং দিশং প্রতি ॥৩৭॥
আহূতস্তৈর্নরব্যাঘ্রঃ পার্থঃ পরপুরঞ্জয়ঃ।
ধর্ম্মরাজমিদং বাক্যমপদান্তরমব্রবীৎ ॥৩৮॥
আহূতো ন নিবর্ত্তেযমিতি মে ব্রতমাহিতম্।
সংশপ্তকাশ্চ মাং রাজন্। আহ্বয়ন্তি মহামৃধে ॥৩৯॥

যদীতি। অস্থকরম্ অন্যৈর্দুষ্করম্। প্রাপ্নুযামঃ প্রাপ্নুমঃ। ঈদৃশশপথকরণাদেবামীষাং সংশপ্তক ইতি সংজ্ঞা, সম্যক্ শপ্তং শপথো যেষাং ত ইতি ব্যুৎপত্তেঃ। সংজ্ঞায়াঞ্চ কপ্রত্যয়ঃ ॥৩৬॥

এবমিতি। অভ্যবর্ত্তন্ত উৎস্থকা অভবন্। পিতৃভির্জুষ্টাং সেবিতাং দক্ষিণাম্ ॥৩৭॥

আহূত ইতি। অপদান্তরং পাদন্যাসব্যবধানমপি যথা ন স্যাত্তথা। পরেষামশ্রবণায়েতি ভাবঃ ॥৩৮॥

ব্রহ্মহত্যাকারী, মদ্যপায়ী ও গুরুপত্নীগামীদের যে নরক হয়, আমাদের যেন সেই নরক হয়; আর ব্রহ্মস্বহারী, রাজদত্তবৃত্তিচ্ছেদী, শরণাগতত্যাগী, প্রার্থি-হত্যাকারী, পরগৃহদাহী, গোঘাতী, পরাপকারী ও বেদবিদ্বেষীর যে নরক হয়, আমাদের যেন সেই নরক হয়; আবার যাহারা মোহবশতঃ ঋতুকালে নিজ-ভার্য্যা গমন না করে, যাহারা শ্রাদ্ধদিনে স্ত্রীসংসর্গ করে, যাহারা আত্মবঞ্চনা করে, যাহারা পরের গচ্ছিত দ্রব্য অপহরণ করে, যাহারা পরের প্রতিশ্রুত বস্তু নষ্ট করে, যাহারা দুর্ব্বলের সহিত যুদ্ধ করে, যাহারা নীচজাতির অনুসরণ করে, যাহারা নাস্তিক, যাহারা নিত্যহোমের জন্য স্থাপিত অগ্নি, পিতা ও মাতাকে ত্যাগ করে এবং যাহারা অন্যবিধ পাপ করে, তাহাদের যে নরক হয়, আমাদের যেন সেই নরক হয় ॥২৯—৩৫॥

পক্ষান্তরে আমরা যদি জগতে অন্যের দুষ্কর কার্য্য যুদ্ধে করিতে পারি, তবে যেন নিশ্চয়ই অভীষ্ট স্বর্গ লাভ করিতে সমর্থ হই ॥৩৬॥

রাজা। সেই বীরেরা তখন এইরূপ বলিয়া দক্ষিণদিকে যাইয়া যুদ্ধ করিবার জন্য অর্জ্জুনকে আহ্বান করিয়া সেই যুদ্ধের নিমিত্ত উৎসুক হইয়া রহিলেন ॥৩৭॥

তাঁহারা আহ্বান করিলে, নরশ্রেষ্ঠ ও শত্রুনগরবিজয়ী অর্জ্জুন অত্যন্ত নিকটে যাইয়া যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন—॥৩৮॥

---

(৩৮)...নরব্যাঘ্রঃ—বা ব রা নি।

এষ চ ভ্রাতৃভিঃ সার্দ্ধং সুশর্ম্মাহ্বয়তে রণে।
বধায় সগণস্যাস্য মামনুজ্ঞাতুমর্হসি ॥৪০॥
নৈতচ্ছক্নোমি সংসোঢ়ুমাহ্বানং পুরুষর্ষভ !
সত্যং তে প্রতিজানামি হতান্ বিদ্ধি পরান্ যুধি ॥৪১॥

যুধিষ্ঠির উবাচ।

শ্রুতং তে তত্ত্বতস্তাত ! যদ্দ্রোণস্য চিকীর্ষিতম্।
যথা তদনৃতং তস্য ভবেত্তত্ত্বং সমাচর ॥৪২॥
দ্রোণো হি বলবান্ শূরঃ কৃতাস্ত্রশ্চ জিতশ্রমঃ।
প্রতিজ্ঞাতঞ্চ তেনৈতদ্গ্রহণং মে মহারথ ! ॥৪৩॥

অর্জ্জুন উবাচ।

অয়ং বৈ সত্যজিদ্রাজন্নদ্য ত্বাং রক্ষিতা যুধি।
ধ্রিয়মাণে চ পাঞ্চাল্যে নাচার্য্যঃ কামমাপ্স্যতি ॥৪৪॥

আহূত ইতি। মে ময়া, ব্রতং নিয়মঃ, আহিতং ধৃতমাসীৎ ॥৩৯॥
এষ ইতি। সগণস্য অনুচবাদিসহিতস্য ॥৪০॥
নেতি। বিদ্ধি জানীহি, পবান্ সুশর্ম্মাদীন্ শত্রূন্ ॥৪১॥
শ্রুতমিতি। চিকীর্ষিতং কর্ত্তু মিষ্টমিতি ভাবে ক্তঃ। অনৃতং মিথ্যা ॥৪২॥
দ্রোণ ইতি। কৃতাস্ত্রঃ শিক্ষিতসর্ব্বাস্ত্রঃ, জিতশ্রমঃ চিরযুদ্ধেঽপ্যপরিশ্রান্তঃ ॥৪৩॥

'বাজা! 'কেহ আমাকে যুদ্ধে আহ্বান কবিলে, আমি নিবৃত্তি পাইব না' এইরূপ ব্রত আমি গ্রহণ কবিয়াছি। অথচ সংশপ্তকেবা মহাযুদ্ধে আমাকে আহ্বান করিতেছে ॥৩৯॥

আবার ভ্রাতাদেব সহিত এই সুশর্ম্মাও আমাকে যুদ্ধে আহ্বান কবিতেছেন। সুতবাং অনুচবগণেব সহিত উঁহার বধেব জন্য আপনি আমাকে অনুমতি করুন ॥৪০॥

পুরুষশ্রেষ্ঠ! আমি এই আহ্বান সহ্য কবিতে পাবিতেছি না। আপনাব নিকট সত্য প্রতিজ্ঞা কবিতেছি যে, আপনি ঐ শত্রুগণকে যুদ্ধে নিহত বলিয়াই জানিয়া বাখুন' ॥৪১॥

যুধিষ্ঠিব বলিলেন—'বৎস! দ্রোণ যাহা করিবাব ইচ্ছা কবিয়াছেন, তাহা তুমি যথার্থরূপে শুনিয়াছ। সুতবাং যাহাতে তাঁহাব তাহা মিথ্যা হয়, তুমি তাহাই কব ॥৪২॥

মহাবথ। দ্রোণ বলবান্, বীব, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত এবং চিবব্যায়ামেও অপবিশ্রান্ত। তিনিই আমাকে গ্রহণ কবিবার এই প্রতিজ্ঞা কবিযাছেন' ॥৪৩॥

হতে তু পুরুষব্যাঘ্রে রণে সত্যজিতি প্রভো ! ।
সর্বৈরপি সমেতৈর্ব্বা ন স্থাতব্যং কথঞ্চন ॥৪৫॥

সঞ্জয় উবাচ ।

অনুজ্ঞাতস্ততো রাজ্ঞা পরিষ্বক্তশ্চ ফাল্গুনঃ ।
প্রেম্ণা দৃষ্টশ্চ বহুধা হ্যাশিষশ্চাস্য যোজিতাঃ ॥৪৬॥
বিহায়ৈনং ততঃ পার্থস্ত্রিগর্ত্তান্ প্রত্যয়াদ্বলী ।
ক্ষুধিতঃ ক্ষুদ্বিঘাতার্থং সিংহো মৃগগণানিব ॥৪৭॥
ততো দৌর্য্যোধনং সৈন্যং মুদা পরময়া যুতম্ ।
ঋতেঽর্জ্জুনং ভৃশং ক্রুদ্ধং ধর্ম্মরাজস্য নিগ্রহে ॥৪৮॥

অয়মিতি। ম্রিয়মাণে অবতিষ্ঠমানে জীবতি, পাঞ্চাল্যে সত্যজিতি ॥৪৪॥

হত ইতি। সমেতৈঃ সম্মিলিতৈরপি, ন স্থাতব্যং দ্রোণযুদ্ধে, অপি তু অপসর্ত্তব্যমেব, অন্যথা দ্রোণাভীষ্টপূরণসম্ভব ইতি ভাবঃ। এতাবদন্ত একাদশদিবসীয়রাত্রিবৃত্তান্তঃ ॥৪৫॥

অন্বিতি। ততো রাত্রিপ্রভাতানন্তরম্, রাজ্ঞা যুধিষ্ঠিরেণ, পরিষক্ত আলিঙ্গিতঃ, ফাল্গুনঃ অর্জ্জুনঃ। অস্য অর্জ্জুনস্যোপরি বহুধা আশিষশ্চ যোজিতাঃ কৃতাঃ ॥৪৬॥

বিহায়েতি। এনং যুধিষ্ঠিরম্। অযাদগচ্ছৎ। ক্ষুদ্বিঘাতার্থং ক্ষুধানিবারণার্থম্ ॥৪৭॥

তত ইতি। ঋতে বিনা। ক্রুদ্ধমভবদিতি শেষঃ ॥৪৮॥

অর্জ্জুন বলিলেন—'রাজা! এই সত্যজিৎ আজ যুদ্ধে আপনাকে রক্ষা করিবেন। এই পাঞ্চালবীর জীবিত থাকিতে আচার্য্য অভীষ্টলাভ করিতে পারিবেন না ॥৪৪॥

কিন্তু প্রভু! এই পুরুষশ্রেষ্ঠ সত্যজিৎ যুদ্ধে নিহত হইলে, আপনারা সকলে সম্মিলিত হইয়াও কোন প্রকারেই আর দ্রোণের যুদ্ধে থাকিবেন না' ॥৪৫॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর রাত্রি প্রভাত হইলে, রাজা যুধিষ্ঠির অর্জুনকে যুদ্ধে যাইবার অনুমতি দিলেন এবং আলিঙ্গন, সস্নেহ দর্শন ও বহুবিধ আশীর্বাদ করিলেন ॥৪৬॥

তৎপরে ক্ষুধার্ত্ত সিংহ যেমন ক্ষুধানিবারণের জন্য মৃগসমূহের প্রতি গমন করে, সেইরূপ বলবান্ অর্জ্জুন ত্রিগর্ত্তগণের প্রতি গমন করিলেন ॥৪৭॥

ক্রমে অর্জ্জুন চলিয়া যাওয়ায় দুর্য্যোধনের সৈন্যেরা অত্যন্ত আনন্দিত ও ক্রুদ্ধ হইয়া যুধিষ্ঠিরকে ধরিবার জন্য বিশেষভাবে সচেষ্ট হইল ॥৪৮॥

---

(৪৫)...ন স্থাতব্যং কদাচন—পি। (৪৬)...আশিষশ্চ প্রযোজিতাঃ—পি।

ততোঽন্যোন্যেন তে সৈন্যে সমাজগ্মতুবোজসা।
গঙ্গাসরয্বৌ বেগেন প্রাবৃষীবোল্বণোদকে ॥৪৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
সংশপ্তকবধে অর্জ্জুনপ্রয়াণে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ষোড়শোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।
ততঃ সংশপ্তকা রাজন্! সমে দেশে ব্যবস্থিতাঃ।
ব্যূহ্যানীকং রথৈরেব চন্দ্রার্দ্ধাখ্যং মুদা যুতাঃ ॥১॥
তে কিরীটিনমাযান্তং দৃষ্ট্বা হর্ষেণ মারিষ!।
উদক্রোশন্ নরব্যাঘ্রাঃ শব্দেন মহতা তদা ॥২॥

তত ইতি। প্রাবৃষি বর্ষাকালে, উল্বণোদকে উদ্বেলিতজলে ॥৪৯॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি
সংশপ্তকবধে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। অনীকং স্বসৈন্যম্, ব্যূহ্য ব্যূহরূপেণ সন্নিবেশ্য ॥১॥

তাহার পর বর্ষাকালে উদ্বেলিতজল গঙ্গা ও সরযূনদী যেমন বেগে পরস্পর মিলিত হয়, সেইরূপ উভয়পক্ষের সেই সেনা দুইটা সতেজে যাইয়া মিলিত হইল' ॥৪৯॥

—:০:—

সঞ্জয় বলিলেন—'রাজা! তাহার পর সংশপ্তকেরা আনন্দিত হইয়া রথদ্বারাই আপন সৈন্যদিগকে অর্দ্ধচন্দ্রনামকব্যূহরূপে সন্নিবেশিত করিয়া সমতল ভূমিতে অবস্থান করিতে লাগিল ॥১॥

মাননীয় মহারাজ! তখন সেই নরশ্রেষ্ঠেরা অর্জ্জুনকে আসিতে দেখিয়া আনন্দে বিশাল স্বরে তাঁহাকে আহ্বান করিতে থাকিল ॥২॥

---

(৪৯)· তে সেনে···পি। * '··ষোড়শোঽধ্যায়ঃ' ব, '···সপ্তদশোঽধ্যায়ঃ' বা নি।
(১) ব্যূঢ়ানীকং রথৈনৈব চন্দ্রার্দ্ধাখ্যং মুদান্বিতাঃ—পি,·· চন্দ্রাকারং মুদা যুতাঃ—বা, ব্যূঢ়ানীকৈ রথৈরেব চন্দ্রার্দ্ধাখ্যৈর্মুদা যুতাঃ—নি।

স শব্দঃ প্রদিশঃ সর্ব্বা দিশঃ খঞ্চ সমাবৃণোৎ ।
আবৃতত্বাচ্চ লোকস্য নাসীত্তত্র প্রতিস্বনঃ ॥৩॥
সোঽতীব সংপ্রহৃষ্টাংস্তানুপলভ্য ধনঞ্জয়ঃ ।
কিঞ্চিদভ্যুৎস্ময়ন্ কৃষ্ণমিদং বচনমব্রবীৎ ॥৪॥
পশ্যৈতান্ দেবকীমাতঃ ! মুমূর্ষুনদ্য সংযুগে ।
ভ্রাতৄংস্ত্রৈগর্ত্তকানেবং রোদিতব্যে প্রহর্ষিতান্ ॥৫॥
অথবা হর্ষকালোঽয়ং ত্রৈগর্ত্তানামসংশয়ম্ ।
কুনরৈর্দুরবাপান্ হি লোকান্ প্রাপ্স্যন্ত্যনুত্তমান্ ॥৬॥
এবমুক্ত্বা মহাবাহুর্হৃষীকেশং ততোঽর্জুনঃ ।
আসসাদ রণে ব্যূঢ়াং ত্রিগর্ত্তানামনীকিনীম্ ॥৭॥
স দেবদত্তমাদায় শঙ্খং হেমপরিষ্কৃতম্ ।
দধ্মৌ বেগেন মহতা ঘোষেণাপুরয়ন্ দিশঃ ॥৮॥

ত ইতি। কিরীটিনমর্জ্জুনম্। উদক্রোশন্ উচ্চৈরাহ্বয়ন্ ॥২॥
স ইতি। প্রদিশো বিদিশঃ। খমাকাশঞ্চ, সমাবৃণোৎ ব্যাপ্নোৎ ॥৩॥
স ইতি। উপলভ্য জ্ঞাত্বা। অভ্যুৎস্ময়ন্ কৃষ্ণাভিমুখমেব হসন্ ॥৪॥
পশ্যেতি। দেবকী মাতা যস্য তৎসম্বোধনম্, মুমূর্ষূন্ মর্ত্তুমিচ্ছূন্ ॥৫॥
অথবেতি। কুনরৈঃ পাপিমানুষৈঃ, দুরবাপান্ দুর্লভান্। অনুত্তমান্ সর্বোত্তমান্ ॥৬॥
এবমিতি। আসসাদ প্রাপ, ব্যূঢাং ব্যূহরূপেণ সন্নিবেশিতাম্ ॥৭॥

সেই শব্দ সমস্ত দিক্, বিদিক্ ও আকাশ ব্যাপ্ত করিল ; তখন তাহাতে আর লোকের কর্ণে তাহার প্রতিধ্বনি প্রবেশ করিল না ॥৩॥

তখন অর্জ্জুন তাহাদিগকে অত্যন্ত আনন্দিত দেখিয়া ঈষৎ হাস্য করিয়া কৃষ্ণকে এই কথা বলিলেন—॥৪॥

'কৃষ্ণ ! দেখ—এই ত্রিগর্ত্তদেশীয় ভ্রাতারা আজ যুদ্ধে মরিবার ইচ্ছা করিতেছে। সুতরাং রোদন করিবার সময়ে আনন্দ প্রকাশ করিতেছে ! ॥৫॥

অথবা এটা নিশ্চয়ই ত্রৈগর্ত্তগণের আনন্দের সময়। কারণ, ইহারা পাপী লোকের পক্ষে দুর্লভ সর্ব্বোত্তম লোক লাভ করিবে ॥৬॥

মহাবাহু অর্জ্জুন কৃষ্ণকে এইরূপ বলিয়া তাহার পর সমরাঙ্গনে ব্যূহরূপে সন্নিবেশিত ত্রিগর্ত্তসেনার নিকটে উপস্থিত হইলেন ॥৭॥

---

(৩) স দিশঃ প্রদিশঃ সর্বা নভশ্চৈব সমাবৃণোৎ—নি। (৫)···ত্রৈগর্ত্তকানেব···ব,··· ত্রৈগর্ত্তকানেতান্—নি। (৬)···প্রাপ্স্যন্তি সংযুগে—নি। (৭)·· মহাবাহুম্—বা ব রা নি। (৮)···কাঞ্চনঃ পূরয়ন্ দিশঃ—পি।

তেন শব্দেন বিত্রস্তা সংশপ্তকবরূথিনী।
নিশ্চেষ্টাঽবস্থিতা সংখ্যে হ্যশ্মসারময়ী যথা ॥৯॥
বাহাস্তেষাং বিবৃত্তাক্ষাঃ স্তব্ধকর্ণশিরোধবাঃ।
বিষ্টব্ধচরণা মূত্রং রুধিরঞ্চ প্রসুস্রুবুঃ ॥১০॥
উপলভ্য চ তে সংজ্ঞামবস্থাপ্য চ বাহিনীম্।
যুগপৎ পাণ্ডুপুত্রায় চিক্ষিপুঃ কঙ্কপত্রিণঃ ॥১১॥
তান্যর্জ্জুনঃ সহস্রাণি দশপঞ্চেবমাশুগৈঃ।
অনাগতান্যেব শরৈশ্চিচ্ছেদাশু পরাক্রমী ॥১২॥
ততোঽর্জ্জুনং শিতৈর্বাণৈর্দশভির্দশভিঃ পুনঃ।
প্রাবিধ্যন্ত ততঃ পার্থস্তানবিধ্যত্রিভিস্ত্রিভিঃ ॥১৩॥
একৈকস্তু ততঃ পার্থং রাজন্! বিব্যাধ পঞ্চভিঃ।
স চ তান্ প্রতিবিব্যাধ দ্বাভ্যাং দ্বাভ্যাং পরাক্রমী ॥১৪॥

স ইতি। দেবদত্তং নাম, হেমপরিষ্কৃতং স্বর্ণশোভিতম্ ॥৮॥
তেনেতি। সংশপ্তকানাং বরূথিনী সেনা। অশ্মসারময়ী যথা পাষাণসারনির্ম্মিতেব ॥৯॥
বাহা ইতি। বাহা অশ্বাঃ, বিবৃত্তাক্ষা ঘূর্ণিতনয়নাঃ। রুধিরং মুখাৎ ॥১০॥
উপেতি। অবস্থাপ্য স্থিরীকৃত্য। কঙ্কপত্রিণঃ কঙ্কপক্ষযুক্তান্ বাণান্ ॥১১॥
তানীতি। আশুগৈদ্রুতগামিভিঃ। ইদং নৈপুণ্যমিদানীমজ্ঞেয়মেব ॥১২॥
তত ইতি। প্রাবিধ্যন্ত প্রাবিধ্যন্ সংশপ্তকা ইতি শেষঃ ॥১৩॥

এবং তিনি স্বর্ণখচিত 'দেবদত্ত'-নামক শঙ্খ লইয়া মহাবেগে তাহার ধ্বনি করিলেন; সেই শব্দে সকল দিক্ পূর্ণ হইয়া গেল ॥৮॥

সংশপ্তকসেনা সেই শব্দে অত্যন্ত ভীত হইয়া সমরাঙ্গনে পাষাণময়ী প্রতিমার ন্যায় নিশ্চেষ্ট অবস্থায় অবস্থান করিতে লাগিল ॥৯॥

তাহাদের অশ্বগণ ঘূর্ণিতনয়ন, স্তব্ধকর্ণ, নিশ্চলকণ্ঠ ও নিস্পন্দচরণ হইয়া মূত্রত্যাগ ও রুধির বমন করিতে লাগিল ॥১০॥

ক্রমে তাহারা চৈতন্য লাভ করিয়া সৈন্যগণকে আশ্বাসদানপূর্ব্বক একদা অর্জ্জুনের উপরে বহুতর বাণ নিক্ষেপ করিল ॥১১॥

তাহাদের সেই পঞ্চদশ সহস্র বাণ না আসিতেই পরাক্রমশালী অর্জ্জুন দ্রুতগামী বাণসমূহদ্বারা সত্বরই সেগুলিকে ছেদন করিয়া ফেলিলেন ॥১২॥

সঞ্জয়! রাজ্যের প্রধান দুই জন (ভীষ্ম ও দ্রোণ) নিহত হওয়ায় সকলেরই উৎসাহ নষ্ট হইয়াছে। সুতরাং এখন এ রাজ্যের অবশেষ থাকিবে বলিয়া আমি দেখিতেছি না ॥১৫॥

আমরা যে দুই জন ক্ষমাবান্ পুরুষশ্রেষ্ঠকে সর্ব্বদা অবলম্বন করিতাম, সেই ধুরন্ধর দুই জনই চলিয়া গিয়াছেন। অতএব এখন কি করিয়া রাজ্যের অবশেষ থাকিবে? ॥১৬॥

(সে যাহা হউক,) সঞ্জয়! যে ভাবে যুদ্ধ চলিয়াছিল, কাহারা যুদ্ধ করিয়াছিল, কাহারা বিপক্ষগণকে বারণ করিয়াছিল এবং কোন্ ক্ষুদ্রেরাই বা ভয়ে

---

(১৩) নূনং সত্ত্বপরং তৎ স্যাৎ… পি, নৃশংসন্তু পরং ন স্যাৎ…বা, নৃশংসন্তু পরং তাত!—নি।
(১৫)…হতোচ্ছেদস্য সঞ্জয়!—নি।

ধনঞ্জয়ঞ্চ মে শংস যদ্‌যচ্চক্রে রথর্ষভঃ।
তস্মাস্ত্বয়ং নো ভুয়িষ্ঠং ভ্রাতৃব্যাচ্চ বৃকোদরাৎ ॥১৮॥
যথাসীচ্চ নিবৃত্তেষু পাণ্ডবেয়েষু সঞ্জয়!।
মম সৈন্যাবশেষস্য সন্নিপাতঃ সুদারুণঃ ॥১৯॥
কথঞ্চ বো মনস্তাত! নিবৃত্তেষ্বভবত্তদা।
মামকানাঞ্চ কে শূরাঃ কাংস্তত্র সমবারয়ন্ ॥২০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে ধৃতরাষ্ট্রবাক্যে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

মহদ্ভৈরবমাসীন্নঃ সন্নিবৃত্তেষু পাণ্ডুষু।
দৃষ্ট্বা দ্রোণং ছাদ্যমানং তৈর্ভাস্করমিবাম্বুদৈঃ ॥১॥

ধনঞ্জয়মিতি। নঃ অস্মাকম্, ভ্রাতৃব্যাৎ শত্রোঃ, "ভ্রাতৃব্যো ভ্রাতৃজদ্বিষৌ" ইত্যমরঃ ॥১৮॥
যথেতি। সৈন্যাবশেষস্য অবশিষ্টসৈন্যস্য, সন্নিপাত আক্রমণম্ ॥১৯॥
কথমিতি। কথং কীদৃশম্, বো যুষ্মাকম্। নিবৃত্তেষু পাণ্ডবেষু ॥২০॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥

পলায়ন করিয়াছিল, এই সকল বিষয় তুমি আমার নিকট স্পষ্ট করিয়া বল ॥১৭॥

রথিশ্রেষ্ঠ অর্জ্জুন যাহা যাহা করিয়াছিলেন, তাহাও আমার নিকট বল। কারণ, সেই অর্জ্জুন ও চিরশত্রু ভীম হইতেই আমাদের অধিক ভয় হয় ॥১৮॥

আর সঞ্জয়! পাণ্ডবেরা ফিরিলে, আমার অবশিষ্ট সৈন্যের উপরে যেরূপ অতিদারুণ আক্রমণ হইয়াছিল, (তাহাও বল) ॥১৯॥

বৎস! পাণ্ডবেরা প্রতিনিবৃত্ত হইলে, তখন তোমাদের মন কিরূপ হইয়াছিল? এবং আমাদের কোন্ বীরেরা তখন কাহাদিগকে বারণ করিয়াছিলেন? ॥২০॥

---

(২০)·· কে কাংস্তত্র ন্যবারযন্—বা নি। * '·· ত্রয়োবিংশোঽধ্যায়ঃ' ব, '·· চতুর্বিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

তৈশ্চোদ্ধূতং রজস্তীব্রমবচক্রে চমূং তব।
ততো হতমমংস্থাম দ্রোণং দৃষ্টিপথে হৃতে ॥২॥
তাংস্তু শূরান্ মহেষ্বাসান্ ক্রূরং কর্ম্ম চিকীর্ষতঃ।
দৃষ্ট্বা দুর্য্যোধনস্তূর্ণং স্বসৈন্যং সমচূচুদৎ ॥৩॥
যথাশক্তি যথোৎসাহং যথাসত্ত্বং নরাধিপাঃ!।
বারয়ধ্বং যথাযোগং পাণ্ডবানামনীকিনীম্ ॥৪॥
ততো দুর্ম্মর্ষণো ভীমমভ্যগচ্ছৎ সুতস্তব।
আরাদ্‌দৃষ্ট্বা কিরন্ বাণৈরিচ্ছন্ দ্রোণস্য জীবিতম্ ॥৫॥
তং বাণৈরবতস্তার ক্রুদ্ধো মৃত্যুরিবাহবে।
তঞ্চ ভীমোঽতুদদ্বাণৈস্তদাসীত্তুমুলং মহৎ ॥৬॥

মহদিতি। ভীরোর্ভাবো ভৈরবং ভয়ম্। ছাদ্যমানমস্ত্রৈরিতি শেষ ॥১॥
তৈরিতি। উদ্ধূতমুত্তোলিতম্, রজো ধূলিঃ, অবচক্রে আবৃতবৎ ॥২॥
তানিতি। মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্। সমচূচুদৎ প্রেরিতবান্ ॥৩॥
কিমুক্ত্বেত্যাহ যথেতি। যথাসত্ত্বং যথাধ্যবসায়ম্। যথাযোগং যথোপায়ম্ ॥৪॥
তত ইতি। আরাৎ সমীপে, "আরাদ্‌দূরসমীপয়োঃ" ইত্যমরঃ ॥৫॥
তমিতি। তং ভীমম্, অবতস্তার দুর্ম্মর্ষণ আচ্ছাদযামাস। তুমুলং যুদ্ধম্ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! পাণ্ডবযোদ্ধারা ফিরিয়া আসিলে এবং মেঘ যেমন সূর্য্যকে আবৃত করে, সেইরূপ তাঁহারা অস্ত্রদ্বারা দ্রোণকে আবৃত করিলে, তাহা দেখিয়া আমাদের গুরুতর ভয় হইল ॥১॥

তাঁহাদের উত্তোলিত তীব্র ধূলিজাল আসিয়া আপনার সৈন্য আবৃত করিয়া ফেলিল; তখন দৃষ্টিপথ নষ্ট হওয়ায় আমরা দ্রোণকে নিহত বলিয়া মনে করিলাম ॥২॥

সেই বীর ও মহাধনুর্দ্ধরগণকে নৃশংস কার্য্য করিবার ইচ্ছা করিতে দেখিয়া দুর্য্যোধন সত্বর আপন সৈন্যগণকে প্রেরণ করিলেন—(বলিলেন—) ॥৩॥

'রাজগণ! আপনারা শক্তি, উৎসাহ, অধ্যবসায় ও উপায় অনুসারে পাণ্ডব-সৈন্যগণকে বারণ করুন' ॥৪॥

তাহার পর আপনার পুত্র দুর্ম্মর্ষণ ভীমকে নিকটে দেখিয়া দ্রোণের জীবন ইচ্ছা করিয়া বাণক্ষেপ করিতে করিতে ভীমের দিকে ধাবিত হইলেন ॥৫॥

এবং ক্রুদ্ধ যমের ন্যায় যুদ্ধে বাণদ্বারা ভীমকে আবৃত করিয়া ফেলিলেন। ক্রমে ভীমও বাণদ্বারা তাঁহাকে পীড়ন করিতে লাগিলেন। তখন তুমুল ও গুরুতর যুদ্ধ হইতে লাগিল ॥৬॥

ত ঈশ্বরসমাদিষ্টাঃ প্রাজ্ঞাঃ শূরাঃ প্রহারিণঃ।
রাজ্যং মৃত্যুভয়ং ত্যক্ত্বা প্রত্যতিষ্ঠন্ পরান্ যুধি ॥৭॥
কৃতবর্ম্মা শিনেঃ পৌত্রং দ্রোণং প্রেপ্সুং বিশাংপতে!।
পর্য্যবারয়দায়ান্তং শূরং সমরশোভিনম্ ॥৮॥
তং শৈনেয়ঃ শরব্রাতৈঃ ক্রুদ্ধঃ ক্রুদ্ধমবারয়ৎ।
কৃতবর্ম্মা চ শৈনেয়ং মত্তো মত্তমিব দ্বিপম্ ॥৯॥
সৈন্ধবঃ ক্ষত্রধর্ম্মাণমায়ান্তং নিশিতৈঃ শরৈঃ।
উগ্রধন্বা মহেষ্বাসং যত্তো দ্রোণাদবারয়ৎ ॥১০॥
ক্ষত্রধর্ম্মা সিন্ধুপতেশ্ছিত্ত্বা কেতনকার্ম্মুকে।
নারাচৈর্দশভিঃ ক্রুদ্ধঃ সর্ব্বমর্ম্মস্বতাড়যৎ ॥১১॥
অথান্যদ্ধনুরাদায় সৈন্ধবঃ কৃতহস্তবৎ।
বিব্যাধ ক্ষত্রধর্ম্মাণং রণে সর্ব্বায়সৈঃ শরৈঃ ॥১২॥

ত ইতি। ঈশ্বরসমাদেশমন্তরেণ জগতি কস্যাপি কার্য্যস্যাসম্ভবাদিতি ভাবঃ ॥৭॥
কৃতেতি। শিনেঃ পৌত্রং সাত্যকিম্, প্রেপ্সুং যিযাসুম্ ॥৮॥
তমিতি। শৈনেয়ঃ সাত্যকিঃ, শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ। দ্বিপং গজম্ ॥৯॥
সৈন্ধব ইতি। সৈন্ধবঃ সিন্ধুরাজো জয়দ্রথঃ। যত্তো যুদ্ধে যত্নবান ॥১০॥
ক্ষত্রেতি। কেতনকার্ম্মুকে ধ্বজধনুষী ॥১১॥
অথেতি। কৃতহস্তবৎ শিক্ষিতহস্ত ঐন্দ্রজালিক ইব। সর্ব্বায়সৈর্লৌহময়ৈঃ ॥১২॥

প্রহারনিপুণ ও বিচক্ষণ সেই কুরুবীরেরা ঈশ্বরাদিষ্ট হইয়া রাজ্য ও মৃত্যুভয় ত্যাগ করিয়া যুদ্ধে বিপক্ষগণের অভিমুখে রহিলেন ॥৭॥

নরনাথ! বীর ও সমরশোভী সাত্যকি দ্রোণের দিকে আসিতেছিলেন, তখন কৃতবর্ম্মা তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৮॥

ক্রমে মত্ত হস্তী যেমন মত্ত হস্তীকে বারণ করে, সেইরূপ ক্রুদ্ধ সাত্যকি ক্রুদ্ধ কৃতবর্ম্মাকে এবং ক্রুদ্ধ কৃতবর্ম্মা ক্রুদ্ধ সাত্যকিকে বাণসমূহদ্বারা বারণ করিতে লাগিলেন ॥৯॥

মহাধনুর্দ্ধর ক্ষত্রধর্ম্মা দ্রোণের দিকে আসিতেছিলেন, তখন ভয়ঙ্করধনুর্দ্ধর জয়দ্রথ যত্নবান্ হইয়া নিশিত শরসমূহদ্বারা তাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥১০॥

ক্রমে ক্ষত্রধর্ম্মা ক্রুদ্ধ হইয়া জয়দ্রথের ধ্বজ ও ধনু ছেদন করিয়া দশটা নারাচদ্বারা জয়দ্রথের সমস্ত মর্ম্মস্থানে তাড়ন করিলেন ॥১১॥

---

(১০) সৈন্ধবঃ ক্ষত্রবর্ম্মাণম্—নি।

যুযুৎসুং পাণ্ডবার্থায় যতমানং মহারথম্ ।
সুবাহুর্ভ্রাতরং শূরং যত্তো দ্রোণাদবারয়ৎ ॥১৩॥
সুবাহোঃ সধনুর্বাণাবস্যতঃ পরিঘোপমৌ ।
যুযুৎসুঃ শিতপীতাভ্যাং ক্ষুরাভ্যামচ্ছিনদ্ভুজৌ ॥১৪॥
রাজানং পাণ্ডবশ্রেষ্ঠং ধর্ম্মাত্মানং যুধিষ্ঠিরম্ ।
বেলেব সাগরং ক্ষুব্ধং মদ্ররাট্ সমবারয়ৎ ॥১৫॥
তং ধর্ম্মরাজো বহুভির্মর্ম্মভিদ্ভিরবাকিরৎ ।
মদ্রেশস্তং চতুঃষষ্ট্যা শরৈর্বিদ্ধাহনদদ্ভৃশম্ ॥১৬॥
তস্য নানদতঃ কেতুমুচ্চকর্ত্ত চ কার্ম্মুকম্ ।
ক্ষুরাভ্যাং পাণ্ডবো জ্যেষ্ঠস্তত উচ্চুক্রুশুর্জনাঃ ॥১৭॥

যুযুৎসুমিতি। সুবাহুর্ধার্ত্তরাষ্ট্রঃ। অতএব যুযুৎসুস্তদ্ভ্রাতা। যত্তো যত্নবান্ ॥১৩॥
সুবাহোরিতি। অস্যতো বাণান্ ক্ষিপতঃ। শিতঃ সুধারঃ পীতঃ প্রাক্পীতবক্তস্তাভ্যাম্ ॥১৪॥
রাজানমিতি। বেলা তীরম্। মদ্ররাট্ শল্যঃ ॥১৫॥
তমিতি। মর্ম্মভিদ্ভির্বাণৈঃ। অনদৎ সিংহনাদমকরোৎ ॥১৬॥
তস্যেতি। নানদতঃ পুনঃ পুনঃ সিংহনাদং কুর্বতঃ, উচ্চকর্ত্ত চিচ্ছেদ ॥১৭॥

তাহার পর জয়দ্রথ শিক্ষিতহস্তের ন্যায় অন্য ধনু লইয়া বহুতর লৌহময় বাণদ্বারা ক্ষত্রধর্ম্মাকে বিদ্ধ করিলেন ॥১২॥

বীর ও মহারথ ভ্রাতা যুযুৎসু পাণ্ডবগণের জন্য দ্রোণের দিকে যাইবার চেষ্টা করিতেছিলেন, তখন সুবাহুও সযত্নে তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥১৩॥

সুবাহু বাণক্ষেপ করিতেছিলেন, সেই অবস্থায় যুযুৎসু সুধার ও রক্তপায়ী দুইটা ক্ষুরপ্রদ্বারা পরিঘতুল্য ও ধনুর্বাণযুক্ত সুবাহুর বাহু দুইখানা কাটিয়া ফেলিলেন ॥১৪॥

পাণ্ডবশ্রেষ্ঠ ও ধর্ম্মাত্মা রাজা যুধিষ্ঠির আসিতেছিলেন, তখন তীর যেমন উদ্বেলিত সমুদ্রকে বারণ করে, সেইরূপ শল্য তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥১৫॥

ক্রমে যুধিষ্ঠির বহুতর মর্ম্মভেদী বাণদ্বারা শল্যকে পীড়ন করিলেন, শল্যও চৌষট্টিটা বাণদ্বারা যুধিষ্ঠিরকে বিদ্ধ করিয়া বিশাল সিংহনাদ করিলেন ॥১৬॥

শল্য বার বার সিংহনাদ করিতে লাগিলে, যুধিষ্ঠির দুইটা ক্ষুরপ্রদ্বারা

---

(১৩)...সুবাহুর্ভারতং শূরম্—নি। (১৭)...উচ্চকর্ত্ত সকার্ম্মুকম্—পি।

তথৈব রাজা বাহ্লীকো রাজানং দ্রুপদং শরৈঃ।
আদ্রবন্তং সহানীকঃ সহানীকং ন্যবারয়ৎ ॥১৮॥
তদ্‌যুদ্ধমভবদ্‌ঘোরং বৃদ্ধয়োঃ সহসেনয়োঃ।
যথা মহাযূথপয়োর্দ্বিপয়োঃ সংপ্রভিন্নয়োঃ ॥১৯॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ বিরাটং মৎস্যমার্চ্ছতাম্।
সহসৈন্যৌ সহানীকং যথেন্দ্রাগ্নী পুরা বলিম্ ॥২০॥
তদুৎপিঞ্জলকং যুদ্ধমাসীদ্দেবাসুরোপমম্।
মৎস্যানাং কেকয়ৈঃ সার্দ্ধমভীতাশ্বরথদ্বিপম্ ॥২১॥
নাকুলিস্তু শতানীকং ভূতকর্ম্মা স ভূপতিঃ।
অস্যন্তমিষুজালানি যান্তং দ্রোণাদবারয়ৎ ॥২২॥

তথেতি। আদ্রবন্তম্ অভিধাবন্তম্, সহানীকঃ সসৈন্যঃ, সহানীকং সসৈন্যম্ ॥১৮॥
তদিতি। সংপ্রভিন্নয়োর্মদস্রাবিণোর্গজযোঃ ॥১৯॥
বিন্দেতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ, মাৎস্যং মৎস্যরাজম্, আর্চ্ছতাং প্রাহরতাম্ ॥২০॥
তদিতি। উৎপিঞ্জলকম্ অতীবাকুলম্। কেকয়ৈঃ কুরুপক্ষীয়ৈঃ ॥২১॥
নাকুলিমিতি। নাকুলিং নকুলপুত্রম্, ভূতকর্ম্মা নাম। অস্যন্তং ক্ষিপন্তম্ ॥২২॥

শল্যের ধ্বজ ও ধনু কাটিয়া ফেলিলেন। তখন তত্রত্য লোকেরা উচ্চস্বরে কোলাহল করিয়া উঠিল ॥১৭॥

সেইরূপই দ্রুপদরাজা সৈন্যগণের সহিত আসিতেছিলেন, এই অবস্থায় বাহ্লীকরাজা সৈন্যগণের সহিত মিলিত হইয়া বাণদ্বারা তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥১৮॥

তখন মদস্রাবী দুইটা বিশাল হস্তীর যেমন ভয়ঙ্কর যুদ্ধ হয়, সেইরূপ সৈন্য-সম্মিলিত সেই বৃদ্ধ দুই জনের ভয়ঙ্কর যুদ্ধ হইতে থাকিল ॥১৯॥

পূর্ব্বকালে ইন্দ্র ও অগ্নি যেমন বলিকে পীড়ন করিয়াছিলেন, সেইরূপ অবন্তি-দেশীয় বিন্দ ও অনুবিন্দ সৈন্যগণের সহিত মিলিত হইয়া সৈন্যসমন্বিত মৎস্যরাজ বিরাটকে পীড়ন করিতে লাগিলেন ॥২০॥

তখন কুরুপক্ষীয় কেকয়গণের সহিত পাণ্ডবপক্ষীয় মৎস্যদেশীয়গণের দেবাসুরযুদ্ধ-তুল্য অত্যন্ত সঙ্কুল যুদ্ধ হইতে লাগিল; তাহাতে কোন পক্ষেরই হস্তী, অশ্ব ও রথারোহীরা ভীত হন নাই ॥২১॥

নকুলের পুত্র শতানীক বাণসমূহ নিক্ষেপ করিতে করিতে দ্রোণের দিকে

(২১) তদ্বৎ পিঞ্জলকম্—পি বা। (২২)...ভূতকর্ম্মা সমাহিতঃ—পি,...ভূতকর্ম্মা সভাপতিঃ—ব নি।

ততো নকুলদায়াদস্ত্রিভির্ভল্লৈঃ সুস শিতৈঃ।
চক্রে বিবাহুশিরসং ভূতকর্ম্মাণমাহবে ॥২৩॥
সুতসোমন্তু বিক্রান্তমায়ান্তং তং শরৌঘিণম্।
দ্রোণায়াভিমুখং বীরং শাল্বো বাণৈরবারয়ৎ ॥২৪॥
অথ ভীমরথঃ শাল্বমাশুগৈরায়সৈঃ শিতৈঃ।
ষড়্‌ভিঃ সাশ্বনিয়ন্তারমনয়দ্‌যমসাদনম্ ॥২৫॥
শ্রুতকর্ম্মাণমায়ান্তং ময়ূরসদৃশৈর্হয়ৈঃ।
চৈত্রসেনির্মহারাজ! তব পৌত্রমবারযৎ ॥২৬॥
তৌ পৌত্রৌ তব দুর্দ্ধর্ষৌ পরস্পরজয়ৈষিণৌ।
পিতৄণামর্থসিদ্ধ্যর্থং চক্রতুর্যুদ্ধমুত্তমম্ ॥২৭॥

তত ইতি। নকুলস্ত দায়াদঃ পুত্রঃ। বিগতানি বাহু শিরশ্চ তানি যস্ত তম্ ॥২৩॥
সুতেতি। সুতসোমং ভীমসেনপুত্রম্। শরৌঘিণং বাণসমূহবর্ষিণম্ ॥২৪॥
অথেতি। ভীমরথো ভয়ঙ্কররথারোহী সুতসোমঃ। আয়সৈর্লৌহময়ৈঃ ॥২৫॥
শ্রুতেতি। শ্রুতকর্ম্মাণমর্জ্জুনাদ্‌দ্রৌপদ্যাং জাতম্। চৈত্রসেনিস্তদাত্মজচিত্রসেনপুত্রঃ ॥২৬॥
তাবিতি। পিতৄণাং পাণ্ডবধার্ত্তরাষ্ট্রাণাম্, অর্থসিদ্ধ্যর্থং জয়নিষ্পত্ত্যর্থম্ ॥ ৭॥

যাইতেছিলেন, তখন প্রসিদ্ধ রাজা ভূতকর্ম্মা তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥২২॥

তাহার পর শতানীক সুনিশিত তিনটা ভল্লদ্বারা যুদ্ধে ভূতকর্ম্মার বাহুযুগল ও মস্তক ছেদন করিয়া ফেলিলেন ॥২৩॥

বীর ও বিক্রমশালী সুতসোম বাণসমূহ বর্ষণ করিতে করিতে দ্রোণের অভিমুখে আসিতেছিলেন, শাল্ব বাণদ্বারা তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥২৪॥

ক্রমে ভীষণরথারোহী সুতসোম লৌহময় ও সুধার ছয়টা বাণদ্বারা অশ্ব ও সারথির সহিত শাল্বকে যমালয়ে প্রেরণ করিলেন ॥২৫॥

মহারাজ! অর্জ্জুনের পুত্র শ্রুতকর্ম্মা ময়ূরতুল্য-ঘোটক-চালিত রথে আসিতেছিলেন, তখন চিত্রসেনের পুত্র তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥২৬॥

মহারাজ! আপনার সেই দুর্দ্ধর্ষ দুই পৌত্র পরস্পর জয়াভিলাষী হইয়া পিতৃগণের কার্য্যসিদ্ধির জন্য উত্তম যুদ্ধ করিতে লাগিলেন ॥২৭॥

---

(২৪)·· বীরং বিবিংশতিরবারয়ৎ। সুতসোমস্তু সংক্রুদ্ধঃ স্বপিতৃব্যমজিহ্মগৈঃ। বিবিংশতিং শরৈর্বিদ্ধা নাভ্যবর্ত্তত দংশিতঃ॥ পি বা ব। (২৬)···চিত্রসেনো মহারাজ!—নি। (২৭,··· পরস্পরবধৈষিণৌ—বা ব রা নি।

তিষ্ঠন্তমগ্রতো দৃষ্ট্বা প্রতিবিন্ধ্যং তমাহবে।
দ্রৌণির্মানং পিতুঃ কুর্ব্বন্ মার্গণৈঃ সমবারয়ৎ ॥২৮॥
তং ক্রুদ্ধং প্রতিবিব্যাধ প্রতিবিন্ধ্যঃ শিতৈঃ শরৈঃ।
সিংহলাঙ্গূললক্ষ্মাণং পিতুরর্থে ব্যবস্থিতম্ ॥২৯॥
প্রবপন্নিব বীজানি বীজকালে কৃষীবলঃ।
দ্রৌণায়নির্দ্রৌপদেয়ং শরবর্ষৈরবাকিরৎ ॥৩০॥
আর্জ্জুনিং শ্রুতকীর্ত্তিস্তু দ্রৌপদেয়ং মহারথম্।
দ্রোণায়াভিমুখং যান্তং দৌঃশাসনিরবারয়ৎ ॥৩১॥
তস্য কৃষ্ণসমঃ কার্ষ্ণিস্ত্রিভির্ভল্লৈঃ সুশংসিতৈঃ।
ধনুর্ধ্বজঞ্চ সূতঞ্চ ছিত্ত্বা দ্রোণান্তিকং যযৌ ॥৩২॥
যস্তু শূরতমো রাজন্নুভয়োঃ সেনয়োর্মতঃ।
তং পটচ্চরহন্তারং লক্ষ্মণঃ সমবারয়ৎ ॥৩৩॥

তিষ্ঠন্তমিতি। প্রতিবিন্ধ্যং দ্রৌপদ্যাং যুধিষ্ঠিরাজ্জাতম্। দ্রৌণিরশ্বত্থামা ॥২৮॥

তমিতি। সিংহলাঙ্গূলং লক্ষ্ম ধ্বজচিহ্নং যস্য তমশ্বত্থামানম্, পিতুর্দ্রোণস্য ॥২৯॥

প্রেতি। প্রবপন্ বিকিরন্। কৃষীবলঃ কৃষকঃ। দ্রৌণায়নিরশ্বত্থামা ॥৩০॥

আর্জ্জুনিমিতি। আর্জ্জুনিমভিমন্যুম্, শ্রুতকীর্ত্তিং খ্যাতকীর্ত্তিম্, দ্রৌপদেয়ং সপত্নীপুত্রত্বাৎ দ্রৌপদ্যা অপি পুত্রম্। দৌঃশাসনির্দুঃশাসনপুত্রঃ ॥৩১॥

তস্যেতি। তস্য দৌঃশাসনেঃ, কার্ষ্ণিঃ কৃষ্ণস্যার্জ্জুনস্যাপত্যমভিমন্যুঃ ॥৩২॥

ওদিকে প্রতিবিন্ধ্যকে সমরাঙ্গনে সম্মুখে থাকিতে দেখিয়া অশ্বত্থামা পিতার সম্মান রক্ষা করিবার জন্য বাণদ্বারা তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥২৮॥

তখন প্রতিবিন্ধ্য সুধার বাণসমূহদ্বারা, পিতার জীবনরক্ষার জন্য অবস্থিত সিংহলাঙ্গূলধ্বজ ক্রুদ্ধ অশ্বত্থামাকে প্রতিবিদ্ধ করিলেন ॥২৯॥

পরে, কৃষক যেমন বীজবপনের সময়ে বীজ বর্ষণ করে, সেইরূপ অশ্বত্থামা বাণবর্ষণ করিয়া দ্রৌপদীনন্দন প্রতিবিন্ধ্যকে আবৃত করিয়া ফেলিলেন ॥৩০॥

অন্যদিকে বিখ্যাতকীর্ত্তি, মহারথ ও দ্রৌপদীর পুত্রস্থানীয় অভিমন্যু দ্রোণের অভিমুখে যাইতেছিলেন, এই সময়ে দুঃশাসনের পুত্র তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥৩১॥

তখন কৃষ্ণের তুল্য মহাবীর অভিমন্যু নিশিত তিনটা ভল্লদ্বারা দুঃশাসনপুত্রের ধনু, ধ্বজ ও সারথিকে ছেদন করিয়া দ্রোণের নিকটে চলিয়া গেলেন ॥৩২॥

---

(৩০)...বীজকালে নরর্ষভঃ...পি,...বীজকালে নরর্ষভ। বা ব।

স লক্ষ্মণস্যেষ্বসনং ছিত্ত্বা লক্ষ্ম চ ভারত ! ।
লক্ষ্মণে শরজালানি বিসৃজন্ বহ্বশোভত ॥৩৪॥
বিকর্ণস্তু মহাপ্রাজ্ঞো যাজ্ঞসেনিং শিখণ্ডিনম্ ।
পর্য্যবারয়দায়ান্তং যুবানং সমরে যুবা ॥৩৫॥
ততস্তমিষুজালেন যাজ্ঞসেনিঃ সমাবৃণোৎ ।
বিধূয় তদ্বাণজালং বভৌ তব সুতো বলী ॥৩৬॥
অঙ্গদোঽভিমুখং বীরমুত্তমৌজসমাহবে ।
দ্রোণায়াভিমুখং যান্তং শরৌঘেণ ন্যবারয়ৎ ॥৩৭॥
স সম্প্রহারস্তুমুলস্তয়োঃ পুরুষসিংহয়োঃ ।
সৈনিকানাঞ্চ সর্ব্বেষাং তয়োশ্চ প্রীতিবর্দ্ধনঃ ॥৩৮॥
দুর্ম্মুখস্তু মহেষ্বাসো বীরং পুরুজিতং বলী ।
দ্রোণায়াভিমুখং যান্তং বৎসদন্তৈরবারয়ৎ ॥৩৯॥

য ইতি। পটচ্চরহন্তারং দস্যুঘাতিনং সাগবানূপবাজম্, লক্ষ্মণো দুর্য্যোধনপুত্রঃ ॥৩৩॥
স ইতি। ইষ্বসনং ধনুঃ, লক্ষ্ম ধ্বজচিহ্নম্। বহু সাতিশযম্ ॥৩৪॥
বিকর্ণ ইতি। যজ্ঞসেনস্য দ্রুপদস্য পুত্র ইতি যাজ্ঞসেনিস্তম্ ॥৩৫॥
তত ইতি। ইষুজালেন বাণসমূহেন। বিধূয় নিবার্য্য ॥৩৬॥
অঙ্গদ ইতি। অঙ্গদো ধার্ত্তবাষ্ট্রঃ। উত্তমৌজসং নাম ॥৩৭॥
স ইতি। সম্প্রহাবো যুদ্ধম্। প্রীতিবর্দ্ধন আসীদিতি শেষঃ ॥৩৮॥

বাজা! উভয় সৈন্যই যাঁহাকে প্রধান বীর বলিয়া মনে করিত, সেই দস্যুহন্তা সামুদ্রবাজকে লক্ষ্মণ বাবণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৩৩॥

ভরতনন্দন! সামুদ্রবাজ লক্ষ্মণেব ধনু ও ধ্বজচিহ্ন ছেদন করিয়া এবং লক্ষ্মণেব প্রতি বাণসমূহ নিক্ষেপ করিতে থাকিয়া অত্যন্ত শোভা পাইতে লাগিলেন ॥৩৪॥

দ্রুপদবাজাব পুত্র যুবা শিখণ্ডী আসিতেছিলেন, তখন মহাপ্রাজ্ঞ যুবা বিকর্ণ যুদ্ধে তাঁহাকে বাবণ কবিতে প্রবৃত্ত হইলেন ॥৩৫॥

তৎপবে শিখণ্ডী বাণসমূহদ্বারা বিকর্ণকে আবৃত কবিলেন; তখন আপনাব পুত্র বলবান্ বিকর্ণ সেই বাণজাল নিবাবণ কবিয়া প্রকাশ পাইলেন ॥৩৬॥

বীব উত্তমৌজা যুদ্ধে দ্রোণেব অভিমুখে যাইতেছিলেন; সেই সময়ে অঙ্গদও অভিমুখে যাইয়া বাণসমূহদ্বাবা তাঁহাকে বাবণ কবিতে লাগিলেন ॥৩৭॥

ক্রমে সেই পুরুষশ্রেষ্ঠ দুই জনের সেই তুমুল যুদ্ধ সমস্ত সৈন্যেব এবং তাঁহাদের প্রীতিবর্দ্ধন কবিতে থাকিল ॥৩৮॥

স দুর্ম্মুখং ভ্রুবোর্মধ্যে নারাচেনাভ্যতাড়য়ৎ।
তস্য তদ্ধি বভৌ বক্ত্রং সনালমিব পঙ্কজম্ ॥৪০॥
কর্ণস্তু কেকয়ান্ ভ্রাতৄন্ পঞ্চ লোহিতকধ্বজান্।
দ্রোণায়াভিমুখং যাতান্ শরবর্ষৈরবারয়ৎ ॥৪১॥
তে চৈনং ভৃশসংক্রুদ্ধাঃ শরবর্ষৈরবাকিরন্।
স চ তাংশ্ছাদয়ামাস শরজালৈঃ পুনঃ পুনঃ ॥৪২॥
নৈব কর্ণো ন তে পঞ্চ দদৃশুর্ব্বাণসংবৃতাঃ।
সাশ্বসূতধ্বজরথাঃ পরস্পরশরাচিতাঃ ॥৪৩॥
পুত্রাস্তে দুর্জয়শ্চৈব জয়শ্চ বিজয়শ্চ হ।
নীলকাশ্যজয়ৎসেনাংস্ত্রয়স্ত্রীন্ প্রত্যবারয়ন্ ॥৪৪॥

দুর্ম্মুখ ইতি। বৎসদন্তৈঃ গোবৎসদন্তাকারমুখৈর্বাণৈঃ ॥৩৯॥
স ইতি। তস্য দুর্ম্মুখস্য। সনালং দণ্ডযুক্তম্, নারাচস্য দণ্ডতুল্যত্বাৎ ॥৪০॥
কর্ণ ইতি। লোহিতকধ্বজান্ রক্তধ্বজান্। যাতান্ চলিতান্ ॥৪১॥
ত ইতি। অবাকিরন্ ব্যাপ্নুবন্। স কর্ণশ্চ ॥৪২॥
নেতি। কর্ণো ন তান্ দদর্শ। দদৃশুঃ কর্ণম্। পরস্পরশরৈরাচিতা ব্যাপ্তাঃ ॥৪৩॥
পুত্রা ইতি। কাশ্যঃ কাশীরাজঃ। প্রত্যবারয়ন্ যথাক্রমম্ ॥৪৪॥

বীর পুরুজিৎ দ্রোণের দিকে গমন করিতেছিলেন; তখন মহাধনুর্দ্ধর ও বলবান্ দুর্ম্মুখ তাঁহাকে বৎসদন্ত-(বাণবিশেষ) দ্বারা বারণ করিলেন ॥৩৯॥

ক্রমে পুরুজিৎ একটা নারাচদ্বারা দুর্ম্মুখের ভ্রূমধ্যে তাড়ন করিলেন, তখন দুর্ম্মুখের সেই মুখখানি নালযুক্ত পদ্মের ন্যায় শোভা পাইতে লাগিল ॥৪০॥

রক্তধ্বজ কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা দ্রোণের দিকে চলিযাছিলেন, এই সময়ে কর্ণ বাণবর্ষণ করিয়া তাঁহাদিগকে বারণ করিতে লাগিলেন ॥৪১॥

তখন তাঁহারাও অত্যন্তক্রুদ্ধ হইয়া কর্ণের উপরে বাণ বর্ষণ করিতে থাকিলেন; আবার কর্ণও বাণজালদ্বারা বার বার তাঁহাদিগকে আচ্ছাদন করিতে লাগিলেন ॥৪২॥

বাণে আবৃত এবং অশ্ব, সারথি, রথ ও ধ্বজ ব্যাপ্ত হইয়া যাওয়ায় তাঁহারা তখন পরস্পর দৃষ্টিগোচর হন নাই ॥৪৩॥

অন্যদিকে দুর্জয়, জয় ও বিজয় আপনার এই তিন পুত্র যথাক্রমে নীল, কাশীরাজ ও জয়ৎসেনকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৪৪॥

(৪০)···নারাচেনাপ্যপীড়য়ৎ—পি। (৪২)·· ভৃশসন্তপ্তাঃ—বা ব বা নি।

তদ্‌যুদ্ধমভবদ্‌ঘোরমীক্ষিতৃপ্রীতিবর্দ্ধনম্ ।
সিংহব্যাঘ্রতরক্ষূণাং যথাক্ষ‍র্মহিষর্ষভৈঃ ॥৪৫॥
ক্ষেমধূর্ত্তিবৃহন্তৌ তু ভ্রাতরৌ সাত্বতং যুধি ।
দ্রোণায়াভিমুখং যান্তং শরৈস্তীক্ষ্ণৈস্ততক্ষতুঃ ॥৪৬॥
তয়োস্তস্য চ তদ্‌যুদ্ধমত্যদ্ভুতমিবাভবৎ ।
সিংহস্য দ্বিপমুখ্যাভ্যাং প্রভিন্নাভ্যাং যথা বনে ॥৪৭॥
বার্দ্ধক্ষেমিঞ্চ বার্ষ্ণেয়ং কৃপঃ শারদ্বতঃ শরৈঃ ।
অক্ষুদ্রঃ ক্ষুদ্রকৈর্বাণৈঃ ক্রুদ্ধরূপমবারয়ৎ ॥৪৮॥
যুধ্যন্তৌ কৃপবার্ষ্ণেয়ৌ যেঽপশ্যংশ্চিত্রযোধিনৌ ।
তে যুদ্ধাসক্তমনসো নান্যাং বুবুধিরে ক্রিয়াম্ ॥৪৯॥

তদিতি । ঈক্ষিতারো দ্রষ্টারঃ । তরক্ষুর্ব্যাঘ্রবিশেষ এব, ঋক্ষো ভল্লুকঃ ॥৪৫॥
ক্ষেমেতি । সাত্বতং সাত্যকিম্ । ততক্ষতুঃ কৃশীচক্রতুস্তাড়য়ামাসতুরিত্যর্থঃ ॥৪৬॥
তয়োরিতি । দ্বিপমুখ্যাভ্যাং হস্তিশ্রেষ্ঠাভ্যাম্, প্রভিন্নাভ্যাং মদস্রাবিভ্যাম্ ॥৪৭॥
বার্দ্ধেতি । শারদ্বতঃ শরদ্বত পুত্রঃ । অক্ষুদ্রো মহান্ বীরঃ, ক্ষুদ্রকৈস্তদাখ্যৈঃ ॥৪৮॥
যুধ্যন্তাবিতি । যুদ্ধাসক্তমনসস্তদ্‌যুদ্ধদর্শননিবিষ্টচিত্তাঃ, বুবুধিরে দদৃশুঃ ॥৪৯॥

তখন ভল্লুক, মহিষ ও বৃষের সহিত যথাক্রমে সিংহ, ব্যাঘ্র ও তরক্ষুর (চিতাবাঘের) যেমন যুদ্ধ হয়, সেইরূপ তাঁহাদের সেই যুদ্ধ দ্রষ্টাদের আনন্দবর্দ্ধক ভয়ঙ্করভাবে হইতে লাগিল ॥৪৫॥

সাত্যকি সমরাঙ্গনে দ্রোণের অভিমুখে যাইতেছিলেন, এই সময়ে ক্ষেমধূর্ত্তি ও বৃহন্ত এই দুই ভ্রাতা তীক্ষ্ণ বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিতে থাকিলেন ॥৪৬॥

তখন বনমধ্যে যেমন দুইটা মদস্রাবী প্রধান হস্তীর সহিত সিংহের যুদ্ধ হয়, সেইরূপ ক্ষেমধূর্ত্তি ও বৃহন্তের সহিত সাত্যকির সেই যুদ্ধ অতি অদ্ভুতভাবেই যেন হইতে লাগিল ॥৪৭॥

শরদ্বানের পুত্র মহাবীর কৃপ সাধারণ বাণ ও ক্ষুদ্রকবাণদ্বারা বৃষ্ণিবংশীয় ক্রুদ্ধ বার্দ্ধক্ষেমিকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৪৮॥

যাহারা বিচিত্রযোধী যুধ্যমান কৃপ ও বার্দ্ধক্ষেমিকে দেখিতে পাইয়াছিল,

---

(৪৭) ইতঃ পরম্ 'রাজানস্তু তথাম্বষ্ঠমেকং যুদ্ধাভিনন্দিনম্। চেদিরাজঃ শরানস্যন্ ক্রুদ্ধো দ্রোণাদবারয়ৎ ॥ ততোঽম্বষ্ঠোঽস্থিভেদিন্যা নিরবিধ্যচ্ছলাকয়া। স ত্যক্ত্বা সশরং চাপং রথাদ্ভূমিমুপাগমৎ ॥' ইদং শ্লোকদ্বয়মধিকং বা ব রা নি, অম্বষ্ঠস্য ভীষ্মপর্ব্বণি নিহতত্বাৎ চেদিরাজস্য চ ধৃষ্টকেতোঃ পাণ্ডবপক্ষীয়তয়া তেন দ্রোণাদ্বারণস্যাসম্ভবাৎ ।

সৌমদত্তিস্তু রাজানং মণিমন্তমতন্দ্রিতম্।
পর্য্যবারয়দায়ান্তং যশো দ্রোণস্য বর্দ্ধয়ন্ ॥৫০॥
স সৌমদত্তেস্ত্বরিতস্তস্যেষ্বসনকেতনে।
পুনঃ পতাকাং সূতঞ্চ ছত্রঞ্চাপাতয়দ্রথাৎ ॥৫১॥
অথাপ্লুত্য রথাত্তূর্ণং যূপকেতুরমিত্রহা।
সাশ্বসূতধ্বজরথং তঞ্চকর্ত্ত বরাসিনা ॥৫২॥
রথঞ্চ স্বং সমাস্থায় ধনুরাদায় চাপরম্।
স্বযং যচ্ছন্ হয়ান্ রাজন্! ব্যধমৎ পাণ্ডবীং চমূম্ ॥৫৩॥
পাণ্ড্যমিন্দ্রমিবায়ান্তমসুরান্ প্রতি দুর্জয়ম্।
সমর্থঃ সায়কৌঘেন বৃষসেনো ন্যবারয়ৎ ॥৫৪॥

সৌমেতি। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ। অতন্দ্রিতং যুদ্ধে অনলসম্ ॥৫০॥
স ইতি। ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি ইষ্বসনং ধনুঃ কেতনঞ্চ ধ্বজম্ ॥৫১॥
অথেতি। আপ্লুত্য উপপত্য গত্বা, যূপকেতুর্ভূরিশ্রবাঃ। চকর্ত্ত চিচ্ছেদ ॥৫২॥
রথমিতি। যচ্ছন্ নিযময়ন্। ব্যধমৎ ব্যনাশয়ৎ, যূপকেতুর্ভূরিশ্রবা ইত্যনুবৃত্তিঃ ॥৫৩॥
পাণ্ড্যমিতি। সমর্থঃ শক্তিমান্, বৃষসেনঃ কর্ণপুত্রঃ ॥৫৪॥

তাহারাই সেই যুদ্ধদর্শনে নিবিষ্টচিত্ত হওয়ায় অন্য কোন কার্য্য দেখিতে পায় নাই ॥৪৯॥

অন্যদিকে যুদ্ধে সতর্কচিত্ত রাজা মণিমান্ আসিতেছিলেন, সেই সময়ে ভূরিশ্রবা দ্রোণের যশ বৃদ্ধি করিবার জন্য মণিমান্কে বারণ করিতে লাগিলেন ॥৫০॥

ক্রমে মণিমান্ ত্বরান্বিত হইয়া ভূরিশ্রবার ধনু, ধ্বজ, পতাকা, ছত্র ও সারথিকে রথ হইতে নিপাতিত করিলেন ॥৫১॥

পরে শত্রুহন্তা ও যূপধ্বজ ভূরিশ্রবা আপন রথ হইতে লাফাইয়া পড়িয়া বিশাল তরবারিদ্বারা অশ্ব, সারথি, ধ্বজ ও রথের সহিত মণিমান্কে কাটিয়া ফেলিলেন ॥৫২॥

রাজা! তাহার পর ভূরিশ্রবা পুনরায় নিজের রথে আরোহণ করিয়া অন্য ধনু লইয়া নিজেই ঘোড়াগুলিকে চালাইতে থাকিয়া পাণ্ডবসেনা বিনাশ করিতে লাগিলেন ॥৫৩॥

ওদিকে—ইন্দ্র যেমন অসুরগণের প্রতি আসিতেন, সেইরূপ দুর্জ্জয় পাণ্ড্যরাজ দ্রোণের প্রতি আসিতেছিলেন; এই সময়ে শক্তিশালী বৃষসেন বাণসমূহ দ্বারা তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৫৪॥

---

(৫১) স সৌমদত্তিস্ত্বরিতঃ—পি বা।

গদাপরিঘনিস্ত্রিংশপট্টিশায়োধনোপলৈঃ।
কড়ঙ্গরৈর্ভুশুণ্ডীভিঃ প্রাসৈস্তোমরসায়কৈঃ ॥৫৫॥
মুসলৈর্মুদ্গরৈশ্চক্রৈর্ভিন্দিপালৈঃ পরশ্বধৈঃ।
পাংশুবাতাগ্নিসলিলৈর্ভস্মলোষ্ট্রতৃণদ্রুমৈঃ ॥৫৬॥
আতুদন্ প্ররুজন্ ভঞ্জন্ নিঘ্নন্ বিদ্রাবয়ন্ ক্ষিপন্।
সেনাং বিভীষয়ন্নায়াদ্‌দ্রোণং প্রেপ্সুর্ঘটোৎকচঃ ॥৫৭॥ (বিশেষকম্)
তং তু নানাপ্রহরণৈর্নানাযুদ্ধবিশেষণৈঃ।
রাক্ষসং রাক্ষসঃ ক্রুদ্ধঃ সমাজঘ্নে হ্যলম্বুষঃ ॥৫৮॥
তয়োস্তদভবদ্‌যুদ্ধং রক্ষোগ্রামণিমুখ্যয়োঃ।
তাদৃগ্ যাদৃক্ পুরা বৃত্তং শম্বরামররাজয়োঃ ॥৫৯॥
এবং দ্বন্দ্বশতান্যাসন্ রথবারণবাজিনাম্।
পদাতীনাঞ্চ ভদ্রং তে তব তেষাঞ্চ সঙ্কুলে ॥৬০॥

গদেতি। পরিঘাদীনি তদানীন্তনান্যস্ত্রাণি। আযোধনোপলৈর্যুদ্ধোপযোগিপ্রস্তরৈঃ। কড়ঙ্গরৈর্বুষৈঃ। "কড়ঙ্গরো বুষং ক্লীবে" ইত্যমরঃ। পাংশুভির্ধূলীভিঃ। আতুদন্ সম্যগ্ ব্যথয়ন্, প্ররুজন্ পীড়য়ন্। বিভীষয়ন্ ভীতাং কুর্বন্। প্রেপ্সুঃ প্রাপ্তুমাক্রমিতুমিচ্ছুঃ ॥৫৫—৫৭॥

তমিতি। নানা অনেকানি যানি যুদ্ধস্য বিশেষণানি উপকরণানি তৈঃ ॥৫৮॥

তয়োরিতি। রক্ষাংসি চ তানি গ্রামণীসি চেতি রক্ষোগ্রামণীনি প্রধানরাক্ষসাস্তেষপি মুখ্যয়োঃ প্রধানয়োঃ। অগ্নিষ্টোকাদিবদ্বিশেষণস্য পরনিপাতঃ, "স্বরো হ্রস্বো নপুংসকে" ইতি চ হ্রস্বত্বম্। "গ্রামণীর্নাপিতে পুংসি শ্রেষ্ঠে গ্রামাধিপে ত্রিষু" ইত্যমরঃ। বৃত্তং সম্ভূতম্, শম্বরামররাজয়োঃ শম্বরাসুরদেবরাজয়োঃ ॥৫৯॥

অন্যদিকে গদা, পরিঘ, তরবারি, পট্টিশ, যুদ্ধযোগ্য প্রস্তর, বুষ, ভুষুণ্ডী, প্রাস, তোমার, বাণ, মুসল, মুদ্গর, চক্র, ভিন্দিপাল, পরশু, ধূলি, বায়ু, অগ্নি, জল, ভস্ম, লোষ্ট্র, তৃণ ও বৃক্ষদ্বারা পাণ্ডবসেনাকে ব্যথিত, পীড়িত, ভগ্ন, নিহত, সঞ্চালিত, বিক্ষিপ্ত ও ভীত করিতে করিতে দ্রোণজিঘাংসু ঘটোৎকচ আসিতে লাগিল ॥৫৫—৫৭॥

তখন রাক্ষস অলম্বুষ ক্রুদ্ধ হইয়া নানাবিধ অস্ত্র এবং নানাবিধ যুদ্ধোপকরণদ্বারা সেই ঘটোৎকচকে আঘাত করিতে থাকিল ॥৫৮॥

পূর্ব্বকালের ইন্দ্র ও শম্বরাসুরের যেরূপ যুদ্ধ হইয়াছিল, সেইরূপ রাক্ষসশ্রেষ্ঠগণের মধ্যেও শ্রেষ্ঠ ঘটোৎকচ ও অলম্বুষের যুদ্ধ হইতে লাগিল ॥৫৯॥

(৫৬)…ভিন্দিপালপরশ্বধৈঃ…বা ব রা নি,…শবদ্রুমৈঃ—পি। (৫৭) আরুজন্ প্ররুজন্… পি বা ব রা,…দ্রোণপ্রেপ্সুঃ—বা নি। (৫৮)…নানায়ুধবিভূষণৈঃ—পি।

নৈতাদৃশো দৃষ্টপূর্ব্বঃ সংগ্রামো নৈব চ শ্রুতঃ।
দ্রোণস্যাভাবভাবে তু প্রসক্তানাং যথাভবৎ ॥৬১॥
ইদং ঘোরমিদং চিত্রমিদং রৌদ্রমিতি প্রভো!।
তত্র যুদ্ধান্যদৃশ্যন্ত প্রততানি বহূনি চ ॥৬২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে দ্বন্দ্বযুদ্ধে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ*ঃ—

চতুর্বিংশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

ধৃতরাষ্ট্র উবাচ।

তেষ্বেবং সন্নিবৃত্তেষু প্রত্যুদ্যাতেষু ভাগশঃ।
কথং যুযুধিরে পার্থা মামকাশ্চ তরস্বিনঃ ॥১॥

এবমিতি। দ্বন্দ্বশতানি দ্বন্দ্বযুদ্ধশতানি। তে তব ভদ্রং মঙ্গলমস্ত্বিতি শেষঃ ॥৬০॥

নেতি। অভাবো ধ্বংসো নাশস্তত্র প্রসক্তাঃ পাণ্ডবাঃ, ভাবঃ সত্তা জীবনং তত্র প্রসক্তাশ্চ কুরবস্তেষাম্ ॥৬১॥

ইদমিতি। ঘোরং ভয়ঙ্করম্। রৌদ্রং তীব্রম্। প্রততানি বিস্তৃতানি ॥৬২॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে ত্রয়োবিংশোঽধ্যায় ॥০॥

মহারাজ! সেই বীরসমাকুল সমরাঙ্গনে আপনার পক্ষের ও পাণ্ডবপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণের এইরূপ শত শত দ্বন্দ্বযুদ্ধ হইতে থাকিল। আপনার মঙ্গল হউক ॥৬০॥

রাজা! দ্রোণাচার্য্যের বিনাশের জন্য প্রবৃত্ত পাণ্ডবগণের এবং তাঁহার রক্ষার উদ্দেশে ব্যাপৃত কৌরবগণের তৎকালে যেরূপ যুদ্ধ হইতে লাগিল, সেরূপ যুদ্ধ আমরা পূর্ব্বে কখনও দেখি নাই বা শুনি নাই ॥৬১॥

নরনাথ! 'এই যুদ্ধটা ভয়ঙ্কর' 'এই যুদ্ধটা বিচিত্র' এবং 'এই যুদ্ধটা তীব্র' এইরূপ বলাবলি করিতে থাকিয়া তত্রত্য লোকেরা তখন বিস্তৃত ও বহুতর যুদ্ধ দেখিতে লাগিল" ॥৬২॥

---

(৬১)⋯প্রসক্তানাং পরস্পরম্—নি। * '⋯চতুর্বিংশোঽধ্যায়ঃ' ব, 'পঞ্চবিংশোঽধ্যায়ঃ' বা নি।

কিমর্জ্জুনশ্চাপ্যকরোৎ সংশপ্তকবলং প্রতি।
সংশপ্তকা বা পার্থস্য কিমকুর্ব্বত সঞ্জয়! ॥২॥
সঞ্জয় উবাচ।
তথা তেষু নিবৃত্তেষু প্রত্যুদ্যাতেষু ভাগশঃ।
স্বয়মভ্যদ্রবদ্ভীমং নাগানীকেন তে সুতঃ ॥৩॥
স নাগ ইব নাগেন গোবৃষেণেব গোবৃষঃ।
সমাহূতঃ স্বয়ং রাজ্ঞা নাগানীকমুপাদ্রবৎ ॥৪॥
স যুদ্ধকুশলঃ পার্থো বাহুবীর্য্যেণ চান্বিতঃ।
অভিনৎ কুঞ্জরানীকমচিরেণৈব মারিষ! ॥৫॥
তে গজা গিরিসঙ্কাশাঃ ক্ষরন্তঃ সর্ব্বতো মদম্।
ভীমসেনস্য নারাচৈর্বিমুখা বিমদীকৃতাঃ ॥৬॥

তেম্বিতি। তেষু পাণ্ডবযোধেষু, এবং সন্নিবৃত্তেষু, প্রত্যাগতেষু, ভাগশো ভাগেন ভাগেন, প্রত্যুদ্যাতেষু কৌরবেষপি তদভিমুখং গতেষু সৎসু। পার্থাঃ পাণ্ডবাঃ, তরস্বিনো বলবন্তঃ ॥১॥

কিমিতি। পার্থস্য অর্জ্জুনস্য ॥২॥

তথেতি। নাগানীকেন হস্তিসৈন্যেন, সুতো দুর্য্যোধনঃ, যোগ্যত্বাৎ ॥৩॥

স ইতি। গোবৃষেণ বৃষশ্রেষ্ঠেন, গোবৃষো বৃষশ্রেষ্ঠঃ। রাজ্ঞা দুর্য্যোধনেন ॥৪॥

স ইতি। যুদ্ধে কুশলো নিপুণঃ, পার্থো ভীমঃ ॥৫॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়! পাণ্ডবেরা এইভাবে প্রতিনিবৃত্ত হইলে এবং কৌরবেরা ভাগে ভাগে তাঁহাদের প্রত্যুদ্গমন করিলে, বলবান্ পাণ্ডবেরা ও আমার পক্ষের যোদ্ধারা কি ভাবে যুদ্ধ করিলেন? ॥১॥

অর্জ্জুনইবা সংশপ্তকসৈন্যগণের বিষয়ে কি করিলেন? আবার সংশপ্তকেরাই বা অর্জ্জুনসম্বন্ধে কি করিল?" ॥২॥

সঞ্জয় বলিলেন—"মহারাজ! পাণ্ডবেরা সেইভাবে প্রতিনিবৃত্ত হইলে এবং কৌরবেরা ভাগে ভাগে তাঁহাদের প্রত্যুদ্গমন করিলে, আপনার পুত্র দুর্য্যোধন স্বয়ং হস্তিসৈন্য লইয়া ভীমসেনের প্রতি ধাবিত হইলেন ॥৩॥

হস্তী যেমন হস্তীকে এবং বৃষশ্রেষ্ঠ যেমন বৃষশ্রেষ্ঠকে আহ্বান করে, সেইরূপ রাজা দুর্য্যোধন নিজে আহ্বান করায় ভীমসেন তাঁহার হস্তিসৈন্যের দিকে উপস্থিত হইলেন ॥৪॥

মাননীয় রাজা! যুদ্ধনিপুণ ও বাহুবলসমন্বিত ভীমসেন অচিরকালমধ্যেই দুর্য্যোধনের সেই হস্তিসৈন্য বিশ্লিষ্ট করিয়া ফেলিলেন ॥৫॥

বিধমেদভ্রজালানি যথা বায়ুঃ সমুদ্ধতঃ।
ব্যধমত্তান্যনীকানি তথৈব পবনাত্মজঃ ॥৭॥
স তেষু বিসৃজন্ বাণান্ ভীমো নাগেম্বশোভত।
ভুবনেম্বিব সর্ব্বেষু গভস্তীনুদিতো রবিঃ ॥৮॥
তে ভীমবাণাভিহতাঃ সংস্যূতা বিবভুর্গজাঃ।
গভস্তিভিরিবার্কস্য ব্যোম্নি নানা বলাহকাঃ ॥৯॥
তথা গজানাং কদনং কুর্বাণমনিলাত্মজম্।
ক্রুদ্ধো দুর্য্যোধনোঽভ্যেত্য প্রত্যবিধ্যচ্ছিতৈঃ শরৈঃ ॥১০॥
ততঃ ক্ষণেন ক্ষিতিপং ক্ষতজপ্রতিমেক্ষণঃ।
ক্ষয়ং নিনীষুর্নিশিতৈর্ভীমো বিব্যাধ পত্রিভিঃ ॥১১॥

ত ইতি। সর্ব্বতো মুখনাসিকাদিস্থানেভ্যঃ, মদং মদজলম্ ॥৬॥
বিধমেদিতি। বিধমেদপসারয়েৎ, অভ্রজালানি মেঘসমূহান্। ব্যধমদপাসারয়ৎ ॥৭॥
স ইতি। নাগেষু হস্তিষু। গভস্তীন্ কিরণান্ ॥৮॥
ত ইতি। সংস্যূতা বাণগ্রথিতাঙ্গাঃ। নানা অনেকে, বলাহকা মেঘাঃ ॥৯॥
তথেতি। কদনং পীড়নম্, অনিলাত্মজং ভীমসেনম্ ॥১০॥

পর্ব্বতপ্রমাণ ও সর্ব্বস্থান হইতে মদস্রাবী সেই হস্তিগণ ভীমসেনের নারাচে বিমুখ ও মদবিহীন হইয়া পড়িল ॥৬॥

ক্রমে প্রবল বায়ু যেমন মেঘসমূহকে অপসারিত করে, সেইরূপ ভীমসেনও সেই হস্তিসৈন্যগণকে অপসারিত করিলেন ॥৭॥

এবং উদিত সূর্য্য যেমন সমস্ত জগতে কিরণ নিক্ষেপ করিয়া শোভা পান, সেইরূপ ভীমসেনও সেই হস্তিগণের উপরে বাণক্ষেপ করিতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥৮॥

আবার আকাশে যেমন মেঘসমূহ সূর্য্যকিরণে গ্রথিত হইয়া প্রকাশ পায়, সেইরূপ সেই হস্তিগণও ভীমের বাণে আহত ও গ্রথিত হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥৯॥

ভীমসেন সেইভাবে হস্তিগণের পীড়ন করিতে লাগিলে, দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া সম্মুখে যাইয়া সুধার বাণদ্বারা তাঁহাকে প্রতিবিদ্ধ করিতে লাগিলেন ॥১০॥

তাহার পর ভীমসেন ক্রোধে আরক্তনয়ন হইয়া ক্ষণকালমধ্যেই দুর্যোধনকে বিনাশ করিবার ইচ্ছা করিয়া নিশিত শরসমূহদ্বারা তাঁহাকে তাড়ন করিতে থাকিলেন ॥১১॥

স শরাচিতসর্ব্বাঙ্গঃ ক্রুদ্ধো বিব্যাধ পাণ্ডবম্ !
নারাচৈবর্করশ্ম্যাভৈর্ভীমসেনং স্ময়ন্নিব ॥১২॥
তস্য নাগং মণিময়ং রত্নচিত্রধ্বজে স্থিতম্ ।
ভল্লাভ্যাং কার্ম্মুকঞ্চৈব ক্ষিপ্রং চিচ্ছেদ পাণ্ডবঃ ॥১৩॥
দুর্য্যোধনং পীড্যমানং দৃষ্ট্বা ভীমেন মারিষ ! ।
চুক্ষোভয়িষুরভ্যাগাদঙ্গো মাতঙ্গমাস্থিতঃ ॥১৪॥
তমাপতন্তং নাগেন্দ্রমম্বুদপ্রতিমস্বনম্ ।
কুম্ভান্তরে ভীমসেনো নারাচেনার্দ্দয়দ্‌ভৃশম্ ॥১৫॥
তস্য কায়ং বিনির্ভিদ্য মমজ্জ ধরণীতলে ।
ততঃ পপাত দ্বিরদো বজ্রাহত ইবাচলঃ ॥১৬॥

তত ইতি। ক্ষিতিপং দুর্য্যোধনম্, ক্ষতজপ্রতিমেক্ষণঃ ক্রোধেন রক্ততুল্যনয়নঃ ॥১১॥
স ইতি। শরৈরাচিতানি ব্যাপ্তানি সর্ব্বাণ্যঙ্গানি যস্য সঃ। স্ময়ন্ ঈষদ্ধসন্ ॥১২॥
তস্যেতি। নাগং হস্তিমূর্ত্তিম্। পাণ্ডবো ভীমঃ ॥১৩॥
দুর্য্যোধনমিতি। চুক্ষোভয়িষুর্ভীমং ক্ষোভয়িতুমিচ্ছুঃ, অঙ্গো নাম বীরঃ ॥১৪॥
তমিতি। নাগেন্দ্রং হস্তিশ্রেষ্ঠম্, অম্বুদপ্রতিমস্বনং মেঘগর্জনতুল্যগর্জনম্ ॥১৫॥
তস্যেতি। মমজ্জ স নারাচ ইতি শেষঃ। দ্বিরদো হস্তী ॥১৬॥

ভীমের বাণে সমস্ত অঙ্গ ব্যাপ্ত হইয়া গেলে, দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়াও যেন মৃদু হাস্য করিতে থাকিয়া সূর্য্যকিরণতুল্য নারাচসমূহদ্বারা ভীমকে বিদ্ধ করিতে লাগিলেন ॥১ ॥

তখন ভীমসেন দুইটা ভল্লদ্বারা সত্বরই দুর্য্যোধনের রত্নবিচিত্রধ্বজস্থিত মণিময় হস্তীটাকে এবং তাঁহার ধনুখানাকে ছেদন করিলেন ॥১৩॥

মাননীয় রাজা! ভীমসেন দুর্য্যোধনকে পীড়ন করিতেছেন দেখিয়া অঙ্গ একটা হস্তীর উপরে আরোহণ করিয়া ভীমকে আক্রমণ করিবার জন্য আসিতে লাগিলেন ॥১৪॥

তাঁহার সেই বিশাল হাতীটা মেঘের ন্যায় গর্জন করিতে করিতে আসিতে লাগিলে, ভীমসেন একটা নারাচদ্বারা তাহার কুম্ভের উপরে গুরুতর আঘাত করিলেন ॥১৫॥

তখন সেই নারাচটা যাইয়া সেই হাতীটার দেহ ভেদ করিয়া ভূতলে প্রবেশ করিল। তৎপরে বজ্রাহত পর্ব্বতের ন্যায় হাতীটা পতিত হইল ॥১৬॥

---

(১৩) • রত্নচিত্রং ধ্বজে স্থিতম্—পি বা ব বা। (১৫)...নারাচৈরর্দ্দয়দ্‌ভৃশম্—বা ব বা নি।
(১৬)... ন্যমজ্জদ্ধরণীতলে—বা ব বা নি।

তস্যাবর্জ্জিতনাগস্য ম্লেচ্ছস্যাধঃ পতিষ্যতঃ।
শিরশ্চিচ্ছেদ ভল্লেন ক্ষিপ্রকারী বৃকোদরঃ ॥১৭॥
তস্মিন্ নিপতিতে বীরে সংপ্রাদ্রাবত সা চমূঃ।
সংভ্রান্তাশ্বদ্বিপরথা পদাতীনবমৃদ্নতী ॥১৮॥
তেষ্বনীকেষু ভগ্নেষু প্রদ্রবৎসু সমন্ততঃ।
প্রাগ্‌জ্যোতিষস্ততো ভীমং কুঞ্জরেণ সমাদ্রবৎ ॥১৯॥
যেন নাগেন মঘবানজয়দ্দৈত্যদানবান্।
তদন্বয়েন নাগেন ভীমসেনমুপাদ্রবৎ ॥২০॥
স নাগপ্রবরো ভীমং সহসা সমুপাদ্রবৎ।
শ্রবণাভ্যামথো দ্বাভ্যাং সংহতেন করেণ চ।
ব্যাবৃত্তনয়নঃ ক্রুদ্ধঃ প্রমথ্নন্নিব পাণ্ডবম্ ॥২১॥

তস্যেতি। আবর্জিতঃ পতিতো নাগো হস্তী যস্য তস্য, ম্লেচ্ছস্য অঙ্গস্য ॥১৭॥
তস্মিন্নিতি। সংপ্রাদ্রাবত পলাযত। সংভ্রান্তা বিচলিতা অশ্বদ্বিপরথা যস্যাঃ সা ॥১৮॥
তেষ্বিতি। প্রাগ্‌জ্যোতিষস্তদধিপতির্ভগদত্তঃ, কুঞ্জরেণ নিজগজেন ॥১৯॥
যেনেতি। মঘবান্ ইন্দ্রঃ। তদন্বয়েন তদ্বংশজাতেন ॥২০॥

হাতীটা পতিত হইলে, তাহার আরোহী ম্লেচ্ছ অঙ্গও নীচে পতিত হইতেছিলেন, সেই অবস্থায় ক্ষিপ্রকারী ভীমসেন একটা ভল্লদ্বারা তাঁহার মস্তক ছেদন করিলেন ॥১৭॥

সেই বীর নিপতিত হইলে, তাঁহার সৈন্যগণ পলায়ন করিতে থাকিল; তাহাতে হস্তী, অশ্ব ও রথ সকল পদাতিগণকে মর্দ্দন করিতে করিতে চলিল ॥১৮॥

সেই সৈন্যগণ ভগ্ন হইয়া সকল দিকে পলায়ন করিত লাগিলে, তখন ভগদত্ত নিজ হস্তীতে আরোহণ করিয়া ভীমের দিকে ধাবিত হইলেন ॥১৯॥

ইন্দ্র যে হস্তীদ্বারা দৈত্য ও দানবগণকে জয় করিযাছিলেন, সেই হস্তীর বংশধর হস্তীতে আরোহণ করিয়াই ভগদত্ত ভীমের দিকে ধাবিত হইয়াছিলেন ॥২০॥

---

(২১) ইতঃ পরং সপ্ত শ্লোকা অধিকাঃ বা ব রা নি, ভীমস্য রথবিনাশে তদ্রথস্যৈব যুধিষ্ঠিরাদিনা পরত্র পরিবেষ্টনাসম্ভবাৎ। তে চ যথা—
বৃকোদররথং সাশ্বমবিশেষমচূর্ণয়ৎ। পদ্ভ্যাং ভীমোঽপ্যথো ধাবংস্তস্য গাত্রেষ্বলীয়ত ॥
জানন্নঞ্জলিকাবেধং নাপাক্রামত পাণ্ডবঃ। গাত্রাভ্যন্তরগো ভূত্বা করেণাতাড়য়ন্মুহুঃ ॥
লালযামাস তন্নাগং বধকাঙ্ক্ষিণমব্যয়ম্। কুলালচক্রবন্নাগস্তদা তূর্ণমথাভ্রমৎ ॥

ততঃ সর্ব্বস্য সৈন্যস্য নাদঃ সমভবন্মহান্।
অহো ধিঙ্‌নিহতো ভীমঃ কুঞ্জরেণেতি মারিষ! ॥২২॥
তেন নাগেন সংত্রস্তা পাণ্ডবানামনীকিনী।
সহসাভ্যদ্রবদ্রাজন্! যত্র তস্থৌ বৃকোদরঃ ॥২৩॥
ততো যুধিষ্ঠিরো রাজা হতং মত্বা বৃকোদরম্।
ভগদত্তং সপাঞ্চাল্যঃ সর্ব্বতঃ সমবারয়ৎ ॥২৪॥
তং রথং রথিনাং শ্রেষ্ঠাঃ পরিবার্য্য পরন্তপাঃ।
অবাকিরন্ শরৈস্তীক্ষ্ণৈঃ শতশোঽথ সহস্রশঃ ॥২৫॥

স ইতি। শ্রবণাভ্যাং কর্ণাভ্যাম্, সংহতেন সঙ্কুচিতেন, করেণ শুণ্ডয়া। ব্যাবৃত্তনয়নো ঘূর্ণিতনেত্রঃ। পাণ্ডবং ভীমম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

তত ইতি। সৈন্যস্য পাণ্ডবপক্ষীয়স্য। ধিগিত্যাত্মনিন্দায়াম্ ॥২২॥

তেনেতি। অনীকিনী সেনা। অভ্যদ্রবৎ ভীমং রক্ষিতুমভ্যধাবৎ ॥২৩॥

তত ইতি। মত্বা সম্ভাব্য। সপাঞ্চাল্যঃ পঞ্চালসৈন্যসহিতঃ ॥২৪॥

তমিতি। রথং ভীমস্য। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥২৫॥

সেই বিশাল হস্তী ক্রুদ্ধ ও ঘূর্ণিতনয়ন হইয়া দুই কর্ণ ও সঙ্কুচিত শুণ্ডদ্বারা পাণ্ডুনন্দন ভীমসেনকে মর্দ্দন করিবে বলিয়াই যেন তাঁহার দিকে দ্রুত ধাবিত হইল ॥২১॥

মাননীয় রাজা! তাহার পর সমস্ত পাণ্ডবসৈন্যমধ্যে এইরূপ কোলাহল উঠিল যে, 'হায়! ভগদত্তের হাতীটা ভীমকে মারিয়া ফেলিল' ॥২২॥

রাজা! তখন পাণ্ডবসৈন্য সেই হাতীর ভয়ে ভীত হইয়া—যেখানে ভীম ছিলেন, সেইখানে তৎক্ষণাৎ গমন করিল ॥২৩॥

তদনন্তর রাজা যুধিষ্ঠির 'ভীম নিহত হইবেন' মনে করিয়া পাঞ্চালসৈন্যের সহিত মিলিত হইয়া যাইয়া সকল দিক্ হইতে ভগদত্তকে বারণ করিতে লাগিলেন ॥২৪॥

ক্রমে শত্রুসন্তাপক রথিশ্রেষ্ঠেরা ভীমের সেই রথখানাকে পরিবেষ্টন করিয়া শত শত ও সহস্র সহস্র তীক্ষ্ণ বাণদ্বারা ভগদত্তকে আঘাত করিতে থাকিলেন ॥২৫॥

নাগাযুতবলঃ শ্রীমান্ কালযানো বৃকোদরম্। ভীমোঽপি নিষ্ক্রম্য ততঃ সুপ্রতীকাগ্রতোঽভবৎ ॥
ভীমং করেণাবনম্য জানুভ্যামভ্যতাড়য়ৎ। গ্রীবায়াং বেষ্টয়িত্বৈনং স গজো হন্তুমৈহত ॥
করবেষ্টং ভীমসেনো ভ্রমং দত্ত্বা ব্যমোচয়ৎ। পুনর্গাত্রাণি নাগস্য প্রবিবেশ বৃকোদরঃ ॥
যাবৎ প্রতিগজায়াতং স্ববলস্থমবৈক্ষত।। ভীমোঽপি নাগগাত্রেভ্যো বিনিষ্ক্রম্য যযৌ জবাৎ ॥

স বিঘাতং পৃষৎকানামঙ্কুশেন সমাচরন্।
গজেন পাণ্ডুপাঞ্চালান্ ব্যধমৎ পর্ব্বতেশ্বরঃ ॥২৬॥
তদদ্ভুতমপশ্যাম ভগদত্তস্য সংযুগে।
তথা বৃদ্ধস্য চরিতং কুঞ্জরেণ বিশাংপতে! ॥২৭॥
ততো রাজা দশার্ণানাং প্রাগ্‌জ্যোতিষমুপাদ্রবৎ।
তির্য্যগ্‌যাতেন নাগেন সমদেনাশুগামিনা ॥২৮॥
তয়োর্যুদ্ধং সমভবন্নাগয়োর্ভীমরূপয়োঃ।
সপক্ষয়োঃ পর্ব্বতয়োর্যথা সদ্রুময়োঃ পুরা ॥২৯॥
প্রাগ্‌জ্যোতিষপতের্নাগঃ সন্নিবৃত্যাপসৃত্য চ।
পার্শ্বে দশার্ণাধিপতের্ভিত্ত্বা নাগমপাতয়ৎ ॥৩০॥
তোমরৈঃ সূর্য্যরশ্ম্যাভৈর্ভগদত্তোঽথ সপ্তভিঃ।
জঘান দ্বিরদস্থং তং শত্রুং প্রচলিতাসনম্ ॥৩১॥

স ইতি। বিঘাতং নিবারণম্, পৃষৎকানাং পাণ্ডববাণানাম্, সমাচরন্ কুর্ব্বন্ ॥২৬॥
তদিতি। চরিতং কার্য্যম্, কুঞ্জরেণ নিজহস্তিনা ॥২৭॥
তত ইতি। তির্য্যগ্‌যাতেন একপার্শ্বে গতেন, সমদেন মদস্রাবিণা ॥২৮॥
তয়োরিতি। সপক্ষয়োঃ পতত্রযুক্তয়োঃ। সদ্রুময়োরিত্যনেন নাগয়োঃ সধ্বজত্বং সূচিতম্ ॥২৯॥
প্রাগিতি। অপসৃত্য কিঞ্চিৎ পশ্চাদ্‌গত্বা। ভিত্ত্বা দন্তাভ্যাং বিদার্য্য ॥৩০॥

তখন পর্ব্বতাধিপতি ভগদত্ত অঙ্কুশদ্বারা সেই বাণগুলিকে বারণ করিতে থাকিয়া নিজহস্তীদ্বারা পাণ্ডবসৈন্য ও পাঞ্চালসৈন্যগণকে বিনাশ করিতে লাগিলেন ॥২৬॥

নরনাথ! তখন আমরা বৃদ্ধ ভগদত্তের যুদ্ধে হস্তিসঞ্চালনে অদ্ভুত ক্ষমতা দেখিতে থাকিলাম ॥২৭॥

তাহার পর দশার্ণদেশের রাজা পার্শ্ববর্ত্তী, মদস্রাবী ও দ্রুতগামী একটা হস্তীতে আরোহণ করিয়া ভগদত্তের দিকে ধাবিত হইলেন ॥২৮॥

পূর্ব্বকালে পক্ষযুক্ত ও বৃক্ষসমন্বিত দুইটা পর্ব্বতের যেমন যুদ্ধ হইত, সেইরূপ তখন ভয়ঙ্করমূর্ত্তি সেই হাতী দুইটার যুদ্ধ হইতে লাগিল ॥২৯॥

ক্রমে ভগদত্তের হাতীটা একটু ফিরিয়া কিছু পিছনে সরিয়া দন্তযুগলদ্বারা দশার্ণরাজের হাতীটার পার্শ্ব বিদারণ করিয়া সেটাকে নিপাতিত করিল ॥৩০॥

---

(২৬)...অঙ্কুশেন সমাহরন্—নি।

ব্যবচ্ছিদ্য তু রাজানং ভগদত্তং যুধিষ্ঠিরঃ।
রথানীকেন মহতা সর্ব্বতঃ পর্য্যবারয়ৎ ॥৩২॥
স কুঞ্জরস্থো রথিভিঃ শুশুভে সর্ব্বতো বৃতঃ।
পর্ব্বতে বনমধ্যস্থো জ্বলন্নিব হুতাশনঃ ॥৩৩॥
মণ্ডলং সর্ব্বতঃ শ্লিষ্টং রথিনামুগ্রধন্বিনাম্।
কিরতাং শরবর্ষাণি স নাগঃ পর্য্যবর্ত্তত ॥৩৪॥
ততঃ প্রাগ্‌জ্যোতিষো রাজা পরিগৃহ্য মহাগজম্।
প্রেষয়ামাস সহসা যুযুধানরথং প্রতি ॥৩৫॥
শিনেঃ পৌত্রস্য তু রথং পরিগৃহ্য মহাদ্বিপঃ।
অভিচিক্ষেপ বেগেন যুযুধানস্ত্বপাক্রমৎ ॥৩৬॥
বৃহতঃ সৈন্ধবানশ্বান্ সমুত্থাপ্যাথ সারথিঃ।
তস্থৌ সাত্যকিমাসাদ্য সংপ্লুতস্তং রথং প্রতি ॥৩৭॥

তোমরৈরিতি। দ্বিরদস্থং হস্তিস্থিতম্। প্রচলিতাসনং নাগপতনাদেব ॥৩১॥
ব্যবেতি। ব্যবচ্ছিদ্য স্বপক্ষাৎ পৃথক্‌কৃত্য। পর্য্যবারয়ৎ পর্য্যবেষ্টত ॥৩২॥
স ইতি। স ভগদত্তঃ। বৃতো বেষ্টিতঃ ॥৩৩॥
মণ্ডলমিতি। শ্লিষ্টং যুক্তম্, মণ্ডলং যথা স্যাত্তথা। পর্য্যবর্ত্তত পর্য্যভ্রমৎ ॥৩৪॥
তত ইতি। পরিগৃহ্য আহৃত্য। যুযুধানস্য সাত্যকে রথম্ ॥৩৫॥
শিনেরিতি। শিনেঃ পৌত্রস্য সাত্যকেঃ। অপাক্রমৎ অবতীর্য্যাপাসরৎ ॥৩৬॥

তখন দশার্ণরাজের আসন স্থানচ্যুত হইল; পরে ভগদত্ত সূর্য্যরশ্মির ন্যায় উজ্জ্বল সাতটা তোমরদ্বারা হস্তিস্থিত সেই দশার্ণরাজকে বধ করিলেন ॥৩১॥

তদনন্তর যুধিষ্ঠির ভগদত্তকে তাঁহার স্বপক্ষ হইতে বিচ্ছিন্ন করিয়া বিশাল রথিসৈন্যদ্বারা তাঁহাকে পরিবেষ্টন করিলেন ॥৩২॥

সেই সময়ে পর্ব্বতে বনমধ্যবর্ত্তী প্রজ্বলিত অগ্নির ন্যায় হস্তিস্থিত ভগদত্ত রথিগণে পরিবেষ্টিত হইয়া শোভা পাইতে লাগিলেন ॥৩৩॥

ক্রমে ভগদত্তের সেই হাতীটা ভয়ঙ্কর ধনুর্দ্ধর ও বাণবর্ষণকারী সেই রথিগণের মধ্যে উপযুক্ত মণ্ডলাকারে ভ্রমণ করিতে থাকিল ॥৩৪॥

তাহার পর ভগদত্তরাজা তৎক্ষণাৎ সাত্যকির রথের দিকে সেই বিশাল হাতীটাকে চালাইয়া দিলেন ॥৩৫॥

তখন সেই হাতীটা যাইয়া সাত্যকির রথখানা ধরিয়া বেগে নিক্ষেপ করিল; কিন্তু সাত্যকি সেই রথ হইতে লাফাইয়া পড়িয়া সরিয়া গেলেন ॥৩৬॥

স তু লব্ধ্বান্তরং নাগস্ত্বরিতো রথমণ্ডলাৎ।
নিশ্চক্রাম ততঃ সর্ব্বান্ পরিচিক্ষেপ পার্থিবান্ ॥৩৮॥
তে ত্বাশুগামিনা তেন ত্রাস্যমানা নরর্ষভাঃ।
তমেকং দ্বিরদং সংখ্যে মেনিরে শতশো দ্বিপান্ ॥৩৯॥
তে গজস্থেন কাল্যন্তে ভগদত্তেন পার্থিবাঃ।
ঐরাবতস্থেন যথা দেবরাজেন দানবাঃ ॥৪০॥
তেষাং প্রদ্রবতাং ভীমঃ পাঞ্চালানামিতস্ততঃ।
গজবাজিকৃতঃ শব্দঃ সুমহান্ সমজায়ত ॥৪১॥
ভগদত্তেন সমরে কাল্যমানেষু পাণ্ডুষু।
প্রাগ্‌জ্যোতিষমভিক্রুদ্ধঃ পুনর্ভীমঃ সমভ্যয়াৎ ॥৪২॥

বৃহত ইতি। সৈন্ধবান্ সিন্ধুদেশীয়ান্। সংপ্লুত উৎপত্যারূঢ়ঃ ॥৩৭॥
স ইতি। অন্তরমবকাশম্। রথমণ্ডলাৎ পরিবেষ্টকরথসমূহাৎ ॥৩৮॥
ত ইতি। আশুগামিনা দ্রুতং বিচরতা। দ্বিরদং গজম্, সংখ্যে রণাঙ্গনে ॥৩৯॥
ত ইতি। কাল্যন্তে আমর্দ্দ্যন্তে স্ম ॥৪০॥
তেষামিতি। প্রদ্রবতাং পলায়মানানাম্, ভীমো ভয়ানকঃ ॥৪১॥
ভগেতি। কাল্যমানেষু অর্দ্দ্যমানেষু, পাণ্ডুষু পাণ্ডবসৈন্যেষু ॥৪২॥

তৎপরে সাত্যকির সারথি সিন্ধুদেশীয় বিশাল ঘোড়াগুলিকে তুলিয়া সাত্যকির নিকটে যাইয়া দাঁড়াইল; তখন সাত্যকি আবার লাফ দিয়া সেই রথে উঠিলেন ॥৩৭॥

ওদিকে ভগদত্তের হাতীটা অবকাশ পাইয়া রথমণ্ডল হইতে নির্গত হইল এবং (শুঁড় দিয়া ধরিয়া ধরিয়া) সমস্ত রাজাকে নিক্ষেপ করিতে লাগিল ॥৩৮॥

তখন সেই নরশ্রেষ্ঠেরা সেই দ্রুতগামী হাতীর ভয়ে ভীত হইয়া সমরাঙ্গনে সেই একটা হাতীকেই শত শত হাতী মনে করিতে লাগিলেন ॥৩৯॥

ক্রমে ঐরাবতারূঢ় দেবরাজ যেমন দানবগণকে বিদলিত করিতেন, সেইরূপ গজারূঢ় ভগদত্ত রাজগণকে বিদলিত করিতে থাকিলেন ॥৪০॥

তখন পাঞ্চালসৈন্যেরা ইতস্ততঃ পলায়ন করিতে লাগিলে, তাহাদের হস্তী ও অশ্বগণকৃত ভয়ঙ্কর মহাকোলাহল হইতে লাগিল ॥৪১॥

ভগদত্ত যুদ্ধে পাণ্ডবসৈন্য সংহার করিতে থাকিলে, ভীমসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া পুনরায় ভগদত্তের প্রতি ধাবিত হইলেন ॥৪২॥

---

(৩৮)…নিষ্পতন্ সততং সর্ব্বান্—নি। (৪০)…ভগদত্তেন পাণ্ডবাঃ—পি বা ব রা।

তস্যাভিদ্রবতো বাহান্ হস্তমুক্তেন বারিণা।
সিক্ত্বা ব্যত্রাসয়ন্নাগস্তে পার্থমহরংস্ততঃ ॥৪৩॥
ততস্তমভ্যয়াত্তূর্ণং রুচিপর্ব্বাকৃতীসুতঃ।
সমুক্ষন্ শরবর্ষেণ রথস্থোঽন্তকসন্নিভঃ ॥৪৪॥
ততঃ স রুচিপর্ব্বাণং শরেণানতপর্ব্বণা।
সুপর্ব্বা পর্ব্বতপতির্নিন্যে বৈবস্বতক্ষয়ম্ ॥৪৫॥
তস্মিন্ নিপতিতে বীরে সৌভদ্রো দ্রৌপদীসুতাঃ।
চেকিতানো ধৃষ্টকেতুর্যুযুৎসুশ্চার্দ্দয়ন্ দ্বিপম্ ॥৪৬॥
ত এনং শরধারাভির্ধারাভিরিব তোয়দাঃ।
সিষিচুর্ভৈরবান্ নাদান্ বিনদন্তো জিঘাংসবঃ ॥৪৭॥
ততঃ পার্ষ্ণ্যঙ্কুশাঙ্গুষ্ঠৈঃ কৃতিনা চোদিতো দ্বিপঃ।
প্রসারিতকরঃ প্রায়াৎ স্তব্ধকর্ণেক্ষণো দ্রুতম্ ॥৪৮॥

তস্যেতি। বাহান্ অশ্বান্, হস্তমুক্তেন শুণ্ডাতো নিঃসারিতেন। পার্থং ভীমম্ ॥৪৩॥
তত ইতি। আকৃতী নাম কাচিৎ স্ত্রী তস্যাঃ সুতঃ। সমুক্ষন্ সংসিঞ্চন্ ॥৪৪॥
তত ইতি। সুপর্ব্বা সুন্দরাঙ্গসন্ধিঃ, পর্ব্বতপতির্ভগদত্তঃ, বৈবস্বতক্ষয়ং যমালয়ম্ ॥৪৫॥
তস্মিন্নিতি। সৌভদ্রোঽভিমন্যুঃ। যুযুৎসুর্ধার্তরাষ্ট্রঃ, দ্বিপং ভগদত্তগজম্ ॥৪৬॥
ত ইতি। ধারাভির্জ্জলস্য। বিনদন্তঃ কুর্ব্বন্তঃ, জিঘাংসবো হন্তুমিচ্ছবঃ ॥৪৭॥

ভীমসেন আসিতে লাগিলে, ভগদত্তের হাতীটা শুণ্ডনিঃসারিত জলদ্বারা ভীমসেনের ঘোড়াগুলিকে বিত্রস্ত করিল। তখন সেই ঘোড়াগুলি ভীমসেনকে সমরাঙ্গন হইতে অপহরণ করিল ॥৪৩॥

তাহার পর আকৃতীর পুত্র ও যমের তুল্য রথারোহী রুচিপর্ব্বা বাণবর্ষণ করিতে করিতে ভগদত্তের দিকে দ্রুত আগমন করিতে লাগিলেন ॥৪৪॥

তখন সুন্দরাঙ্গ ভগদত্ত একটা নতপর্ব্ব বাণদ্বারা রুচিপর্ব্বাকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৪৫॥

সেই বীর রুচিপর্ব্বা নিপতিত হইলে, অভিমন্যু, দ্রৌপদীর পুত্রগণ, চেকিতান, ধৃষ্টকেতু ও যুযুৎসু ভগদত্তের হাতীটাকে পীড়ন করিতে লাগিলেন ॥৪৬॥

তখন মেঘ যেমন বারিধারা বর্ষণ করে, সেইরূপ তাঁহারা ভগদত্তের হাতীটাকে বধ করিবার ইচ্ছা করিয়া ভয়ঙ্কর গর্জ্জন করিতে থাকিয়া তাহার উপরে বাণধারা বর্ষণ করিতে লাগিলেন ॥৪৭॥

---

(৪৩)…সিক্ত্বা ব্যত্রাবয়ন্নাগঃ—পি। (৪৪)…রুচিপর্ব্বা কৃতী সুতঃ—বা ব রা নি।

সোঽধিষ্ঠায় পদা বাহান্ যুযুৎসোঃ সূতমারুজৎ।
যুযুৎসুস্তু রথাদ্রাজন্! অপাক্রামত্ত্বরান্বিতঃ ॥৪৯॥
ততঃ পাণ্ডবযোধাস্তে নাগরাজং শরৈদ্রুর্তম্।
সিষিচুর্ভৈরবান্ নাদান্ বিনদন্তো জিঘাংসবঃ।
পুত্রস্তু তব সংভ্রান্তঃ সৌভদ্রস্যাপ্লুতো রথম্ ॥৫০॥
স কুঞ্জরস্থো বিসৃজন্নিষূনরিষু পাণ্ডুষু।
বভৌ রশ্মীনিবাদিত্যো ভুবনেষু সমুৎসৃজন্ ॥৫১॥
তমার্জ্জুনির্দ্বাদশভির্যুযুৎসুর্দশভিঃ শরৈঃ।
ত্রিভিস্ত্রিভির্দ্রৌপদেয়া ধৃষ্টকেতুশ্চ বিব্যধুঃ ॥৫২॥

ততে ইতি। পার্ষ্ণিগুর্ল্ফাধোদেশঃ। কৃতিনা ভগদত্তেন। প্রসারিতকরো বিস্তারিত-শুণ্ডঃ ॥৪৮॥

স ইতি। সূতং সারথিম্, আরুজৎ শুণ্ডয়া মেরুদণ্ডে ভগ্নবান্ ॥৪৯॥

তত ইতি। পুত্রো যুযুৎসুঃ, সংভ্রান্তো ব্যস্তঃ, আপ্লুত উৎপত্যারূঢ়ঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫০॥

স ইতি। স ভগদত্তঃ। ইষূন্ বাণান্, পাণ্ডুষু পাণ্ডবসৈন্যেষু ॥৫১॥

তমিতি। আর্জ্জুনিরভিমন্যুঃ। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ ॥৫২॥

তৎপরে যুদ্ধনিপুণ ভগদত্ত গুল্ফ, অঙ্কুশ ও অঙ্গুষ্ঠদ্বারা তাড়ন করিয়া প্রেরণ করিলে, ভগদত্তের হাতীটা শুঁড় প্রসারিত করিয়া এবং স্তব্ধকর্ণ ও স্থিরনয়ন হইয়া ধাবিত হইল ॥৪৮॥

রাজা! সেই হাতীটা চরণদ্বারা যুযুৎসুর ঘোড়াগুলির উপরে উঠিয়া শুঁড় দিয়া সারথির মেরুদণ্ড ভাঙ্গিয়া ফেলিল; কিন্তু যুযুৎসু সত্বর রথ হইতে লাফাইয়া পড়িলেন ॥৪৯॥

তাহার পর সেই পাণ্ডবযোদ্ধারা হাতীটাকে বধ করিবার ইচ্ছা করিয়া ভয়ঙ্কর গর্জন করিতে থাকিয়া সত্বর তাহার উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন। কিন্তু আপনার পুত্র যুযুৎসু ব্যস্ত হইয়া যাইয়া লাফ দিয়া অভিমন্যুর রথে উঠিলেন ॥৫০॥

ওদিকে ভগদত্ত হাতীর উপরে থাকিয়া পাণ্ডবসৈন্যের উপরে বাণবর্ষণ করতঃ, জগতে কিরণবর্ষণকারী সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৫১॥

তখন অভিমন্যু বারটা, যুযুৎসু দশটা এবং দ্রৌপদীর পুত্রগণ ও ধৃষ্টকেতু প্রত্যেকে তিন তিনটা বাণদ্বারা সেই হাতীটাকে পীড়ন করিলেন ॥৫২॥

সোঽতিযত্নার্পিতৈর্বাণৈরাচিতো দ্বিরদো বভৌ।
সংস্যূত ইব সূর্য্যস্য রশ্মিভির্জলদো মহান্ ॥৫৩॥
নিয়ন্তুঃ শিল্পযত্নাভ্যাং প্রেরিতোঽরিশরার্দ্দিতঃ।
পরিচিক্ষেপ তান্ নাগঃ স রিপূন্ সব্যদক্ষিণান্ ॥৫৪॥
গোপাল ইব দণ্ডেন যথা পশুগণান্ বনে।
সংকালয়তি তাং সেনাং ভগদত্তস্তথা মুহুঃ ॥৫৫॥
ক্ষিপ্রং শ্যেনাভিপন্নানাং বায়সানামিব স্বনঃ।
বভূব পাণ্ডবেয়ানাং ভৃশং বিদ্রবতাং স্বনঃ ॥৫৬॥
স নাগরাজঃ প্রবরাঙ্কুশাহতঃ পুরা সপক্ষোঽদ্রিবরো যথা নৃপ!।
ভয়ং তদা রিপুষু সমাদধদ্ভৃশং বণিগ্জনানাং ক্ষুভিতো যথার্ণবঃ ॥৫৭॥
ততো ধ্বনির্দ্বিরদরথাশ্বপার্থিবৈর্ভয়াদ্দ্রবদ্ভির্জনিতোঽতিভৈরবঃ।
ক্ষিতিং বিয়দ্দ্যাং বিদিশো দিশস্তথা সমাবৃণোৎ পার্থিব! সংযুগে ততঃ ॥৫৮॥

স ইতি। অতিযত্নেন অর্পিতৈঃ ক্ষিপ্তৈঃ, আচিতো ব্যাপ্তদেহঃ। সংস্যূতো গ্রথিতঃ ॥৫৩॥
নিয়ন্তুরিতি। নিয়ন্তুশ্চালয়িতুঃ, শিল্পং চালননৈপুণ্যং যত্নশ্চ তাভ্যাম্ ॥৫৪॥
গোপাল ইতি। ইবশব্দঃ সম্ভাবনায়াম্। সংকালয়তি তাড়য়তি, তাং পাণ্ডবীম্ ॥৫৫॥
ক্ষিপ্রমিতি। শ্যেনেন অভিপন্নানামাক্রান্তানাম্। বিদ্রবতাং পলায়মানানাম্ ॥৫৬॥
স ইতি। পুরা ইন্দ্রেণ পক্ষচ্ছেদনাৎ পূর্ব্বম্। সমাদধৎ সঞ্জনয়ন্নাসীদিতি শেষঃ ॥৫৭॥

তৎকালে সেই হাতীটা অতিযত্ননিক্ষিপ্ত বাণে ব্যাপ্তদেহ হইয়া সূর্য্যকিরণগ্রথিত বিশাল মেঘের ন্যায় প্রকাশ পাইতে থাকিল ॥৫৩॥

ক্রমে শত্রুশরপীড়িত সেই গজরাজ চালকের যত্ন ও নৈপুণ্যে সঞ্চালিত হইয়া সেই শত্রুগণকে বামে ও দক্ষিণে নিক্ষেপ করিতে লাগিল ॥৫৪॥

এবং পশুপালক যেমন দণ্ডদ্বারা বনে পশুগণকে তাড়ন করে, সেইরূপ ভগদত্ত অনবরত পাণ্ডবসৈন্যকে তাড়ন করিতে লাগিলেন ॥৫৫॥

হঠাৎ শ্যেনপক্ষী আসিয়া আক্রমণ করিলে, কাকগণের যেমন আকুল শব্দ হইতে থাকে, সেইরূপ পলায়মান পাণ্ডবসৈন্যগণের অত্যন্ত আকুল শব্দ হইতে লাগিল ॥৫৬॥

রাজা! পূর্ব্বকালে পক্ষযুক্ত পর্ব্বতপ্রবর যেমন সাধারণের ভয় উৎপাদন করিত এবং উদ্বেলিত সমুদ্র যেমন বণিক্‌সমূহের ভয় জন্মাইয়া থাকে, সেইরূপ তখন অঙ্কুশ-তাড়িত সেই বিশাল হস্তী শত্রুপক্ষের গুরুতর ভয় জন্মাইতে লাগিল ॥৫৭॥

---

(৫৩)···ইষুনরিষু পার্থিবঃ—বা ব বা নি। (৫৫)···আবেষ্টয়ত তাং সেনাম্—পি বা ব রা।

স তেন নাগপ্রবরেণ পার্থিবো ভৃশং জগাহে দ্বিষতামনীকিনীম্।
পুরা সুগুপ্তাং বিবুধৈরিবাহবে বিরোচনো দেববরূথিনীমিব ॥৫৯॥
ভৃশং ববৌ জ্বলনসখো বিয়দ্রজঃ সমাবৃণোন্মুহুরপি চৈব সৈনিকান্।
তমেকনাগং গণশো যথা গজান্ সমন্ততো দ্রুতমথ মেনিরে জনাঃ ॥৬০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে ভগদত্তযুদ্ধে চতুর্বিংশোহধ্যায়ঃ ॥০॥ *

—ঃ*ঃ—

পঞ্চবিংশোহধ্যায়ঃ।

—ঃ*ঃ—

সঞ্জয় উবাচ।
যন্মাং পার্থস্য সংগ্রামে কর্ম্মাণি পরিপৃচ্ছসি।
তচ্ছৃণুষ্ব মহাবাহো! পার্থো যদকরোদ্রণে ॥১॥

তত ইতি। দ্রবদ্ভিঃ পলাযমানৈঃ। বিযৎ আকাশম্, দ্যাং স্বর্গম্। ততস্তস্মিন্ ॥৫৮॥
স ইতি। পার্থিবো ভগদত্তঃ, জগাহে আলোডযামাস। সুগুপ্তাং সুরক্ষিতাম্ ॥৫৯॥
ভৃশমিতি। জ্বলনস্য বহ্নেঃ সখা ইতি জ্বলনসখো বাযুঃ, রজো ধূলিঃ ॥৬০॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে চতুর্বিংশোহধ্যায়ঃ ॥০॥

মহারাজ! তাহার পর সেই যুদ্ধে হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণ ভয়ে পলায়ন করিতে থাকিয়া যে ভয়ঙ্কর কোলাহল করিতে থাকিল, সেই কোলাহলশব্দ যাইয়া ভূমণ্ডল, আকাশমণ্ডল, স্বর্গ, দিক্ ও বিদিক্ ব্যাপ্ত করিতে লাগিল ॥৫৮॥

পূর্ব্বকালে বিরোচন যেমন যুদ্ধে দেবরক্ষিত দেবসৈন্যগণকে আলোড়ন করিয়াছিলেন, সেইরূপ ভগদত্তরাজা তখন সেই বিশাল হস্তীদ্বারা শত্রুসৈন্যগণকে গুরুতর আলোড়ন করিতে থাকিলেন ॥৫৯॥

ক্রমে প্রবল বায়ু বহিত হইতে লাগিলে, ধূলি উঠিয়া আকাশ ও সৈন্যদিগকে অনবরত আবৃত করিতে থাকিল এবং তত্রত্য লোকেরা সেই একটা হাতীকেই সকল দিকে ভূরি ভূরি হাতী বলিয়া মনে করিতে লাগিল" ॥৬০॥

---

* '…পঞ্চবিংশোহধ্যায়ঃ' ব, '…ষড্‌বিংশোহধ্যায়ঃ' বা রা নি।

রজো দৃষ্ট্বা সমুদ্ভূতং শ্রুত্বা চ গজনিস্বনম্ ।
ভগদত্তে বিকুর্ব্বাণে কৌন্তেয়ঃ কৃষ্ণমব্রবীৎ ॥২॥
যথা প্রাগ্‌জ্যোতিষো রাজা গজেন মধুসূদন ! ।
ত্বরমাণোঽভিনিক্রান্তো ধ্রুবং তস্যৈব নিস্বনঃ ॥৩॥
ইন্দ্রাদনবরঃ সংখ্যে গজযানবিশারদঃ ।
প্রথমো গজযোধানাং পৃথিব্যামিতি মে মতিঃ ॥৪॥
স চাপি দ্বিরদশ্রেষ্ঠঃ সদাঽপ্রতিগজো যুধি ।
সর্ব্বশস্ত্রাতিগঃ সংখ্যে কৃতকর্ম্মা জিতক্লমঃ ॥৫॥
সহঃ শস্ত্রনিপাতানামগ্নিস্পর্শস্য চানঘ ! ।
স পাণ্ডববলং সর্ব্বমদ্যৈকো নাশয়িষ্যতি ॥৬॥

যদিতি। "কিমর্জ্জুনশ্চাপ্যকার্ষীৎ" ইতি পূর্ব্বাধ্যায়োক্ত্যা পরিপৃচ্ছসীত্যর্থঃ ॥১॥
রজ ইতি। রজো ধূলিম্। বিকুর্ব্বাণে বিবিধানি কার্য্যাণি কুর্ব্বাণে ॥২॥
যথেতি। অভিনিক্রান্তঃ শিবিরাৎ ॥৩॥
ইন্দ্রাদিতি। অনবরঃ অন্যূনঃ। গজযোধানাং মধ্যে প্রথমো গজযানবিশারদঃ ॥৪॥
স ইতি। অপ্রতিগজঃ প্রতিপক্ষগজরহিতঃ। কৃতকর্ম্মা সর্ব্বযুদ্ধে কৃতজয়ঃ ॥৫॥
সহ ইতি। সহত ইতি সহঃ পচাদিত্বাদচ্, বর্ম্মাবৃতদেহত্বাৎ ॥৬॥

সঞ্জয় বলিলেন—"মহাবাহু রাজা! আপনি যুদ্ধে অর্জ্জুনের কার্য্যের বিষয় যে আমার নিকট জিজ্ঞাসা করিয়াছেন এবং যুদ্ধে অর্জ্জুন যাহা করিয়াছেন, তাহা শ্রবণ করুন ॥১॥

ভগদত্ত যুদ্ধে নানাবিধ কার্য্য করিতে লাগিলে, আকাশে ধূলি উঠিয়াছে দেখিয়া এবং হাতীর শব্দ শুনিয়া অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—॥২॥

'কৃষ্ণ! ভগদত্তরাজা হস্তীতে আরোহণ করিয়া সত্বর যে শিবির হইতে নির্গত হইয়াছেন, নিশ্চয়ই তাহার এই শব্দ হইতেছে ॥৩॥

ভগদত্ত যুদ্ধে ইন্দ্র অপেক্ষা ন্যূন নহেন এবং ইনি পৃথিবীতে সমস্ত গজযোধীর মধ্যে প্রথম গজযানবিশারদ ইহাই আমার ধারণা ॥৪॥

আবার সেই হস্তিশ্রেষ্ঠেরও প্রতিযোদ্ধা হস্তী নাই এবং সেই হস্তিশ্রেষ্ঠ যুদ্ধে সমস্ত অস্ত্রের অতিক্রমকারী, যুদ্ধবিজয়ী ও শ্রমসহিষ্ণু ॥৫॥

নিষ্পাপ কৃষ্ণ! আর সেই হস্তী সমস্ত শস্ত্রাঘাত এবং অগ্নিস্পর্শও সহ্য করিতে পারে। সুতরাং সেই এক হস্তীই আজ সমগ্র পাণ্ডবসৈন্য বিনাশ করিবে ॥৬॥

---

(৪) · প্রথমো বা দ্বিতীয়ো বা—পি বা ব রা।

ন চাবাভ্যামৃতেঽন্যোঽস্তি শক্তস্তং প্রতিবাধিতুম্।
ত্বরমাণস্ততো যাহি যতঃ প্রাগ্‌জ্যোতিষাধিপঃ ॥৭॥
দৃপ্তং সংখ্যে দ্বিপবলাদ্বয়সা চাপি বিস্মিতম্।
অদ্যৈনং প্রেষয়িষ্যামি বলহন্তুঃ প্রিয়াতিথিম্ ॥৮॥
বচনাদথ কৃষ্ণস্তু প্রযযৌ সব্যসাচিনঃ।
দীর্য্যতে ভগদত্তেন যত্র পাণ্ডববাহিনী ॥৯॥
তং প্রয়ান্তং ততঃ পশ্চাদাহ্বয়ন্তো মহারথাঃ।
সংশপ্তকাঃ সমারোহন্ সহস্রাণি চতুর্দ্দশ ॥১০॥
দশৈব তু সহস্রাণি ত্রিগর্ত্তানাং মহারথাঃ।
চত্বারি চ সহস্রাণি বাসুদেবস্য চানুগাঃ ॥১১॥
দীর্য্যমাণাং চমূং দৃষ্ট্বা ভগদত্তেন মারিষ !।
আহূয়মাণস্য চ তৈবভবদ্‌হৃদয়ং দ্বিধা ॥১২॥

নেতি। আবাভ্যাং কৃষ্ণার্জ্জুনাভ্যাম্, ঋতে বিনা। ততস্তত্র, যতো যত্র ॥৭॥
দৃপ্তমিতি। বিশিষ্টং স্মিতমহঙ্কারো যস্য তম্, বহুযুদ্ধজয়াৎ। বলহন্তুরিন্দ্রস্য ॥৮॥
বচনাদিতি। সব্যসাচিনঃ অর্জ্জুনস্য বচনাদিতি সম্বন্ধঃ ॥৯॥
তমিতি। সমারোহন্ হস্ত্যশ্বরথানিতি শেষঃ ॥১০॥
দশেতি। বাসুদেবস্য চানুগা নারায়ণাখ্যা অনুচরাঃ, সমারোহন্নিত্যনুবৃত্তিঃ ॥১১॥

আমরা দুই জন ব্যতীত অন্য কোন লোকই ভগদত্তকে নিবারণ করিতে সমর্থ হইবে না। অতএব কৃষ্ণ! ভগদত্ত যেখানে আছেন, তুমি সত্বর সেইখানে যাও ॥৭॥

হস্তীর গুণে যুদ্ধে দর্পিত এবং বয়সের গুণেও গর্বিত এই ভগদত্তকে আজ আমি ইন্দ্রের প্রিয় অতিথি করিয়া পাঠাইব ॥৮॥

তাহার পর ভগদত্ত যেখানে পাণ্ডবসৈন্য বিদারণ করিতেছিলেন, অর্জ্জুনের বাক্য অনুসারে কৃষ্ণ সেইখানে চলিলেন ॥৯॥

তিনি চলিলে, চতুর্দ্দশ সহস্র সংশপ্তক মহারথ পিছনের দিক্ হইতে অর্জ্জুনকে যুদ্ধে আহ্বান করিতে থাকিয়া আপন আপন বাহনে আরোহণ করিলেন ॥১০॥

আর দশ সহস্র ত্রিগর্ত্তদেশীয় মহারথ এবং চারি সহস্র নারায়ণসৈন্যও স্ব স্ব বাহনে আরোহণ করিলেন ॥১১॥

---

(৭)…প্রতিবাবিতুম্—পি। (৮) শক্রং সংখ্যে দ্বিপবলাৎ—ব। (১২) দার্য্যমাণাম্—পি বা ব।

কিন্নু শ্রেয়স্করং কর্ম্ম ভবেদদ্যেতি চিন্তয়ে।
ইহ বা বিনিবর্ত্তেয়ং গচ্ছেয়ং বা যুধিষ্ঠিরম্ ॥১৩॥
তস্য বুদ্ধ্যা বিচার্য্যৈবমর্জ্জুনস্য কুরূদ্বহ !।
অভবদ্ভূয়সী বুদ্ধিঃ সংশপ্তকবধে স্থিরা ॥১৪॥
স সন্নিবৃত্তঃ সহসা কপিপ্রবরকেতনঃ।
একো রথসহস্রাণি নিহন্তুং বাসবী রণে ॥১৫॥
সা হি দুর্য্যোধনস্যাসীন্মতিঃ কর্ণস্য চোভয়োঃ।
অর্জ্জুনস্য বধোপায়ে যা বৈ দ্বৈধমকল্পয়ৎ ॥১৬॥
স তু দোলায়মানোঽভূদ্দ্বৈধীভাবেন পাণ্ডবঃ।
বধেন তু রথাগ্র্যাণামকরোত্তাং মৃষা তদা ॥১৭॥

দীর্য্যেতি। হৃদয়মর্জ্জুনস্য, দ্বিধা সংশপ্তকান্ ভগদত্তং বা গচ্ছামীতি দ্বিবিষয়কম্ ॥১২॥
তদেবাহ কিমিতি। ইহ সংশপ্তকযুদ্ধে। ভগদত্তাদ্‌যুধিষ্ঠিরং রক্ষিতুমিত্যর্থঃ ॥১৩॥
তস্যেতি। এবং বিচার্য্য, স্থিতস্যেত্যধ্যাহারানৈককর্তৃকত্বহানিঃ। স্থিরা সংশপ্তকৈরাহূতত্বাৎ "আহূতো ন নিবর্ত্তেয়ম্" ইতি পূর্ব্বপ্রতিজ্ঞাবশাদিতি ভাবঃ ॥১৪॥
স ইতি। বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবিরর্জ্জুনঃ। রেফপরত্বাদ্দীর্ঘঃ ॥১৫॥
সেতি। সা তাদৃশী। দ্বৈধমর্জ্জুনমনসঃ। তৎ কৌশলঞ্চ তয়োরেবেত্যাশয়ঃ ॥১৬॥
স ইতি। বধেন বধস্থিরীকরণেন, রথাগ্র্যাণাং সংশপ্তকানাম্, তাং তয়োর্মতিম্ ॥১৭॥

মাননীয় রাজা! ভগদত্ত পাণ্ডবসৈন্য বিদারণ করিতেছেন দেখিয়া এবং সংশপ্তক-প্রভৃতিরা যুদ্ধে আহ্বান করিতেছেন বলিয়া অর্জ্জুনের মন সংশয়াপন্ন হইল ॥১২॥

'আমার পক্ষে এখন কোন কার্য্য মঙ্গলকর হইবে ইহাই চিন্তা করিতেছি—আমি এখন কি সংশপ্তকযুদ্ধে ফিরিব, না—যুধিষ্ঠিরের দিকে যাইব' ॥১৩॥

কৌরবশ্রেষ্ঠ! মনে মনে এইরূপ বিবেচনা করিবার পরে, সংশপ্তকবধবিষয়েই অর্জ্জুনের বুদ্ধি অধিক পরিমাণে স্থির হইল ॥১৪॥

তখন কপিধ্বজ এক অর্জ্জুনই যুদ্ধে সহস্র সহস্র রথীকে বধ করিবার জন্য তৎক্ষণাৎ ফিরিলেন ॥১৫॥

অর্জ্জুনকে বধ করিবার উপায়াবিষ্কারবিষয়ে দুর্য্যোধন ও কর্ণ এই দুই জনই সেইরূপ বুদ্ধি (কৌশল) করিয়াছিলেন, যাহাতে অর্জ্জুনের উক্তরূপ দ্বৈধীভাব হইয়াছিল ॥১৬॥

---

(১৩)·· অদ্যেতি চিন্তয়ন্ ··বা, অদ্যেতি চিন্তয়া·· ব,···অদ্যেত্যচিন্তয়ৎ···নি। (১৭) তত্র সংবর্ত্তয়ামাস দ্বৈধীভাবেন·· পি বা ব বা,···নরাগ্র্যাণাম···পি।

ততঃ শতসহস্রাণি শরাণাং নতপর্ব্বণাম্।
অসৃজন্নর্জ্জুনে রাজন্! সংশপ্তকমহারথাঃ ॥১৮॥
নৈব কুন্তীসুতঃ পার্থো নৈব কৃষ্ণো জনার্দ্দনঃ।
ন হয়া ন রথো রাজন্! দৃশ্যন্তে স্ম শরৈশ্চিতাঃ ॥১৯॥
যদা মোহমনুপ্রাপ্তঃ সস্বেদশ্চ জনার্দ্দনঃ।
ততস্তান্ প্রায়শঃ পার্থো ব্রহ্মাস্ত্রেণ নিজঘ্নিবান্ ॥২০॥
শতশঃ পাণযশ্ছিন্নাঃ সেষুজ্যাতলকার্ম্মুকাঃ।
কেতবো বাজিনঃ সূতা রথিনশ্চাপতন্ ক্ষিতৌ ॥২১॥
দ্রুমাচলাগ্রাম্বুধরৈঃ সমকায়াঃ স্বকল্পিতাঃ।
হতারোহাঃ ক্ষিতৌ পেতুর্দ্বিপাঃ পার্থশরাহতাঃ ॥২২॥

তত ইতি। নতপর্ব্বণামীষদ্বক্রোপান্তানাম্ ॥১৮॥

নেতি। পার্থোঽর্জ্জুনঃ। চিতা ব্যাপ্তাঃ ॥১৯॥

যদেতি। সস্বেদো ঘর্ম্মাক্তদেহঃ। প্রাযশো বহুলান্ ॥২০॥

উক্তনিহননমেব বিবৃণোতি ষড্ভিঃ। শতশ ইতি। পাণযো হস্তাঃ, ইষুভির্বাণৈঃ জ্যাভির্গুণৈঃ তলৈর্হস্তাববণৈঃ কার্ম্মুকৈশ্চ সহেতি তে ॥২১॥

দ্রুমেতি। দ্রুমাণাং বৃক্ষাণাম্ অচলানাং পর্বতানাঞ্চ অগ্রেষু যে অম্বুধরা মেঘাস্তৈঃ। আকাশবর্ত্তিনামম্বুধবাণামাকৃতিপবিমাণস্য কর্ত্তুমশক্যতযা তৎসমকাযত্বং ছুর্বোধমিতি দ্রুমাচলাগ্রেত্যুক্তম্। স্বকল্পিতাঃ সুসজ্জিতাঃ। দ্বিপাঃ সংশপ্তকগজাঃ ॥২২॥

কেন না অর্জ্জুন উক্তরূপ দ্বৈধীভাববশতই প্রথমে দোলাযমান হইযাছিলেন, কিন্তু পরে তিনি সংশপ্তকবথিশ্রেষ্ঠদিগকে বধ করা স্থিব কবায তাঁহাদের সে বুদ্ধিটাকে নিষ্ফল করিয়া দিয়াছিলেন ॥১৭॥

রাজা! তাহাব পব সংশপ্তক মহাবথেবা অর্জ্জুনেব উপবে শতসহস্র নতপর্ব বাণ নিক্ষেপ কবিলেন ॥১৮॥

বাজা! তখন বাণে ব্যাপ্ত হইযা যাওযায কুন্তীনন্দন অর্জ্জুন, জনার্দ্দন কৃষ্ণ, তাঁহাদের অশ্বগণ বা বথ ইহার কিছুই দেখা গেল না ॥১৯॥

যখন কৃষ্ণ প্রায মোহপ্রাপ্ত ও ঘর্ম্মাক্ত হইযা পড়িলেন, তখন অর্জ্জুন ব্রহ্মাস্ত্রদ্বাবা প্রায় সংশপ্তকদিগকে বধ কবিলেন ॥২০॥

বাণ, গুণ, হস্তাববণ ও ধনুব সহিত শত শত হস্ত, ধ্বজ, অশ্ব, সাবথি ও রথীবা ছিন্ন হইয়া ভূতলে পতিত হইতে থাকিল ॥২১॥

আরোহীবা নিহত হইলে, বৃক্ষ ও পর্ব্বতের অগ্রবর্ত্তী মেঘেব ন্যায় বিশাল-

---

(২০)...বজ্রাস্ত্রেণ নিজঘ্নিবান্—পি। (২২)...সমরূপাঃ—পি ব।

বিপ্রবিদ্ধকুথাবন্ধাশ্ছিন্নভাণ্ডাঃ পরাসবঃ ।
সারোহাস্তুরগাঃ পেতুর্মথিতাঃ পার্থমার্গণৈঃ ॥২৩॥
সর্ষ্টিপ্রাসাসিনখরাঃ সমুদ্গরপরশ্বধাঃ ।
বিচ্ছিন্না বাহবঃ পেতুর্নৃণাং ভল্লৈঃ কিরীটিনা ॥২৪॥
বালাদিত্যাম্বুজেন্দূনাং তুল্যরূপাণি মারিষ ! ।
সংছিন্নান্যর্জ্জুনশরৈঃ শিরাংস্যুর্বীং প্রপেদিরে ॥২৫॥
জজ্বালালঙ্কৃতা সেনা পত্রিভিঃ প্রাণিভোজনৈঃ ।
নানারূপৈস্তদাঽমিত্রান্ ক্রুদ্ধে নিঘ্নতি ফাল্গুনে ॥২৬॥
ক্ষোভয়ন্তং তদা সেনাং দ্বিরদং নলিনীমিব ।
ধনঞ্জয়ং ভূতগণাঃ সাধু সাধ্বিত্যপূজয়ন্ ॥২৭॥

বিপ্রেতি। বিপ্রবিদ্ধাশ্ছিন্না পাতিতাঃ কুথাবন্ধাঃ পৃষ্ঠাস্তরণানি যেষাং তে, ছিন্নানি ভাণ্ডানি ভূষণানি যেষাং তে, পরাসবো মৃতাঃ ॥২৩॥

সর্ষ্টীতি। ঋষ্টিপ্রভৃতীনি তদানীন্তনান্যস্ত্রাণি ॥২৪॥

বালেতি। বালাদিত্যো নবোদিতসূর্য্যঃ অম্বুজং পদ্মম্ ইন্দুশ্চন্দ্রশ্চ তেষাম্ ॥২৫॥

জজ্বালেতি। পত্রিভির্বহ্নিময়ৈর্বাণৈঃ। অমিত্রান্ শত্রূন্। ফাল্গুনে অর্জ্জুনে ॥২৬॥

ক্ষোভেতি তদা ভূতগণা আকাশস্থদেবাদিপ্রাণিসমূহাঃ, নলিনীং পদ্মসরসীম্, ক্ষোভয়ন্তমালোড়য়ন্তম্, দ্বিরদং গজমিব, সেনাং ক্ষোভয়ন্তং ধনঞ্জয়ম্, সাধু সাধু ইতি অপূজয়ন্ প্রাশংসন্ ॥২৭॥

শরীর ও সুসজ্জিত হস্তী সকল অর্জ্জুনের বাণে আহত হইয়া ভূতলগত হইতে লাগিল ॥২২॥

অর্জ্জুনের বাণে পৃষ্ঠের আস্তরণ নিপতিত এবং অলঙ্কার ছিন্ন হইয়া গেলে, মৃত ও মথিত অশ্বগণ আরোহীদের সহিত পড়িতে থাকিল ॥২৩॥

ঋষ্টি, প্রাস, অসি, নখর, মুদ্গর ও পরশুর সহিত পদাতিগণের বাহু সকল অর্জ্জুনের বাণে ছিন্ন হইয়া পতিত হইতে লাগিল ॥২৪॥

মাননীয় রাজা! নবোদিত সূর্য্য, পদ্ম ও চন্দ্রের তুল্য মুখ সকল অর্জ্জুনের বাণে ছিন্ন হইয়া ভূতলগত হইতে থাকিল ॥২৫॥

ক্রুদ্ধ অর্জ্জুন তখন প্রাণিগণের প্রাণনাশক, নানারূপ অগ্নিময় বাণদ্বারা শত্রুগণকে সংহার করিতে লাগিলে, অলঙ্কৃত সৈন্যেরা জ্বলিতে লাগিল ॥২৬॥

হস্তী যেমন পদ্মসরোবর আলোড়ন করে, সেইরূপ অর্জ্জুন তখন সংশপ্তক-

---

(২৩) বিপ্রবিদ্ধমুখা নাগাঃ···সারোহাস্ত রণে পেতুঃ—বা নি। (২৬) জজ্বালালঙ্কৃতৈঃ—ব।

দৃষ্ট্বা তৎ কর্ম্ম পার্থস্য বাসবস্যেব মাধবঃ।
বিস্ময়ং পরমং গত্বা প্রাঞ্জলিস্তমুবাচ হ ॥২৮॥
কর্ম্মৈতৎ পার্থ! শক্রেণ যমেন ধনদেন চ।
দুষ্করং সমরে যত্তে কৃতমদ্যেতি মে মতিঃ ॥২৯॥
যুগপচ্চৈব সংগ্রামে শতশোঽথ সহস্রশঃ।
পতিতা এব মে দৃষ্টাঃ সংশপ্তকমহারথাঃ ॥৩০॥
ততঃ সংশপ্তকান্ হত্বা ভূয়িষ্ঠং যে ব্যবস্থিতাঃ।
ভগদত্তায় যাহীতি কৃষ্ণং পার্থোঽভ্যচোদয়ৎ ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে সংশপ্তকবিনাশে পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

দৃষ্ট্বেতি। বাসবস্য ইন্দ্রস্য, মাধবঃ কৃষ্ণঃ। তং পার্থম্ ॥২৮॥
কর্ম্মেতি। ধনদেন কুবেরেণ। তে ত্বয়া ॥২৯॥
যুগপদিতি। পতিতা ব্রহ্মাস্ত্রপ্রভাবাৎ, মে ময়া ॥৩০॥
তত ইতি। ভূয়িষ্ঠং যথা স্যাত্তথা। অভ্যচোদয়ৎ প্রৈরয়ৎ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

সৈন্য আলোড়ন করিতে লাগিলে, তত্রত্য প্রাণীরা সকলে 'সাধু সাধু' বলিয়া তাঁহাকে প্রশংসা করিতে লাগিল ॥২৭॥

কৃষ্ণ তখন ইন্দ্রের ন্যায় অর্জ্জুনের সেই কার্য্য দেখিয়া অত্যন্তবিস্ময়াপন্ন হইয়া কৃতাঞ্জলিপুটে তাঁহাকে বলিলেন—॥২৮॥

'অর্জ্জুন! তুমি আজ যুদ্ধে যে কার্য্য করিলে, এ কার্য্য করা ইন্দ্র, যম ও কুবেরের পক্ষেও দুষ্কর ইহাই আমার ধারণা ॥২৯॥

'শত শত ও সহস্র সহস্র সংশপ্তকমহারথ একদাই যুদ্ধে নিপতিত হইয়াছেন, আমি দেখিয়াছি' ॥৩০॥

যে সংশপ্তকেরা যুদ্ধের জন্য অবস্থান করিতেছিল, তাহাদের অধিকসংখ্যককেই বধ করিয়া অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—'এখন ভগদত্তের দিকে যাও' ॥৩১॥

—:*:—

(৩১) সংশপ্তকাংস্ততো হত্বা ভূয়িষ্ঠাঃ···পার্থোঽভ্যনোদয়ৎ—বা নি। *· '···ষড়্‌বিংশোঽধ্যায়ঃ' ব, '···সপ্তবিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

ষড়্বিংশোঽধ্যায়ঃ।

—ঃ৩ঃ—

সঞ্জয় উবাচ।

যিযাসতস্ততঃ কৃষ্ণঃ পার্থস্যাশ্বান্ মহাজবান্।
সংপ্রৈষীদ্ধেমসংছন্নান্ দ্রোণানীকায় পাণ্ডুরান্ ॥১॥
তং প্রয়ান্তং কুরুশ্রেষ্ঠং স্বাংস্ত্রাতুং দ্রোণতাপিতান্।
সুশর্ম্মা ভ্রাতৃভিঃ সার্দ্ধং যুদ্ধার্থী পৃষ্ঠতোঽন্বয়াৎ ॥২॥
ততঃ শ্বেতহয়ঃ কৃষ্ণমব্রবীদজিতঞ্জয়ঃ।
এষ মাং ভ্রাতৃভিঃ সার্দ্ধং সুশর্ম্মাহ্বয়তেঽচ্যুত! ॥৩॥
দীর্য্যতে চোত্তরেণৈতৎ সৈন্যং নঃ শত্রুসূদন!।
দ্বৈধীভূতং মনো মেঽদ্য কৃতং সংশপ্তকৈরিদম্ ॥৪॥
কিং নু সংশপ্তকান্ হন্মি স্বান্ রক্ষাম্যহিতার্দ্দিতান্।
ইতি মে ত্বং মতং বেত্থ তত্র কিং সুকৃতং ভবেৎ ॥৫॥

যিযেতি। যিযাসতো ভগদত্তং প্রতি যাতুমিচ্ছতঃ। হেমসংছন্নান্ স্বর্ণালঙ্কারাবৃতান্॥ ॥
তমিতি। স্বান্ পক্ষীয়যোধান্। অন্বযাৎ অগচ্ছৎ ॥২॥
তত ইতি। শ্বেতহয়োঽর্জ্জুনঃ। দেবৈর্বপ্যজিতান্ নিবাতকবচাদীন্ জযতীতি সঃ ॥৩॥
দীর্য্যত ইতি। দীর্য্যতে ভগদত্তেন দ্রোণেন চেতি শেষঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—"তাহাব পব অর্জ্জুন ভগদত্তেব দিকে যাইবার ইচ্ছা করিলে, কৃষ্ণ মহাবেগশালী, স্বর্ণালঙ্কারে আবৃত ও শ্বেতবর্ণ অশ্বগুলিকে সেই দিকে চালাইয়া দিলেন ॥১॥

কৌববশ্রেষ্ঠ অর্জ্জুন দ্রোণপীড়িত স্বপক্ষীয যোদ্ধাদিগকে বক্ষা করিবার জন্য প্রস্থান করিলে, যুদ্ধার্থী সুশর্ম্মা ভ্রাতাদের সহিত মিলিত হইযা তাঁহার পিছনে পিছনে চলিলেন ॥২॥

তখন অজিতবিজয়ী অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ! ভ্রাতাদের সহিত এই সুশর্ম্মা আমাকে যুদ্ধে আহ্বান কবিতেছেন ॥৩॥

অথচ শত্রুদমন! উত্তরদিকে আমাদের এই সৈন্য বিচ্ছিন্ন হইতেছে। সুতরাং সংশপ্তকেরা আজ আমাব মনটাকে দ্বৈধীভাবাপন্ন করিল ॥৪॥

---

(১)···মনোজবান্···বা ব রা নি, দ্রোণানীকায সত্বরান্—বা, দ্রোণানীকায় সংত্বরম্—নি। (২)···স্বান্ ভ্রাতৄন্—পি বা ব বা। (৪) দীর্য্যতে চোত্তরেণৈব তং সৈন্যং মধুসূদন!—বা ব রা নি।

এবমুক্তস্তু দাশার্হঃ স্যন্দনং প্রত্যবর্ত্তয়ৎ।
যেন ত্রিগর্ত্তাধিপতিঃ পাণ্ডবং সমুপাহ্বয়ৎ ॥৬॥
ততোঽর্জ্জুনঃ সুশর্ম্মাণং বিদ্ধা সপ্তভিরাশুগৈঃ।
ধ্বজং ধনুশ্চাস্য তথা ক্ষুরাভ্যাং সমকৃন্তত ॥৭॥
ত্রিগর্ত্তাধিপতেশ্চাপি ভ্রাতরং ষড়্ভিরাশুগৈঃ।
সাশ্বং সসূতং ত্বরিতঃ পার্থঃ প্রৈষীদ্‌যমক্ষয়ম্ ॥৮॥
ততো ভুজগসঙ্কাশাং সুশর্ম্মা শক্তিমায়সীম্।
চিক্ষেপার্জ্জুনমুদ্দিশ্য বাসুদেবায় তোমরম্ ॥৯॥
শক্তিং ত্রিভিঃ শরৈশ্ছিত্ত্বা তোমরং ত্রিভিরর্জ্জুনঃ।
সুশর্ম্মাণং শরব্রাতৈর্মোহয়িত্বা ন্যবর্ত্তয়ৎ ॥১০॥

কিমিতি। অহিতার্দ্দিতান্ শত্রুপীড়িতান্। মতং সংশয়মিত্যর্থঃ, বেত্থ জানাসি ॥৫॥
এবমিতি। দাশার্হস্তদ্বংশীয়ঃ কৃষ্ণঃ, স্যন্দনং রথম্। কার্য্যেণৈবোত্তরং দত্তম্ ॥৬॥
তত ইতি। আশুগৈর্বাণৈঃ। ক্ষুরাভ্যাং তদ্বৎ ক্ষুধারাভ্যাং বাণাভ্যাম্ ॥৭॥
ত্রিগর্ত্তেতি। যমক্ষয়ং যমালয়ম্, "নিলয়াপচয়ৌ ক্ষয়ৌ" ইত্যমরঃ ॥৮॥
তত ইতি। ভুজগসঙ্কাশাং সর্পতুল্যাদীর্ঘাম্। আয়সীং লৌহময়ীম্ ॥৯॥
শক্তিমিতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, মোহয়িত্বা সর্বদিগাবরণেন ॥১০॥

আমি এখন কি সংশপ্তক সংহার করি? না—শত্রুপীড়িত স্বপক্ষরক্ষা করি? এইরূপ আমার সংশয়িতাবস্থা তুমি জান। সুতরাং এখন কি করিলে ভাল করা হয়, তাহা বল ॥৫॥

অর্জ্জুন এইরূপ বলিলে, সুশর্ম্মা যে দিকে থাকিয়া অর্জ্জুনকে আহ্বান করিয়াছিলেন, কৃষ্ণ সেই দিকে রথ ফিরাইলেন ॥৬॥

তাহার পর অর্জ্জুন সাতটা বাণদ্বারা সুশর্ম্মাকে বিদ্ধ করিয়া দুইটা ক্ষুরপ্রদ্বারা তাঁহার ধ্বজ ও ধনু কাটিয়া ফেলিলেন ॥৭॥

এবং তিনি ত্বরান্বিত হইয়া ছয়টা বাণদ্বারা অশ্ব ও সারথির সহিত সুশর্ম্মার ভ্রাতাকেও যমালয়ে প্রেরণ করিলেন ॥৮॥

তদনন্তর সুশর্ম্মা অর্জ্জুনের উপরে একটা সর্পতুল্য দীর্ঘ ও লৌহময়ী শক্তি এবং কৃষ্ণের উপরে একটা তোমর নিক্ষেপ করিলেন ॥৯॥

তখন অর্জ্জুন তিনটা বাণে শক্তিটাকে এবং তিনটা বাণে তোমরটাকে ছেদনপূর্ব্বক বাণসমূহদ্বারা সুশর্ম্মাকে মোহিত করিয়া প্রতিনিবৃত্ত করিলেন ॥১০॥

---

(৯)·· চিক্ষেপার্জ্জুনমাদেশ্য—বা ব নি।

তং বাসবমিবায়ান্তং ভূরিবর্ষং শরৌঘিণম্ ।
রাজংস্তাবকসৈন্যানাং নোগ্রং কশ্চিদবারয়ৎ ॥১১॥
ততো ধনঞ্জয়ো বাণৈঃ সর্বানেব মহারথান্ ।
আয়াদ্বিনিঘ্নন্ কৌরব্যান্ দহন্ কক্ষমিবানলঃ ॥১২॥
তস্য বেগমসহ্যং তং কুন্তীপুত্রস্য ধীমতঃ ।
নাশক্নুবংস্তে সংসোঢ়ুং স্পর্শমগ্নেরিব প্রজাঃ ॥১৩॥
সংবেষ্টয়ন্ননীকানি শরবর্ষেণ পাণ্ডবঃ ।
সুপর্ণ ইব নাগেন্দ্রং প্রায়াৎ প্রাগ্‌জ্যোতিষং প্রতি ॥১৪॥
যত্তদানাময়জ্জিষ্ণুর্ভরতানামপাপিনাম্ ।
ধনুঃ ক্ষেমকরং সংখ্যে দ্বিষতামশ্রুবর্দ্ধনম্ ॥১৫॥
তদেব তব পুত্রস্য রাজন্ ! দুর্দ্যূতদেবিনঃ ।
কৃতে ক্ষত্রবিনাশায় ধনুরায়চ্ছদর্জ্জুনঃ ॥১৬॥ (যুগ্মকম্)

তমিতি। বাসবমিন্দ্রম্, ভূরিবর্ষং প্রচুরবারিবর্ষিণম্, শরৌঘিণমর্জ্জুনম্ ॥১১॥
তত ইতি। আযান্তগদত্তবলং প্রত্যাগচ্ছৎ। কক্ষং তৃণরাশিম্ ॥১২॥
তস্যেতি। প্রজাঃ কৌরবপক্ষীয়া জনাঃ "প্রজা স্যাৎ সন্ততৌ জনে" ইত্যমরঃ ॥১৩॥
সমিতি। সুপর্ণো গরুড়ঃ, নাগেন্দ্রং সর্পশ্রেষ্ঠম্ ॥১৪॥
যদিতি। তদা রাজসূয়াৎ পূর্বম্, জিষ্ণুরর্জ্জুনঃ। আযচ্ছদ্বিস্তৃতবান্ ॥১৫—১৬॥

রাজা! ক্রমে প্রচুরবারিবর্ষণকারী ইন্দ্রের ন্যায় বাণসমূহবর্ষণকারী ও উগ্রমূর্ত্তি অর্জ্জুন আসিতে লাগিলে, আপনার পক্ষের কেহই তাঁহাকে বারণ করিতে পারিল না ॥১১॥

তাহার পর অর্জ্জুন বাণদ্বারা কৌরবপক্ষীয় সমস্ত মহারথকে তাড়ন করতঃ তৃণদহনকারী অগ্নির ন্যায় আসিতে লাগিলেন ॥১২॥

তখন মানুষ যেমন অগ্নির স্পর্শ সহ্য করিতে পারে না, সেইরূপ সেই কৌরব-যোদ্ধারা বুদ্ধিমান্ অর্জ্জুনের সেই অসহ্য বেগ সহ্য করিতে পারিলেন না ॥১৩॥

পরে গরুড় যেমন বৃহৎ সর্পের প্রতি ধাবিত হন, সেইরূপ অর্জ্জুন বাণবর্ষণদ্বারা কৌরবসৈন্য বেষ্টন করিয়া ভগদত্তের প্রতি ধাবিত হইলেন ॥১৪॥

ক্রমে বিজয়ী অর্জ্জুন পুণ্যবান্ ভরতবংশীয়গণের মঙ্গলজনক এবং যুদ্ধে শত্রুপক্ষের অশ্রুবর্দ্ধক যে ধনু তখন (রাজসূয়যজ্ঞের পূর্ব্বে) একবার অবনত করিয়াছিলেন, দুষ্টদ্যূতক্রীড়াকারী আপনার পুত্রের দোষে ক্ষত্রিয়বিনাশের জন্য সেই ধনুখানাকেই আবার সেই সময়ে বিস্তৃত করিলেন ॥১৫—১৬॥

তথা বিক্ষোভ্যমাণা সা পার্থেন তব বাহিনী।
ব্যশীর্য্যত মহারাজ! নৌরিবাসাদ্য পর্ব্বতম্ ॥১৭॥
ততো দশ সহস্রাণি ন্যবর্ত্তন্ত ধনুষ্মতাম্।
মতিং কৃত্বা রণে ক্রূরাং বীরা জয়পরাজয়ে ॥১৮॥
ব্যপেতহৃদয়ত্রাসা আবব্রুস্তং মহারথাঃ।
আর্চ্ছৎ পার্থো গুরুং ভারং সর্বভারসহো যুধি ॥১৯॥
যথা নলবনং ক্রুদ্ধঃ প্রভিন্নঃ ষষ্টিহায়নঃ।
মৃদ্নীয়াত্তদ্বদায়স্তঃ পার্থোঽমৃদ্নাচ্চমূং তব ॥২০॥
তস্মিন্ প্রমথিতে সৈন্যে ভগদত্তো নরাধিপঃ।
তেন নাগেন সহসা ধনঞ্জয়মুপাদ্রবৎ ॥২১॥
তং রথেন নরব্যাঘ্রঃ প্রত্যগৃহ্লাদ্ধনঞ্জযঃ।
স সন্নিপাতস্তুমুলো বভূব রথনাগযোঃ ॥২২॥

তথেতি। পর্ব্বতমাসাদ্য পর্ব্বতে সংঘর্ষং প্রাপ্য ॥১৭॥
তত ইতি। ধনুষ্মতাং ধনুর্দ্ধরাণাম্। ক্রূরাং দৃঢাম্ ॥১৮॥
ব্যপেতেতি। ব্যপেতহৃদযত্রাসা নির্ভযাঃ। আর্চ্ছৎ অগৃহ্লাৎ ॥১৯॥
যথেতি। প্রভিন্নো মদস্রাবী, ষষ্টিহাযনস্তদৈব তস্য যৌবনাৎ। আযস্তো যত্নবান্ ॥২০॥
তস্মিন্নিতি। তেন স্বকীযেন, নাগেন হস্তিনা ॥২১॥
তমিতি। সন্নিপাতঃ সংঘর্ষো যুদ্ধমিতি যাবৎ ॥২২॥

মহাবাজ! অর্জ্জুন সেইভাবে আপনার সৈন্য আলোড়ন করিতে লাগিলে, পর্ব্বতসংঘর্ষে নৌকাব ন্যায তাহা ক্রমশঃ বিশীর্ণ হইতে লাগিল ॥১৭॥

তাহার পব বীর দশ হাজাব ধনুর্দ্ধব যুদ্ধে জয়-পরাজয়বিষয়ে দৃঢ় বুদ্ধি করিয়া প্রতিনিবৃত্ত হইলেন ॥১৮॥

সেই মহাবথেরা নির্ভয়চিত্তে অর্জ্জুনকে পবিবেষ্টন কবিলেন। তখন সমস্ত-ভারসহিষ্ণু অর্জ্জুনও যুদ্ধে সেই গুরুতব ভাব গ্রহণ কবিলেন ॥১৯॥

ক্রমে মদস্রাবী, ষষ্টিবর্ষবযস্ক ও ক্রুদ্ধ হস্তী যেমন নলবন মর্দ্দন করে, সেইরূপ অর্জ্জুন সযত্নে আপনাব সৈন্য মর্দ্দন করিতে লাগিলেন ॥২০॥

অর্জ্জুন সেই সৈন্য আলোড়ন করিতে লাগিলে, ভগদত্তরাজা নিজেব সেই হস্তীতে আরোহণ করিয়া বেগে অর্জ্জুনেব দিকে ধাবিত হইলেন ॥২১॥

পরে বথাবোহী নবশ্রেষ্ঠ অর্জ্জুন তাঁহাকে গ্রহণ কবিলেন। তখন বথ ও হস্তীব তুমুল সংঘর্ষ হইতে লাগিল ॥২২॥

---

(১৯) ব্যপেতহৃদয়ত্রাস আপদ্ধর্ম্মাতিগো রথঃ—পি ব। (২২)···বভূব নরনাগযোঃ—নি।

কল্পিতাভ্যাং যথাশাস্ত্রং রথেন চ গজেন চ।
সংগ্রামে চেরতুর্বীরৌ ভগদত্তধনঞ্জয়ৌ ॥২৩॥
ততো জীমূতসঙ্কাশান্নাগাদিন্দ্র ইব প্রভুঃ।
অভ্যবর্ষচ্ছরৌঘেণ ভগদত্তো ধনঞ্জয়ম্ ॥২৪॥
স চাপি শরবর্ষং তচ্ছরবর্ষেণ বাসবিঃ।
অপ্রাপ্তমেব চিচ্ছেদ ভগদত্তস্য বীর্য্যবান্ ॥২৫॥
ততঃ প্রাগ্‌জ্যোতিষো রাজা শরবর্ষে নিবারিতে।
সংরক্তনয়নো রোষাৎ পার্থং পুনরবাকিরৎ ॥২৬॥
স তথা শরবর্ষেণ পার্থং সমভিহত্য বৈ।
চোদয়ামাস তং নাগং বধায়াচ্যুতপার্থয়োঃ ॥২৭॥
তমাপতন্তং দ্বিরদং দৃষ্ট্বা ক্রুদ্ধমিবান্তকম্।
চক্রেঽপসব্যং ত্বরিতঃ স্যন্দনেন জনার্দ্দনঃ ॥২৮॥

কল্পিতাভ্যামিতি। কল্পিতাভ্যাং সজ্জিতাভ্যাম্। অত্রাসত্তিক্রমেণান্বয়ঃ ॥২৩॥
তত ইতি। জীমূতসঙ্কাশান্মেঘতুল্যাৎ, নাগাদ্‌গজাৎ, প্রভুঃ রাজা ॥২৪॥
স ইতি। বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবিরর্জ্জুনঃ। অপ্রাপ্তমনাগতমেব ॥২৫॥
তত ইতি। নিবারিতে পার্থেন। অবাকিরৎ শরবর্ষৈরেবাবৃণোৎ ॥২৬॥
স ইতি। চোদযামাস প্রেরয়ামাস, নাগং হস্তিনম্ ॥২৭॥
তমিতি। দ্বিরদং হস্তিনম্। অপসব্যং বামবর্ত্তিনম্, স্যন্দনেন রথেন ॥২৮॥

ক্রমে বীর ভগদত্ত ও অর্জ্জুন শাস্ত্র অনুসারে সজ্জিত হস্তী ও রথে সমরাঙ্গনে বিচরণ করিতে থাকিলেন ॥২৩॥

তাহার পর ইন্দ্রের ন্যায় ভগদত্তরাজা মেঘতুল্য সেই হস্তীর পৃষ্ঠ হইতেই অর্জ্জুনের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥২৪॥

ভগদত্তের সেই বাণসমূহ না আসিতেই, বলবান্ অর্জ্জুন বাণবর্ষণ করিয়া সেগুলিকে ছেদন করিলেন ॥২৫॥

অর্জ্জুন বাণবর্ষণ নিবারণ করিলে, ভগদত্তরাজা ক্রোধে আরক্তনয়ন হইয়া পুনরায় বাণবর্ষণ করিয়া অর্জ্জুনকে আবৃত করিয়া ফেলিলেন ॥২৬॥

ক্রমে ভগদত্ত বাণবর্ষণদ্বারা সেইভাবে অর্জ্জুনকে তাড়ন করিযা কৃষ্ণ ও অর্জ্জুনকে বধ করিবার জন্য সেই হাতীটাকে চালাইয়া দিলেন ॥২৭॥

---

(২৬) ততঃ প্রাগ্‌জ্যোতিষো রাজা শরবর্ষং নিবার্য্য তৎ। শরৈর্জঘ্নে মহাবাহুঃ পার্থং কৃষ্ণঞ্চ মারিষ! ॥—পি বা ব। (২৭) ততঃ স শরজালেন মহতাভ্যবকীর্য্য তৌ—পি বা ব।

তং প্রাপ্তমপি নেয়েষ পরাবৃত্তং মহাদ্বিপম্ ।
সারোহং মৃত্যুসাৎ কর্ত্তুং স্মরন্ ধর্ম্মং ধনঞ্জয়ঃ ॥২৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
সংশপ্তকবধে ভগদত্তযুদ্ধে ষড়্‌বিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

সপ্তবিংশোঽধ্যায়ঃ ।

—:*:—

ধৃতরাষ্ট্র উবাচ ।
তথা ক্রুদ্ধঃ কিমকরোদ্ভগদত্তস্য পাণ্ডবঃ ।
প্রাগ্‌জ্যোতিষো বা পার্থস্য তন্মে শংস যথাতথম্ ॥ ১॥
সঞ্জয় উবাচ ।
প্রাগ্‌জ্যোতিষেণ সংসক্তাবুভৌ দাশার্হপাণ্ডবৌ ।
মৃত্যোর্দংষ্ট্রান্তিকং প্রাপ্তৌ সর্বভূতানি মেনিরে ॥২॥

তমিতি । ধর্ম্মম্ "সমাভাগ্য প্রহর্ত্তব্যম্" ইতি পূর্বকৃতপ্রতিজ্ঞানিয়মম্ ॥২৯॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে
ষড়্‌বিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তথেতি । সঞ্জয়োক্তিপ্রতিবন্ধাভাবেঽপি ধৃতরাষ্ট্রস্যাবেগাতিরেকাৎ পুনরাদেশঃ ॥১॥

ক্রুদ্ধ যমের ন্যায় সেই হাতীটাকে আসিতে দেখিয়া কৃষ্ণ সত্বর রথখানাকে চালাইয়া তাহাকে বামদিগ্‌বর্ত্তী করিলেন ॥২৮॥

সেই মহাহস্তীটা ফিরিয়া উপস্থিত হইলেও অর্জ্জুন পূর্বপ্রতিজ্ঞা স্মরণ করিয়া আরোহীর সহিত তাহাকে বধ করিবার ইচ্ছা করিলেন না" ॥২৯॥

—:*:—

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়! অর্জ্জুন সেইরূপ ক্রুদ্ধ হইয়া ভগদত্তের কি করিল, ভগদত্তই বা অর্জ্জুনের কি করিলেন, তাহা আমার নিকট যথাযথভাবে বল" ॥১॥

---

(২৯) ইতঃ পরম্ 'স তু নাগো দ্বিপরথান্ হয়াংশ্চমৃদ্য মারিষ ।। প্রাহিণোদ্‌যমলোকায় ততঃ ক্রুদ্ধো ধনঞ্জয়ঃ ॥' অযং শ্লোকোঽধিকঃ - পি বা ব। * '...সপ্তবিংশোঽধ্যায়ঃ' ব, '...অষ্টাবিংশোঽধ্যায়ঃ' বা রা নি ।

তথা তু শরবর্ষাণি পাতয়ত্যনিশং প্রভো ! ।
গজস্কন্ধান্মহারাজ ! কৃষ্ণয়োঃ স্যন্দনস্থয়োঃ ॥৩॥
অথ কার্ষ্ণায়সৈর্বাণৈঃ পূর্ণকার্ম্মুকনিঃসৃতৈঃ ।
অবিধ্যদ্দেবকীপুত্ত্রং হেমপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ॥৪॥
অগ্নিস্পর্শসমাস্তীক্ষ্ণা ভগদত্তেন চোদিতাঃ ।
নির্ভিদ্য দেবকীপুত্ত্রং ক্ষিতিং জগ্মুঃ সুবাসসঃ ॥৫॥
তস্য পার্থো ধনুশ্ছিত্ত্বা পরিবারং নিহত্য চ ।
লালয়ন্নিব রাজানং ভগদত্তমযোধয়ৎ ॥৬॥
সোঽর্করশ্মিনিভাংস্তীক্ষ্ণাংস্তোমরান্ বৈ চতুর্দ্দশ ।
প্রৈষয়ৎ সব্যসাচী তু ত্রিধৈকৈকমথাচ্ছিনৎ ॥৭॥

প্রাগিতি। সংসক্তৌ মিলিতৌ, দাশার্হপাণ্ডবৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥২॥
তথেতি। পাতয়তীত্যতীতসামীপ্যে বর্ত্তমানা। কৃষ্ণয়োঃ কৃষ্ণার্জ্জুনয়োঃ ॥৩॥
অথেতি। কার্ষ্ণায়সৈর্লৌহসারময়ৈঃ। শিলায়াং শিতৈর্ঘর্ষণেন সুধারীকৃতৈঃ ॥৪॥
অগ্নীতি। চোদিতাঃ ক্ষিপ্তাঃ। শোভনানি বাসাংসি কঙ্কপক্ষা যেষু তে ॥৫॥
তস্যেতি। পরিবারং পরিজনম্। লালয়ন্নিব অদৃঢ়প্রহারাদিত্যাশয়ঃ ॥৬॥
স ইতি। অর্করশ্মিনিভান্ নির্ম্মলান্। সব্যসাচী অর্জ্জুনঃ ॥৭॥

সঞ্জয় বলিলেন—"কৃষ্ণ ও অর্জ্জুন দুই জনই ভগদত্তের সহিত মিলিত হইয়া যেন মৃত্যুর দন্তের নিকটে গিয়াছেন বলিয়া সকলে মনে করিতে লাগিল ॥২॥

প্রভু! মহারাজ! ভগদত্ত গজস্কন্ধ হইতে রথস্থিত কৃষ্ণ ও অর্জ্জুনের উপরে অনবরত বাণবর্ষণ করিতে থাকিলেন ॥৩॥

তাহার পর তিনি—স্বর্ণপুঙ্খ, শিলাশাণিত, লৌহসার-(ইস্পাত) নির্ম্মিত ও পূর্ণাকৃষ্ট কার্ম্মুকনির্গত বাণসমূহদ্বারা কৃষ্ণকে বিদ্ধ করিলেন ॥৪॥

ভগদত্তনিক্ষিপ্ত, অগ্নিসমস্পর্শ, সুন্দরকঙ্কপক্ষযুক্ত তীক্ষ্ণ বাণ সকল যাইয়া কৃষ্ণের দেহ ভেদ করিয়া ভূমিতে প্রবেশ করিতে লাগিল ॥৫॥

তখন অর্জ্জুন ভগদত্তের ধনু ছেদন ও পরিজন বিনাশ করিয়া লালন করিতে থাকিয়াই যেন ভগদত্তরাজাকে প্রহার করিতে লাগিলেন ॥৬॥

ক্রমে ভগদত্ত সূর্য্যরশ্মির ন্যায় নির্ম্মল ও তীক্ষ্ণ চৌদ্দটা তোমর নিক্ষেপ করিলেন; কিন্তু অর্জ্জুন তাহার এক একটাকে তিন তিন খণ্ডে ছেদন করিলেন ॥৭॥

---

(৩)...ভগদত্তো গজস্কন্ধাৎ—পি ব। (৭)...অপ্রেষয়ৎ সব্যসাচী—বা নি।

ততো নাগস্য তদ্বর্ম্ম ব্যধমৎ পাকশাসনিঃ।
শরজালেন মহতা তদ্ব্যশীর্য্যত ভূতলে ॥৮॥
বিশীর্ণবর্ম্মা স গজঃ শরৈঃ সুভৃশমর্দ্দিতঃ।
বভৌ ধারানিপাতাক্তো ব্যভ্রঃ পর্ব্বতরাড়িব ॥৯॥
ততঃ প্রাগ্‌জ্যোতিষঃ শক্তিং হেমদণ্ডাময়স্ময়ীম্।
ব্যসৃজদ্বাসুদেবায় দ্বিধা তামর্জ্জুনোঽচ্ছিনৎ ॥১০॥
ততশ্ছত্রং ধ্বজঞ্চৈব ছিত্ত্বা রাজ্ঞোঽর্জ্জুনঃ শরৈঃ।
বিব্যাধ দশভিস্তূর্ণমুৎস্ময়ন্ পর্ব্বতেশ্বরম্ ॥১১॥
সোঽতিবিদ্ধোঽর্জ্জুনশরৈঃ সুপুঙ্খৈঃ কঙ্কপত্রিভিঃ।
ভগদত্তস্ততঃ ক্রুদ্ধঃ পাণ্ডবস্য জনাধিপঃ ॥১২॥
ব্যসৃজত্তোমরান্ মূর্দ্ধ্নি শ্বেতাশ্বস্যোন্ননাদ চ।
তৈরর্জ্জুনস্য সমরে কিরীটং পরিবর্ত্তিতম্ ॥১৩॥ (যুগ্মকম্)

তত ইতি। নাগস্য ভগদত্তগজস্য, ব্যধমৎ অচ্ছিনৎ। ব্যশীর্য্যত অপতৎ ॥৮॥
বিশীর্ণেতি। ধারানিপাতাক্তো বারিধারাপতনেন সিক্তঃ, ব্যভ্রো বিগতমেঘঃ ॥৯॥
তত ইতি। অয়স্ময়ীং লৌহময়ীম্ ॥১০॥
তত ইতি। উৎস্ময়ন উৎকর্ষেণ স্ময়মান ঈষদ্ধসন্ ॥১১॥
স ইতি। কঙ্কপত্রিভিঃ কঙ্কপক্ষিপক্ষযুক্তৈঃ। শ্বেতাশ্বস্য অর্জ্জুনস্য ॥১২—১৩॥

তাহার পর অর্জ্জুন বিশাল শরজালদ্বারা সেই হাতীটার বর্ম্মটাকে কাটিয়া ফেলিলেন; তখন সে বর্ম্মটা ভূতলে পড়িয়া গেল ॥৮॥

পরে বর্ম্মবিহীন সেই হাতীটা অর্জ্জুনের বাণে অত্যন্তপীড়িত হইতে থাকিয়া জলধারানিষিক্ত মেঘবিহীন পর্ব্বতশ্রেষ্ঠের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥৯॥

তদনন্তর ভগদত্ত কৃষ্ণের উপরে একটা স্বর্ণদণ্ড ও লৌহময় শক্তি নিক্ষেপ করিলেন; তখন অর্জ্জুন সেটাকে দুই খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন ॥১০॥

তৎপরে অর্জ্জুন ঈষৎ হাস্য করিয়া ভগদত্তের ছত্র ও ধ্বজ ছেদন করিয়া দশটা বাণদ্বারা সত্বর তাঁহাকে বিদ্ধ করিলেন ॥১১॥

তাহার পর ভগদত্তরাজা অর্জ্জুনের সেই সুপুঙ্খ ও কঙ্কপক্ষযুক্ত বাণে অত্যন্ত-বিদ্ধ ও ক্রুদ্ধ হইয়া অর্জ্জুনের মস্তকে বহুতর তোমর নিক্ষেপ করিলেন ও সিংহনাদ করিয়া উঠিলেন। ক্রমে সেই তোমরগুলি যাইয়া অর্জ্জুনের কিরীটটাকে পরিবর্ত্তিত করিল (উল্টাইয়া ফেলিল) ॥১২—১৩॥

পরিবৃত্তং কিরীটং তদ্‌যময়ন্নেব পাণ্ডবঃ।
সুদৃষ্টঃ ক্রিয়তাং লোক ইতি রাজানমব্রবীৎ ॥১৪॥
এবমুক্তস্তু সংক্রুদ্ধঃ শরবর্ষেণ পাণ্ডবম্।
অভ্যবর্ষৎ স গোবিন্দং ধনুরাদায় ভাস্বরম্ ॥১৫॥
তস্য পার্থো ধনুশ্ছিত্ত্বা তূণীরান্ সন্নিকৃত্য চ।
ত্বরমাণো দ্বিসপ্তত্যা সর্ব্বমর্ম্মস্বতাড়য়ৎ ॥১৬॥
বিদ্ধস্ততোঽতিব্যথিতো বৈষ্ণবাস্ত্রমুদীরয়ন্।
অভিমন্ত্র্যাঙ্কুশং ক্রুদ্ধো ব্যসৃজৎ পাণ্ডবোরসি ॥১৭॥
বিসৃষ্টং ভগদত্তেন তদস্ত্রং সর্ব্বঘাতি বৈ।
উরসা প্রতিজগ্রাহ পার্থং সংছাদ্য কেশবঃ ॥১৮॥
বৈজয়ন্ত্যভবন্মালা তদস্ত্রং কেশবোরসি।
ততোঽর্জ্জুনঃ ক্লান্তমনাঃ কেশবং প্রত্যভাষত ॥১৯॥

পরীতি। যময়ন যথাস্থানং বধ্নন্। সুদৃষ্টঃ ক্রিয়তাম্, নাতঃ পরং দৃশ্যেতেতি ভাবঃ ॥১৪॥
এবমিতি। সংক্রুদ্ধো ভগদত্তঃ। পাণ্ডবমর্জ্জুনম্। ভাস্বরমুজ্জ্বলম্ ॥১৫॥
তস্যেতি॥ সন্নিকৃত্য সম্যক্ ছিত্ত্বা। দ্বিসপ্তত্যা বাণৈঃ ॥১৬॥
বিদ্ধ ইতি। উদীরয়ন্ নিক্ষিপন্। অভিমন্ত্র্য মন্ত্রেণাঙ্কুশ এব বৈষ্ণবাস্ত্রমারোপ্য ॥১৭॥
বিসৃষ্টমিতি। উরসা বক্ষসা। সংছাদ্য পৃষ্ঠেনাবৃত্য ॥১৮॥

অর্জ্জুন সেই কিরীটটাকে যথাস্থানে সন্নিবেশিত করিতে করিতে ভগদত্তকে বলিলেন—'আপনি জগৎটাকে ভাল করিয়া দেখিয়া নিন্' ॥১৪॥

অর্জ্জুন এইরূপ বলিলে, ভগদত্ত অত্যন্ত ক্রুদ্ধ হইয়া উজ্জ্বল একখানা ধনু লইয়া অর্জ্জুন ও কৃষ্ণের উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥১৫॥

তখন অর্জ্জুন ত্বরান্বিত হইয়া ভগদত্তের ধনু ও তূণীর ছেদন করিয়া দ্বিসপ্ততি বাণদ্বারা তাঁহার সমস্ত মর্ম্মস্থানে পীড়ন করিলেন ॥১৬॥

তৎপরে ভগদত্ত অত্যন্ত বিদ্ধ, ব্যথিত ও ক্রুদ্ধ হইয়া বৈষ্ণবাস্ত্র নিক্ষেপ করিবেন বলিয়া মন্ত্রপাঠপূর্ব্বক অঙ্কুশে বৈষ্ণবাস্ত্র আরোপ করিয়া তাহা অর্জ্জুনের বক্ষে নিক্ষেপ করিলেন ॥১৭॥

ভগদত্ত সর্ব্বসংহারক সেই বৈষ্ণবাস্ত্র নিক্ষেপ করিলে, কৃষ্ণ পৃষ্ঠদ্বারা অর্জ্জুনকে আবৃত করিয়া নিজবক্ষে সেই অস্ত্র গ্রহণ করিলেন ॥১৮॥

---

(১৪)···যময়ন্নেব ফাল্গুনঃ—পি। (১৯) অস্য পূর্ব্বার্দ্ধাৎ পরমিদং শ্লোকদ্বয়মধিকম্—বা ব নি। তদ্‌যথা—

পদ্মকোশবিচিত্রাঢ্যা সর্ব্বত্র কুসুমোৎকটা। জ্বলনার্কেন্দুবর্ণাভা পাবকোজ্জ্বলপল্লবা ॥
তয়া পদ্মপলাশিন্যা বাতকম্পিতপত্রয়া। শুশুভেঽভ্যধিকং সৌরিরতসীপুষ্পসন্নিভঃ ॥

অযুধ্যমানস্তুরগান্ সংযন্তাস্মি তবানঘ! ।
ইত্যুক্ত্বা পুণ্ডরীকাক্ষ। প্রতিজ্ঞাং স্বাং ন রক্ষসি ॥২০॥
যদ্যহং ব্যসনী বা স্যামশক্তো বা নিবারণে।
ততস্ত্বয়ৈবং কার্য্যং স্যান্ন তু কার্য্যং ময়ি স্থিতে ॥২১॥
সবাণঃ সধনুশ্চাহং সসুরাসুরমানুষান্।
শক্তো লোকানিমান্ জেতুং তচ্চাপি বিদিতং তব ॥২২॥
ততোঽর্জ্জুনং বাসুদেবঃ প্রত্যুবাচার্থবদ্বচঃ।
শৃণু গুহ্যমিদং পার্থ। পুরাবৃত্তং যথানঘ! ॥২৩॥
চতুর্মূর্ত্তিরহং শশ্বল্লোকত্রাণার্থমুদ্যতঃ।
আত্মানং প্রবিভজ্যেহ লোকানাং হিতমাদধে ॥২৪॥

বৈজয়ন্তীতি। বৈজয়ন্তী স্বর্গীয়া তদাখ্যা বা। ক্লান্তমনা দুঃখিতচিত্তঃ ॥১৯॥
অযুধ্যেতি। সংযন্তাস্মি চালয়িষ্যামি। ন রক্ষসি, ইদানীং তদধিককরণাৎ ॥২০॥
যদীতি। ব্যসনী অন্যবিষযাসক্তচিত্তঃ। কার্য্যং কর্ত্তব্যম্। ময়ি সতর্কে সমর্থে চ ॥২১॥
সবাণ ইতি। অতস্তবেদৃশকরণং নোচিতং জাতম্, মম ন্যূনতাপ্রকাশাদিতি ভাবঃ ॥২২॥
তত ইতি। অর্থবৎ যুক্তিযুক্তম্। গুহ্যং গুপ্তম্ ॥২৩॥
চতুরিতি। শশ্বৎ সর্ব্বদা। আদধে জনয়ামি ॥২৪॥

তখন সেই বৈষ্ণবাস্ত্র যাইয়া কৃষ্ণের বক্ষে বৈজয়ন্তী মালা হইল। তৎপরে অর্জ্জুন ক্ষুণ্ণচিত্ত হইয়া কৃষ্ণকে বলিলেন—॥১৯॥

'নিষ্পাপ পুণ্ডরীকাক্ষ! তুমি যুদ্ধের পূর্ব্বে বলিযাছিলে—'আমি যুদ্ধ করিব না, কেবল তোমার অশ্বগণকে সঞ্চালন করিব'। কিন্তু এখন নিজের সেই প্রতিজ্ঞা রক্ষা করিলে না!' ॥২০॥

কৃষ্ণ! আমার মন যদি অন্য বিষয়ে থাকিত, কিংবা আমি যদি এই অস্ত্র নিবারণ করিতে অসমর্থ হইতাম, তাহা হইলেই তোমার এইরূপ করা উচিত হইত, কিন্তু আমি সতর্ক ও সমর্থ থাকিতে তোমার একপ করা উচিত হয নাই ॥২১॥

আমি ধনুর্বাণসমন্বিত হইয়া দেবতা, অসুর ও মানুষযুক্ত এই ত্রিভুবন জয় করিতেও সমর্থ হই; তাহাও তোমার জানা আছে' ॥২২॥

তাহার পর কৃষ্ণ অর্জ্জুনকে এই যুক্তিযুক্ত কথা বলিলেন—'নিষ্পাপ অর্জুন! পূর্ব্বে যাহা ঘটিযাছিল, সেই গুপ্ত বৃত্তান্ত এই শ্রবণ কর—॥২৩॥

আমার চারিটী মূর্ত্তি, তাহা দ্বারা আমি লোকরক্ষার জন্য প্রস্তুত থাকি।

---

(২১)…অশক্তো বা বিধারণে—পি।

একা মূর্ত্তিস্তপশ্চর্য্যাং কুরুতে মে ভুবি স্থিতা।
অপরা পশ্যতি জগৎ কুর্ব্বাণং সাধ্বসাধুনী ॥২৫॥
অপরা কুরুতে কর্ম্ম মানুষং লোকমাশ্রিতা।
শেতে চতুর্থী ত্বপরা নিদ্রাং বর্ষসহস্রিকাম্ ॥২৬॥
যাসৌ বর্ষসহস্রান্তে মূর্ত্তিরুত্তিষ্ঠতে মম।
বরার্হেভ্যো বরান্ শ্রেষ্ঠাংস্তস্মিন্ কালে দদাতি সা ॥২৭॥
তন্তু কালমনুপ্রাপ্তং বিদিত্বা পৃথিবী তদা।
অযাচত বরং যন্মাং নরকার্থায় তচ্ছৃণু ॥২৮॥
দেবানাং দানবানাঞ্চ অবধ্যস্তনয়োঽস্তু মে।
উপেতো বৈষ্ণবাস্ত্রেণ তন্মে ত্বং দাতুমর্হসি ॥২৯॥
এবং বরমহং শ্রুত্বা জগত্যাস্তনয়ে তদা।
অমোঘমস্ত্রং প্রায়চ্ছং বৈষ্ণবং পরমং পুরা ॥৩০॥

একেতি। একা নারায়ণরূপা। ভুবি বদরিকাশ্রমভূমৌ। অপরা পরব্রহ্মরূপা ॥২৫॥
অপরেতি। অপরা মৎস্যকূর্ম্মাদ্যবতাররূপা। অপরা জলশায়িন্যনন্তরূপা ॥২৬॥
যেতি। যাসৌ জলশায়িনী। উত্তিষ্ঠতে নিদ্রাতো জাগর্ত্তি ॥২৭॥
তমিতি। অনুপ্রাপ্তমুপস্থিতম্। নরকো নাম পৃথিব্যা এব পুত্রস্তদর্থায় ॥২৮॥
দেবানামিতি। তনযো নরকঃ। তদ্বৈষ্ণবাস্ত্রম্ ॥২৯॥

আমি আমার একই মূর্ত্তিকে চারিভাগে বিভক্ত করিয়া লোকের হিতসাধন করি ॥২৪॥

আমার একটী মূর্ত্তি (নারায়ণরূপা) বদরিকাশ্রমে থাকিয়া তপস্যা করে, দ্বিতীয় মূর্ত্তি (পরব্রহ্মরূপা) জগতের ভাল-মন্দ কার্য্য দর্শন করে ॥২৫॥

তৃতীয় মূর্ত্তি (মৎস্য-কূর্ম্মাদি অবতাররূপা) মনুষ্যলোকে থাকিয়া কার্য্য করে এবং চতুর্থী মূর্ত্তি (জলশায়িনী অনন্তরূপা) সহস্রবৎসরব্যাপিনী নিদ্রা অবলম্বন করিয়া সমুদ্রে শয়িত থাকে ॥২৬॥

ঐ যে চতুর্থী মূর্ত্তি সহস্র বৎসরের পরে গাত্রোত্থান করে, সেই মূর্ত্তিই সেই সময়ে বরদানযোগ্য লোকদিগকে উত্তম উত্তম বর দিয়া থাকে ॥২৭॥

সেই সময় উপস্থিত হইয়াছে জানিয়া পৃথিবী তখন নিজপুত্র নরকের জন্য আমার নিকট যে বর চাহিয়াছিলেন, তাহা শ্রবণ কর ॥২৮॥

'ভগবন্! আমার পুত্র নরক বৈষ্ণবাস্ত্রসম্পন্ন হইয়া দেবগণ ও দানবগণের অবধ্য হউক; আপনি আমাকে সেই অস্ত্র দান করুন' ॥২৯॥

---

(২৬)···বর্ষসহস্রিকীম্—বা ব নি। (২৮)···প্রাযাচত বরম্—পি।

অবোচঞ্চৈতদস্ত্রং বৈ হ্যমোঘং ভবতু ক্ষমে!।
নরকস্যাভিরক্ষার্থং নৈনং কশ্চিদ্বধিষ্যতি ॥৩১॥
অনেনাস্ত্রেণ তে গুপ্তঃ সুতঃ পরবলার্দ্দনঃ।
ভবিষ্যতি দুরাধর্ষঃ সর্ব্বলোকেষু সর্ব্বদা ॥৩২॥
তথেত্যুক্ত্বা গতা দেবী কৃতকামা মনস্বিনী।
স চাপ্যাসীদ্দুরাধর্ষো নরকঃ শত্রুতাপনঃ ॥৩৩॥
তস্মাৎ প্রাগ্‌জ্যোতিষং প্রাপ্তং তদস্ত্রং পার্থ! মামকম্।
নাস্যাবধ্যোঽস্তি লোকেষু সেন্দ্ররুদ্রেষু মারিষ! ॥৩৪॥
তন্ময়া ত্বৎকৃতেনৈতদন্যথা ব্যপনায়িতম্।
বিমুক্তং পরমাস্ত্রেণ জহি পার্থ! মহাসুরম্ ॥৩৫॥

এবমিতি। জগত্যাঃ পৃথিব্যাঃ, তনয়ে নরকে। প্রায়চ্ছং প্রদত্তবান্ ॥৩০॥
অবোচমিতি। হে ক্ষমে! পৃথিবি!। এনং নরকম্, বধিষ্যতি হন্তুং শক্ষ্যতি ॥৩১॥
অনেনেতি। গুপ্তো রক্ষিতঃ। পরবলার্দ্দনঃ শত্রুসৈন্যপীডকো ভবিষ্যতি ॥৩২॥
তথেতি। দেবী পৃথিবী, কৃতকামা সম্পাদিতাভীষ্টা ॥৩৩॥
তস্মাদিতি। তস্মাৎ নরকাৎ। হে মারিষ! আর্য্য! মহাবীরত্বান্মাননীয়! ॥৩৪॥

আমি তখন পৃথিবীর পুত্র নবকের বিষয়ে এইরূপ বব শ্রবণ করিয়া উত্তম ও অব্যর্থ বৈষ্ণবাস্ত্র পৃথিবীকে দান করিযাছিলাম ॥৩০॥

এবং বলিযাছিলাম যে, ‘পৃথিবি! তোমাব পুত্র নবককে সর্ব্বতোভাবে বক্ষা কবিবার জন্য আমার এই বৈষ্ণবাস্ত্র তাহার হউক; উহাকে কেহ বধ কবিতে পারিবে না ॥৩১॥

তোমার পুত্র আমার এই অস্ত্রদ্বারা বক্ষিত হইযা সমস্ত লোকে সর্ব্বদাই শত্রুসৈন্যপীড়ক ও দুর্দ্ধর্ষ হইবে’ ॥৩২॥

‘তাহাই হউক’ এই কথা বলিয়া মনস্বিনী পৃথিবীদেবী অভীষ্টলাভ কবিযা চলিয়া গেলেন; তাঁহার পুত্র সেই নরকও শত্রুপীড়ক ও দুর্দ্ধর্ষ হইল ॥৩৩॥

মাননীয় অর্জ্জুন! ভগদত্তরাজা সেই নবকাসুবের নিকট হইতে আমার সেই বৈষ্ণবাস্ত্র লাভ করিয়াছিলেন। ইন্দ্রলোক ও রুদ্রলোকপ্রভৃতি সমস্ত লোকেই এই অস্ত্রেব অবধ্য কেহ নাই ॥৩৪॥

অতএব আমি তোমাকে বক্ষা কবিবার জন্যই সেই বৈষ্ণবাস্ত্রকে অন্যরূপে পরিণত করিলাম। সুতরাং অর্জ্জুন! ভগদত্ত এখন পবমাস্ত্রবিহীন হইযাছেন, এই সমযে ঐ মহাসুবকে বধ কর ॥৩৫॥

---

(৩৫)···অন্যথৈবোপনির্ম্মিতম্···বিমুক্তম্—নি।

বৈরিণং জহি দুর্দ্ধর্ষং ভগদত্তং সুরদ্বিষম্ ।
যথাহং জঘ্নিবান্ পূর্ব্বং হিতার্থং নরকং তথা ॥৩৬॥
এবমুক্তস্তদা পার্থঃ কেশবেন মহাত্মনা ।
ভগদত্তং শিতৈর্বাণৈঃ সহসা সমবাকিরৎ ॥৩৭॥
ততঃ পার্থো মহাবাহুরসংভ্রান্তো মহামনাঃ ।
কুম্ভয়োরন্তরে নাগং নারাচেন সমার্পয়ৎ ॥৩৮॥
স সমাসাদ্য তং নাগং বাণো বজ্র ইবাচলম্ ।
অভ্যগাৎ সহ পুঙ্খেন বল্মীকমিব পন্নগঃ ॥৩৯॥
স তু বিষ্টভ্য গাত্রাণি দন্তাভ্যামবনীং যযৌ ।
নদন্নার্ত্তস্বরং প্রাণানুৎসসর্জ্জ মহাদ্বিপঃ ॥৪০॥

তদিতি । ত্বৎকৃতেন ত্বন্নিমিত্তেন তব রক্ষার্থমিত্যর্থঃ, ব্যপনাযিতং পরিণমিতম্ ॥৩৫॥
বৈরিণমিতি । সুরদ্বিষং দেবদ্বেষিণম্ । অতএব মহাসুরমিত্যুক্তম্ ॥৩৬॥
এবমিতি । শিতৈঃ শিলাশাণিতৈঃ । সমবাকিরৎ সমাবৃণোৎ ॥৩৭॥
তত ইতি । অসংভ্রান্তঃ অবিচলিতচিত্তঃ । অন্তরে মধ্যে । সমার্পয়দপীড়যৎ ॥৩৮॥
স ইতি । অচলং পর্ব্বতম্ । বল্মীকম্ উয়ীমৃত্তিকাম্ ॥৩৯॥
স ইতি । বিষ্টভ্য বিস্তার্য্য । যযৌ পস্পর্শ । আর্ত্তস্বরং যথা স্যাত্তথা ॥৪০॥

আমি যেমন পূর্ব্বে জগতেব হিতের জন্য নবকাসুরকে বধ করিযাছিলাম, তুমিও এখন সেইরূপ শত্রু, দুর্দ্ধর্ষ ও দেবদ্বেষী ভগদত্তকে বধ কর' ॥৩৬॥

মহাত্মা কৃষ্ণ এইরূপ বলিলে, তখন অর্জ্জুন নিশিত শরসমূহদ্বারা ভগদত্তকে আবৃত করিযা ফেলিলেন ॥৩৭॥

তাহার পর মহাবাহু ও মহামনা অর্জ্জুন অবিচলিতচিত্তে একটা নারাচদ্বাবা ভগদত্তহস্তীব কুম্ভদ্বয়ের মধ্যদেশে আঘাত কবিলেন ॥৩৮॥

তখন বজ্র যেমন পর্ব্বতেব মধ্যে এবং সাপ যেমন উযীর মাটীর ভিতরে প্রবেশ করে, সেইরূপ সেই নারাচটা যাইযা পুঙ্খদেশের সহিতই হাতীটার দেহের ভিতরে প্রবেশ করিল ॥৩৯॥

---

(৩৬) বৈরিণং যুধি দুর্দ্ধর্ষম্—পি ব। (৩৭)···ততঃ পার্থঃ—পি। (৩৯) ইতঃ পরম্ 'স করী ভগদত্তেন প্রের্য্যমাণো মুহুর্মুহুঃ। ন করোতি বচস্তস্য দরিদ্রস্যেব যোষিতা॥' শ্লোকোঽয়মধিকঃ—বা ব নি। (৪০)···নদন্নার্ত্তস্বনম্—নি। ইতঃ পরম্—
'ততো গাণ্ডীবধন্বানমভ্যভাষত কেশবঃ। অযং মহত্তরঃ পার্থ! পলিতেন সমাবৃতঃ ॥
বলীসংছন্ননয়নঃ শূরঃ পরমদুর্জ্জয়ঃ। অক্ষ্ণোরুন্মীলনার্থায বদ্ধপট্টো হ্যসৌ নৃপঃ ॥
দেববাক্যাৎ প্রচিচ্ছেদ শরেণ ভৃশমর্জ্জুনঃ। ছিন্নমাত্রেঽংশুকে তস্মিন্ রুদ্ধনেত্রো বভূব সঃ।
তমোময়ং জগন্মেনে ভগদত্তঃ প্রতাপবান্ ॥' ইতি সার্দ্ধশ্লোকত্রয়মধিকম্—বা ব নি।

ততশ্চন্দ্রার্দ্ধবিম্বেন বাণেনানতপর্ব্বণা।
বিভেদ হৃদয়ং রাজ্ঞো ভগদত্তস্য পাণ্ডবঃ ॥৪১॥।
স ভিন্নহৃদযো রাজা ভগদত্তঃ কিরীটিনা।
শরাসনং শরাংশ্চৈব গতাসুঃ প্রমুমোচ হ ॥৪২॥
শিরসস্তস্য বিভ্রষ্টং পপাত চ বরাংশুকম্।
নালতাড়নবিভ্রষ্টং পলাশং নলিনাদিব ॥৪৩॥
স হেমমালী তপনীযভাণ্ডাৎ পপাত নাগাদ্‌গিরিসন্নিকাশাৎ।
সুপুষ্পিতো মারুতবেগভগ্নো মহীধরাগ্রাদিব কর্ণিকারঃ ॥৪৪॥
নিহত্য তং নরপতিমিন্দ্রবিক্রমং সখায়মিন্দ্রস্য তদৈন্দ্রিরাহবে।
ততোঽপরাংস্তব জয়কাঙ্ক্ষিণো নরান্ বভঞ্জ বায়ুর্ব্বলবান্ দ্রুমানিব ॥৪৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
সংশপ্তকবধে ভগদত্তবধে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

তত ইতি। চন্দ্রার্দ্ধস্য বিম্বমিব বিম্বং ফলকং যস্য তেন ॥৪১॥
স ইতি। শরাসনং ধনুঃ। গতা অসবঃ প্রাণা যস্য সঃ ॥৪২॥
শিরস ইতি। বরাংশুকম্ উত্তমবসনকৃতোষ্ণীষঃ। পলাশং পত্রম্, নলিনাৎ পদ্মাৎ ॥৪৩॥
স ইতি। হেমমালী স্বর্ণমালাধারী, স ভগদত্তোঽপি, মহীধরস্য পর্ব্বতস্য অগ্রাৎ, মারুতস্য বায়োর্বেগেন ভগ্নঃ, সুপুষ্পিতঃ, কর্ণিকারো বৃক্ষ ইব, গিরিসন্নিকাশাৎ পর্ব্বততুল্যাৎ, তপনীয়ানি স্বর্ণময়ানি ভাণ্ডানি ভূষণানি যস্য তস্মাৎ, নাগাৎ গজাৎ, পপাত ॥৪৪॥

ক্রমে সেই মহাহস্তী দেহ বিস্তৃত করিযা দন্তযুগলদ্বারা ভূতল স্পর্শ করিল এবং আর্ত্তনাদ করিতে করিতে প্রাণত্যাগ করিল ॥৪০॥

তদনন্তর অর্জ্জুন একটা নতপর্ব অর্দ্ধচন্দ্র বাণদ্বারা ভগদত্তরাজার হৃদয বিদীর্ণ করিলেন ॥৪১॥

অর্জ্জুন ভগদত্তরাজার হৃদয বিদীর্ণ করিলে তাঁহার প্রাণ চলিয়া গেল, তখন তিনি ধনু ও বাণ পরিত্যাগ করিলেন ॥৪২॥

এবং নাল (দণ্ড) সঞ্চালন করিলে পদ্ম হইতে যেমন তাহার পত্র স্খলিত হইযা পতিত হয, সেইরূপ ভগদত্তের উত্তমবস্ত্রনির্ম্মিত উষ্ণীষটা তাঁহার মস্তক হইতে স্খলিত হইযা পতিত হইল ॥৪৩॥

ক্রমে বাযুবেগে ভগ্ন সুন্দর পুষ্পসমন্বিত কর্ণিকারবৃক্ষ যেমন পর্ব্বতাগ্র হইতে পতিত হয, স্বর্ণমালাধারী ভগদত্তও তেমন স্বর্ণভূষণে ভূষিত পর্ব্বতপ্রমাণ হস্তী হইতে পতিত হইলেন ॥৪৪॥

---

* '...অষ্টাবিংশোঽধ্যায়ঃ' বা, '... একোনত্রিংশোঽধ্যায়ঃ' বা ন্না নি।

অষ্টাবিংশোঽধ্যায়ঃ।

——:*:——

সঞ্জয় উবাচ।

প্রিয়মিন্দ্রস্য সততং সখায়মমিতৌজসম্।
হত্বা প্রাগ্‌জ্যোতিষং পার্থঃ প্রদক্ষিণমবর্ত্তত ॥১॥
ততো গান্ধাররাজস্য সুতৌ পরপুরঞ্জয়ৌ।
আর্দ্দেতামর্জ্জুনং সংখ্যে ভ্রাতরৌ বৃষকাচলৌ ॥২॥
তৌ সমেত্যার্জ্জুনং বীরৌ পুরঃ পশ্চাচ্চ ধন্বিনৌ।
অবিধ্যেতাং মহাবেগৈর্নিশিতৈরাশুগৈর্ভৃশম্ ॥৩॥
বৃষকস্য হয়ান্ সূতং ধনুশ্ছত্রং রথং ধ্বজম্!
তিলশো ব্যধমৎ পার্থঃ সৌবলস্য শিতৈঃ শরৈঃ ॥৪॥

নিহত্যেতি। ইন্দ্রস্য বিক্রম ইব বিক্রমো যস্য তম্। ঐন্দ্রিরিন্দ্রপুত্রোঽর্জ্জুনঃ ॥৪৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥০॥

———(:*:)———

প্রিয়মিতি। অর্জ্জুনঃ খলু পিতৃপ্রিয়ত্বেন জানন্নপি বীরধর্ম্মত্বাদ্ভগদত্তং জঘানেত্যাশয়ঃ ॥১॥
তত ইতি। পরপুরঞ্জয়ৌ শক্রনগরজয়িনৌ। এতেন মহাবীরাবিতি সূচিতম্ ॥২॥
তাবিতি। পুরঃ অগ্রতঃ। নিশিতৈঃ শিলাশাণিতৈঃ সুধারৈরিত্যর্থঃ ॥৩॥

রাজা! অর্জ্জুন তখন যুদ্ধে ইন্দ্রের তুল্য বিক্রমশালী ও ইন্দ্রের সখা ভগদত্ত-রাজাকে বধ করিয়া, তাহার পর বলবান্ বায়ু যেমন বৃক্ষ ভগ্ন করে, সেইরূপ আপনার জয়াভিলাষী অপর বীরগণকে ভগ্ন (পরাভূত) করিতে লাগিলেন ॥৪৫॥

——:*:——

সঞ্জয় বলিলেন—"সর্ব্বদা ইন্দ্রের প্রিয়সখা এবং অমিততেজা ভগদত্তকে বধ করিয়া অর্জ্জুন কৌরবসৈন্যের দক্ষিণদিকে যাইয়া উপস্থিত হইলেন ॥১॥

তাহার পর গান্ধাররাজের পুত্র শত্রুনগরবিজয়ী বৃষক ও অচলনামে দুই ভ্রাতা যুদ্ধে অর্জ্জুনকে পীড়ন করিতে লাগিলেন ॥২॥

বীর ও ধনুর্দ্ধর সেই দুই ভ্রাতা সম্মুখে ও পশ্চাতে যাইয়া মহাবেগশালী ও সুধার বাণসমূহদ্বারা অর্জ্জুনকে অত্যন্ত বিদ্ধ করিতে থাকিলেন ॥৩॥

---

(২) আর্চ্ছেতামর্জ্জুনং সংখ্যে···পি,···অর্দ্দেতামর্জ্জুনম্—বা নি।

ততোঽর্জ্জুনঃ শরব্রাতৈর্নানাপ্রহরণৈরপি।
গান্ধারানাকুলাংশ্চক্রে সৌবলপ্রমুখান্ পুনঃ ॥৫॥
ততঃ পঞ্চশতান্ বীরান্ গান্ধারানুদ্যতায়ুধান্।
প্রাহিণোন্মৃত্যুলোকায় ক্রুদ্ধো বাণৈর্ধনঞ্জয়ঃ ॥৬॥
হতাশ্বাত্তু রথাত্তূর্ণমবতীর্য্য মহাভুজঃ।
আরুরোহ রথং ভ্রাতুরন্যচ্চ ধনুরাদদে ॥৭॥
তাবেকরথমারূঢ়ৌ ভ্রাতরৌ বৃষকাচলৌ।
শরবর্ষেণ বীভৎসুমবিধ্যেতাং মুহুর্মুহুঃ ॥৮॥
শ্যালৌ তব মহাত্মানৌ রাজানৌ বৃষকাচলৌ।
ভৃশং নিজঘ্নতুঃ পার্থমিন্দ্রং বৃত্রবলাবিব ॥৯॥

বৃষকস্যেতি। সূতং সারথিম্। ব্যধমৎ ব্যনাশয়ৎ, সৌবলস্য সুবলপুত্রস্য ॥৪॥
তত ইতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, প্রহরণৈরস্ত্রৈঃ ॥৫॥
তত ইতি। উদ্যতায়ুধান্ উত্তোলিতাস্ত্রানেব। প্রাহিণোৎ প্রৈরয়ৎ ॥৬॥
হতেতি। মহাভুজো বৃষকঃ। আদদে জগ্রাহ ॥৭॥
তাবিতি। বীভৎসুমর্জ্জুনম্, অবিধ্যেতাম্ অতাড়য়তাম্ ॥৮॥
শ্যালাবিতি। তব ধৃতরাষ্ট্রস্য। নিজঘ্নতুরাজঘ্নতুঃ। বৃত্রো বলশ্চ নামাসুরৌ ॥৯॥

তখন অর্জ্জুন নিশিত শরসমূহদ্বারা সুবলনন্দন বৃষকের অশ্ব, সারথি, ধনু, ছত্র, রথ ও ধ্বজকে তিল তিল করিয়া কাটিয়া ফেলিলেন ॥৪॥

তৎপরে আবার অর্জ্জুন বাণসমূহ ও নানাবিধ অস্ত্রদ্বারা বৃষকপ্রভৃতি গান্ধারদেশীয় বীরগণকে আকুল করিয়া তুলিলেন ॥৫॥

তদনন্তর অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা গান্ধারদেশীয় উত্তোলিতাস্ত্র পঞ্চশত বীরকে যমলোকে প্রেরণ করিলেন ॥৬॥

ওদিকে মহাবাহু বৃষক হতাশ্ব রথ হইতে সত্বর অবতীর্ণ হইয়া যাইয়া ভ্রাতা অচলের রথে আরোহণ করিলেন এবং অন্য ধনু লইলেন ॥৭॥

তখন একরথারূঢ় বৃষক ও অচল দুই ভ্রাতা বাণবর্ষণদ্বারা মুহুর্মুহুঃ অর্জ্জুনকে তাড়ন করিতে লাগিলেন ॥৮॥

মহারাজ! পূর্বে বৃত্রাসুর ও বলাসুর যেমন ইন্দ্রকে আঘাত করিয়াছিল, সেইরূপ আপনার শ্যালক, মহাত্মা ও ক্ষত্রিয় বৃষক এবং অচল অর্জ্জুনকে গুরুতর আঘাত করিতে থাকিলেন ॥৯॥

---

(৯)…ভৃশং বিজঘ্নতুঃ—নি।

লব্ধলক্ষ্যৌ তু গান্ধারাবহতাং পাণ্ডবং পুনঃ।
নৈদাঘবার্ষিকৌ মাসৌ লোকং ঘর্ম্মাংশুভির্যথা ॥১০॥
তৌ রথস্থৌ নরব্যাঘ্রৌ রাজানৌ বৃষকাচলৌ।
সংশ্লিষ্টাঙ্গৌ স্থিতৌ রাজন্। জঘানৈকেষুণার্জ্জুনঃ ॥১১॥
তৌ রথাৎ সিংহসঙ্কাশৌ লোহিতাক্ষৌ মহাভুজৌ।
গতাসূ পেততুর্বীরৌ সোদর্য্যাবেকলক্ষণৌ ॥১২॥
তয়োর্ভূমিং গতৌ দেহৌ রথাদ্বন্ধুজনপ্রিয়ৌ।
যশো দশ দিশঃ পুণ্যঃ গময়িত্বা ব্যবস্থিতৌ ॥১৩॥
দৃষ্ট্বা বিনিহতৌ সংখ্যে মাতুলাবপলায়িনৌ।
ভৃশং মুমুচুরশ্রূণি পুত্রাস্তব বিশাংপতে। ॥১৪॥
নিহতৌ ভ্রাতরৌ দৃষ্ট্বা মায়াশতবিশারদঃ।
কৃষ্ণৌ সম্মোহয়ন্ মায়াং বিদধে শকুনিস্ততঃ ॥১৫॥

লব্ধেতি। লব্ধং লক্ষম্ অর্জ্জুনরূপং শরব্যং যাভ্যাং তৌ। অহতাম্ আহতবন্তৌ। নৈদাঘবার্ষিকৌ আষাঢশ্রাবণৌ। বৃষ্টিসম্বন্ধাত্তয়োরুক্তিঃ। ঘর্ম্মাংশুভিঃ সূর্য্যস্যোষ্ণকিরণৈঃ ॥১০॥
তাবিতি। সংশ্লিষ্টাঙ্গৌ তদানীং পুরঃ পশ্চাদ্বর্ত্তিভাবেন পরস্পরসংযুক্তগাত্রৌ ॥১১॥
তাবিতি। সিংহসঙ্কাশৌ বিক্রমে। গতাসূ নির্গতপ্রাণৌ। একলক্ষণাবেকাকৃতী ॥১২॥
তয়োরিতি। যশঃ মহাবীরেণার্জ্জুনেন সহ যুদ্ধকরণজনিতাং প্রশংসাম্ ॥১৩॥
দৃষ্ট্বেতি। অপলায়িনাবিত্যনেন তয়োস্তেজস্বিত্বং সূচিতম্ ॥১৪॥

আষাঢ় ও শ্রাবণমাস যেমন (বৃষ্টিসহকারে) সূর্য্যের উষ্ণকিরণদ্বারা লোককে সন্তপ্ত করে, সেইরূপ বৃষক ও অচল অর্জ্জুনকে লক্ষ্য পাইয়া (বাণবর্ষণসহকারে) অন্যান্য অস্ত্রের আঘাতদ্বারা বার বার তাঁহাকে সন্তপ্ত করিতে লাগিলেন ॥১০॥

রাজা! ক্রমে নরশ্রেষ্ঠ ও ক্ষত্রিয় বৃষক এবং অচল একরথে থাকিয়া যখন সমসূত্রপাতে পরস্পর সংশ্লিষ্টদেহ হইলেন, তখন অর্জ্জুন একটা বাণদ্বারাই তাঁহাদের দুই জনকে বধ করিলেন ॥১১॥

তখন সিংহের তুল্য বিক্রমশালী, রক্তনয়ন, মহাবাহু, বীর ও একাকৃতি সেই দুই সহোদর প্রাণশূন্য হইয়া রথ হইতে পতিত হইলেন ॥১২॥

বন্ধুজনের প্রিয় তাঁহাদের দেহ দুইটী দশ দিকে যশ প্রচার করিয়া ভূতলে পতিত হইয়া ক্রমে নিস্পন্দ হইয়া রহিল ॥১৩॥

নরনাথ! তখন আপনার পুত্রেরা অপলায়ী মাতুল দুই জনকে যুদ্ধে নিহত দেখিয়া অত্যন্ত অশ্রু মোচন করিলেন ॥১৪॥

(১০)·· ঘর্ম্মাম্বুভির্যথা—বা ব। (১২)···রাজন্। সংপেততুঃ—বা নি।

লগুড়ায়োগুড়াশ্মানঃ শতঘ্ন্যশ্চ সশক্তয়ঃ।
গদাপরিঘনিস্ত্রিংশশূলমুদ্গরপট্টিশাঃ ॥১৬॥
সকম্পনর্ষ্টিনখরা মুষলানি পরশ্বধাঃ।
ক্ষুরাঃ ক্ষুরপ্রনালীকা বৎসদন্তাস্থিসন্ধয়ঃ ॥১৭॥
চক্রাণি বিশিখাঃ প্রাসা বিবিধান্যায়ুধানি চ।
প্রপেতুঃ শতশো দিগ্‌ভ্যঃ প্রদিগ্‌ভ্যশ্চার্জ্জুনং প্রতি ॥১৮॥ (বিশেষকম্)
খরোষ্ট্রমহিষাঃ সিংহা ব্যাঘ্রাঃ সৃমরচিত্রকাঃ।
ঋক্ষাঃ শালাবৃকা গৃধ্রাঃ কপয়শ্চ সরীসৃপাঃ ॥১৯॥
বিবিধানি চ রক্ষাংসি ক্ষুধিতান্যর্জ্জুনং প্রতি।
সংক্রুদ্ধান্যভ্যধাবন্ত বিবিধানি বয়াংসি চ ॥২০॥ (যুগ্মকম্)
ততো দিব্যাস্ত্রবিচ্ছূরঃ কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ।
বিসৃজন্নিষুজালানি সহসা তান্যতাড়য়ৎ ॥২১॥

নিহতাবিতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। বিদধে আবিশ্চকার ॥১৫॥
লগুডেতি। অয়োগুডা লৌহগুলিকাঃ, অশ্মানঃ পাষাণাঃ, শতঘ্নীপ্রভৃতীনি তদানীন্তনাস্ত্রাণি। অস্থীনি সন্ধিষু মুখসংযোগেষু যেষাং তে। বিশিখা বাণাঃ ॥১৬—১৮॥
খরেতি। খরা গর্দ্দভাঃ। সৃমরা গবযাঃ, চিত্রকা মৃগবিশেষাঃ। ঋক্ষা ভল্লূকাঃ, শালাবৃকাঃ শৃগালাঃ। সরীসৃপাঃ সর্পাঃ। রক্ষাংসি রাক্ষসাঃ। বয়াংসি পক্ষিণঃ ॥১৯—২০॥
তত ইতি। ইষুজালানি বাণসমূহান্। অতাডয়ৎ তাডনেনাপাসারয়ৎ ॥২১॥

তাহার পব বহুবিধমাযাবিশাবদ শকুনি ভ্রাতৃদ্বয়কে নিহত দেখিয়া কৃষ্ণ ও অর্জ্জুনকে সম্মোহিত করিবাব জন্য মাযা আবিষ্কার করিলেন ॥১৫॥

তখন লগুড়, লৌহগুলি, প্রস্তর, শতঘ্নী, শক্তি, গদা, পরিঘ, অসি, শূল, মুদ্গর, পট্টিশ, কম্পন, ঋষ্টি, নখব, মুষল, পবশু, ক্ষুর, ক্ষুবপ্র, নালীক, বৎসদন্ত, অস্থিসন্ধি, চক্র, বাণ, প্রাস এবং অন্য নানাবিধ শত শত অস্ত্র দিক্ ও বিদিক্ হইতে অর্জ্জুনের উপরে পড়িতে লাগিল ॥১৬—১৮॥

এবং গর্দ্দভ, উষ্ট্র, মহিষ, সিংহ, ব্যাঘ্র, গবয, চিত্রক, ভল্লূক, শৃগাল, গৃধ্র, বানর, সর্প, নানাবিধ বাক্ষস ও বিবিধ পক্ষী ক্ষুধিত ও ক্রুদ্ধ হইযা অর্জ্জুনের দিকে ধাবিত হইল ॥১৯—২০॥

তাহার পব দিব্যাস্ত্রবিৎ ও বীব কুন্তীনন্দন অর্জ্জুন বাণসমূহ নিক্ষেপ করিযা সত্বর সেগুলিকে বিতাড়িত কবিলেন ॥২১॥

---

(১৬) · শতঘ্ন্যঃ শতশক্তয়ঃ·· শূলপট্টিশমুদ্গরাঃ—পি। (২০) ··সংক্রুদ্ধান্যভ্যবর্ত্তন্ত—পি।

তে হন্যমানাঃ শূরেণ প্রবরৈঃ সায়কৈর্দৃঢ়ৈঃ ।
বিরুবন্তো মহারাবান্ বিনেশুঃ সর্ব্বতো হতাঃ ॥২২॥
ততস্তমঃ প্রাদুরভূদর্জ্জুনস্য রথং প্রতি ।
তস্মাচ্চ তমসো বাচঃ ক্রূরাঃ পার্থমভৎর্সয়ন্ ॥২৩॥
তত্তমো ভৈরবং ঘোরং ভয়কর্ত্তৃ মহাহবে ।
উত্তমাস্ত্রেণ মহতা জ্যোতিষেণার্জ্জুনোঽবধীৎ ॥২৪॥
হতে তস্মিন্ জলৌঘাস্তু প্রাদুরাসন্ ভয়ানকাঃ ।
অম্ভসস্তস্য নাশার্থমাদিত্যাস্ত্রমথার্জ্জুনঃ ।
প্রাযুঙ্ক্তাম্ভস্ততস্তেন প্রায়শোঽস্ত্রেণ শোষিতম্ ॥২৫॥
এবং বহুবিধা মায়াঃ সৌবলস্য কৃতাঃ কৃতাঃ ।
জঘান তরসা রাজন্ ! প্রহসন্নর্জ্জুনস্তদা ॥২৬॥

ত ইতি । শূরেণ অর্জ্জুনেন । বিরুবন্তঃ কুর্ব্বন্তঃ । হতাস্তাড়িতাঃ ॥২২॥
তত ইতি । তমঃ অন্ধকারঃ । ক্রূরা নিষ্ঠুরাঃ ॥২৩॥
তদিতি । ভৈরবং গাঢ়ম্, ঘোরং মহৎ । জ্যোতিষেণ তেজোময়েন ॥২৪॥
হত ইতি । অম্ভসো জলস্য । প্রাযুঙ্ক্ত আবিষ্কৃতবান্ । ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥
এবমিতি । সৌবলস্য শকুনেঃ । তরসা বেগেন ॥২৬॥

মহাবীর অর্জ্জুন উত্তম ও দৃঢ় বাণসমূহদ্বারা আঘাত করিতে লাগিলে, সেই প্রাণীগুলি সর্ব্বপ্রকারে তাড়িত হইয়া বিশাল রব করিতে থাকিয়া বিনষ্ট হইল ॥২২॥

তদনন্তর অর্জ্জুনের রথের নিকটে অন্ধকার আবির্ভূত হইল এবং সেই অন্ধকার হইতে নিষ্ঠুর বাক্য সকল অর্জ্জুনকে তিরস্কার করিতে লাগিল ॥২৩॥

তখন অর্জ্জুন তেজোময় উত্তম মহাস্ত্রদ্বারা মহাযুদ্ধমধ্যে সেই ভয়ঙ্কর ও গাঢ় গুরুতর অন্ধকার বিনষ্ট করিলেন ॥২৪॥

সেই অন্ধকার বিনষ্ট হইলে, ভয়ানক জলপ্রবাহ প্রাদুর্ভূত হইল। তৎপরে অর্জ্জুন সেই জলপ্রবাহ নষ্ট করিবার জন্য আদিত্যাস্ত্র প্রয়োগ করিলেন; তখন সেই অস্ত্র সেই জলপ্রবাহকে প্রায় শোষণ করিল ॥২৫॥

রাজা! শকুনি এইভাবে যেমন যেমন বহুবিধ মায়া প্রকাশ করিতে লাগিলেন, তেমন তেমনই অর্জ্জুন হাস্য করতঃ তাহা সত্বর সত্বর নষ্ট করিতে থাকিলেন ॥২৬॥

---

(২২)···বিরুবন্তো মহারাবান্—পি। (২৬)···জঘানাস্ত্রবলেনাশু—বা ব রা নি।

তদা হতাসু মাযাসু ত্রস্তোঽর্জ্জুনশরাহতঃ।
অপায়াজ্জবনৈরশ্বৈঃ শকুনিঃ প্রাকৃতো যথা ॥২৭॥
ততোঽর্জ্জুনোঽস্ত্রবিচ্ছৈঘ্র্যং দর্শয়ন্নাত্মনোঽরিষু।
অভ্যবর্ষচ্ছরৌঘেণ কৌরবাণামনীকিনীম্ ॥২৮॥
সা হন্যমানা পার্থেন তব পুত্রস্য বাহিনী।
দ্বৈধীভূতা মহারাজ! গঙ্গেবাসাদ্য পর্ব্বতম্ ॥২৯॥
দ্রোণমেবান্বপদ্যন্ত কেচিত্তত্র নরর্ষভাঃ।
কেচিদ্দুর্য্যোধনং রাজন্! অর্দ্দ্যমানাঃ কিরীটিনা ॥৩০॥
নাপশ্যামস্ততস্ত্বেনং সৈন্যে বৈ রজসা বৃতে।
গাণ্ডীবস্য চ নির্ঘোষঃ শ্রুতো দক্ষিণতো ময়া ॥৩১॥
শঙ্খদুন্দুভিনির্ঘোষং বাদিত্রাণাঞ্চ নিস্বনম্।
গাণ্ডীবস্য তু নির্ঘোষো ব্যতিক্রম্যাস্পৃশদ্দিবম্ ॥৩২॥

তদেতি। অপায়াৎ রণাঙ্গনাদপাসরৎ, জবনৈর্বেগবদ্ভিঃ। প্রাকৃতো নীচলোকঃ ॥২৭॥
তত ইতি। শৈঘ্র্যং শীঘ্রতাং ক্রতাস্ত্রক্ষেপনৈপুণ্যমিত্যর্থঃ। অনীকিনীং সেনাম্ ॥২৮॥
সেতি। দ্বৈধীভূতা ভাগদ্বযেন বিভক্তা। আসাদ্য পথি প্রাপ্য ॥২৯॥
দ্রোণমিতি। অন্বপদ্যন্ত আশ্রয়ন্, তত্র ভাগদ্বয়ে ॥৩০॥
নেতি। এনমর্জ্জুনম্। রজসা ধূলিজালেন ॥৩১॥
শঙ্খেতি। ব্যতিক্রম্য অভিভূয়, দিবং গগনম্ ॥৩২॥

তখন সমস্ত মায়া বিনষ্ট হইলে, শকুনি অর্জ্জুনেব বাণে আহত ও ভীত হইয়া নীচলোকেব ন্যায় বেগবান্ অশ্বের গুণে সত্বব অপসৃত হইলেন ॥২৭॥

তাহার পব অস্ত্রজ্ঞ অর্জ্জুন শত্রুপক্ষকে নিজের লঘুহস্ততা দেখাইতে থাকিয়া কৌরববাহিনীর উপরে বাণসমূহ বর্ষণ কবিতে লাগিলেন ॥২৮॥

মহারাজ! অর্জ্জুন বধ কবিতে লাগিলে, গঙ্গার প্রবাহ যেমন পথে পর্ব্বত পাইয়া দুই ভাগে বিভক্ত হয়, সেইরূপ আপনার পুত্রের সৈন্যও দুইভাগে বিভক্ত হইয়া গেল ॥২৯॥

রাজা! তাহার একভাগের কতক যোদ্ধা যাইয়া দ্রোণকেই আশ্রয় করিল এবং অর্জ্জুনের পীড়নে অপর ভাগ যাইযা দুর্য্যোধনের শবণাপন্ন হইল ॥৩০॥

তাহার পব ধূলিজাল উঠিযা সৈন্যগণকে আবৃত কবিলে, আমরা কিন্তু অর্জ্জুনকে দেখিতে পাইলাম না, অথচ দক্ষিণদিকে গাণ্ডীবের শব্দ শুনিতে লাগিলাম ॥৩১॥

---

(২৭) অথাহতাসু—পি।

ততঃ পুনর্দক্ষিণতঃ সংগ্রামশ্চিত্রযোধিনাম্।
সুযুদ্ধঞ্চার্জ্জুনস্যাসীদহন্তু দ্রোণমন্বগাম্ ॥৩৩॥
যৌধিষ্ঠিরাণ্যনীকানি প্রহরন্তি ততস্ততঃ।
নানাবিধান্যনীকানি পুত্রাণাং তব ভারত!।
অর্জ্জুনো ব্যধমৎ কালে দিবীবাভ্রাণি মারুতঃ ॥৩৪॥
তং বাসবমিবায়ান্তং ভূরিবর্ষং শরৌঘিণম্।
মহেষ্বাসা নরব্যাঘ্রা নোগ্রং কেচিদবারয়ন্ ॥৩৫॥
তে হন্যমানাঃ পার্থেন ত্বদীয়া ব্যথিতা ভৃশম্।
স্বানেব বহবো জঘ্নুর্বিদ্রবন্তস্ততস্ততঃ ॥৩৬॥
তেঽর্জ্জুনেন শরা মুক্তাঃ কঙ্কপত্রাস্তনুচ্ছিদঃ।
শলভা ইব সংপেতুঃ সংবৃণ্বানা দিশো দশ ॥৩৭॥

তত ইতি। সংগ্রামঃ অর্জ্জুনস্য চ সুযুদ্ধমাসীৎ। অন্বগাম্ অন্বগচ্ছম্ ॥৩৩॥

যৌধীতি। অনীকানি কর্ত্তৄণি। ব্যধমৎ ব্যনাশয়ৎ। অভ্রাণি মেঘান্। ষট্পাদোঽয়ং শোকঃ ॥৩৪॥

তমিতি। ভূরিবর্ষং বাসবমিন্দ্রমিব শরৌঘিণং তমর্জ্জুনমায়ান্তমিত্যন্বয়ঃ ॥৩৫॥

ত ইতি। স্বান্ স্বপক্ষীয়ানেব। বিদ্রবন্তঃ পলায়মানাঃ ॥৩৬॥

ত ইতি। কঙ্কপত্রাঃ কঙ্কপক্ষিপক্ষযুক্তাঃ, তনুচ্ছিদো লক্ষ্যদেহচ্ছেদিনঃ ॥৩৭॥

শঙ্খ ও দুন্দুভির ধ্বনি এবং অন্যান্য বাদ্যের শব্দ নীচে ফেলিয়া গাণ্ডীবের শব্দ যাইয়া আকাশস্পর্শ করিতে থাকিল ॥৩২॥

তাহার পর আবার দক্ষিণদিকে বিচিত্রযুদ্ধকারীদের যুদ্ধ এবং অর্জ্জুনের সুন্দর যুদ্ধ হইতে থাকিল; আমি কিন্তু দ্রোণের পিছনে চলিয়া গেলাম ॥৩৩॥

ভরতনন্দন! ওদিকে যুধিষ্ঠিরের সৈন্যেরা নানাস্থানে আপনার পুত্রদের নানাবিধ সৈন্যকে প্রহার করিতে লাগিল এবং বায়ু যেমন আকাশে মেঘ বিনষ্ট করে, সেইরূপ অর্জ্জুনও তাহাদিগকে বিনষ্ট করিতে লাগিলেন ॥৩৪॥

প্রচুরবর্ষণকারী ইন্দ্রের ন্যায় বাণসমূহবর্ষণকারী উগ্রমূর্ত্তি অর্জ্জুন আসিতে লাগিলে, আপনার পক্ষের কোন মহাধনুর্দ্ধর নরশ্রেষ্ঠই তাঁহাকে বারণ করিতে পারিলেন না ॥৩৫॥

অর্জ্জুন বধ করিতে লাগিলে, আপনার পক্ষের বহু যোদ্ধা অত্যন্ত ব্যথিত হইয়া ইতস্ততঃ পলায়ন করিতে থাকিয়া স্বপক্ষগণকেই বধ করিতে লাগিল ॥৩৬॥

---

(৩৩)···দ্রোণমন্বয়াম্—বা ব,···দ্রোণমন্বিয়াম্—নি। (৩৫)···ভূরিবর্ষশরৌঘিণম্—পি,··· মহেষ্বাসং নরব্যাঘ্রং নোগ্রঃ কশ্চিদবারয়ৎ—বা ব রা নি।

তুরঙ্গং রথিনং নাগং পদাতিমপি মারিষ ! ।
বিনির্ভিদ্য ক্ষিতিং জগ্মুর্বল্মীকমিব পন্নগাঃ ॥৩৮॥
ন চ দ্বিতীয়ং ব্যস্থজৎ কুঞ্জরাশ্বনরেষু সঃ।
পৃথগেকশরারুগ্নাঃ পেতুস্তে গতাসবঃ ॥৩৯॥
হতৈর্মনুষ্যৈর্দ্বিরদৈশ্চ সর্ব্বতঃ শরাভিসংহষ্টৈশ্চ হয়ৈর্নিপাতিতৈঃ।
তদা শ্বগোমায়ুবলাভিনাদিতং বিচিত্রমায়োধশিরো বভূব তৎ ॥৪০॥
পিতা স্থতং ত্যজতি সুহৃদ্বরং সুহৃত্তথৈব পুত্রঃ পিতরং শরাতুরঃ।
স্বরক্ষণে কৃতমতয়স্তদা জনাস্ত্যজন্তি বাহানপি পার্থপীড়িতাঃ ॥৪১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
সংশপ্তকবধে অর্জ্জুনপরাক্রমে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

তুরঙ্গমিতি। নাগং হস্তিনম্। জগ্মুস্তে শরা ইত্যনুবৃত্তিঃ, বল্মীকমুন্নীমৃত্তিকাম্ ॥৩৮॥
নেতি। দ্বিতীয়ং শরম্। একেন একৈকেনৈব শরেণ আরুগ্নাঃ পীড়িতাঃ ॥৩৯॥
হতৈরিতি। দ্বিরদৈর্গজৈঃ, শরৈরভিসংহষ্টা লগ্নদেহাস্তৈঃ। শ্বানঃ কুকুরাঃ গোমায়বঃ শৃগালাঃ বলাঃ কাকাশ্চ তৈরভিনাদিতম্, আয়োধশিরো রণাঙ্গনোপরিদেশঃ ॥৪০॥
পিতেতি। কৃতমতয়ঃ কৃতেচ্ছাঃ। বহন্তীতি বাহা রথাদীনি যানানি তান্ ॥৪১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি
সংশপ্তকবধে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥০॥

অর্জ্জুননিক্ষিপ্ত, কঙ্কপক্ষিপক্ষযুক্ত ও দেহচ্ছেদী সেই বাণগুলি যাইয়া দশ দিক্ আবৃত করিতে থাকিয়া পতঙ্গের ন্যায় পতিত হইতে থাকিল ॥৩৭॥

মাননীয় রাজা! সাপ যেমন উইয়ের মাটির ভিতরে প্রবেশ করে, সেইরূপ অর্জ্জুনের বাণগুলি যাইয়া হস্তী, অশ্ব, রথী ও পদাতিদিগকে ভেদ করিয়া ভূমির ভিতরে প্রবেশ করিতে লাগিল ॥৩৮॥

অর্জ্জুন বিপক্ষের হস্তী, অশ্ব ও মানুষের উপরে দ্বিতীয় বাণ নিক্ষেপ করেন নাই, তাঁহার এক এক বাণেই পীড়িত ও প্রাণবিহীন হইয়া তাহারা পৃথক্ পৃথক্ ভাবে পতিত হইতে থাকিল ॥৩৯॥

নিহত ও শরসংলগ্নদেহ মানুষ, হস্তী ও অশ্বগণ সকল দিকে নিপাতিত হওয়ায় সেই সমরাঙ্গন বিচিত্র রূপ ধারণ করিল এবং কুকুর, শৃগাল ও কাকগণ আসিয়া রব করিতে লাগিল ॥৪০॥

---

* 'একোনত্রিংশোঽধ্যায়ঃ' ব, '…ত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

ঊনত্রিংশোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

তেষ্বনীকেষু ভগ্নেষু পাণ্ডুপুত্রেণ সঞ্জয়!।
চলিতানাং দ্রুতানাঞ্চ কথমাসীন্মনো হি বঃ ॥১॥
অনীকানাং প্রভগ্নানামবস্থানম পশ্যতাম্।
দুষ্করং প্রতিসন্ধানং তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥২॥

সঞ্জয় উবাচ।

তথাপি তব পুত্রস্য প্রিয়কামা বিশাংপতে!।
যশঃ প্রবীরা লোকেষু রক্ষন্তো দ্রোণমন্বয়ুঃ ॥৩॥

তেষ্বিতি। পাণ্ডুপুত্রেণার্জ্জুনেন। চলিতানাং গচ্ছতাম্, দ্রুতানাং পলায়মানানাম্, কথং কীদৃশম্ ॥১॥

অনীকানামিতি। অবস্থানমাশ্রয়ম্। প্রতিসন্ধানং পুনঃ সংযোজনম্ ॥২॥

তথেতি। তথাপি অনীকেষু ভগ্নেষপি। প্রবীরাঃ প্রধানবীরাঃ। অন্বয়ুরন্বগচ্ছন্ ॥৩॥

শরপীড়িত হইয়া পিতা পুত্রকে, বন্ধু বন্ধুকে এবং পুত্র পিতাকে ত্যাগ করিতে থাকিল এবং অর্জ্জুনকর্ত্তৃক তাড়িত হইয়া লোকেরা আত্মরক্ষার ইচ্ছা করিয়া যান-বাহনও ত্যাগ করিতে লাগিল' ॥৪১॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়। অর্জ্জুন সেই সৈন্যগণকে বিশ্লিষ্ট করিয়া ফেলিলে, অনেকে অন্যদিকে যাইতেছিল এবং বহুলোক পলায়ন করিতেছিল; তখন তোমাদের মন কিরূপ হইয়াছিল? ॥১॥

ভগ্ন সৈন্যেরা আশ্রয় দেখিতে না পাইলে, তাহাদিগকে আবার সম্মিলিত করা দুষ্কর। সে যাহা হউক, সঞ্জয়! সেই বিবরণগুলি আমার নিকট বল" ॥২॥

সঞ্জয় বলিলেন—"নরনাথ! সৈন্যেরা ভগ্ন হইলেও আপনার পুত্রের প্রিয়কামী প্রধান বীরেরা জগতে যশ অক্ষুণ্ণ রাখিবার জন্য দ্রোণের অনুসরণ করিলেন ॥৩॥

সমুদ্যতেষু শস্ত্রেষু সংপ্রাপ্তে চ যুধিষ্ঠিরে।
অকুর্ব্বন্নার্য্যকর্ম্মাণি ভৈরবে সত্যভীতবৎ ॥৪॥
অন্তরং ভীমসেনস্য প্রাপতন্নমিতৌজসঃ।
সাত্যকেশ্চৈব বীরস্য ধৃষ্টদ্যুম্নস্য বা বিভো। ॥৫॥
দ্রোণং দ্রোণমিতি ক্রূরাঃ পাঞ্চালাঃ সমচোদয়ন্।
মা দ্রোণমিতি পুত্রাস্তে কুরূন্ সর্ব্বানচোদয়ন্ ॥৬॥
দ্রোণং দ্রোণমিতি হ্যেকে মা দ্রোণমিতি চাপরে।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ দ্রোণদ্যূতমবর্ত্তত ॥৭॥
যং যং প্রমথতে দ্রোণঃ পাঞ্চালানাং রথব্রজম্।
তত্র তত্র তু পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নোঽভ্যবর্ত্তত ॥৮॥

সমিতি। আর্য্যকর্ম্মাণি বিপক্ষবারণাদীনি সজ্জনকার্য্যাণি, ভীরূণামিদমিতি ভৈরবং ভয়ং তস্মিন্ অভীতবৎ ॥৪॥

অন্তরমিতি। অন্তরং রন্ধ্রম্, প্রাপতন্ আক্রামন্ কৌরববীরা ইতি শেষঃ ॥৫॥

দ্রোণমিতি। দ্রোণং হতেতি শেষঃ। সমচোদযন্ সৈন্যান্ প্রৈরয়ন্। মা দ্রোণং হন্তুমর্হথ ॥৬॥

দ্রোণমিতি। একে পাণ্ডবীয়া অব্রুবন্। মা দ্রোণং হন্তুমর্হথ, অপরে কৌরবীয়াঃ ॥৭॥

যমিতি। প্রমথতে অর্দ্দযতি স্ম। রথানাং ব্রজং সমূহম্ ॥৮॥

বিপক্ষেরা অস্ত্র উত্তোলন করিলে এবং যুধিষ্ঠিরও উপস্থিত হইলে, ভযের সম্ভাবনা থাকিলেও নির্ভয়ের ন্যায় থাকি সই প্রধান বীরেরা সজ্জনকার্য্যই করিতে লাগিলেন ॥৪॥

রাজা! অমিততেজা ভীমসেনের, বীর সাত্যকির, কিংবা ধৃষ্টদ্যুম্নের রন্ধ্র (ফাঁক) পাইযা সেই কৌরববীরেরা আক্রমণ করিতে থাকিলেন ॥৫॥

'দ্রোণকে বধ কর' 'দ্রোণকে বধ কর' এই কথা বলিয়া ক্রূর পাঞ্চালেরা সৈন্যদিগকে প্রেরণ করিতে লাগিলেন; আবার 'দ্রোণকে বধ করিতে পারিবে না' এইরূপ বলিযা আপনার পুত্রেরা সমস্ত কৌরবসৈন্যকে পাঠাইতে থাকিলেন ॥৬॥

একপক্ষ বলিতে লাগিল—'দ্রোণকে বধ কর' 'দ্রোণকে বধ কর' অপর পক্ষ কহিতে থাকিল—'দ্রোণকে বধ করিতে পারিবে না'। সুতরাং দ্রোণকে লইযা যেন তৎকালে কৌরব ও পাণ্ডবগণের দ্যূতক্রীড়া চলিতে লাগিল ॥৭॥

---

(৪) সমুদ্যতেষু চাস্ত্রেষু—বা ব বা নি।

তেষাং ভাগ্যবিপর্য্যাসৈঃ সংগ্রামে ভৈরবে সতি।
বীরাঃ সমাসদন্ বীরান্ কুর্ব্বন্তো ভৈরবং রবম্ ॥৯॥
অকম্পনীয়াঃ শত্রূণাং বভূবুস্তত্র পাণ্ডবাঃ।
অকম্পয়ন্ননীকানি স্মরন্তঃ ক্লেশমাত্মনঃ ॥১০॥
তে ত্বমর্ষবশং প্রাপ্তা হ্রীমন্তঃ সত্ত্বচোদিতাঃ।
ত্যক্ত্বা প্রাণান্ ন্যবর্ত্তন্ত ঘ্নন্তো দ্রোণং মহাহবে ॥১১॥
অয়সামিব সম্পাতঃ শিলানামিব চাভবৎ।
দীব্যতাং তুমুলে যুদ্ধে প্রাণৈরমিততেজসাম্ ॥১২॥
ন তু স্মরন্তি সংগ্রামমপি বৃদ্ধাস্তথাবিধম্।
দৃষ্টপূর্ব্বং মহারাজ শ্রুতপূর্ব্বমথাপি বা ॥১৩॥

তেষামিতি। ভাগ্যবিপর্য্যাসৈঃ, বিনাশাদেবেতি ভাবঃ। সমাসদন্ অভ্যগচ্ছন্ ॥৯॥
অকম্পেতি। অকম্পয়ন্ পাণ্ডবা ইত্যনুবৃত্তিঃ, অনীকানি কৌরবসৈন্যানি ॥১০॥
তে ইতি। হ্রীমন্তঃ অকার্য্যকরণে লজ্জাবন্তঃ, সত্ত্বচোদিতা অধ্যবসায়প্রেরিতাঃ ॥১১॥
অয়সামিতি। অয়সাং লৌহানাম্, সম্পাতঃ সংঘর্ষঃ। দীব্যতাং ক্রীডতাম্ ॥১২॥
নেতি। ন তু স্মরন্তি, অভূতপূর্ব্বত্বাদিত্যাশয়ঃ ॥১৩॥

দ্রোণ পাঞ্চালদেশীয় যে যে রথীর দলকে মর্দ্দন করিতে লাগিলেন, সেই সেই স্থানেই পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্ন যাইতে থাকিলেন ॥৮॥

তাঁহাদের ভাগ্যবিপর্য্যয়নিবন্ধন যুদ্ধটা ক্রমশঃ ভীষণ হইয়া উঠিলে, বীরগণ ভয়ঙ্কর গর্জন করিতে করিতে অপর বীরগণের দিকে ধাবিত হইতে লাগিলেন ॥৯॥

তখন কৌরবেরা পাণ্ডবগণকে কম্পিত করিতে পারিলেন না; কিন্তু পাণ্ডবেরা আপনাদের কষ্ট স্মরণ করিয়া কৌরবগণকে কম্পিত করিয়া তুলিলেন ॥১০॥

লজ্জাশীল পাণ্ডবেরা ক্রুদ্ধ ও অধ্যবসায়প্রেরিত হইয়া মহাযুদ্ধে প্রাণত্যাগের পর্য্যন্ত উদ্যম করিয়া দ্রোণের উপরে আঘাত করিতে থাকিয়া ফিরিতে লাগিলেন ॥১১॥

অমিততেজা বীরেরা সেই তুমুল যুদ্ধে প্রাণদ্বারাই যেন খেলা করিতে থাকিলেন। তখন লৌহ ও প্রস্তরের সংঘর্ষের ন্যায় তাহাদের সংঘর্ষ হইতে লাগিল ॥১২॥

---

(৯) তথা ভাগবিপর্য্যাসে—পি বা ব রা,…বীরানগচ্ছন্ ভীরবঃ পরান্—পি ব। (১৩) নাম্নুস্মরন্তি…যে পূর্বদেবৈর্দেবানামপশ্যন্ যুদ্ধমদ্ভুতম্—নি।

আকম্পিতেব পৃথিবী তস্মিন্ বীরাবসাদনে।
নিবর্ত্ততা বলৌঘেন মহতা ভারপীড়িতা ॥১৪॥
ঘূর্ণতোঽপি বলৌঘস্য দিবং স্তব্ধ্বেব নিস্বনঃ।
অজাতশত্রোস্তৎ সৈন্যমাবিবেশ সুভৈরবঃ ॥১৫॥
সমাসাদ্য তু পাণ্ডূনামনীকানি সহস্রশঃ।
দ্রোণেন চরতা সংখ্যে প্রভগ্নানি শিতৈঃ শরৈঃ ॥১৬॥
তেষু প্রমথ্যমানেষু দ্রোণেনাদ্ভুতকর্ম্মণা।
পর্য্যবারয়দাসাদ্য দ্রোণং সেনাপতিঃ স্বয়ম্ ॥১৭॥
তদদ্ভুতমভূদ্‌যুদ্ধং দ্রোণপাঞ্চাল্যয়োস্তদা।
নৈব তস্যোপমা কাচিদিতি মে নিশ্চিতা মতিঃ ॥১৮॥
ততো নীলোঽনলপ্রখ্যো দদাহ কুরুবাহিনীম্।
শরস্ফুলিঙ্গশ্চাপার্চ্চির্দহন্ কক্ষমিবানলঃ ॥১৯॥

আকম্পিতেতি। বীরাণামবসাদনে সংক্ষযে। নিবর্ত্ততা নিবর্ত্তমানেন ॥১৪॥
ঘূর্ণত ইতি। দিবং গগনম্, স্তব্ধ্বা ব্যাপ্য। অজাতশত্রোর্যুধিষ্ঠিরস্য ॥১৫॥
সমিতি। পাণ্ডূনাং পাণ্ডবানাম্, অনীকানি সৈন্যানি ॥১৬॥
তেম্বিতি। পর্য্যবারয়ৎ ন্যবারয়ৎ, সেনাপতির্ধৃষ্টদ্যুম্নঃ ॥১৭॥
তদিতি। পাঞ্চাল্যঃ পাঞ্চালরাজপুত্রো ধৃষ্টদ্যুম্ন এব ॥১৮॥
তত ইতি। শরা এব স্ফুলিঙ্গা যস্য সঃ, চাপ এবার্চ্চিঃ শিখা যস্য সঃ, কক্ষং তৃণম্ ॥১৯॥

মহারাজ! বৃদ্ধেরাও সেরূপ যুদ্ধ কখনও দেখেন নাই বা শোনেন নাই বলিয়া স্মরণ করিতে পারেন না ॥১৩॥

সেই বীরবিনাশের সময়ে বিশাল সৈন্যসমূহ ফিরিয়া আসিতে থাকায় তাহাদের ভারে পীড়িত হইয়া পৃথিবী যেন কাঁপিতে লাগিল ॥১৪॥

সেই সৈন্যসমূহ ঘুরিতে লাগিলেও তাহাদের অতিভয়ঙ্কর কোলাহল আকাশ ব্যাপ্ত করিয়াই যেন যুধিষ্ঠিরের সৈন্যমধ্যে প্রবেশ করিতে থাকিল ॥১৫॥

সমরাঙ্গনচারী দ্রোণ উপস্থিত হইয়া নিশিত শরসমূহদ্বারা সহস্র সহস্র পাণ্ডবসৈন্যদলকে বিশ্লিষ্ট করিয়া ফেলিলেন ॥১৬॥

অদ্ভুতকর্ম্মা দ্রোণ সেই সৈন্যগণকে আলোড়ন করিতে লাগিলে, স্বয়ং ধৃষ্টদ্যুম্ন উপস্থিত হইয়া তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥১৭॥

তখন দ্রোণ ও ধৃষ্টদ্যুম্নের অদ্ভুত যুদ্ধ হইতে লাগিল; সেই যুদ্ধের কোন উপমা নাই, এইরূপই আমার নিশ্চিত ধারণা ॥১৮॥

---

(১৪) প্রাকম্পতেব—বা নি, প্রাকম্পিতেব—ব।

তং দহন্তমনীকানি দ্রোণপুত্রঃ প্রতাপবান্ ।
পূর্ব্বাভিভাষী সুশ্লক্ষ্ণং স্ময়মানোঽভ্যভাষত ॥২০॥
নীল ! কিং বহুভির্দগ্ধৈস্তব যোধৈঃ শরার্চ্চিষা ।
ময়ৈকেন হি যুধ্যস্ব ক্রুদ্ধঃ প্রহর চাশু মাম্ ॥২১॥
তং পদ্মনিকরাকারং পদ্মপত্রনিভেক্ষণম্ ।
ব্যাকোশপদ্মাভমুখো নীলো বিব্যাধ সায়কৈঃ ॥২২॥
তেনাতিবিদ্ধঃ সহসা দ্রৌণির্ভল্লৈঃ শিতৈস্ত্রিভিঃ ।
ধনুর্ধ্বজঞ্চ চ্ছত্রঞ্চ দ্বিষতঃ সংন্যকৃন্তত ॥২৩॥
স প্লুতঃ স্যন্দনাত্তস্মান্নীলশ্চর্ম্মবরাসিভৃৎ ।
দ্রৌণায়নেঃ শিরঃ কায়াদ্ধর্ত্তুমৈচ্ছৎ পতত্রিবৎ ॥২৪॥

তমিতি। সুশ্লক্ষ্ণং সুকোমলং যথা স্যাত্তথা, স্ময়মান ঈষদ্ধসন্ ॥২০॥
নীলেতি। যোধৈঃ কৌরবসৈন্যৈঃ। ময়া সহ ॥২১॥
তমিতি। ব্যাকোশং প্রস্ফুটিতং যৎ পদ্মং তদাভং মুখং যস্য সঃ ॥২২॥
তেনেতি। দ্রৌণিরশ্বত্থামা। দ্বিষতো নীলস্য, সংন্যকৃন্তত সমচ্ছিনৎ ॥২৩॥
স ইতি। প্লুতো লম্ফনেন পতিতঃ, স্যন্দনাৎ রথাৎ। দ্রৌণায়নেরশ্বত্থাম্নঃ। পতত্রিবৎ পতত্রী পক্ষী শ্যেনো যথা প্লুতঃ সন্নামিষং হর্ত্তুমিচ্ছতি তদ্বদিতি ভাবঃ ॥২৪॥

তাহার পর শর যাহার স্ফুলিঙ্গ এবং ধনু যাহার শিখা ছিল সেই অগ্নিতুল্য নীলরাজা তৃণদহনকারী অগ্নির ন্যায় কুরুবাহিনী দগ্ধ করিতে লাগিলেন ॥১৯॥

নীলরাজা কৌরবসৈন্য দগ্ধ করিতে লাগিলে, প্রতাপশালী ও প্রথমে সুকোমলভাষী অশ্বত্থামা মৃদু হাস্য করিয়া তাঁহাকে বলিলেন—॥২০॥

'নীলরাজা ! বাণের তেজে বহুতর সৈন্য দগ্ধ করায় আপনার কি ফল হইতেছে ? আপনি এক আমার সহিত যুদ্ধ করুন, ক্রুদ্ধ হইয়া সত্বর আমাকে প্রহার করুন' ॥২১॥

তখন প্রস্ফুটিতপদ্মতুল্যবদন নীলরাজা বাণসমূহদ্বারা পদ্মবর্ণ ও পদ্মলোচন অশ্বত্থামাকে বিদ্ধ করিলেন ॥২২॥

নীলরাজা অত্যন্ত বিদ্ধ করিলে, অশ্বত্থামা তৎক্ষণাৎ সুধার তিনটা ভল্লদ্বারা তাঁহার ধনু, ধ্বজ ও ছত্র ছেদন করিয়া ফেলিলেন ॥২৩॥

তখন নীলরাজা চর্ম্ম ও উত্তম তরবারি ধারণ করিয়া সেই রথ হইতে লাফাইয়া পড়িয়া শ্যেনপক্ষীর ন্যায় অশ্বত্থামার দেহ হইতে মস্তকটা হরণ করিবার ইচ্ছা করিলেন ॥২৪॥

---

তত্রানুপপত্তিমাহ উপেতি। পিত্রা অর্জ্জুনেন, যোগ উপায়ঃ, অনীকবিশাতনে চক্রব্যূহস্থ-সৈন্যভেদনে। কিন্তু তত্র কস্যাঞ্চিদাপদি ভাবিন্যাম্, বিনির্গন্তুং নোৎসহে ন শক্নোমি, পিত্রা তদুপায়স্যানুপদিষ্টত্বাদিত্যাশয়ঃ ॥১৯॥

ভিন্ধীতি। যেন পথা ত্বং যাস্যসি, বয়মপি তেন পথৈব ত্বা ত্বামনুগমিষ্যামঃ ॥২০॥

ধনঞ্জয়েতি। যুদ্ধে ধনঞ্জযসমং ত্বাম্, সংযুগে প্রণিধায অগ্রতঃ সংস্থাপ্য ॥২১॥

বৎস! অর্জ্জুন যুদ্ধ হইতে আসিয়া আমাদিগকে নিন্দা করিবেন। অতএব তুমি সত্বর অস্ত্র ধারণ করিয়া দ্রোণের চক্রব্যূহ ভেদ কর' ॥১৭॥

অভিমন্যু বলিলেন—'আমি পিতৃগণের জয়কামনা করিয়া সত্বরই যুদ্ধে দ্রোণের অতিভীষণ ও দৃঢ় প্রধানসৈন্যমধ্যে প্রবেশ করিতেছি ॥১৮॥

কিন্তু আমার পিতা আমার নিকট কেবল চক্রব্যূহভেদের উপায় বলিয়াছিলেন। সুতরাং সেখানে কোন বিপদ উপস্থিত হইলে আমি নির্গত হইতে সমর্থ হইব না' ॥১৯॥

যুধিষ্ঠির বলিলেন—'বৎস যোদ্ধৃশ্রেষ্ঠ! তুমি ব্যূহ ভেদ কর এবং দ্বার প্রস্তুত করিয়া দাও; তা'র পর তুমি যে পথে যাইবে, আমরা সেই পথে তোমার পিছনে পিছনে যাইব ॥২০॥

বৎস! তুমি যুদ্ধে অর্জ্জুনের তুল্য। তথাপি আমরা তোমাকে যুদ্ধে সম্মুখে রাখিয়া রক্ষা করিতে থাকিয়া সকল দিক্ দেখিতে দেখিতে তোমার অনুসরণ করিব' ॥২১॥

ভীম উবাচ।

অহং ত্বাঽনুগমিষ্যামি ধৃষ্টদ্যুম্নোঽথ সাত্যকিঃ।
পাঞ্চালাঃ কেকয়া মৎস্যাস্তথা সর্ব্বে প্রভদ্রকাঃ ॥২২॥
সকৃদ্ভিন্নং ত্বয়া ব্যূহং তত্র তত্র পুনঃ পুনঃ।
বয়ং প্রধ্বংসয়িষ্যামো নিঘ্নমানা বরান্ বরান্ ॥২৩॥

অভিমন্যুরুবাচ।

অহমেতৎ প্রবেক্ষ্যামি দ্রোণানীকং দুরাসদম্।
পতঙ্গ ইব স ক্রুদ্ধো জ্বলিতং জাতবেদসম্ ॥২৪॥
তৎ কর্ম্মাদ্য করিষ্যামি হিতং যদ্বংশয়োর্দ্বয়োঃ।
মাতুলস্য চ যৎপ্রীতিং করিষ্যতি পিতুশ্চ মে ॥২৫॥
শিশুনৈকেন সংগ্রামে কাল্যমানানি সংঘশঃ।
দ্রক্ষ্যন্তি সর্ব্বভূতানি দ্বিষৎসৈন্যানি বৈ ময়া ॥২৬॥

অহমিতি। ত্বা ত্বাম্। অনুগমিষ্যতি অনুগমিষ্যতি যথাসম্ভবমনুষঙ্গঃ ॥২২॥
সকৃদিতি। ভিন্নং কৃতদ্বারম্, ব্যূহং চক্রব্যূহম্। নিঘ্নমানা ইত্যার্ষঃ প্রয়োগঃ ॥২৩॥
অহমিতি। জাতবেদসং বহ্নিম্। এতেনাত্মনো মৃত্যুরবশ্যম্ভাবীতি সূচিতম্ ॥২৪॥
তদিতি। দ্বয়োর্মাতাপিতৃসম্বন্ধিনোঃ। মাতুলস্য কৃষ্ণস্য, পিতুরর্জ্জুনস্য ॥২৫॥

ভীম বলিলেন—'বৎস! আমি তোমার অনুসরণ করিব এবং ধৃষ্টদ্যুম্ন ও সাত্যকি যাইবেন; আর পাঞ্চালগণ, কেকয়গণ, মৎস্যগণ ও সমস্ত প্রভদ্রক যোদ্ধা তোমার পিছনে পিছনে গমন করিবেন ॥২২॥

তুমি একবার চক্রব্যূহ ভেদ করিয়া দিলে, আমরা প্রধান প্রধান শত্রু সংহার করিতে থাকিয়া সেই সেই স্থানে বার বার ঐ ব্যূহ বিধ্বস্ত করিব' ॥২৩॥

অভিমন্যু বলিলেন—'পতঙ্গ (ফড়িং) যেমন প্রজ্বলিত অগ্নির মধ্যে প্রবেশ করে, আমিও সেইরূপ অত্যন্তক্রুদ্ধ হইয়া এই দুর্দ্ধর্ষ দ্রোণসৈন্যমধ্যে প্রবেশ করিব ॥২৪॥

যে কার্য্য মাতৃবংশ ও পিতৃবংশ দুই বংশেরই হিতজনক হইবে এবং যে কার্য্য আমার মাতুল কৃষ্ণের ও পিতা ধনঞ্জয়ের প্রীতিসম্পাদন করিবে, আমি আজ সেই কার্য্য করিব ॥২৫॥

---

(২২)…কেকয়া মাৎস্যাঃ—নি। (২৫)…করিষ্যামি পিতুশ্চ মে—পি। (২৬) শ্লোকাৎ পরমিদং শ্লোকদ্বয়মধিকং বা ব রা নি। তদ্‌যথা—
নাহং পার্থেন জাতঃ স্যাং ন চ জাতঃ সুভদ্রয়া। যদি মে সংযুগে কশ্চিজ্জীবিতেনাদ্য মুচ্যতে॥
যদি বৈকরথেনাহং সমগ্রং ক্ষত্রমণ্ডলম্। ন করোম্যষ্টধা যুদ্ধে ন ভবাম্যর্জ্জুনাত্মজঃ॥

যুধিষ্ঠির উবাচ।

এবং তে ভাষমাণস্য বলং সৌভদ্র! বর্দ্ধতাম্।
যৎ সমুৎসহসে ভেত্তুং দ্রোণানীকং দুরাসদম্ ॥২৭॥
রক্ষিতং পুরুষব্যাঘ্রৈর্মহেষ্বাসৈর্মহাবলৈঃ।
সাধ্যরুদ্রমরুৎকল্পৈর্বস্বগ্ন্যাদিত্যবিক্রমৈঃ ॥২৮॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

তস্য তদ্বচনং শ্রুত্বা স যন্তারমচোদয়ৎ।
সুমিত্রাশ্বান্ রণে ক্ষিপ্রং দ্রোণানীকায় চোদয় ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে অভিমন্যুপ্রতিজ্ঞায়াং দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥*

———ঃ*ঃ———

শিশুনেতি। কাল্যমানানি হন্যমানানি। সর্ব্বভূতানি তত্রত্যাঃ সর্ব্বে লোকাঃ ॥২৬॥

এবমিতি। সমুৎসহসে সম্যগুৎসাহং প্রকাশযসি, দ্রোণস্য অনীকং চক্রব্যূহস্থং সৈন্যম্। মহেষ্বাসৈর্মহাধনুর্দ্ধরৈঃ কর্ণাদিভিঃ। মরুৎ পবনঃ ॥২৭—২৮॥

তস্যেতি। তস্য যুধিষ্ঠিরস্য। সঃ অভিমন্যুঃ, যন্তারং সারথিম্, অচোদয়ৎ প্রৈরয়ৎ। হে সুমিত্র! তদাখ্য! সারথে!। চোদয় প্রেরয় ॥২৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

——ঃ*ঃ——

আমি—বালক এবং একাকী হইয়াও যুদ্ধে দলে দলে শত্রুসৈন্য সংহার করিব; তাহা তত্রত্য লোকেরা দেখিতে পাইবে ॥২৬॥

যুধিষ্ঠির বলিলেন—'বৎস সুভদ্রানন্দন! সাধ্য, রুদ্র ও বায়ুর সমান এবং বসু, অগ্নি ও সূর্য্যের তুল্য বিক্রমশালী, আর মহাবল ও মহাধনুর্দ্ধর পুরুষশ্রেষ্ঠগণ যাহা রক্ষা করিতেছেন, সেই দুর্দ্ধর্ষ দ্রোণসৈন্য ভেদ করিবার জন্য তুমি যখন উৎসাহ প্রকাশ করিতেছ এবং এইরূপ বলিতেছ, তখন তোমার শক্তি বৃদ্ধি লাভ করুক' ॥২৭—২৮॥

সঞ্জয় বলিলেন—"যুধিষ্ঠিরের সেই কথা শুনিয়া অভিমন্যু সারথিকে আদেশ করিলেন—'সুমিত্র! তুমি সমরাঙ্গনে দ্রোণসৈন্যের দিকে সত্বর অশ্বগণকে সঞ্চালন কর' ॥২৯॥

——ঃ*ঃ——

* '... চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ' ব, '...পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ।

——:※:——

সঞ্জয় উবাচ।

সৌভদ্রস্তদ্বচঃ শ্রুত্বা ধর্ম্মরাজস্য ধীমতঃ।
অচোদয়ত যন্তারং দ্রোণানীকায় ভারত! ॥১॥
তেন সঞ্চোদ্যমানস্তু যাহি যাহীতি সারথিঃ।
প্রত্যুবাচ ততো রাজন্নভিমন্যুমিদং বচঃ ॥২॥
অতিভারোঽয়মায়ুষ্মন্নাহিতস্ত্বয়ি পাণ্ডবৈঃ।
সম্প্রধার্য্য ক্ষমং বুদ্ধ্যা ততস্ত্বং যোদ্ধুমর্হসি ॥৩॥
আচার্য্যো হি কৃতী দ্রোণঃ পরমাস্ত্রে কৃতশ্রমঃ।
অত্যন্তসুখসংবৃদ্ধস্ত্বঞ্চাযুদ্ধবিশারদঃ ॥৪॥
ততোঽভিমন্যুঃ প্রহসন্ সারথিং বাক্যমব্রবীৎ।
সারথে! কো ন্বয়ং দ্রোণঃ সমগ্রং ক্ষত্রমেব বা ॥৫॥

উক্তমপ্যর্থং সূতোক্তিপ্রসঙ্গয়ে পুনরাহ সৌভদ্র ইতি। ধীমতো যোগ্যজননিয়োগাৎ ॥১॥
তেনেতি। সঞ্চোদ্যমানঃ প্রেৰ্য্যমাণঃ ॥২॥
অতীতি। আহিতঃ স্থাপিতঃ। সম্প্রধার্য্য নিশ্চিত্য, ক্ষমমুচিতম্ ॥৩॥
আচার্য্য ইতি। অযুদ্ধবিশারদঃ, বালত্বেন তাদৃশশ্রমাসহিষ্ণুত্বাৎ ॥৪॥

সঞ্জয় বলিলেন—"ভরতনন্দন! বুদ্ধিমান্ যুধিষ্ঠিরের সেই কথা শুনিয়া অভিমন্যু তাঁহার সারথিকে দ্রোণসৈন্যের দিকে প্রেরণ করিলেন ॥১॥

রাজা! 'যাও যাও' বলিয়া অভিমন্যু আদেশ করিতে লাগিলে, সারথি অভিমন্যুকে এই কথা বলিল—॥২॥

'আয়ুষ্মন্! পাণ্ডবেরা আপনার উপরে এটা গুরুতর ভার ন্যস্ত করিয়াছেন। তথাপি আপনি আপন বুদ্ধিতে উচিত বিষয় স্থির করিয়া যুদ্ধ করিতে পারেন ॥৩॥

কারণ, দ্রোণাচার্য্য যুদ্ধে সুনিপুণ, বিশেষতঃ তিনি উত্তম উত্তম অস্ত্রশিক্ষায় পরিশ্রম করিয়াছেন; আর আপনি অত্যন্তসুখে বৃদ্ধি লাভ করিয়াছেন, তা'র পর আবার বালক বলিয়া যুদ্ধেও সেরূপ নিপুণ নহেন' ॥৪॥

---

(১) সৌভদ্রস্তু বচঃ শ্রুত্বা···পি ব। (৩)···সম্প্রধার্য্য ক্ষণং বুদ্ধ্যা—নি। (৪)···ত্বঞ্চ যুদ্ধবিশারদঃ—পি ব,···ত্বঞ্চ বালঃ স বলবান্ সংগ্রামাণামকোবিদঃ—নি।

ঐরাবতগতং শক্রং সহামরগণৈরহম্।
যোধয়েয়ং রণমুখে ন মে ক্ষত্রেঽস্থ বিস্ময়ঃ ॥৬॥
ন মমৈতদ্দ্বিষৎসৈন্যং কলামর্হতি ষোড়শীম্।
অপি বিশ্বজিতং বিষ্ণুং মাতুলং প্রাপ্য সূতজ!।
পিতরঞ্চার্জ্জুনং যুদ্ধে ন ভীর্মামুপযাস্যতি ॥৭॥
ততোঽভিমন্যুস্তাং বাচং কদর্থীকৃত্য সারথেঃ।
যাহীত্যেবাব্রবীদেনং দ্রোণানীকায় মা চিরম্ ॥৮॥
ততঃ সঞ্চোদয়ামাস হয়ানাশু ত্রিহায়নান্।
নাতিহৃষ্টমনাঃ সূতো হেমভাণ্ডপরিচ্ছদান্ ॥৯॥
তে প্রেষিতাঃ সুমিত্রেণ দ্রোণানীকায় বাজিনঃ।
দ্রোণমভ্যদ্রবন্ রাজন্! মহাবেগপরাক্রমাঃ ॥১০॥

তত ইতি। ক্ষত্রং ক্ষত্রিয়বৃন্দম্। মৎসমক্ষে কোঽপি কিমপি চ নেত্যর্থঃ ॥৫॥
ঐরেতি। যোধয়েযং যোদ্ধুং শক্নুয়াম্। স্বয়বিপরীতো বিস্ময়ো বিষাদঃ ॥৬॥
নেতি। ষোডশীং কলাং ষোডশভাগৈকভাগম্। বিষ্ণুং কৃষ্ণম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥
তত ইতি। কদর্থীকৃত্য কুৎসিতার্থীকৃত্য অবজ্ঞায়েত্যর্থঃ। মা চিরং ন বিলম্বস্ব ॥৮॥
তত ইতি। ততো নাতিহৃষ্টমনাঃ সূতঃ সারথি, ত্রিহায়নান্ ত্রিবর্ষবয়স্কান্ তত এব যূন ইত্যর্থঃ, হেমভাণ্ডপরিচ্ছদান্ স্বর্ণালঙ্কারাবৃতান্ হয়ান্, আশু সঞ্চোদয়ামাস ॥৯॥
ত ইতি। সুমিত্রেণ তন্নাম্না সারথিনা। মহান্তৌ বেগপরাক্রমৌ যেষাং তে ॥১০॥

তাহার পর অভিমন্যু হাস্য করিয়া সারথিকে এই কথা বলিলেন—'সারথি! আমার সমক্ষে এ দ্রোণ কে? সমস্ত ক্ষত্রিয়মণ্ডলই বা কে? ॥৫॥

আমি দেবগণের সহিত সম্মিলিত ঐরাবতগজারূঢ় ইন্দ্রের সহিতও যুদ্ধ করিতে পারি। সুতরাং ক্ষত্রিয়গণের বিষয়ে আমার কোন বিষাদ নাই ॥৬॥

অতএব এই শত্রুসৈন্য আমার ষোড়শভাগের একভাগেরও তুল্য নহে। তা'র পর, সারথিনন্দন! বিশ্ববিজয়ী মাতুল কৃষ্ণকে কিংবা পিতা অর্জ্জুনকে যুদ্ধে বিপক্ষ-রূপে দেখিতে পাইলেও ত' আমার ভয় হয় না' ॥৭॥

তাহার পর অভিমন্যু সারথির সেই কথা অগ্রাহ্য করিয়া তাহাকে বলিলেন—'দ্রোণসৈন্যের দিকে যাও, বিলম্ব করিও না' ॥৮॥

তদনন্তর সারথি অনতিহৃষ্টচিত্তে স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত এবং ত্রিবর্ষবয়স্ক অশ্বগণকে দ্রুত সঞ্চালন করিল ॥৯॥

---

(৮) অভিমন্যুশ্চ তাং বাচম্—বা নি। (৯) ততঃ সংনোদয়ামাস—বা নি। (১০)… মহাবেগা মহাবলাঃ—নি, মহাবেগপরাক্রমম্—বা।

তমুদীক্ষ্য তথায়ান্তং সর্ব্বে দ্রোণপুরোগমাঃ।
অভ্যবর্ত্তন্ত কৌরব্যাঃ পাণ্ডবাশ্চ তমন্বয়ুঃ ॥১১॥
স কর্ণিকারপ্রবরোচ্ছ্রিতধ্বজঃ সুবর্ণবর্ম্মার্জ্জুনিরর্জ্জুনাবরঃ।
যুযুৎসয়া দ্রোণমুখান্ মহারথান্ সমাসদৎ সিংহশিশুর্যথা দ্বিপান্ ॥১২॥
তে বিংশতিপদে যত্তাঃ সম্প্রহারং প্রচক্রিরে।
আসীদ্‌গাঙ্গ ইবাবর্ত্তো মুহূর্ত্তমুদধাবিব ॥১৩॥
শূরাণাং যুধ্যমানানাং নিঘ্নতামিতরেতরম্।
সংগ্রামস্তুমুলো রাজন্! প্রাবর্ত্তত সুদারুণঃ ॥১৪॥

তমিতি। উদীক্ষ্য দৃষ্ট্বা। অন্বয়ুঃ পশ্চাদগচ্ছন্ ॥১১॥

স ইতি। কর্ণিকারপ্রবরঃ তদাখ্যবৃক্ষশ্রেষ্ঠ এব উচ্ছ্রিত উত্তোলিতো ধ্বজো যস্য সঃ, সুবর্ণবর্ম্মা স্বর্ণনির্ম্মিতকবচঃ, আর্জ্জুনিরভিমন্যুঃ, অর্জ্জুনাদবর ঈষন্ন্যূনঃ ॥১২॥

ত ইতি। অভিমন্যৌ বিংশতিপদে গত এবেত্যর্থঃ, তে কৌরবাঃ, যত্তা জয়ায় যত্নবন্তঃ সন্তঃ, তস্মিন্ সম্প্রহারং প্রচক্রিরে। তদা চ গঙ্গায়া অযমিতি গাঙ্গঃ, আবর্ত্তো জলভ্রমিরিব, উদধৌ আবর্ত্ত ইব চ তেষামুভয়েষাং মুহূর্ত্তমাবর্ত্তো ভ্রমণমাসীৎ ॥১৩॥

রাজা! সারথি সুমিত্র অশ্বগুলিকে দ্রোণসৈন্যের দিকে চালাইয়া দিলে, মহাবেগশালী ও অত্যন্তপরাক্রমযুক্ত অশ্বগণ দ্রোণের দিকে ধাবিত হইল ॥১০॥

তখন অভিমন্যুকে সেইভাবে আসিতে দেখিয়া দ্রোণপ্রভৃতি কৌরবেরা সকলে তাঁহার অভিমুখবর্ত্তী হইয়া রহিলেন; আর পাণ্ডবেরা তাঁহার পিছনে যাইতে লাগিলেন ॥১১॥

তৎকালে অভিমন্যুর রথে উত্তম কর্ণিকারবৃক্ষের একটা ধ্বজ উত্তোলিত ছিল এবং তাঁহার গাত্রে একটী স্বর্ণময় বর্ম্ম নিবদ্ধ রহিয়াছিল; এই অবস্থায় অর্জ্জুনের তুল্য যোদ্ধা অর্জ্জুননন্দন অভিমন্যু—সিংহশিশু যেমন হস্তিগণের প্রতি ধাবিত হয়, সেইরূপ যুদ্ধ করিবার ইচ্ছায় দ্রোণপ্রভৃতি মহারথগণের প্রতি ধাবিত হইলেন ॥১২॥

অভিমন্যু বিংশতি পদ অগ্রসর হইবামাত্রই কৌরবগণ যত্নবান্ হইয়া প্রহার আরম্ভ করিয়া দিলেন। তখন গঙ্গার ও সমুদ্রের আবর্ত্তের (ঘোলার) ন্যায় উভয় সৈন্যের সংঘর্ষ উপস্থিত হইল ॥১৩॥

রাজা! ক্রমে বীরগণ যুদ্ধে প্রবৃত্ত হইয়া পরস্পর সংহার করিতে থাকিলে, তুমুল ও অতিভীষণ যুদ্ধ চলিতে লাগিল ॥১৪॥

---

(১২)…অর্জ্জুনাদ্বরঃ—নি।

প্রবর্ত্তমানে সংগ্রামে তস্মিন্নতিভয়ঙ্করে।
দ্রোণস্য মিষতো ব্যূহং ভিত্ত্বা প্রাবিশদার্জ্জুনিঃ ॥১৫॥
তং প্রবিষ্টং বিনিঘ্নন্তং শত্রুসংঘান্ মহাবলম্।
হস্ত্যশ্বরথপত্ত্যোঘাঃ পরিবব্রুরুদায়ুধাঃ ॥১৬॥
নানাবাদিত্রনিনদৈঃ ক্ষ্বেড়িতোৎক্রুষ্টগর্জ্জিতৈঃ।
হুঙ্কারৈঃ সিংহনাদৈশ্চ তিষ্ঠ তিষ্ঠেতি নিস্বনৈঃ ॥১৭॥
ঘোরৈর্হলহলাশব্দৈর্মা গাস্তিষ্ঠেহি মামিতি।
অসাবহমমুত্রেতি প্রবদন্তো মুহুর্মুহুঃ ॥১৮॥
বৃংহিতৈঃ শিঞ্জিতৈর্হাসৈঃ ক্ষুরনেমিস্বনৈরপি।
সন্নাদয়ন্তো বসুধামভিদুদ্রুবুরার্জ্জুনিম্ ॥১৯॥ (বিশেষকম্)

শূরাণামিতি। ইতরেতরং পরস্পরম্ ॥১৪॥

প্রেতি। মিষতঃ পশ্যতঃ পশ্যন্তং দ্রোণমনাদৃত্যেত্যর্থঃ। অনাদরে ষষ্ঠী ॥১৫॥

তমিতি। পরিবব্রুঃ পরিবেষ্টিতবন্তঃ ॥১৬॥

নানেতি। ক্ষ্বেড়িতম্ অস্পষ্টমুখধ্বনিঃ, আক্রুষ্টম্ আহ্বানশব্দঃ, গর্জ্জিতং স্পষ্টং গর্জ্জনঞ্চ তৈঃ। মা গা ন গচ্ছ, এহি আগচ্ছ। অমুত্র অস্মিন্ স্থানে তিষ্ঠামীতি শেষঃ। বৃংহিতৈ-র্গজগর্জ্জিতৈঃ, শিঞ্জিতৈরস্ত্রাণামব্যক্তশব্দৈঃ, ক্ষুরাণামশ্বপদস্থিতানাং নেমীনাং চক্রপ্রান্তানাঞ্চ স্বনৈঃ শব্দৈঃ। অভিদুদ্রুবুঃ অভিদধাবুঃ, আর্জ্জুনিমভিমন্যুম্ ॥১৭—১৯॥

অতিভীষণ সেই যুদ্ধ চলিতে লাগিলে, অভিমন্যু দ্রোণের সমক্ষেই ব্যূহ ভেদ করিয়া তাহার মধ্যে প্রবেশ করিলেন ॥১৫॥

মহাবল অভিমন্যু প্রবেশ করিয়াই শত্রুসমূহ সংহার করিতে লাগিলে, গজারোহী, অশ্বারোহী, রথী ও পদাতিরা অস্ত্র উত্তোলন করিয়া তাঁহাকে পরিবেষ্টন করিল ॥১৬॥

আর নানাবিধ বাদ্যধ্বনি, অস্পষ্ট কণ্ঠস্বর, গর্জন, হুঙ্কার ও সিংহনাদ এবং 'থাক থাক' ইত্যাকার শব্দ, ভয়ঙ্কর হলহলাশব্দ, 'যাইও না' 'দাঁড়াও' 'আমার দিকে আইস' এবং 'এই আমি এইখানে রহিয়াছি' ইত্যাকার বাক্য মুহুর্মুহুঃ বলিতে থাকিয়া, বিশেষতঃ হস্তীর বৃংহতিধ্বনি, অস্ত্রের অব্যক্ত শব্দ, হাস্যরব, অশ্বক্ষুরের শব্দ ও চক্রপ্রান্তের শব্দে সমরভূমি নিনাদিত করিয়া বীরগণ অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥১৭—১৯॥

---

(১৫)… ভিত্ত্বা ব্যচরদার্জ্জুনিঃ—নি। (১৬)…শত্রুমধ্যে মহাবলম্—পি ব। (১৮)… অসাবহমমিত্রেতি—বা নি। (১৯)…করনেমিস্বনৈরপি—নি…।

তেষামাপততাং বীরঃ শীঘ্রযোধী মহাবলঃ।
ক্ষিপ্রাস্ত্রো ন্যবধীদ্‌ব্রাতান্‌। মর্ম্মজ্ঞো মর্ম্মভেদিভিঃ ॥২০॥
তে হন্যমানা বিবশা নানালিঙ্গৈঃ শিতৈঃ শরৈঃ।
অভিপেতুঃ সুবহুশঃ শলভা ইব পাবকম্‌ ॥২১॥
ততস্তেষাং শরীরৈশ্চ শরীরাবয়বৈশ্চ সঃ।
আতস্তার ক্ষিতিং ক্ষিপ্রং কুশৈর্বেদীমিবাধ্বরে ॥২২॥
বদ্ধগোধাঙ্গুলিত্রাণান্‌ সশরাসনসায়কান্‌।
সাসিচর্ম্মাঙ্কুশাভীষূন্‌ সতোমরপরশ্বধান্‌ ॥২৩॥
সগদায়োগুড়প্রাসান্‌ সর্ষ্টিতোমরপট্টিশান্‌।
সভিন্দিপালপরিঘান্‌ সশক্তিবরকম্পনান্‌ ॥২৪॥
সপ্রতোদমহাশঙ্খান্‌ সকুন্তান্‌ সকচগ্রহান্‌।
সমুদ্‌গরক্ষেপণীয়ান্‌ সপাশপরিঘোপলান্‌ ॥২৫॥
সকেয়ূরাঙ্গদান্‌ বাহূন্‌ হৃদ্যগন্ধানুলেপনান্‌।
সংচিচ্ছেদার্জ্জুনির্ব্বৃত্তাংস্ত্বদীয়ানাং সহস্রশঃ ॥২৬॥ (কলাপকম্‌)

তেষামিতি। বীরোঽভিমন্যুঃ। ব্রাতান্‌ সমূহান্‌, মর্ম্মভেদিভিঃ শরৈঃ ॥২০॥
ত ইতি। নানা বহুবিধানি লিঙ্গানি চিহ্নানি যেষু তৈঃ। অভিপেতুরুপাজগ্মুঃ ॥২১॥
তত ইতি। আতস্তার আচ্ছাদয়ামাস। বেদীং পরিষ্কৃতাং ভূমিম্‌ ॥২২॥
বদ্ধেতি। বদ্ধানি ধৃতানি গোধা হস্তাবাপা অঙ্গুলিত্রাণানি চ যেষু তান্‌। শরাসনৈর্ধনুর্ভিঃ সায়কৈর্বাণৈশ্চ সহেতি তান্‌। এবমন্যত্র। অভীষবঃ প্রগ্রহা অশ্বমুখরজ্জবঃ, "অভীষুঃ প্রগ্রহে

তাঁহারা আসিতে লাগিলে, বীর, শীঘ্রযোধী, মহাবল, দ্রুতাস্ত্রক্ষেপী ও মর্ম্মজ্ঞ অভিমন্যু মর্ম্মভেদী বাণদ্বারা তাঁহাদিগকে বধ করিতে লাগিলেন ॥২০॥

অভিমন্যু নানাবিধচিহ্নযুক্ত ও সুধার বাণসমূহদ্বারা বধ করিতে লাগিলেও, পরাধীন সেই বহুতর বীর—পতঙ্গ যেমন অগ্নির দিকে ধাবিত হয়, সেইরূপ অভিমন্যুর দিকে ধাবিত হইতে লাগিলেন ॥২১॥

তাহার পর যাজ্ঞিকেরা যেমন কুশদ্বারা যজ্ঞের বেদি আবৃত করেন, সেইরূপ অভিমন্যু তাঁহাদের শরীর ও শরীরের অঙ্গ-প্রত্যঙ্গদ্বারা সত্বর সমরভূমি আবৃত করিয়া ফেলিলেন ॥২২॥

মহারাজ! ক্রমে হস্তাবাপ (চর্ম্মনির্ম্মিত হস্তাবরণ), অঙ্গুলিত্র (অঙ্গুলিরক্ষক চর্ম্মাবরণ), ধনু, বাণ, তরবারি, চর্ম্ম (ঢাল), অঙ্কুশ, অশ্বমুখরজ্জু, তোমর, পরশু,

(২০)...শীঘ্রপূর্ব্বমথো দৃঢ়ম্‌—পি ব,...ন্যবধীদ্রাজন্‌।—নি। (২২)...সংতস্তার—নি।
(২৩)...সাসিচর্ম্মাঙ্কুশান্‌ সেষূন্‌—পি।

তৈঃ স্ফুরদ্ভির্মহারাজ! শুশুভে ভূঃ সুলোহিতৈঃ।
পঞ্চাস্যৈঃ পন্নগৈশ্ছিন্নৈর্গরুড়েনেব মারিষ! ॥২৭॥
সুনাসাননকেশান্তৈরব্রণৈশ্চারুকুণ্ডলৈঃ।
সন্দষ্টৌষ্ঠপুটৈঃ ক্রোধাৎ ক্ষরদ্ভিঃ শোণিতং বহু ॥২৮॥
চারুস্রঙ্মুকুটোষ্ণীষৈর্মণিরত্নবিভূষিতৈঃ।
বিনালনলিনাকারৈর্দিবাকরশশিপ্রভৈঃ ॥২৯॥
হিতপ্রিয়ংবদৈঃ কালে বহুভিঃ পুণ্যগন্ধিভিঃ।
দ্বিষচ্ছিরোভিঃ পৃথিবীমবতস্তার ফাল্গুনিঃ ॥৩০॥ (বিশেষকম্)

রশ্মৌ" ইত্যমরঃ। তোমরাদীনি তদানীন্তনাস্ত্রাণি। ক্ষুদ্রবিশালভেদেন তোমরভেদা- দপৌনরুক্ত্যম্। অয়োগুডানি লৌহগুলিকাঃ। প্রতোদা অশ্বাদিতাডনদণ্ডাঃ। কচগ্রহোঽপ্যস্ত্র- বিশেষঃ। বৃত্তান্ গোলাকারান্ ॥২৩—২৬॥

তৈরিতি। পঞ্চ আস্যানি মুখানি যেষাং তৈঃ। এতেন পঞ্চাঙ্গুলিযুক্তা বাহব ইতি সূচ্যতে ॥২৭॥

স্বিতি। শোভনা নাসা আননানি কেশান্তাশ্চ যেষাং তৈঃ, অব্রণৈরক্ষতৈঃ। সন্দষ্টানি দন্তৈঃ কৃতদংশানি ওষ্ঠপুটানি যেষাং তৈঃ। চারবঃ সুন্দরাঃ স্রজো মালা মুকুটানি উষ্ণীষাশ্চ যেষু তৈঃ। বিনালানি দণ্ডশূন্যানি যানি নলিনানি পদ্মানি তদাকারৈঃ। কালে যথাসময়ং হিতং প্রিয়ঞ্চ বদন্তীতি তৈঃ। পৃথিবীং যুদ্ধভূমিম্, অবতস্তার আচ্ছাদয়ামাস ফাল্গুনি- রভিমন্যুঃ ॥২৮—৩০॥

গদা, লৌহগুলিকা, ঋষ্টি, তোমর, পট্টিশ, ভিন্দিপাল, পরিঘ, শক্তি, কম্পন, চাবুক, মহাশঙ্খ, কুন্ত, কচগ্রহ, মুদ্গর, ক্ষেপণীয, পাশ, পরিঘতুল্য প্রস্তর, কেয়ূর ও অঙ্গদযুক্ত, মনোহরচন্দনলিপ্ত এবং গোলাকার আপনার পক্ষীয় যোদ্ধাদের সহস্র সহস্র বাহু অভিমন্যু ছেদন করিতে লাগিলেন ॥২৩—২৬॥

মাননীয় মহারাজ! গরুড় চঞ্চুদ্বারা মধ্যে ছিন্ন করিলে, পঞ্চমুখ সর্পের ন্যায স্পন্দমান, পঞ্চাঙ্গুলীযুক্ত ও রক্তে রক্তবর্ণ সেই সকল বাহুদ্বারা সমরভূমি শোভা পাইতে লাগিল ॥২৭॥

অভিমন্যু শত্রুগণের বহুতর মস্তকদ্বারাও সমরভূমি আবৃত করিয়া ফেলি- লেন। সে মস্তকগুলির নাসিকা, মুখ ও কেশপ্রান্ত সুন্দর ছিল, সেগুলিতে কোন ক্ষতচিহ্ন ছিল না, সুন্দর কুণ্ডল ছিল, ক্রোধে দন্তদ্বারা ওষ্ঠপুট দংশন করিতেছিল, সেগুলি হইতে প্রচুর রক্ত নির্গত হইতেছিল, মনোহর মালা, মুকুট, উষ্ণীষ, মণি ও রত্নদ্বারা সেগুলি শোভিত ছিল, নালশূন্য পদ্ম, চন্দ্র ও সূর্য্যের

---

(২৯) · সচারুমুকুটোষ্ণীষৈঃ—বা নি। (৩০)…স বৈ তস্তার ফাল্গুনিঃ—বা ব রা নি।

গন্ধর্ব্বনগরাকারান্ বিধিবৎ কল্পিতান্ রথান্।
ঈষামুখান্ বিত্রিবেণূন্ ন্যস্তদণ্ডকবন্ধুরান্ ॥৩১॥
বিজঙ্ঘাকূবরাংস্তত্র বিনেমীংশ্চ ব্যরানপি।
বিচক্রোপস্করোপস্থান্ ভগ্নোপকরণানপি ॥৩২॥
প্রপাতিতোপস্তরণান্ হতযোধান্ সহস্রশঃ।
শরৈর্বিশকলীকুর্ব্বন্ দিক্ষু সর্ব্বাস্বদৃশ্যত ॥৩৩॥ (বিশেষকম্)
পুনর্দ্বিপান্ বরারোহান্ বৈজয়ন্ত্যঙ্কুশধ্বজান্।
তূণান্ বর্ম্মাণ্যথো কক্ষ্যা গ্রৈবেয়াংশ্চ সকম্বলান্ ॥৩৪॥
ঘণ্টাঃ শুণ্ডা বিষাণাগ্রান্ ক্ষুরমাল্যপদানুগান্।
শরৈর্নিশিতধারাগ্রৈঃ শাত্রবাণামশাতয়ৎ ॥৩৫॥ (যুগ্মকম্)

গন্ধর্ব্বেতি। কল্পিতান্ সজ্জিতান্। ছেদনেন বিগতানি ঈষামুখানি ঊর্দ্ধদারুপরিভাগা যেষাং তান্, বিগতাস্ত্রয়ো বেণবো বংশবৎ সরলকাষ্ঠানি যেষাং তান্, ন্যস্তাশ্ছিত্ত্বা পাতিতা দণ্ডাঃ স্তম্ভা যেষাং তে অতএব বন্ধুরা উন্নতাবনতাস্তান্। বিগতা জঙ্ঘাকূবরাঃ তির্য্যগ্দারুবিশেষা যেষাং তান্, বিগতা নেময়শ্চক্রপ্রান্তা যেষাং তান্। বিগতা অরাঃ চক্রান্তর্গততির্য্যগ্দারূণি যেষাং তান্। বিগতাঃ চক্রাণি উপস্করাঃ সংযোজনকাষ্ঠানি উপস্থা নিম্নকাষ্ঠানি চ যেষাং তান্, ভগ্নানি উপকরণানি ধনুস্তূণাদিধারকাণি শিক্যাদীনি যেষাং তান্। প্রপাতিতানি উপস্তরণানি আস্তরণবস্ত্রাণি যেভ্যস্তান্। বিশকলীকুর্ব্বন্, খণ্ডখণ্ডীকুর্ব্বন্, অদৃশ্যত কাস্তনি-রিত্যনুবৃত্তিঃ ॥৩১—৩৩॥

পুনরিতি। দ্বিপান্ গজান্, বরা উত্তমা আরোহা আরোহিণো যেষাং তান্, বৈজয়ন্ত্য-স্তেষাং দ্বিপানামেব পতাকাশ্চ অঙ্কুশাশ্চ ধ্বজাশ্চ তান্। কক্ষ্যা মধ্যবন্ধনরজ্জূঃ, গ্রৈবেয়ান্ গ্রীবালঙ্কারান্। বিষাণাগ্রান্ দন্তাগ্রদেশান্, ক্ষুরাশ্চ মাল্যানি চ পদানুগা অনুচরাশ্চ তান্। অশাতয়ৎ অভিমন্যুরচ্ছিনৎ ॥৩৪—৩৫॥

ন্যায় বিরাজিত ছিল, সেগুলি যথাসময়ে হিত ও প্রিয় বাক্য বলিত এবং সেগুলি হইতে পবিত্র সৌরভ বাহির হইতেছিল ॥২৮—৩০॥

আর অভিমন্যু বাণদ্বারা গন্ধর্ব্বনগরতুল্য ও যথাবিধানে সুসজ্জিত বহুতর রথকে খণ্ড খণ্ড করিতে থাকিয়া সকল দিকে দৃষ্টিগোচর হইতে লাগিলেন। সে রথগুলির ঈষামুখ (খাড়াকাঠের উপর), ত্রিবেণু (তেরচা তিনখানা কাঠ), ও স্তম্ভ না থাকায় সে রথগুলি উঁচুনীচু হইয়া গিয়াছিল এবং সেগুলির মধ্যের কাঠ, চক্রপ্রান্ত, চক্রের ভিতরের কাঠ, চক্র, সংযোগস্থানের কাঠ, নীচের কাঠ, সমস্ত উপকরণ ও আস্তরণবস্ত্র ছিল না, যোদ্ধারাও নিহত হইয়াছিল ॥৩১—৩৩॥

অভিমন্যু সুধার বাণসমূহদ্বারা পুনরায় আরোহিগণের সহিত বিপক্ষহস্তি-

(৩৫)·· ছত্রমালাঃ পদানুগাম্—বা নি।

বানায়ুজান্ পার্ব্বতীয়ান্ কাম্বোজানথ বাহ্লিকান্।
স্থিরবালধিকর্ণাক্ষান্ জবনান্ সাধুবাহিনঃ ॥৩৬॥
আরূঢ়ান্ শিক্ষিতৈর্যোধৈঃ শক্ত্যৃষ্টিপ্রাসযোধিভিঃ।
বিধ্বস্তচামরমুখান্ বিপ্রবিদ্ধপ্রকীর্ণকান্ ॥৩৭॥
নিরস্তজিহ্বানয়নান্ নিষ্কীর্ণান্ত্রযকৃদ্ঘনান্।
হতারোহাংশ্চিত্রঘণ্টান্ ক্রব্যাদগণমোদকান্।
নিকৃত্তচর্ম্মকবচান্ শকৃন্মূত্রাসৃগাপ্লুতান্ ॥৩৮॥
নিপাতয়ন্নশ্ববরাংস্তাবকান্ স ব্যরোচত।
একো বিষ্ণুরিবাচিন্ত্যং কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্ ॥৩৯॥ (কলাপকম্)

বানেতি। বনায়ুপ্রভৃতয়ো দেশাঃ তত্রত্যান্। স্থিরাণি বালধয়ো লাঙ্গূলানি কর্ণৌ অক্ষিণী চক্ষুষী চ যেষাং তান্, জবনান্ বেগবতঃ, সাধুবাহিন আরোহিণাং সুষ্ঠুবহনকারিণঃ। বিধ্বস্তানি চামরাণি মুখানি চ যেষাং তান্, বিপ্রবিদ্ধানি পাতিতানি প্রকীর্ণকানি চামরাণি যেষাং তান্। ব্যক্তিভেদেন বহুবিধোক্তিঃ। নিরস্তানি ছিত্ত্বা নিক্ষিপ্তানি জিহ্বানয়নানি যেষাং তান্, নিষ্কীর্ণৈশ্ছিত্ত্বা নিষ্কাশিতৈঃ অন্ত্রৈর্নাড়ীবিশেষৈর্যকৃদ্ভিশ্চ ঘনান্ নিরন্তরগাত্রান্। ক্রব্যাদগণমোদকান্ মাংসভোজিপ্রাণিগণানন্দজনকান্। নিকৃত্তানি ছিন্নানি চর্ম্মাণি কবচানি চ যেষাং তান্, শকৃদ্ভির্বিষ্ঠাভিঃ মূত্রৈঃ অসৃগ্ভিঃ রক্তৈশ্চ আপ্লুতান্ ব্যাপ্তদেহান্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ। সঃ অভিমন্যুঃ ॥৩৬—৩৯॥

গণকে নিপাতিত করিতে লাগিলেন এবং সেগুলির পতাকা, অঙ্কুশ, ধ্বজ, তূণ, বর্ম্ম, মধ্যবন্ধনরজ্জু, গ্রীবালঙ্কার, কম্বল, ঘণ্টা, শুণ্ড, দন্তাগ্র, ক্ষুর, মালা ও অনুচরদিগকে ছেদন করিতে থাকিলেন ॥৩৪—৩৫॥

তা'র পর শক্তি, ঋষ্টি ও প্রাসযোধী শিক্ষিত যোদ্ধারা যে অশ্বগুলির উপরে আরোহণ করিয়া ছিলেন, যে অশ্বগণ আরোহিগণকে সুন্দরভাবে বহন করিত ও অত্যন্ত বেগবান্ ছিল এবং যেগুলির ঘণ্টা সকল বিচিত্র ছিল, আপনার পক্ষের সেই সকল বনায়ু, কাম্বোজ বাহ্লিকদেশীয় এবং পার্ব্বতীয় উত্তম উত্তম অশ্বকে, আর সেগুলির আরোহিগণকে নিপাতিত করিয়া এক অভিমন্যু বিষ্ণুর ন্যায় অচিন্তনীয় অতিদুষ্কর কার্য্য করিয়া শোভা পাইতে লাগিলেন। তৎকালে কতকগুলি অশ্বের লাঙ্গূল, কর্ণ ও নয়ন স্থির ছিল, কতকগুলির চামর ও মুখ বিনষ্ট হইয়াছিল, কতকগুলির চামর পড়িয়া গিয়াছিল, কতকগুলির জিহ্বা ও নয়ন বিক্ষিপ্ত হইয়াছিল, কতকগুলির নাড়ী ও যকৃৎ বাহির হইয়া দেহকে ব্যাপ্ত করিয়াছিল, কতকগুলির গাত্রের চর্ম্ম ও কবচ ছিন্ন হইয়াছিল,

---

(৩৬) বনায়ুজান্—নি। (৩৯) নিকৃত্তবর্ম্মকবচান্—ব।

তথা বিমথিতং তেন চতুরঙ্গবলং মহৎ।
যথাঽসুরবলং ঘোরং ত্র্যম্বকেন মহৌজসা ॥৪০॥
কৃত্বা কর্ম্ম রণেঽসহ্যং পরৈরার্জ্জুনিরাহবে।
অভিনচ্চ পদাত্যোঘাংস্ত্বদীয়ানেব ভারত! ॥৪১॥
এবমেকেন তাং সেনাং সৌভদ্রেণ শিতৈঃ শরৈঃ।
ভৃশং বিপ্রহতাং দৃষ্ট্বা শক্রেণেবাসুরীং চমূম্ ॥৪২॥
ত্বদীয়াস্তব পুত্রাশ্চ বীক্ষমাণা দিশো দশ।
সংশুষ্কাস্যাশ্চলনেত্রাঃ প্রস্বিন্না রোমহর্ষিণঃ ॥৪৩॥
পলায়নকৃতোৎসাহা নিরুৎসাহা দ্বিষজ্জয়ে।
গোত্রনামভিরন্যোন্যং ক্রন্দন্তো জীবিতৈষিণঃ ॥৪৪॥
হতান্ পুত্রান্ পিতৄন্ ভ্রাতৄন্ বন্ধূন্ সম্বন্ধিনস্তথা।
প্রাতিষ্ঠন্ত সমুৎসৃজ্য ত্বরয়ন্তো হয়দ্বিপান্ ॥৪৫॥ (কলাপকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে অভিমন্যুপরাক্রমে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

তথেতি। চত্বারি হস্ত্যশ্বরথপদাতিরূপাণি অঙ্গানি যস্য তৎ। ত্র্যম্বকেন শিবেন ॥৪০॥
কৃত্বেতি। আর্জ্জুনিরভিমন্যুঃ। পদাত্যোঘান্ পদাতিসমূহান্ ॥৪১॥
এবমিতি। বিশেষেণ প্রকর্ষেণ চ হতাম্। সংশুষ্কাস্যাঃ সম্যক্শুষ্কমুখাঃ, প্রস্বিন্না ঘর্ম্মাক্তাঃ। ক্রন্দন্ত আহ্বয়ন্তঃ। সমুৎসৃজ্য বিহায় ॥৪২—৪৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

কতকগুলির গাত্র—বিষ্ঠা, মূত্র ও রক্তে আপ্লুত হইয়া গিয়াছিল এবং এই সমস্ত অশ্বই মাংসভোজী প্রাণিগণের আনন্দ জন্মাইতেছিল ॥৩৬—৩৯॥

পূর্ব্বকালে মহাতেজা মহাদেব যেমন ভয়ঙ্কর অসুরসৈন্য আলোড়ন করিয়াছিলেন, সেইরূপ অভিমন্যু চতুরঙ্গ বিশাল কৌরবসৈন্য আলোড়ন করিলেন ॥৪০॥

ভবতনন্দন! অভিমন্যু যুদ্ধে বিপক্ষের অসহ্য কার্য্য করিয়া আবার যুদ্ধেই আপনার পদাতিসমূহকেও বিশ্লিষ্ট কবিলেন ॥৪১॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন অসুরসৈন্য বিনাশ করিয়াছিলেন, সেইরূপ এক

(৪০)…ত্র্যংশং তব বলং মহৎ—পি ব,…ত্র্যঙ্গং তব বলং মহৎ—বা। (৪১)…ত্বদীয়ানেব সর্ব্বশঃ—বা ব রা নি। (৪২)… স্কন্দেনেবাসুরীং চমূম্—বা ব রা নি। (৪৫)…ত্বরমাণা হয়দ্বিপান্—পি। * '…পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ' ব, '…ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ।

সঞ্জয় উবাচ ।

তাং প্রভগ্নাং চমূং দৃষ্ট্বা সৌভদ্রেণামিতৌজসা ।
দুর্য্যোধনো ভৃশং ক্রুদ্ধঃ স্বয়ং সৌভদ্রমভ্যগাৎ ॥১॥
ততো রাজানমাবৃত্তং সৌভদ্রং প্রতি সংযুগে ।
দৃষ্ট্বা দ্রোণোঽব্রবীদ্‌যোধান্ পরীপ্সধ্বং নরাধিপম্ ॥২॥
পুরাভিমন্যুর্লক্ষ্যং নঃ পশ্যতাং হন্তি বীর্য্যবান্ ।
তমাদ্রবত মা ভৈষ্ট ক্ষিপ্রং রক্ষত কৌরবম্ ॥৩॥

তামিতি । প্রভগ্নাং প্রকর্ষেণ পরাভূতাম্ । সৌভদ্রেণ সুভদ্রাপুত্রেণাভিমন্যুনা ॥১॥
তত ইতি । আবৃত্তং পরিবৃত্তম্ । পরীপ্সধ্বং রক্ষত, নরাধিপং দুর্য্যোধনম্ ॥২॥
পুরেতি । পুরা পরবর্ত্তিনি কালে, "নিকটাগামিকে পুরা" ইত্যমরঃ ॥৩॥

অভিমন্যুই সুধার বাণসমূহদ্বারা কৌরবসৈন্যকে বিনাশ করিয়াছেন দেখিয়া আপনার পুত্রেরা ও অন্যান্য যোদ্ধারা দশ দিকে দৃষ্টিপাত করিতে থাকিয়া, শুষ্কমুখ, অস্থিরনয়ন, ঘর্ম্মাক্তদেহ, রোমাঞ্চিতশরীর, শত্রুজয়ে নিরুৎসাহ, জীবনার্থী ও পলায়নাভিলাষী হইয়া গোত্র ও নাম লইয়া পরস্পর আহ্বান করতঃ, নিহত পুত্র, পিতা, ভ্রাতা, বন্ধু ও সম্বন্ধীদিগকে পরিত্যাগ করিয়া নিজ নিজ বাহন হস্তী ও অশ্বগণকে সত্বর চালাইতে থাকিয়া সমরাঙ্গন হইতে প্রস্থান করিতে লাগিলেন ॥৪২—৪৫॥

সঞ্জয় বলিলেন—"অমিততেজা অভিমন্যু সেই কৌরবসৈন্যকে পরাভূত করিয়াছেন দেখিয়া দুর্য্যোধন অত্যন্তক্রুদ্ধ হইয়া নিজেই অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥১॥

তদনন্তর দুর্য্যোধনকে যুদ্ধে অভিমন্যুর দিকে ফিরিতে দেখিয়া দ্রোণ কৌরবযোদ্ধাদিগকে বলিলেন—'আপনারা রাজাকে রক্ষা করুন ॥২॥

বলবান্ অভিমন্যু আমাদের সমক্ষেই উহার লক্ষ্য দুর্য্যোধনকে পরে বধ করিতে পারেন। অতএব আপনারা দুর্য্যোধনের দিকে যান, ভয় করিবেন না, সত্বর দুর্য্যোধনকে রক্ষা করুন' ॥৩॥

---

(২)···পর্য্যাপ্তাংস্তান্ নরাধিপান্—ব। (৩)···তমাব্রজত—পি।

ততঃ কৃতাস্ত্রা বলিনঃ সুহৃদো জিতকাশিনঃ।
ত্রাস্যমানা ভয়াদ্বীরং পরিবব্রুস্তবাত্মজম্ ॥৪॥
দ্রোণো দ্রৌণিঃ কৃপঃ কর্ণঃ কৃতবর্ম্মা চ সৌবলঃ।
বৃহদ্বলো মদ্ররাজো ভূরির্ভূরিশ্রবাঃ শলঃ ॥৫॥
পৌরবো বৃষসেনশ্চ বিসৃজন্তঃ শিতান্ শরান্।
সৌভদ্রং শরবর্ষেণ মহতা সমবাকিরন্ ॥৬॥ (যুগ্মকম্)
সম্মোহয়িত্বা তমথ দুর্য্যোধনমমোচয়ন্।
আস্যাদ্‌গ্রাসমিবাক্ষিপ্তং মমৃষে নার্জ্জুনাত্মজঃ ॥৭॥
তান্ শরৌঘেণ মহতা সাশ্বসূতান্ মহারথান্।
বিমুখীকৃত্য সৌভদ্রঃ সিংহনাদমথানদৎ ॥৮॥
তস্য নাদং ততঃ শ্রুত্বা সিংহস্যেবামিষৈষিণঃ।
নামৃষ্যন্ত সুসংরব্ধাঃ পুনর্দ্রোণমুখা রথাঃ ॥৯॥

তত ইতি। জিতেন জয়েন কাশন্তে শোভন্ত ইতি তে। ত্রাস্যমানা অভিমন্যুনৈব ॥৪॥
দ্রোণ ইতি। দ্রৌণিরশ্বত্থামা। সৌবলঃ শকুনিঃ। সমবাকিরন্ আবৃণ্বন্ ॥৫—৬॥
সমিতি। আস্যান্মুখাৎ, আক্ষিপ্তমাকৃষ্য নীতম্, মমৃষে সেহে ॥৭॥
তানিতি। অশ্বৈঃ সূতৈঃ সারথিভিশ্চ সহেতি তান্। অনদৎ অকরোৎ ॥৮॥
তস্যেতি। আমিষৈষিণো মাংসাভিলাষিণঃ। নামৃষ্যন্ত নাসহন্ত, সুসংরব্ধা অতীবক্রুদ্ধাঃ ॥৯॥

রাজা! তাহার পর অস্ত্রে সুশিক্ষিত, বলবান্, হিতৈষী, বিজয়শোভী, অথচ অভিমন্যুর ভয়ে ভীত যোদ্ধারা আপনার বীর পুত্র দুর্য্যোধনকে যাইয়া পরিবেষ্টন করিলেন ॥৪॥

দ্রোণ, অশ্বত্থামা, কৃপ, কর্ণ, কৃতবর্ম্মা, শকুনি, বৃহদ্বল, শল্য, ভূরি, ভূরিশ্রবা, শল, পৌরব ও বৃষসেন ইঁহারা সুধার বাণবর্ষণ করিতে থাকিয়া সেই বিশাল বাণবর্ষণদ্বারা অভিমন্যুকে আবৃত করিয়া ফেলিলেন ॥৫—৬॥

তদনন্তর তাঁহারা অভিমন্যুকে মোহিত করিয়া মুখ হইতে আকৃষ্ট গ্রাসের ন্যায় দুর্য্যোধনকে মুক্ত করিলেন। কিন্তু অভিমন্যু তাহা সহ্য করিলেন না ॥৭॥

সুতরাং অভিমন্যু বিশাল শরজালদ্বারা অশ্ব ও সারথিদিগের সহিত সেই মহারথগণকে বিমুখ করিয়া সিংহনাদ করিলেন ॥৮॥

তাহার পর মাংসাভিলাষী সিংহের ন্যায় অভিমন্যুর সেই গর্জন শুনিয়া দ্রোণপ্রভৃতি রথীরা অত্যন্তক্রুদ্ধ হইয়া আর সহ্য করিলেন না ॥৯॥

---

(৪) ততঃ কৃতজ্ঞা বলিনঃ···বা ব,·· কৃতজ্ঞানবলোৎসেধাঃ—নি।

ত এনং কোষ্ঠকীকৃত্য রথবংশেন মারিষ !।
ব্যসৃজন্নিষুজালানি নানালিঙ্গানি সংঘশঃ ॥১০॥
তান্যন্তরীক্ষে চিচ্ছেদ পৌত্রস্তব শিতৈঃ শরৈঃ।
তাংশ্চৈব প্রতিবিব্যাধ তদদ্ভুতমিবাভবৎ ॥১১॥
ততস্তে কোপিতাস্তেন শরৈরাশীবিষোপমৈঃ।
পরিবব্রুর্জিঘাংসন্তঃ সৌভদ্রমপলায়িনম্ ॥১২॥
সমুদ্রমিব পর্য্যস্তং ত্বদীয়ং তং বলার্ণবম্।
দধারৈকোঽর্জ্জুনির্ব্বাণৈর্ব্বেলেব ভরতর্ষভ ! ॥১৩॥
শূরাণাং যুধ্যমানানাং নিঘ্নতামিতরেতরম্।
অভিমন্যোঃ পরেষাঞ্চ নাসীৎ কশ্চিৎ পরাঙ্মুখঃ ॥১৪॥

ত ইতি। কোষ্ঠকীকৃত্য মধ্যবর্ত্তীকৃত্য, রথানাং বংশেন সমূহেন। নানালিঙ্গানি বহুচিহ্নানি ॥১০॥
তানীতি। তব পৌত্ত্রোঽভিমন্যুঃ। অভিমন্যোরতিলঘুহস্তত্বমেবাদ্ভুতমিতি ভাবঃ ॥১১॥
তত ইতি। তেন তব পৌত্ত্রেণ। জিঘাংসন্তো হন্তুমিচ্ছন্তঃ ॥১২॥
সমুদ্রমিতি। পর্য্যস্তম্ উদ্বেলিতম্। বেলা তীরম্। একোঽর্জ্জুনিরিতি সন্ধিরার্ষঃ ॥১৩॥
শূরাণামিতি। ইতরেতরং পরস্পরম্ ॥১৪॥

মাননীয রাজা ! তাঁহাবা রথসমূহদ্বারা অভিমন্যুকে পবিবেষ্টন করিযা দলে দলে নানাচিহ্নযুক্ত বাণসমূহ অভিমন্যুব প্রতি নিক্ষেপ কবিলেন ॥১০॥

তখন অভিমন্যু সুধাব বাণসমূহদ্বাবা সেই বাণগুলিকে আকাশেই ছেদন কবিলেন এবং তাঁহাদিগকেও প্রতিবিদ্ধ কবিলেন। তাহা যেন অদ্ভুত বলিযা বোধ হইল ॥১১॥

তদনন্তর অভিমন্যু সর্পতুল্য বাণসমূহদ্বাবা আঘাত কবিলে, তাঁহারা ক্রুদ্ধ হইযা অপলাযী অভিমন্যুকে বধ করিবার ইচ্ছা করিযা তাঁহাকে পবিবেষ্টন করিলেন ॥১২॥

ভবতশ্রেষ্ঠ ! তীরের ন্যায় এক অভিমন্যুই বাণদ্বাবা উদ্বেলিত সমুদ্রতুল্য আপনার সেই সৈন্যসমুদ্রকে ধারণ করিলেন ॥১৩॥

তৎকালে পবস্পর প্রহারকাবী যুধ্যমান বিপক্ষ বীরগণ বা অভিমন্যুর মধ্যে কেহই পরাঙ্মুখ হইলেন না ॥১৪॥

---

(১১)···পৌত্রস্তে নিশিতৈঃ শরৈঃ—বা নি। (১২) কোপিতাস্তেন শূরেণ···নি,··· সৌভদ্রমপরাজিতম্—বা নি। (১৩)···বেলেবোদ্বৃত্তমর্ণবম্—নি।

তস্মিংস্তু ঘোরে সংগ্রামে বর্ত্তমানে ভয়ঙ্করে।
দুঃসহো নবভির্ব্বাণৈরভিমন্যুমবিধ্যত ॥১৫॥
দুঃশাসনো দ্বাদশভিঃ কৃপঃ শারদ্বতস্ত্রিভিঃ।
দ্রোণস্তু সপ্তদশভিঃ শরৈরাশীবিষোপমৈঃ ॥১৬॥
বিবিংশতিস্তু সপ্তত্যা কৃতবর্ম্মা চ সপ্তভিঃ।
বৃহদ্বলস্তথাষ্টাভিরশ্বত্থামা চ সপ্তভিঃ ॥১৭॥
ভূরিশ্রবাস্ত্রিভির্ব্বাণৈর্মদ্রেশঃ ষড়্ভিরাশুগৈঃ।
দ্বাভ্যাং শরাভ্যাং শকুনিস্ত্রিভির্দুর্য্যোধনো নৃপঃ ॥১৮॥ (কলাপকম্)
স তু তান্ প্রতিবিব্যাধ ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ।
নৃত্যন্নিব মহারাজ! চাপহস্তঃ প্রতাপবান্ ॥১৯॥
ততোঽভিমন্যুঃ সংক্রুদ্ধস্তাড্যমানস্তবাত্মজৈঃ।
বিদর্শয়ন্ বৈ সুমহচ্ছিক্ষৌরসকৃতং বলম্ ॥২০॥
গরুড়ানিলরংহোভির্যন্তুর্ব্বাক্যকরৈর্হয়ৈঃ।
দান্তৈরশ্মকদায়াদং ত্বরমাণমবারয়ৎ।
বিব্যাধ চৈনং দশভির্ব্বাণৈস্তিষ্ঠেতি চাব্রবীৎ ॥২১॥ (যুগ্মকম্)

তস্মিন্নিতি। ঘোরে মহতি। দুঃসহো নাম ধার্ত্তরাষ্ট্রঃ। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ। আশীবিষস্তীক্ষ্ণবিষঃ সর্পস্তদুপমৈঃ। সপ্তত্যা শরৈঃ। এবং সর্বত্রানুবৃত্তিঃ। মদ্রেশঃ শল্যঃ ॥১৫—১৮॥

স ইতি। সোঽভিমন্যুঃ। অজিহ্মগৈঃ সরলগামিভির্বাণৈঃ ॥১৯॥

তত ইতি। শিক্ষা গুরোবাদানম্ ঔরসং দেহস্বভাবস্তাভ্যাং কৃতম্। গরুড়ানিলয়োরিব রংহো বেগো যেষাং তৈঃ, যন্তুঃ সারথেঃ। দান্তৈঃ শিক্ষিতৈঃ, অশ্মকদায়াদম্ অশ্মকদেশরাজপুত্রম্, ত্বরমাণং সত্বরমাগচ্ছন্তম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২০—২১॥

সেই ভয়ঙ্কর মহাসংগ্রাম চলিতে লাগিলে, আপনার পুত্র দুঃসহ নয়টা বাণদ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিলেন এবং দুঃশাসন বারটা, শরদ্বানের পুত্র কৃপ তিনটা, দ্রোণ তীক্ষ্ণবিষ-সর্পতুল্য সতরটা, বিবিংশতি সত্তরটা, কৃতবর্ম্মা সাতটা, বৃহদ্বল আটটা, অশ্বত্থামা সাতটা, ভূরিশ্রবা তিনটা, শল্য ছয়টা, শকুনি দুইটা ও রাজা দুর্য্যোধন তিনটা বাণদ্বারা অভিমন্যুকে তাড়ন করিলেন ॥১৫—১৮॥

মহারাজ! ওদিকে চাপহস্ত ও প্রতাপশালী অভিমন্যু নৃত্য করতই যেন তিন তিনটা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেককে প্রতিবিদ্ধ করিলেন ॥১৯॥

তাহার পর অশ্মকদেশের রাজপুত্র—গরুড় ও বায়ুর ন্যায় বেগবান্, সারথির

(২০)…ত্রাস্যমানস্তবাত্মজৈঃ…শিক্ষাভ্যাসকৃতং বলম্—বা ব রা নি।

তস্যাভিমন্যুর্দশভির্ব্বাণৈঃ সূতং হয়ং ধ্বজম্।
বাহূ ধনুঃ শিরশ্চোর্ব্ব্যাং স্ময়মানোঽভ্যপাতয়ৎ ॥২২॥
ততস্তস্মিন্ হতে বীরে সৌভদ্রেণাশ্মকেশ্বরে।
সঞ্চচাল বলং সর্ব্বং পলায়নপরায়ণম্ ॥২৩॥
ততঃ কর্ণঃ কৃপো দ্রোণো দ্রৌণির্গান্ধাররাট্ শলঃ।
শল্যো ভূরিশ্রবাঃ ক্রাথঃ সোমদত্তো বিবিংশতিঃ ॥২৪॥
বৃষসেনঃ সুষেণশ্চ কুণ্ডভেদী প্রতর্দ্দনঃ।
বৃন্দারকো ললিত্থশ্চ প্রবাহুর্দীর্ঘলোচনঃ।
দুর্য্যোধনশ্চ সংক্রুদ্ধঃ শরবর্ষৈরবাকিরন্ ॥২৫॥ (যুগ্মকম্)
সোঽতিবিদ্ধো মহেষ্বাসৈরভিমন্যুরজিহ্মগৈঃ।
শরমাদত্ত কর্ণায় বর্ম্মকায়াবভেদিনম্ ॥২৬॥

তস্যেতি। হয়াশ্চত্বার ইতি পাত্যানামপি দশসংখ্যাপূর্ত্তিঃ। স্ময়মান ঈষদ্ধসন্ ॥২২॥
তত ইতি। পলায়নমেব পরম্ অয়নং গতির্যস্য তৎ পলায়নোৎসুকমিত্যর্থঃ ॥২৩॥
তত ইতি। দ্রৌণিরশ্বত্থামা। অবাকিরন্ অভিমন্যুমাবৃণ্বন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪-২৫॥
স ইতি। মহেষ্বাসৈর্মহাধনুর্দ্ধরৈঃ কর্ত্তৃভিঃ, অজিহ্মগৈর্ব্বাণৈঃ করণৈঃ ॥২৬॥

বাক্যানুসারী ও সুশিক্ষিত অশ্বগণের গুণে বেগে আসিতে লাগিলে, আপনার পুত্রগণের তাড়নে অত্যন্তক্রুদ্ধ অভিমন্যু শিক্ষা ও দেহের মহাবল প্রদর্শন করতঃ তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন এবং দশটা বাণদ্বারা উঁহাকে বিদ্ধ করিলেন, আর 'থাক' এই কথা বলিলেন ॥২০—২১॥

তৎপরে অভিমন্যু ঈষৎ হাস্য করতঃ দশটা বাণদ্বারা অশ্মকরাজপুত্রের সারথি, চারিটা অশ্ব, ধ্বজ, বাহুযুগল, ধনু ও মস্তক ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥২২॥

অভিমন্যু—বীর অশ্মকরাজপুত্রকে বধ করিলে, সমগ্র কৌরবসৈন্যই পলায়নোৎসুক হইয়া বিচলিত হইল ॥২৩॥

তদনন্তর কর্ণ, কৃপ, দ্রোণ, অশ্বত্থামা, শকুনি, শল, শল্য ভূরিশ্রবা, ক্রাথ, সোমদত্ত, বিবিংশতি, বৃষসেন, সুষেণ, কুণ্ডভেদী, প্রতর্দ্দন, বৃন্দারক, ললিত্থ, প্রবাহু, দীর্ঘলোচন ও দুর্য্যোধন অত্যন্তক্রুদ্ধ হইয়া বাণবর্ষণ করিয়া অভিমন্যুকে আবৃত করিলেন ॥২৪—২৫॥

---

(২২)···দশভির্হয়ান্ সূতং ধ্বজং শরৈঃ—নি।

তস্য ভিত্ত্বা তনুত্রাণং দেহং নির্ভিদ্য চাশুগঃ।
প্রাবিশদ্ধরণীং বেগাদ্বল্মীকমিব পন্নগঃ ॥২৭॥
স তেনাতিপ্রহারেণ ব্যথিতো বিহ্বলন্নিব।
সঞ্চচাল রণে কর্ণঃ ক্ষিতিকম্পে যথাঽচলঃ ॥২৮॥
তথান্যৈর্নিশিতৈর্ব্বাণৈঃ সুষেণং দীর্ঘলোচনম্।
কুণ্ডভেদিঞ্চ সংক্রুদ্ধস্ত্রিভিস্ত্রীনবধীদ্বলী ॥২৯॥
কর্ণস্তং পঞ্চবিংশত্যা নারাচানাং সমার্পয়ৎ।
অশ্বত্থামা চ বিংশত্যা কৃতবর্ম্মা চ সপ্তভিঃ ॥৩০॥
স শরাচিতসর্ব্বাঙ্গঃ ক্রুদ্ধঃ শক্রাত্মজাত্মজঃ।
বিচরন্ দদৃশে সৈন্যে পাশহস্ত ইবান্তকঃ ॥৩১॥
শল্যঞ্চ শরবর্ষেণ সমীপস্থমবাকিরৎ।
উদক্রোশন্মহাবাহুস্তব সৈন্যানি ভীষয়ন্ ॥৩২॥

তস্যেতি। তনুত্রাণং বর্ম্ম। বল্মীকম্ উষীমৃত্তিকাম্ ॥২৭॥
স ইতি। বিহ্বলন্ আকুলীভবন্। অচলঃ পর্ব্বতঃ ॥২৮॥
তথেতি। দ্বিবিধোক্তিদর্শনাৎ কুণ্ডভেদিশব্দো নান্ত ইকারান্তাশ্চ মন্তব্যঃ ॥২৯॥
কর্ণ ইতি। সমার্পয়ৎ অপীড়য়ৎ। বিংশত্যা সপ্তভিশ্চ নারাচৈরেব ॥৩০॥
স ইতি। শরৈরাচিতানি ব্যাপ্তানি সর্ব্বাণ্যঙ্গানি যস্য সঃ, শক্রাত্মজোঽর্জ্জুনস্তস্যাত্মজঃ ॥৩১॥

তখন অভিমন্যু মহাধনুর্দ্ধরগণের বাণে অত্যন্তবিদ্ধ হইয়া কর্ণের উদ্দেশে একটা বর্ম্ম ও দেহভেদী বাণ গ্রহণ করিলেন ॥২৬॥

সেই বাণটা যাইয়া কর্ণের বর্ম্ম ও দেহ ভেদ করিয়া—সাপ যেমন উষীর মাটীর ভিতরে প্রবেশ করে, সেইরূপ বেগে ভূতলে প্রবেশ করিল ॥২৭॥

কর্ণ সেই গুরুতর প্রহারে ব্যথিত ও বিহ্বলের ন্যায় হইয়া ভূমিকম্পে পর্ব্বতের ন্যায় সমরাঙ্গনে কম্পিত হইলেন ॥২৮॥

এবং অত্যন্তক্রুদ্ধ ও বলবান্ অভিমন্যু তিনটা সুধার বাণদ্বারা সুষেণ, দীর্ঘলোচন ও কুণ্ডভেদি এই তিন জনকে বধ করিলেন ॥২৯॥

তখন কর্ণ পঁচিশটা, অশ্বত্থামা কুড়িটা ও কৃতবর্ম্মা সাতটা নারাচদ্বারা অভিমন্যুকে তাড়ন করিলেন ॥৩০॥

বাণব্যাপ্তসর্ব্বাঙ্গ ও ক্রুদ্ধ অভিমন্যু বিপক্ষসৈন্যমধ্যে বিচরণ করিবার সময়ে পাশহস্ত যমের ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥৩১॥

---

(২৭) তস্য ছিত্ত্বা···ধরণীং রাজন্।—পি,···ধরণীং রাজন্।—ব। (৩১) স শরাদ্দিত-সর্ব্বাঙ্গঃ—পি।

ততঃ স বিদ্ধোঽস্ত্রবিদা মর্ম্মভিদ্ভিরজিহ্মগৈঃ।
শল্যো রাজন্! রথোপস্থে নিষসাদ মুমোহ চ ॥৩৩॥
তং হি দৃষ্ট্বা তথা বিদ্ধং সৌভদ্রেণ যশস্বিনা।
সংপ্রাদ্রবচ্চমূঃ সর্ব্বা ভারদ্বাজস্য পশ্যতঃ ॥৩৪॥
সংপ্রেক্ষ্য তং মহাবাহুং রুক্মপুঙ্খৈঃ সমাবৃতম্।
ত্বদীয়াঃ প্রপলায়ন্তে মৃগাঃ সিংহার্দ্দিতা ইব ॥৩৫॥
স তু রণযশসাভিপূজ্যমানঃ পিতৃ-সুর-চারণ-যক্ষ-সিদ্ধ-সংঘৈঃ।
অবনিতলগতৈশ্চ ভূতসংঘৈরতিবিবভৌ হুতভুগ্ যথাজ্যসিক্তঃ ॥৩৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে অভিমন্যুপরাক্রমে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

শল্যমিতি। উদক্রোশৎ আগচ্ছেত্যুচ্চৈরাহূতবান্, মহাবাহুরভিমন্যুঃ ॥৩২॥
তত ইতি। স শল্যঃ। রথস্য উপস্থে উপবিদেশে, নিষসাদ উপবিবেশ ॥৩৩॥
তমিতি। তং শল্যম্। সংপ্রাদ্রবৎ অপাসরৎ, ভারদ্বাজস্য দ্রোণস্য ॥৩৪॥
সমিতি। তং শল্যম্। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ শরৈঃ ॥৩৫॥
স ইতি। অভিপূজ্যমানঃ সর্ব্বতঃ প্রশস্যমানঃ। অবনীত্যনেন পিত্রাদীনাং গগনগতত্ব-মাক্ষিপ্যতে। ভূতসংঘৈস্তত্রত্যৈর্লোকৈঃ। হুতভুক্ অগ্নিঃ, আজ্যসিক্তো দত্তঘৃতঃ ॥৩৬॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

এবং মহাবাহু অভিমন্যু বাণবর্ষণদ্বারা নিকটবর্ত্তী শল্যকে আবৃত করিয়া ফেলিলেন, আর আপনার সৈন্যগণের ভয় উৎপাদন করতঃ উচ্চস্বরে বীরগণকে আহ্বান করিতে থাকিলেন ॥৩২॥

রাজা! তাহার পর শল্য—অস্ত্রজ্ঞ অভিমন্যুকর্ত্তৃক মর্ম্মভেদী বাণসমূহদ্বারা বিদ্ধ হইয়া রথের উপরে উপবেশন করিলেন এবং মূর্চ্ছিত হইলেন ॥৩৩॥

যশস্বী অভিমন্যু বিদ্ধ করায় শল্য মূর্চ্ছিত হইয়াছেন দেখিয়া সমস্ত কৌরবসৈন্য দ্রোণের সমক্ষেই পলায়ন করিতে লাগিল ॥৩৪॥

আর মহাবাহু শল্যকে অভিমন্যুর স্বর্ণপুঙ্খ বাণে সমাবৃত দেখিয়া আপনার পক্ষের যোদ্ধারাও সিংহপীড়িত হরিণগণের ন্যায় পলায়ন করিতে থাকিলেন ॥৩৫॥

ক্রমে আকাশবর্ত্তী পিতৃগণ, দেবগণ, চারণগণ, যক্ষগণ ও সিদ্ধগণ এবং ভূতলবর্ত্তী তত্রত্য লোকেরাও অভিমন্যুর যুদ্ধনৈপুণ্য দেখিয়া সর্বতোভাবে তাঁহার

---

(৩৫) অবৈক্ষন্ত মহাবাহুম্…ত্বদীয়াঃ প্রপলায়ন্তঃ—পি। * '…ষট্ত্রিংশোঽধ্যায়ঃ' ব, '…সপ্তত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ।

—————:*:—————

ধৃতরাষ্ট্র উবাচ।

তথা প্রমথমানং তং মহেষ্বাসানজিহ্মগৈ।
আর্জ্জুনিং মামকাঃ সংখ্যে কে ত্বেনং সমবারয়ন্ ॥১॥

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্! কুমারস্য রণে বিক্রীড়িতং মহৎ।
বিভিৎসতো রথানীকং ভারদ্বাজেন রক্ষিতম্ ॥২॥
মদ্রেশং সাদিতং দৃষ্ট্বা সৌভদ্রেণাশুগৈ রণে।
শল্যাদবরজঃ ক্রুদ্ধঃ কিরন্ বাণান্ সমভ্যয়াৎ ॥৩॥
স বিদ্ধা দশভির্ব্বাণৈঃ সাশ্বযন্তারমার্জ্জুনিম্।
উদক্রোশন্মহাশব্দং তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৪॥

তথেতি। প্রমথমানমালোডয়ন্তম্, মহেষ্বাসান্ শল্যাদীন্ মহাধনুর্দ্ধরান্ ॥১॥
শৃণ্বিতি। বিক্রীডিতং বিশেষক্রীডাবদানন্দপ্রযুক্তং যুদ্ধম্। বিভিৎসতো ভেত্তুমিচ্ছতঃ ॥২॥
মদ্রেশমিতি। সাদিতমবসন্নীকৃতম্। অবরজঃ কনিষ্ঠো ভ্রাতা ॥৩॥

প্রশংসা করিতে লাগিলেন। তৎকালে অভিমন্যু ঘৃতসিক্ত অগ্নির ন্যায় অত্যন্ত শোভা পাইতে থাকিলেন ॥৩৬॥

———:*:———

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়! অভিমন্যু বাণদ্বারা সেইভাবে মহাধনুর্দ্ধরগণকে আলোড়ন করিতে লাগিলে, আমাব পক্ষের কোন্ বীরেরা উহাকে যুদ্ধে বারণ করিলেন?" ॥১॥

সঞ্জয় বলিলেন—"রাজা! কুমার অভিমন্যু দ্রোণরক্ষিত রথিসৈন্য ভেদ কবিবাব ইচ্ছা কবিয়া সমরাঙ্গনে যে বিশাল ও বিশেষ ক্রীড়া করিযাছিলেন, তাহা আপনি শ্রবণ করুন ॥২॥

অভিমন্যু বাণদ্বারা যুদ্ধে শল্যকে অবসন্ন কবিয়া ফেলিয়াছেন দেখিয়া শল্যের কনিষ্ঠভ্রাতা ক্রুদ্ধ হইযা বাণক্ষেপ করিতে করিতে অভিমন্যুর দিকে আসিতে লাগিলেন ॥৩॥

---

(১)···মহেষ্বাসমজিহ্মগৈঃ—পি।

তস্যার্জ্জুনিঃ শিরোগ্রীবং পাণিপাদং ধনুর্হয়ান্‌ ।
ছত্রং ধ্বজং নিয়ন্তারং ত্রিবেণুঞ্চাপ্যুপস্করম্‌ ॥৫॥
চক্রং যুগঞ্চ তূণীবং হ্যনুকর্ষঞ্চ সাযকৈঃ ।
পতাকাং চক্রগোপ্তারৌ সর্ব্বোপকরণানি চ ॥৬॥
লঘুহস্তঃ প্রচিচ্ছেদ দদৃশে তং ন কশ্চন।
স পপাত ক্ষিতৌ ক্ষীণঃ প্রবিদ্ধাভবণাম্ববঃ ॥৭॥
বাযুনেব মহাচৈত্যঃ সমূলং চিত্রবেদিকঃ ।
অনুগাস্তস্য বিত্রস্তাঃ প্রাদ্রবন্‌ সর্ব্বতো দিশঃ ॥৮॥ (কলাপকম্)
আর্জ্জুনেঃ কর্ম্ম তদ্‌দৃষ্টা সংপ্রণেদুঃ সমন্ততঃ ।
নাদেন সর্ব্বভূতানি সাধু সাধ্বিতি ভারত। ॥৯॥

স ইতি। অশ্বৈর্যন্ত্রা সারথিনা চ সহেতি তম্‌। উদক্রোশদুচ্চৈরাহূতবান্‌ ॥৪॥

তস্যেতি। নিযন্তারং সারথিম্‌, ত্রিবেণুং রথদারুবিশেষম্‌, উপস্করং শিক্যাদিশস্ত্রস্থাপনাধারম্‌। যুগং রথস্থতির্য্যক্‌কাষ্ঠম্‌, অনুকর্ষং রথনিম্নগতকাষ্ঠবিশেষম্‌। চক্রগোপ্তারৌ চক্রদ্বয়রক্ষকৌ। সর্ব্বোপকরণানি হস্তাবাপাদীনি। দদৃশে যোদ্ধৃভাবেন দদর্শ তং শল্যানুজম্‌। প্রবিদ্ধাভরণাম্বরঃ পতিতালঙ্কারবস্ত্রঃ। মহাচৈত্য আয়তনগতবিশালবৃক্ষঃ, চিত্রা বেদির্মূলোচ্চভূমির্যস্য সঃ ॥৫—৮॥

আর্জ্জুনেরিতি। সর্ব্বভূতানি তত্রত্যাঃ সর্ব্বে জনাঃ, সাধু সাধ্বিতি নাদেন সম্প্রণেদুঃ ॥৯॥

তিনি দশটা বাণদ্বারা অশ্ব ও সারথির সহিত অভিমন্যুকে বিদ্ধ করিয়া বিশাল শব্দে তাঁহাকে আহ্বান করিলেন এবং 'থাক্‌ থাক্‌' এই কথা বলিলেন ॥৪॥

তখন লঘুহস্ত অভিমন্যু বাণদ্বারা তাঁহার মস্তক, গ্রীবা, হস্ত, পদ, ধনু, অশ্ব, ছত্র, ধ্বজ, সারথি, ত্রিবেণু (রথের কাষ্ঠবিশেষ), উপস্কর (অস্ত্র রাখিবার আধার), চক্র, যুগ (রথের তেরচা কাঠ), তূণ, রথের নীচের কাঠ, পতাকা, চক্ররক্ষকদ্বয় ও সমস্ত উপকরণ ছেদন করিলেন, তখন কোন লোকই আর তাঁহাকে যোদ্ধৃভাবে দেখিতে পাইল না, তাঁহার অলঙ্কার ও বস্ত্র পড়িয়া গেল। ক্রমে প্রবলবায়ুবেগে বিচিত্রবেদিস্থিত বিশাল আয়তনবৃক্ষ যেমন মূলের সহিত পতিত হয়, সেইরূপ শল্যের ভ্রাতা ক্ষীণ অবস্থায় রথ হইতে ভূতলে পতিত হইলেন। তখন তাঁহার অনুচরেরা অত্যন্তভীত হইয়া সকল দিকে পলায়ন করিতে লাগিল ॥৫—৮॥

---

(৫) ত্রিবেণুং তুল্যমেব চ—পি বা ব রা। (৭) ব্যধমল্লাঘবাত্তচ্চ দদৃশেঽস্য ন কশ্চন—পি। (৮) বাযুনেব মহাশৈলঃ সংভগ্নোঽমিতভেজসা—পি বা ব রা।

শল্যভ্রাতর্য্যথারুগ্ণে বহুশস্তস্য সৈনিকাঃ।
কুলাধিবাসনামানি শ্রাবয়ন্তোঽর্জ্জুনাত্মজম্ ॥১০॥
অভ্যধাবন্ত সংক্রুদ্ধা বিবিধায়ুধপাণয়ঃ।
রথৈরশ্বৈর্গজৈশ্চান্যে পত্তিশ্চান্যে বলোৎকটাঃ ॥১১॥
বাণশব্দেন মহতা রথনেমিস্বনেন চ।
হুঙ্কারৈঃ ক্ষ্বেড়িতোৎক্রুষ্টৈঃ সিংহনাদৈঃ সগর্জ্জিতৈঃ ॥১২॥
জ্যাতলত্রস্বনৈরন্যে গর্জন্তোঽর্জ্জুননন্দনম্।
ব্রুবন্তশ্চ ন নো জীবন্মোক্ষ্যসে জীবিতাদিতি ॥১৩॥ (কলাপকম্)
তাংস্তথা ব্রুবতো দৃষ্ট্বা সৌভদ্রঃ প্রহসন্নিব।
যো যোঽস্মৈ প্রাহরৎ পূর্ব্বং তং তং বিব্যাধ পত্রিভিঃ ॥১৪॥

শল্যেতি। আরুগ্ণে সম্যগ্ভগ্নে নিহত ইত্যর্থঃ। কুলং বংশঃ অধিবাসো নিবাসঃ নাম চ তানি। বলেন উৎকটা উদ্ধতাঃ। ক্ষ্বেড়িতানি অস্পষ্টাঃ শব্দাঃ, উৎক্রুষ্টানি উচ্চৈরাহ্বানানি তৈঃ। জ্যা ধনুর্গুণাঃ তলত্রাণি হস্তাবাপাশ্চ তেষাং স্বনৈঃ। নঃ অস্মাকং সমীপাৎ জীবন্ ন মোক্ষ্যসে, অপি তু জীবিতাজ্জীবনাদেব মোক্ষ্যসে ইতি ব্রুবন্তশ্চাভ্যধাবন্ত ॥১০—১৩॥

তানিতি। পত্রাণি পক্ষিপক্ষা এষাং সন্তীতি তৈঃ পত্রিভির্ব্বাণৈঃ ॥১৪॥

ভরতনন্দন! অভিমন্যুর সেই কার্য্য দেখিয়া সকল দিকের সমস্ত লোক 'সাধু সাধু' এইরূপ শব্দে কোলাহল করিয়া উঠিল ॥৯॥

ওদিকে শল্যের ভ্রাতা নিহত হইলে, তাঁহার বহুতর সৈন্য অত্যন্তক্রুদ্ধ হইয়া নানাবিধ অস্ত্র ধারণ করিয়া আপনাদের বংশ, বাসস্থান ও নাম অভিমন্যুকে শুনাইতে থাকিয়া তাঁহার দিকে ধাবিত হইল। বিশাল বাণশব্দ ও রথচক্রের শব্দ এবং হুঙ্কার, অস্পষ্ট কণ্ঠধ্বনি, উচ্চ আহ্বান, সিংহনাদ, গর্জন, ধনুষ্টঙ্কার ও হস্তাবাপের শব্দ করিতে থাকিয়া 'তুমি জীবিত অবস্থায় আমাদের নিকট হইতে মুক্ত হইতে পারিবে না, কিন্তু জীবন হইতেই মুক্ত হইবে' এই কথা অভিমন্যুকে বলিতে থাকিয়া সেই বলমত্ত সৈন্যেরা কেহ কেহ রথে, কেহ কেহ অশ্বে, কেহ কেহ হস্তীতে এবং কেহ কেহ চরণে অভিমন্যুর দিকে ধাবিত হইয়াছিল ॥১০—১৩॥

তাহাদিগকে সেইরূপ বলিতে দেখিয়া অভিমন্যু যেন হাস্য করিতে থাকিয়া—যে যে উঁহাকে প্রথমে প্রহার করিতে লাগিল, তাহাকে তাহাকেই বাণদ্বারা বিদ্ধ করিতে লাগিলেন ॥১৪॥

---

(১৪)···যো যঃ স্যাৎ প্রহরন্ পূর্ব্বম্—পি, ··যো যঃ সম্প্রাহরৎ পূর্ব্বম্—ব।

সন্দর্শয়িষ্যন্নস্ত্রাণি বিচিত্রাণি লঘূনি চ।
আর্জ্জুনিঃ সমরে শূরো মৃদুপূর্ব্বমযুধ্যত ॥১৫॥
বাসুদেবাদুপাত্তং যদস্ত্রং যচ্চ ধনঞ্জয়াৎ।
অদর্শয়ত তৎ কার্ষ্ণিঃ কৃষ্ণাভ্যামবিশেষবৎ ॥১৬॥
দূরমস্য গুরুং ভারং সাধ্বসঞ্চ পুনঃ পুনঃ।
সংদধদ্বিসৃজংশ্চেষূন্ নির্বিশেষমদৃশ্যত ॥১৭॥
চাপমণ্ডলমেবাস্য বিস্ফুরদ্দিক্ষ্বদৃশ্যত।
সুদীপ্তস্য শরৎকালে সবিতুর্মণ্ডলং যথা ॥১৮॥
জ্যাশব্দঃ শুশ্রুবে তস্য তলশব্দশ্চ দারুণঃ।
মহাশনিমুচঃ কালে পযোদস্যেব নিস্বনঃ ॥১৯॥
হ্রীমানমর্ষী সৌভদ্রো মানকৃৎ প্রিয়দর্শনঃ।
সংমিমানয়িষুর্বীবানিষ্বস্ত্রৈশ্চাপ্যযুধ্যত ॥২০॥

সমিতি। লঘূনি দ্রুতক্ষিপ্তানি। মৃদুপূর্ব্বং কোমলতাপূর্ব্বকম্ ॥১৫॥
বাস্বিতি। উপাত্তং প্রাপ্তম্। কার্ষ্ণিরভিমন্যুঃ, কৃষ্ণাভ্যাং কৃষ্ণার্জ্জুনাভ্যাম্ ॥১৬॥
দূরমিতি। অস্য নিক্ষিপ্য বিহাযেত্যর্থঃ। সাধ্বসং ভয়ম্। ইষূন্ বাণান্ ॥১৭॥
চাপেতি। বিস্ফুরৎ উজ্জ্বলৎ। সুদীপ্তস্য অত্যুজ্জ্বলস্য, সবিতুঃ সূর্য্যস্য ॥১৮॥
জ্যেতি। মহাশনিমুচো মহাবজ্রপাতিনঃ, পযোদস্য মেঘস্য ॥১৯॥

মহাবীর অভিমন্যু যুদ্ধে বিচিত্র ও দ্রুতক্ষিপ্ত অস্ত্র সকল দেখাইবেন বলিয়াই কোমলভাবে যুদ্ধ কবিতে থাকিলেন ॥১৫॥

অভিমন্যু কৃষ্ণেব নিকট হইতে যে অস্ত্র বা অর্জ্জুনেব নিকট হইতে যে সকল অস্ত্র লাভ করিয়াছিলেন, সে সকল অস্ত্র তাঁহাদেব তুল্যই দেখাইতে লাগিলেন ॥১৬॥

অভিমন্যু গুরুতব কর্ত্তব্যভার এবং ভয পবিত্যাগ কবিযা বাব বাব সমানভাবে বাণসন্ধান ও বাণক্ষেপ কবিতে থাকিলেন দেখা গেল ॥১৭॥

শবৎকালে উজ্জ্বল সূর্য্যমণ্ডলেব ন্যায সকল দিকে অভিমন্যুর উজ্জ্বল চাপমণ্ডলই দেখা যাইতে লাগিল ॥১৮॥

বর্ষাকালে মহাবজ্রপাতী মেঘেব শব্দেব ন্যায় অভিমন্যুর জ্যাশব্দ ও দারুণ তলশব্দ শুনা যাইতে থাকিল ॥১৯॥

অকার্য্যকবণে লজ্জাশীল, ক্রোধী, গুরুজনের সম্মানকারী ও প্রিয়দর্শন অভিমন্যু বীবগণেব সম্মান কবিবাব ইচ্ছা কবিযা বাণ ও অন্যান্য অস্ত্রদ্বাবা যুদ্ধ করিতে লাগিলেন ॥২০॥

মৃদুর্ভূত্বা মহারাজ। দারুণঃ সমপদ্যত।
বর্ষাভ্যতীতো ভগবান্ শরদীব দিবাকরঃ ॥২১॥
শরান্ বিচিত্রান্ বৃহতো রুক্মপুঙ্খান্ শিলাশিতান্।
মুমোচ শতশঃ ক্রুদ্ধো গভস্তীনিব ভাস্করঃ ॥২২॥
ক্ষুরপ্রৈর্বৎসদন্তৈশ্চ বিপাঠৈশ্চ মহাযশাঃ।
নারাচৈরর্দ্ধচন্দ্রাভৈর্ভল্লৈরঞ্জলিকৈরপি ॥২৩॥
অবাকিরদ্রথানীকং ভারদ্বাজস্য পশ্যতঃ।
ততস্তৎ সৈন্যমভবদ্বিমুখং শরপীড়িতম্ ॥২৪॥ (যুগ্মকম্)

ধৃতরাষ্ট্র উবাচ।

দ্বৈধীভবতি মে চিত্তং হ্রিয়া তুষ্ট্যা চ সঞ্জয়!।
মম পুত্রস্য যৎ সৈন্যং সৌভদ্রঃ সমবারয়ৎ ॥২৫॥

হ্রীমানিতি। হ্রীমান্ অকার্য্যকরণে লজ্জাবান্। সংমিমানযিষুঃ সম্মানযিতুমিচ্ছুঃ ॥২০॥
মৃদুরিতি। দিবাকরস্যাপি বর্ষাসু মৃদুত্বাৎ শরদি চ দারুণত্বাদুপমাসিদ্ধিঃ ॥২১॥
শরানিতি। শিলাসু শিতান্ ঘর্ষণেন সুধারীকৃতান্। গভস্তীন্ কিরণান্ ॥২২॥
ক্ষুরপ্রৈরিতি। ক্ষুরপ্রাদযস্তদানীন্তনাঃ শরবিশেষাঃ। অবাকিরদভিমন্যুঃ ॥২৩—২৪॥
দ্বৈধীতি। বালকেন মদীয়দুর্দ্ধর্ষসৈন্যবারণাৎ হ্রীঃ পৌত্রেণ বারণাচ্চ তুষ্টিরিতি ভাবঃ ॥২৫॥

মহারাজ! ভগবান্ সূর্য্য যেমন বর্ষাকালে কোমল হইয়া শরৎকালে তীক্ষ্ণ হন, সেইরূপ অভিমন্যুও কোমল হইয়া তীক্ষ্ণ হইলেন ॥২১॥

সূর্য্য যেমন কিরণ নিক্ষেপ করেন, সেইরূপ ক্রুদ্ধ অভিমন্যুও বিচিত্র, বিশাল, স্বর্ণপুঙ্খ এবং শিলাশাণিত শত শত বাণ নিক্ষেপ করিতে লাগিলেন ॥২২॥

মহাযশা অভিমন্যু ক্রমে দ্রোণের সমক্ষেই ক্ষুরপ্র, বৎসদন্ত, বিপাঠ, নারাচ, অর্দ্ধচন্দ্রতুল্য ভল্ল ও অঞ্জলিকদ্বারা রথিসৈন্যদিগকে পীড়ন করিতে থাকিলেন। তাহাতে সেই সৈন্য শরপীড়িত হইয়া বিমুখ হইল" ॥২৩—২৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়! অভিমন্যু যে আমার পুত্রের সৈন্য বারণ করিতে পারিল, ইহা শুনিয়া আমার মন লজ্জায় ও আনন্দে দ্বিবিধ হইয়া পড়িয়াছে ॥২৫॥

---

(২২)…বিচিত্রান্ সুবহূন্—বা ব রা নি। (২৩)…নারাচৈরর্দ্ধনারাচৈঃ—পি। (২৪) ইতঃ পরম্ '…সপ্তত্রিংশোঽধ্যায়ঃ' ব, '…অষ্টত্রিংশোঽধ্যায়ঃ' বা রা নি। (২৫)… মচ্চিত্তম্… পি বা,…শুচা তুষ্ট্যা চ…নি,… ভিয়া তুষ্ট্যা চ…বা।

বিস্তরেণৈব মে শংস সর্ব্বং গাবল্গনে! পুনঃ।
বিক্রীড়িতং কুমারস্য স্কন্দস্যেবাসুরৈঃ সহ ॥২৬॥
সঞ্জয় উবাচ।
হন্ত তে সম্প্রবক্ষ্যামি বিমর্দ্দমতিদারুণম্।
একস্য চ বহূনাঞ্চ যথাসীত্তুমুলো রণঃ ॥২৭॥
অভিমন্যু কৃতোৎসাহঃ কৃতোৎসাহানরিন্দমান্।
রথস্থো রথিনঃ সর্ব্বাংস্তাবকানভ্যবর্ষত ॥২৮॥
দ্রোণং কর্ণং কৃপং শল্যং দ্রৌণিং ভোজং বৃহদ্বলম্।
দুর্য্যোধনং সৌমদত্তিং শকুনিঞ্চ মহাবলম্ ॥২৯॥
নানা নৃপান্ নৃপসুতান্ সৈন্যানি বিবিধানি চ।
অলাতচক্রবৎ সর্ব্বাংশ্চরন্ বাণৈঃ সমার্পয়ৎ ॥৩০॥ (যুগ্মকম্)
নিঘ্নন্নমিত্রান্ সৌভদ্রঃ পরমাস্ত্রৈঃ প্রতাপবান্।
অদর্শয়ত তেজস্বী দিক্ষু সর্ব্বাসু ভারত! ॥৩১॥

বিস্তরেণেতি। হে গাবল্গনে। গবল্গনপুত্র! সঞ্জয়!। স্কন্দস্য কার্ত্তিকেয়স্য ॥২৬॥
হন্তেতি। হন্তশব্দো হর্ষে। হর্ষশ্চাভিমন্যুবিক্রমস্মরণাৎ। বিমর্দ্দং সংঘর্ষম্ ॥২৭॥
অভীতি। অভ্যবর্ষত শরৈরিতি শেষঃ ॥২৮॥
দ্রোণমিতি। সৌমদত্তিং ভূরিশ্রবসম্। অলাতচক্রবৎ ঘূর্ণমানাগ্নিযুক্তকাষ্ঠবৎ ॥২৯—৩০॥
নিঘ্নন্নিতি। অমিত্রান্ শত্রূন্। অদর্শয়ত নিজবীরত্বমিতি শেষঃ ॥৩১॥

সে যাহা হউক; সঞ্জয়! অসুরগণের সহিত কার্ত্তিকের যুদ্ধক্রীড়ার ন্যায় কুমার অভিমন্যুর সমস্ত যুদ্ধক্রীড়ার বিষয় পুনরায় তুমি আমার নিকট বিস্তরক্রমে বল" ॥২৬॥

সঞ্জয় বলিলেন—"মহারাজ! আমি আপনার নিকট অতিদারুণ সংঘর্ষের বিষয় বলিব; যেভাবে একের ও বহুর তুমুল যুদ্ধ হইয়াছিল ॥২৭॥

উৎসাহী ও রথারোহী অভিমন্যু—আপনার পক্ষের উৎসাহী ও শত্রুদমনকারী সমস্ত রথীর উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥২৮॥

তিনি সমরাঙ্গনে অগ্নিসংযুক্ত কাষ্ঠের ন্যায় বিচরণ করিতে থাকিয়া বাণদ্বারা দ্রোণ, কর্ণ, কৃপ, শল্য, অশ্বত্থামা, ভোজ, বৃহদ্বল, দুর্য্যোধন, ভূরিশ্রবা, শকুনি, নানাদেশীয় রাজা, রাজপুত্র ও নানাবিধ সৈন্যদিগকে পীড়ন করিতে থাকিলেন ॥২৯—৩০॥

---

(২৮)...অভ্যবর্ত্তত—পি,...অভ্যবর্ষৎ—নি।

তদ্দৃষ্ট্বা চরিতং তস্য সৌভদ্রস্যামিতৌজসঃ ।
সমকম্পন্ত সৈন্যানি ত্বদীয়ানি সহস্রশঃ ॥৩২॥
অথাব্রবীন্মহাপ্রাজ্ঞো ভারদ্বাজঃ প্রতাপবান্ ।
হর্ষেণোৎফুল্লনয়নঃ কৃপমাভাষ্য সত্বরম্ ॥৩৩॥
ঘট্টয়ন্নিব মর্ম্মাণি পুত্রস্য তব ভারত ! ।
অভিমন্যুং রণে দৃষ্ট্বা তদা রণবিশারদম্ ॥৩৪॥ (যুগ্মকম্)
এষ গচ্ছতি সৌভদ্রঃ পার্থানামগ্রতো যুবা ।
নন্দয়ন্ সুহৃদঃ সর্ব্বান্ রাজানঞ্চ যুধিষ্ঠিরম্ ॥৩৫॥
নকুলং সহদেবঞ্চ ভীমসেনঞ্চ পাণ্ডবম্ ।
বন্ধূন্ সম্বন্ধিনশ্চান্যান্ মধ্যস্থান্ সুহৃদস্তথা ॥৩৬॥ (যুগ্মকম্)
নাস্য যুদ্ধে সমং মন্যে কঞ্চিদন্যং ধনুর্দ্ধরম্ ।
ইচ্ছন্ হন্যাদিমাং সেনাং কিমর্থমপি নেচ্ছতি ॥৩৭॥

তদিতি । অভিমন্যোঃ শিক্ষাশৌর্য্যাতিরেকাদেবায়ং বিপক্ষসৈন্যকম্প ইতি ভাবঃ ॥৩২॥
অথেতি । হর্ষেণ প্রিয়শিষ্যপুত্রবীরত্বদর্শনানন্দেন । ঘট্টয়ন্ সঞ্চালয়ন্ ॥৩৩—৩৪॥
এষ ইতি । গচ্ছতি কৌরবান্ বিজিত্যেতি শেষঃ । মধ্যস্থান্ নিরপেক্ষান্ ॥৩৫—৩৬॥
নেতি । কিমর্থমপি কিমপি নিমিত্তমাশ্রিত্যেত্যর্থঃ ॥৩৭॥

ভরতনন্দন! প্রতাপশালী ও তেজস্বী অভিমন্যু উত্তম উত্তম অস্ত্রদ্বারা শত্রুগণকে বিনাশ করিতে থাকিয়া সকল দিকেই নিজের বীরত্ব দেখাইতে লাগিলেন ॥৩১॥

অমিততেজা অভিমন্যুর সেই চরিত্র দেখিয়া আপনার পক্ষের সহস্র সহস্র সৈন্য কাঁপিতে লাগিল ॥৩২॥

ভরতনন্দন! তাহার পর মহাপ্রাজ্ঞ ও প্রতাপশালী দ্রোণ সমরাঙ্গনে যুদ্ধবিশারদ অভিমন্যুকে দেখিয়া আনন্দে উৎফুল্লনয়ন হইয়া দুর্য্যোধনের হৃদয় উদ্বেলিত করিয়া ত্বরার সহিত কৃপাচার্য্যকে সম্বোধনপূর্ব্বক বলিলেন—॥৩৩—৩৪॥

'এই যুবা অভিমন্যু (কৌরবসৈন্যগণকে জয় করিয়া) সমস্ত সুহৃৎ, রাজা যুধিষ্ঠির, ভীম, নকুল, সহদেব, বন্ধু, সম্বন্ধী, নিরপেক্ষ লোক ও আত্মীয়গণকে আনন্দিত করতঃ পাণ্ডবগণের নিকটে যাইতেছেন ॥৩৫—৩৬॥

যুদ্ধে ইঁহার তুল্য অন্য ধনুর্দ্ধর আমি কাঁহাকেও মনে করি না। কারণ,

---

(৩২)…ত্বদীয়ানি পুনঃ পুনঃ—পি। (৩৫) পার্থানাং প্রথিতো যুবা—নি।

দ্রোণস্য প্রীতিসংযুক্তং শ্রুত্বা বাক্যং তবাত্মজঃ।
আর্জ্জুনিং প্রতি সংক্রুদ্ধো দ্রোণং দৃষ্ট্বা স্ময়ন্নিব ॥৩৮॥
অথ দুর্য্যোধনঃ কর্ণমব্রবীদ্বাহ্লিকং কৃপম্।
দুঃশাসনং মদ্ররাজং তাংস্তাংশ্চান্যান্ মহারথান্ ॥৩৯॥
সর্ব্বমূর্দ্ধাভিষিক্তানামাচার্য্যো ব্রহ্মবিত্তমঃ।
অর্জ্জুনস্য সুতং মূঢ়ং নায়ং হন্তুমিহেচ্ছতি ॥৪০॥
ন হ্যস্য সমবে মুচ্যেদন্তকোঽপ্যাততায়িনঃ।
কিমঙ্গ! পুনরেবান্যো মর্ত্ত্যঃ সত্যং ব্রবীমি বঃ ॥৪১॥
অর্জ্জুনস্য সুতং ত্বেষ শিষ্যত্বাদভিরক্ষতি।
শিষ্যাঃ পুত্রাশ্চ দয়িতাস্তদপত্যঞ্চ ধর্ম্মিণাম্ ॥৪২॥

দ্রোণস্যেতি। তবাত্মজো দুর্য্যোধনঃ। সংক্রুদ্ধোঽভবৎ। স্ময়ন্ বিস্ময়াপন্নঃ ॥৩৮॥
অথেতি। অন্যান্ সোমদত্তাদীন্ ॥৩৯॥
সর্ব্বেতি। সর্ব্বমূর্দ্ধাভিষিক্তানাং সমস্তক্ষত্রিয়াণাম্, ব্রহ্মবিত্তমো বেদজ্ঞশ্রেষ্ঠঃ ॥৪০॥
নেতি। অস্য দ্রোণস্য। আততায়িনঃ শস্ত্রপাণেঃ। অঙ্গেতি সম্বোধনে ॥৪১॥
অর্জ্জুনস্যেতি। শিষ্যত্বাৎ শিষ্যপুত্রত্বাৎ। ধর্ম্মিণাং ধার্ম্মিকানামিতি সোল্লুণ্ঠনোক্তিঃ ॥৪২॥

ইনি ইচ্ছা করিলে এই কৌরবসৈন্য সমস্তই সংহার করিতে পারেন; কিন্তু কোন কারণবশতঃ তাহা ইচ্ছা করেন না' ॥৩৭॥

দ্রোণের প্রীতিযুক্ত বাক্য শুনিয়া দুর্য্যোধন তাঁহার দিকে চাহিয়া যেন বিস্ময়াপন্ন হইয়া অভিমন্যুর প্রতি ক্রুদ্ধ হইলেন ॥৩৮॥

তাহার পর তিনি কর্ণ, বাহ্লিক, কৃপ, দুঃশাসন, শল্য এবং অন্যান্য মহারথগণকে বলিলেন—॥৩৯॥

'সকল ক্ষত্রিয়ের গুরু এবং বেদজ্ঞশ্রেষ্ঠ দ্রোণ মূর্খ অর্জ্জুনের পুত্রটাকে বধ করিতে ইচ্ছা করেন না ॥৪০॥

নতুবা বীরগণ! অস্ত্রধারী দ্রোণের যুদ্ধে যমও মুক্ত হইতে পারেন না; তাহাতে অন্য মানুষের কথা আর কি বলিব। ইহা আপনাদের নিকট সত্য বলিতেছি ॥৪১॥

ইনি (দ্রোণ), শিষ্যের পুত্র বলিয়া অর্জ্জুনের পুত্রকে রক্ষা করিতেছেন। কারণ, ধার্ম্মিকদের নিকটে শিষ্য ও পুত্র প্রিয় এবং তাহাদের সন্তানও প্রিয় ॥৪২॥

---

(৩৯)…বাহ্লিকং নৃপম্ ··বা ব,…বাহ্লিকং নৃপঃ ·নি,…তাংস্তথান্যান্—বা ব রা নি।
(৪১) নহ্যস্য সমরে যুধ্যেৎ—বা নি।

সংরক্ষ্যমাণো দ্রোণেন মন্যতে বীর্যমাত্মনঃ।
আত্মসম্ভাবিতো মূঢ়স্তং প্রমথ্নীত মা চিরম্ ॥৪৩॥
এবমুক্তাস্তু তে রাজ্ঞা সাত্বতীপুত্রমভ্যযুঃ।
সংরব্ধাস্তে জিঘাংসন্তো ভারদ্বাজস্য পশ্যতঃ ॥৪৪॥
দুঃশাসনস্তু তচ্ছ্রুত্বা দুর্য্যোধনবচস্তদা।
অব্রবীৎ কুরুশার্দ্দূল! দুর্য্যোধনমিদং বচঃ ॥৪৫॥
অহমেনং হনিষ্যামি মহারাজ! ব্রবীমি তে।
মিষতাং পাণ্ডুপুত্রাণাং পাঞ্চালানাঞ্চ পশ্যতাম্ ॥৪৬॥
গ্রসিষ্যাম্যদ্য সৌভদ্রং যথা রাহুর্দিবাকরম্।
উৎক্রুশ্য চাব্রবীদ্বাক্যং কুরুরাজমিদং পুনঃ ॥৪৭॥
শ্রুত্বা কৃষ্ণৌ ময়া গ্রস্তং সৌভদ্রমতিমানিনৌ।
গমিষ্যতঃ প্রেতলোকং জীবলোকান্ন সংশয়ঃ ॥৪৮॥

সমিতি। আত্মনৈব সম্ভাবিতো বীরত্বেন সম্মতঃ অভিমন্যুঃ ॥৪৩॥
এবমিতি। সাত্বতী সাত্বতবংশীয়া সুভদ্রা তস্যাঃ পুত্রম্। সংরব্ধাঃ সোৎসাহাঃ ॥৪৪॥
দুঃশাসন ইতি। কুরুশার্দ্দূলেতি সঞ্জয়স্য ধৃতরাষ্ট্রসম্বোধনম্ ॥৪৫॥
অহমিতি। মিষতাং পশ্যতাম্। উভয়ত্রাপ্যনাদরে ষষ্ঠী ॥৪৬॥
গ্রসিষ্যামীতি। উৎক্রুশ্য উচ্চৈরাহূয়, অব্রবীৎ দুঃশাসন এব ॥৪৭॥

দ্রোণ রক্ষা করিতেছেন বলিয়া অভিমন্যু আপনাকে আপনি বীর মনে করিতেছে। সুতরাং নিজেকে নিজে বীর মনে করায় ওটা মূর্খ। সে যাহা হউক, বীরগণ! আপনারা উহাকে বধ করুন, বিলম্ব করিবেন না' ॥৪৩॥

দুর্য্যোধন এইরূপ বলিলে, সেই বীরগণ উৎসাহী ও হননাভিলাষী হইয়া দ্রোণের সমক্ষেই অভিমন্যুর দিকে চলিলেন ॥৪৪॥

কৌরবশ্রেষ্ঠ! তখন দুঃশাসন দুর্য্যোধনের সেই কথা শুনিয়া দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥৪৫॥

'মহারাজ! আমি বলিতেছি—পাণ্ডবগণ ও পাঞ্চালগণের সমক্ষে আমিই উহাকে বধ করিব ॥৪৬॥

রাহু যেমন সূর্য্যকে গ্রাস করে, সেইরূপ আমি আজ উহাকে গ্রাস করিব'। দুঃশাসন পুনরায় উচ্চস্বরে সম্বোধন করিয়া দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥৪৭॥

'আমি অভিমন্যুকে গ্রাস করিয়াছি শুনিয়া অত্যন্ত অভিমানী কৃষ্ণ ও অর্জ্জুন নিশ্চয়ই জীবলোক হইতে প্রেতলোকে যাইবে ॥৪৮॥

তৌ চ শ্রুত্বা মৃতৌ ব্যক্তং পাণ্ডোঃ ক্ষেত্রোদ্ভবাঃ সুতাঃ।
একাহ্না সসুহৃদ্বর্গাঃ ক্লৈব্যাদ্ধাস্যন্তি জীবিতম্ ॥৪৯॥
তস্মাদস্মিন্ হতে শত্রৌ হতাঃ সর্ব্বেঽহিতাস্তব।
শিবেন ধ্যায় মাং রাজন্! এষ হন্মি রিপুং তব ॥৫০॥
এবমুক্ত্বা নদন্ রাজন্! পুত্রো দুঃশাসনস্তব।
সৌভদ্রমভ্যযাৎ ক্রুদ্ধঃ শরবর্ষৈরবাকিরন্ ॥৫১॥
তমতিক্রুদ্ধমায়ান্তং তব পুত্রমরিন্দমঃ।
অভিমন্যুঃ শরৈস্তীক্ষ্ণৈঃ ষড়্বিংশত্যা সমার্পয়ৎ ॥৫২॥
দুঃশাসনস্তু সংক্রুদ্ধঃ প্রভিন্ন ইব কুঞ্জরঃ।
অযোধয়ত সৌভদ্রমভিমন্যুশ্চ তং রণে ॥৫৩॥

শ্রুত্বেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, গ্রস্তং পরাজিত্যায়ত্তীকৃতং নিহতমিত্যর্থঃ ॥৪৮॥
তাবিতি। ব্যক্তং ধ্রুবম্। ক্ষেত্রোদ্ভবাঃ পত্ন্যাং পরৈরুৎপন্নাঃ। হাস্যন্তি ত্যক্ষ্যন্তি ॥৪৯॥
তস্মাদিতি। অহিতাঃ শত্রবঃ। শিবেন মঙ্গলেন, মম মঙ্গলং চিন্তয়েত্যর্থঃ ॥৫০॥
এবমিতি। নদন্ সিংহনাদং কুর্ব্বন্। অভ্যযাৎ অভ্যধাবৎ ॥৫১॥
তমিতি। সমার্পয়ৎ অতাড়য়ৎ ॥৫২॥
দুঃশাসন ইতি। প্রভিন্নো মদস্রাবী। তমযোধযতেতি সম্বন্ধঃ ॥৫৩॥

আবার তাহারা মরিয়াছে শুনিয়া নিশ্চযই পাণ্ডব ক্ষেত্রজ পুত্রগুলি দুর্বলতাবশতঃ একদিনেই বন্ধুবর্গের সহিত জীবন ত্যাগ কবিবে ॥৪৯॥

অতএব রাজা! এই শত্রুটা নিহত হইলে আপনার সমস্ত শত্রুই নিহত হইবে। সুতরাং আপনি আমার মঙ্গল চিন্তা করুন;, আমি এই আপনার শত্রু সংহার করিতেছি' ॥৫০॥

রাজা! আপনার পুত্র দুঃশাসন এইরূপ বলিযা ক্রুদ্ধ হইয়া সিংহনাদ ও শরবর্ষণ করিতে কবিতে অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥৫১॥

আপনাব পুত্র দুঃশাসন অত্যন্তক্রুদ্ধ হইযা আসিতে লাগিলে, শত্রুদমনকাবী অভিমন্যু ছাব্বিশটা তীক্ষ্ণ বাণদ্বাবা তাঁহাকে পীড়ন কবিলেন ॥৫২॥

তখন দুঃশাসন অত্যন্তক্রুদ্ধ হইয়া মদস্রাবী হস্তীর ন্যায অভিমন্যুকে প্রহাব করিতে লাগিলেন; আবার অভিমন্যুও যুদ্ধে তাঁহাকে প্রহার করিতে থাকিলেন ॥৫৩॥

---

(৫০)···শিবেন মাং ধ্যাহি রাজন্!—বা ব রা নি। (৫১)·· শরবর্ষৈরবাকিরৎ—পি ব। (৫২)···অরিন্দম!—পি।

তৌ মণ্ডলানি চিত্রাণি রথাভ্যাং সব্যদক্ষিণম্ ।
চরমাণাবযুধ্যেতাং রথশিক্ষাবিশারদৌ ॥৫৪॥
অথ পণবমৃদঙ্গদুন্দুভীনাং ক্রকচমহানকঝর্ঝরাণাম্ ।
নিনদমতিভৃশং নরাঃ প্রচক্রুর্লবণজলোদ্ভবসিংহনাদমিশ্রম্ ॥৫৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে দুঃশাসনযুদ্ধে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ।

সঞ্জয় উবাচ ।
শরবিক্ষতগাত্রস্তু প্রত্যমিত্রমবস্থিতম্ ।
অভিমন্যুঃ স্ময়ন্ ধীমান্ দুঃশাসনমথাব্রবীৎ ॥১॥
দিষ্ট্যা পশ্যামি সংগ্রামে মানিনং শূরমাগতম্ ।
নিষ্ঠুরং ত্যক্তধর্ম্মাণমাক্রোশনপরায়ণম্ ॥২॥

তাবিতি। মণ্ডলানি গোলাকারভ্রমণানি। চরমাণৌ কুর্ব্বন্তৌ ॥৫৪॥
অথেতি। পণবাদীনি তদানীন্তনানি বাদ্যানি। লবণজলোদ্ভবঃ শঙ্খস্তন্নাদ ইত্যর্থঃ ॥৫৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

---(::)---

শরেতি। প্রত্যবস্থিতমমিত্রং শত্রুম্। স্ময়ন্ ঈষদ্ধসন্ ॥১॥

ক্রমে রথশিক্ষাবিশারদ দুঃশাসন ও অভিমন্যু আপন আপন রথদ্বারা বামে ও দক্ষিণে মণ্ডলাকারে বিচিত্র ভ্রমণ করিতে থাকিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥৫৪॥

তখন বাদ্যকারেরা শঙ্খধ্বনি ও সিংহনাদের সহিত পণব, মৃদঙ্গ, দুন্দুভি, ক্রকচ, মহানক ও ঝর্ঝরের গুরুতর ধ্বনি করিতে থাকিল" ॥৫৫॥

সঞ্জয় কহিলেন—"তাহার পর বুদ্ধিমান্ অভিমন্যু ঈষৎ হাস্য করতঃ সম্মুখে অবস্থিত বাণবিক্ষতদেহ শত্রু দুঃশাসনকে বলিলেন—॥১॥

---

* '...অষ্টত্রিংশোঽধ্যায়ঃ' ব, '...একোনচত্বারিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

যৎ সভায়াং ত্বয়া বাক্যো ধৃতরাষ্ট্রস্য শৃণ্বতঃ।
কোপিতঃ পরুষৈর্ব্বাক্যৈর্ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥৩॥
জযোন্মত্তেন মূঢ়েন বহ্বনর্থং প্রভাষতা।
তত্ত্বয়েদমনুপ্রাপ্তং তস্য কোপান্মহাত্মনঃ ॥৪॥ (যুগ্মকম্)
পরবিত্তাপহারস্য ক্রোধস্যাপ্রশমস্য চ।
লোভস্য জ্ঞাননাশস্য দ্রোহস্যাত্যাহিতস্য চ ॥৫॥
পিতৄণাং মম রাজ্যস্য হরণস্যোগ্রধন্বিনাম্।
তত্ত্বয়েদমনুপ্রাপ্তং প্রকোপাদ্বৈ মহাত্মনাম্ ॥৬॥ (যুগ্মকম্)
স তস্যোগ্রমধর্ম্মস্য ফলং প্রাপ্নুহি দুর্ম্মতে!।
শাসিতাস্ম্যদ্য তে বাণৈঃ সর্ব্বসৈন্যস্য পশ্যতঃ ॥৭॥
অদ্যাহমনৃণস্তস্য কোপস্য ভবিতা রণে।
অমর্ষিতায়াঃ কৃষ্ণায়াঃ কাঙ্ক্ষিতস্য চ মে পিতুঃ ॥৮॥

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। আক্রোশনপরায়ণং পরেষু গালিদাননিরতম্ ॥২॥
যদিতি। পরুষৈর্নিষ্ঠুরৈঃ। ইদং যুদ্ধে মৎসান্নিধ্যম্ ॥৩—৪॥
পরেতি। অপ্রশমস্য পরবিত্তাপহারাদাবপি শান্তিরাহিত্যস্য। অত্যাহিতস্য জীবানপেক্ষিকর্ম্মণো দ্রৌপদীবস্ত্রহরণস্য। অত্রাপি ইদং যুদ্ধে মৎসান্নিধ্যম্ ॥৫—৬॥
স ইতি। স ত্বম্। শাসিতা দময়িতা, অস্মি অহম্ ॥৭॥

'আমি আজ ভাগ্যবশতঃ যুদ্ধে আগত অভিমানী, নিষ্ঠুর, ধর্ম্মত্যাগী এবং অন্যকে গালিদানে নিরত বীরকে দেখিতে পাইয়াছি ॥২॥

তুমি মূর্খ। সুতরাং অক্ষক্রীড়ায় জয়লাভে উন্মত্ত হইয়া বহুতর অনর্থজনক বাক্য বলিতে থাকিয়া সভামধ্যে রাজা ধৃতরাষ্ট্রের সমক্ষে নিষ্ঠুর উক্তিদ্বারা ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের যে ক্রোধ উৎপাদন করিয়াছিলে, সেই মহাত্মার সেই ক্রোধের ফলেই তুমি আজ আমার নিকটে আসিয়াছ ॥৩—৪॥

আর পরবিত্তাপহরণ, ক্রোধ, শান্তিহীনতা, লোভ, জ্ঞানলোপ, দ্রোহ, অত্যাহিত এবং আমার ভয়ঙ্কর ধনুর্দ্ধর পিতৃগণের রাজ্যহরণ এই সকলের ফলরূপে সেই মহাত্মাদের কোপে তুমি এই আমার নিকটে আসিয়াছ ॥৫—৬॥

অতএব দুর্ম্মতি। তুমি এখন সেই অধর্ম্মের ভয়ঙ্কর ফল ভোগ কর। আমি আজ সমস্ত সৈন্যের সমক্ষে বাণদ্বারা তোমার শাসন করিব ॥৭॥

---

(৪) ··জয়োন্মত্তেন ভীমশ্চ বহ্ববদ্ধং প্রভাষিতঃ। অক্ষকূটং সমাশ্রিত্য সৌবলস্যাত্মনো বলম্—বা ব নি। (৭) সত্ত্বশ্চোগ্রমধর্ম্মস্য—পি ব।

অদ্য কৌরব্য ! ভীমস্য ভবিতাস্ম্যনৃণো যুধি ।
ন হি মে মোক্ষ্যসে জীবন্ যদি নোৎসৃজসে রণম্ ॥৯॥
এবমুক্ত্বা মহাবাহুর্ব্বাণং দুঃশাসনান্তকম্ ।
সন্দধে পরবীরঘ্নঃ কালাগ্ন্যনিলবর্চ্চসম্ ॥১০॥
তস্যোরস্তূর্ণমাসাদ্য জত্রুদেশে বিভিদ্য তম্ ।
জগাম সহ পুঙ্খেন বল্মীকমিব পন্নগঃ ॥১১॥
অথৈনং পঞ্চবিংশত্যা পুনরেব সমার্পয়ৎ ।
শরৈরগ্নিসমস্পর্শৈরাকর্ণসমচোদিতৈঃ ॥১২॥
স গাঢ়বিদ্ধো ব্যথিতো রথোপস্থ উপাবিশৎ ।
দুঃশাসনো মহারাজ ! কশ্মলঞ্চাবিশন্মহৎ ॥১৩॥

অদ্যেতি । অমর্ষিতায়াঃ সভাযাং প্রবেশনাদিনা কোপিতায়াঃ, কৃষ্ণাযা দ্রৌপদ্যাঃ ॥৮॥
অদ্যেতি । অনৃণঃ ত্বদ্বধেনেতি ভাবঃ । এবং সর্ব্বত্র ॥৯॥
এবমিতি । পরবীরঘ্নোঽভিমন্যুঃ, কালাগ্ন্যনিলবর্চ্চসং তত্তদ্বন্মহাশক্তিকম্ ॥১০॥
তস্যেতি । উরো বক্ষঃসমীপম্, জত্রুদেশে স্কন্দসন্ধৌ । বল্মীকমুন্নীমৃত্তিকাম্ ॥১১॥
অথেতি । সমার্পয়ৎ অপীড়য়ৎ । আকর্ণং সমং তুল্যঞ্চ চোদিতৈঃ প্রেরিতৈঃ ॥১২॥
স ইতি । রথস্য উপস্থে উপরিভ'গে । কশ্মলং মোহম্ ॥১৩॥

আজ আমি যুদ্ধে তাঁহাদেব সেই ক্রোধের, কোপিতা দ্রৌপদীর এবং পিতৃদেবেব আকাঙ্ক্ষিত বিষয়ের নিকট অনৃণী হইব ॥৮॥

আর কৌবব ! আজ আমি যুদ্ধে ভীমসেনেব নিকটেও অনৃণী হইব। কারণ, তুমি যদি সমরাঙ্গন পবিত্যাগ না কব, তবে জীবিত অবস্থায আমাব নিকট হইতে মুক্ত হইতে পারিবে না' ॥৯॥

এইরূপ বলিয়া মহাবাহু ও বিপক্ষবীবহন্তা অভিমন্যু কাল, অগ্নি ও বায়ুর তুল্য মহাশক্তিশালী দুঃশাসননাশক একটা বাণ সন্ধান করিলেন ॥১০॥

সেই বাণটা দুঃশাসনেব বক্ষেব নিকটে সত্বর যাইয়া তাঁহার স্কন্ধসন্ধিস্থান ভেদ করিয়া—সর্প যেমন উন্নীমৃত্তিকার ভিতরে গমন কবে, সেইরূপ পুঙ্খেব সহিত গমন করিল ॥১১॥

তাহার পর আবার অভিমন্যু অগ্নিসমস্পর্শ এবং আকর্ণাকৃষ্ট কার্ম্মুকদ্বারা সমানভাবে নিক্ষিপ্ত পঁচিশটা বাণদ্বাবা তাঁহাকে পীড়ন কবিলেন ॥১২॥

মহাবাজ ! তখন দুঃশাসন দৃঢ়বিদ্ধ ও ব্যথিত হইয়া রথের উপবে বসিযা পড়িলেন এবং গুরুতব মূর্চ্ছা প্রাপ্ত হইলেন ॥১৩॥

সারথিস্ত্বরমাণস্তু দুঃশাসনমচেতনম্।
রণমধ্যাদপোবাহ সৌভদ্রশরপীড়িতম্ ॥১৪॥
পাণ্ডবা দ্রৌপদেয়াশ্চ বিরাটশ্চ সমীক্ষ্য তম্।
পাঞ্চালাঃ কেকয়াশ্চৈব সিংহনাদমথানদন্ ॥১৫॥
বাদিত্রাণি চ সর্ব্বাণি নানালিঙ্গানি সর্ব্বশঃ।
প্রাবাদয়ন্ত সংহৃষ্টাঃ পাণ্ডূনাং তত্র সৈনিকাঃ ॥১৬॥
অপশ্যন্ স্ময়মানাশ্চ সৌভদ্রস্য বিচেষ্টিতম্।
অত্যন্তবৈরিণং দৃপ্তং দৃষ্ট্বা শত্রুং পরাজিতম্ ॥১৭॥
ধর্ম্মমারুতশক্রাণামশ্বিনোঃ প্রতিমাস্তথা।
ধারয়ন্তো ধ্বজাগ্রেষু দ্রৌপদেয়া মহারথাঃ ॥১৮॥
সাত্যকিশ্চেকিতানশ্চ ধৃষ্টদ্যুম্নশিখণ্ডিনৌ।
কৈকেয়া ধৃষ্টকেতুশ্চ মৎস্যপাঞ্চালসৃঞ্জয়াঃ ॥১৯॥
পাণ্ডবাশ্চ মুদা যুক্তা যুধিষ্ঠিরপুরোগমাঃ।
অভ্যদ্রবন্ত ত্বরিতা দ্রোণানীকং বিভিৎসবঃ ॥২০॥ (বিশেষকম্)

সারথিরিতি। অপোবাহ অন্যত্রাপসারয়ামাস ॥১৪॥
পাণ্ডবা ইতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পঞ্চ পুত্রাঃ, সমীক্ষ্য দূরাৎ। অনদন্ অকুর্ব্বন্ ॥১৫॥
বাদিত্রাণীতি। নানালিঙ্গানি বহুবিধচিহ্নানি। সৈনিকাঃ সৈনিকান্তর্গতবাদ্যকারাঃ ॥১৬॥
অপশ্যন্নিতি। স্ময়মানা মৃদু হসন্তঃ। বিচেষ্টিতং কার্য্যম্। দৃপ্তং গর্ব্বিতম্ ॥১৭॥
ধর্ম্মেতি। প্রতিমা বিগ্রহান্। ধারয়ন্তঃ স্থাপয়ন্তঃ। কৈকেয়াঃ পঞ্চ। মুদা অভিমন্যুজয়দর্শনাদানন্দেন। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্। বিভিৎসবো ভেত্তুমিচ্ছবঃ ॥১৮—২০॥

সেই সময়ে তাঁহার সারথি ত্বরান্বিত হইয়া অভিমন্যুর বাণে পীড়িত ও অচেতন দুঃশাসনকে সমরমধ্য হইতে অপসৃত করিল ॥১৪॥

পাণ্ডবগণ, দ্রৌপদীর পুত্রগণ, বিরাট, পাঞ্চালগণ ও কেকয়গণ দূর হইতে অভিমন্যুকে দেখিয়া সিংহনাদ করিয়া উঠিলেন ॥১৫॥

এবং তখন পাণ্ডবসেনার বাদ্যকারেরা আনন্দিত হইয়া সমস্ত স্থানে নানাবিধচিহ্নযুক্ত সমস্ত বাদ্য বাজাইতে লাগিল ॥১৬॥

আর অত্যন্তবিদ্বেষী ও গর্ব্বিত দুঃশাসনকে পরাজিত দেখিয়া মৃদু হাস্য করিতে থাকিয়া অভিমন্যুর কার্য্য দেখিতে থাকিল ॥১৭॥

তাহার পর ধ্বজের উপরিভাগে ধর্ম্ম, বায়ু, ইন্দ্র ও অশ্বিনীকুমারদ্বয়ের

---

(১৪)· ত্বরমাণস্তম্—পি। (১৭)·· দৃষ্ট্বা শত্রুং পরাঙ্মুখম্—পি। (১৯)···মৎস্যাঃ পাঞ্চালসৃঞ্জয়াঃ—বা, মাৎস্যাঃ পাঞ্চালসৃঞ্জয়াঃ—নি।

ততোঽভবন্মহাযুদ্ধং ত্বদীয়ানাং পরৈঃ সহ।
জয়মাকাঙ্ক্ষমাণানাং শূরাণামনিবর্ত্তিনাম্ ॥২১॥
তথা প্রবর্ত্তমানে বৈ সংগ্রামেঽতিভয়ঙ্করে।
দুর্য্যোধনো মহারাজ! রাধেয়মিদমব্রবীৎ ॥২২॥
পশ্য দুঃশাসনং বীরমভিমন্যুবশং গতম্।
প্রতপন্তমিবাদিত্যং নিঘ্নন্তং শাত্রবান্ রণে ॥২৩॥
অথ চৈতে সুসংরব্ধাঃ সিংহা ইব বলোৎকটাঃ।
সৌভদ্রমুদ্যতাস্ত্রাস্তুমভ্যধাবন্ত পাণ্ডবাঃ ॥২৪॥
ততঃ কর্ণঃ শরৈস্তীক্ষ্ণৈরভিমন্যুং দুরাসদম্।
অভ্যবর্ষত সংক্রুদ্ধঃ পুত্রস্য হিতকৃত্তব ॥২৫॥

তত ইতি। অনিবর্ত্তিনাং বিপৎপাতসম্ভাবনায়ামপীতি ভাবঃ ॥২১॥
তথেতি। রাধেয়ং রাধায়াস্তদাখ্যায়া অধিরথপত্ন্যাঃ পুত্রং কর্ণম্ ॥২২॥
পশ্যেতি। আদিত্যমিব শাত্রবান্ প্রতপন্তং নিঘ্নন্তঞ্চেতি সম্বন্ধঃ ॥২৩॥
অথেতি॥ সুসংরব্ধা অতীবোৎসাহিনঃ, বলেন উৎকটা মত্তাঃ ॥২৪॥
তত ইতি। পুত্রস্য দুর্য্যোধনস্য ॥২৫॥

প্রতিমূর্ত্তি স্থাপনকারী মহারথ দ্রৌপদীপুত্রগণ, সাত্যকি, চেকিতান, ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, ধৃষ্টকেতু, কেকয়গণ, মৎস্য, পাঞ্চাল ও সৃঞ্জয়গণ এবং যুধিষ্ঠিরপ্রভৃতি পাণ্ডবেরা আনন্দিত হইয়া দ্রোণসৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া সত্বর ধাবিত হইলেন ॥১৮—২০॥

রাজা! তদনন্তর বিপক্ষগণের সহিত আপনার পক্ষের জয়াভিলাষী ও অনিবর্ত্তী বীরগণের মহাযুদ্ধ হইতে লাগিল ॥২১॥

মহারাজ! অতিভয়ঙ্কর যুদ্ধ সেইভাবে চলিতে লাগিলে, দুর্য্যোধন কর্ণকে এই কথা বলিলেন—॥২২॥

'কর্ণ! দেখ—বীর দুঃশাসন যুদ্ধে সূর্য্যের ন্যায় শত্রুগণকে সন্তপ্ত ও নিহত করিতেছিলেন, সেই অবস্থাতেই তিনি অভিমন্যুর বশীভূত হইয়াছেন ॥২৩॥

আবার অত্যন্ত উৎসাহী এবং সিংহের ন্যায় বলমত্ত এই পাণ্ডবেরাও অভিমন্যুকে রক্ষা করিবার জন্য উদ্যত হইয়া তোমাদের অভিমুখে ধাবিত হইয়াছে' ॥২৪॥

রাজা! তাহার পর আপনার পুত্রের হিতকারী কর্ণ অত্যন্তক্রুদ্ধ হইয়া দুর্দ্ধর্ষ অভিমন্যুর উপরে তীক্ষ্ণ বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥২৫॥

তস্য চানুচরাংস্তীক্ষ্ণৈর্বিব্যাধ পরমেষুভিঃ।
অবজ্ঞাপূর্ব্বকং শূরঃ সৌভদ্রস্য রণাজিরে ॥২৬॥
অভিমন্যুস্তু রাধেয়ং ত্রিসপ্তত্যা শিলীমুখৈঃ।
অবিধ্যত্ত্বরিতো রাজন্! দ্রোণং প্রেপ্সুর্মহামনাঃ ॥২৭॥
তং তথা নাশকৎ কশ্চিদ্দ্রোণাদ্বারয়িতুং রথী।
আরুজন্তং রথশ্রেষ্ঠান্ বজ্রহস্তাত্মজাত্মজম্ ॥২৮॥
ততঃ কর্ণো জয়প্রেপ্সুর্মানী সর্ব্বধনুষ্মতাম্।
সৌভদ্রং শতশোঽবিধ্যদুত্তমাস্ত্রাণি দর্শয়ন্ ॥২৯॥
সোঽস্ত্রৈরস্ত্রবিদাং শ্রেষ্ঠো রামশিষ্যঃ প্রতাপবান্।
সমরে শত্রুদুর্দ্ধর্ষমভিমন্যুমপীড়য়ৎ ॥৩০॥
স তথা পীড্যমানস্তু রাধেয়েনাস্ত্রবৃষ্টিভিঃ।
সমরেঽমরসঙ্কাশঃ সৌভদ্রো ন ব্যসীদত ॥৩১॥

তস্যেতি। অবজ্ঞাপূর্ব্বকং দুর্ব্বলবোধাৎ, শূরঃ কর্ণঃ ॥২৬॥
অভীতি। শিলীমুখৈর্ব্বাণৈঃ প্রেপ্সুঃ যুদ্ধায় প্রাপ্তুমিচ্ছুঃ ॥২৭॥
তমিতি। আরুজন্তং ভঞ্জন্তম্। বজ্রহস্ত ইন্দ্রস্তদাত্মজোঽর্জ্জুনস্তদাত্মজমভিমন্যুম্ ॥২৮॥
তত ইতি। উত্তমাস্ত্রাণি দর্শয়ন্ আবিষ্কুর্ব্বন্ বীরত্বপ্রদর্শনায় ॥২৯॥
স ইতি। স কর্ণঃ। রামস্য জামদগ্ন্যস্য শিষ্যঃ ॥৩০॥
স ইতি। অমরসঙ্কাশো দেবতুল্যপ্রভাবঃ। ন ব্যসীদত নাবসন্নোঽভবৎ ॥৩১॥

এবং বীর কর্ণ তীক্ষ্ণ ও উত্তম বাণসমূহদ্বারা সমরাঙ্গনে অবজ্ঞাপূর্ব্বক অভিমন্যুর অনুচরগণকেও বিদ্ধ করিতে থাকিলেন ॥২৬॥

রাজা! তখন মহামনা অভিমন্যুও দ্রোণের নিকট যাইবার ইচ্ছা করিয়া সত্বর ত্রিসপ্ততি বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিলেন ॥২৭॥

রথী অভিমন্যু সেইভাবে রথিশ্রেষ্ঠগণকে পরাভূত করিতে লাগিলে, কোন ব্যক্তিই তাঁহাকে দ্রোণের নিকটে যাইবার সময়ে বারণ করিতে পারিল না ॥২৮॥

তদনন্তর জয়াভিলাষী ও সমস্ত ধনুর্দ্ধরের মধ্যে অভিমানী কর্ণ উত্তম উত্তম অস্ত্র দেখাইতে থাকিয়া শত শত বার অভিমন্যুকে বিদ্ধ করিলেন ॥২৯॥

এবং পরশুরামের শিষ্য, অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ ও প্রতাপশালী কর্ণ যুদ্ধে নানাবিধ অস্ত্রদ্বারা শত্রুদুর্দ্ধর্ষ অভিমন্যুকে পীড়ন করিতে লাগিলেন ॥৩০॥

দেবতুল্যপ্রভাবশালী অভিমন্যু কর্ণের অস্ত্রবর্ষণে সেইরূপ পীড়িত হইতে থাকিয়াও যুদ্ধে অবসন্ন হইলেন না ॥৩১॥

---

(২৮) আরুজন্তং রথব্রাতান্—বা নি। (৩১)···সৌভদ্রো ন ব্যশীর্য্যত—বা নি।

ততঃ শিলাশিতৈস্তীক্ষ্ণৈর্ভল্লৈরানতপর্ব্বভিঃ।
ছিত্ত্বা ধনূংষি শূরাণামার্জ্জুনিঃ কর্ণমার্দ্দয়ৎ ॥৩২॥
ধনুর্ম্মণ্ডলনির্ম্মুক্তৈঃ শরৈরাশীবিষোপমৈঃ।
সচ্ছত্রধ্বজযন্তারং সাশ্বমাশু স্ময়ন্নিব ॥৩৩॥ (যুগ্মকম্)
কর্ণোঽপি চাস্য চিক্ষেপ বাণান্ সন্নতপর্ব্বণঃ।
অসংভ্রান্তশ্চ তান্ সর্ব্বানগৃহ্লাৎ ফাল্গুনাত্মজঃ ॥৩৪॥
ততো মুহূর্ত্তাৎ কর্ণস্য বাণেনৈকেন বীর্য্যবান্।
সধ্বজং কার্ম্মুকং বীরশ্ছিত্ত্বা ভূমৌ ন্যপাতয়ৎ ॥৩৫॥
ততঃ কৃচ্ছ্রগতং কর্ণং দৃষ্ট্বা কর্ণাদনন্তরঃ।
সৌভদ্রমভ্যয়াত্তূর্ণং দৃঢ়মুদ্যম্য কার্ম্মুকম্ ॥৩৬॥
তত উচ্চুক্রুশুঃ পার্থাস্তেষাঞ্চানুচরা জনাঃ।
বাদিত্রাণি চ সংজঘ্নুঃ সৌভদ্রঞ্চাপি তুষ্টুবুঃ ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে দুঃশাসনকর্ণপরাজয়ে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

তত ইতি। আর্দ্দয়দপীড়য়ৎ। যন্তা সারথিঃ। স্ময়ন্ ঈষদ্ধসন্ ॥৩২—৩৩॥
কর্ণ ইতি। অসংভ্রান্তঃ অবিচলিতচিত্তঃ। ফাল্গুনাত্মজোঽর্জ্জুনপুত্রঃ ॥৩৪॥
তত ইতি। একেনেতি বীপ্সাবগন্তব্যা। বীরঃ অভিমন্যুরেব ॥৩৫॥
তত ইতি। কৃচ্ছ্রগতং বিপদাপন্নম্। অনন্তরঃ পশ্চাজ্জাতঃ কনিষ্ঠভ্রাতা ॥৩৬॥

তাহার পব অভিমন্যু শিলাশাণিত, তীক্ষ্ণ ও নতপর্ব্ব ভল্লসমূহদ্বাবা কর্ণ-সহচব বীবগণের ধনুগুলি ছেদন কবিয়া ঈষৎ হাস্য করতই যেন মণ্ডলীকৃত কার্ম্মুকনিক্ষিপ্ত সর্পতুল্য বাণসমূহদ্বারা ছত্র, ধ্বজ, সারথি ও অশ্বগণের সহিত কর্ণকে পীড়ন কবিলেন ॥৩২—৩৩॥

কর্ণও অভিমন্যুব উপবে নতপর্ব্ব বাণ সকল নিক্ষেপ কবিতে লাগিলেন; আবার অভিমন্যুও অবিচলিত চিত্তে সেই বাণ সকল গ্রহণ করিতে থাকিলেন ॥৩৪॥

ক্রমে বলবান্ ও বীব অভিমন্যু এক এক বাণে কর্ণের ধ্বজ ও ধনু ছেদন করিয়া ভূতলে নিপাতিত কবিলেন ॥৩৫॥

তখন কর্ণ বিপদাপন্ন হইয়াছেন দেখিয়া কর্ণেব কনিষ্ঠ ভ্রাতা সত্বর দৃঢ় ধনু উদ্যত কবিয়া অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥৩৬॥

---

(৩৫)···ভূমাবপাতয়ৎ—বা ব নি। (৩৬) ততঃ কৃচ্ছ্রং গতং কর্ণম্—পি। * '··· একোনচত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '···চত্বারিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

সপ্তত্রিংশোঽধ্যায়ঃ।

———⸪———

সঞ্জয় উবাচ।

সোঽভিগর্জন্ ধনুষ্পাণির্জ্যাং বিকর্ষন্ পুনঃ পুনঃ।
তয়োর্মহাত্মনোস্তূর্ণং রথান্তরমবাপতৎ ॥১॥
সোঽবিধ্যদ্দশভির্ব্বাণৈরভিমন্যুং দুরাসদম্।
সচ্ছত্রধ্বজযন্তারং সাশ্বমাশু স্ময়ন্নিব ॥২॥
পিতৃপৈতামহং কর্ম্ম কুর্ব্বাণমতিমানুষম্।
দৃষ্ট্বার্দ্দিতং শরৈঃ কার্ষ্ণিং ত্বদীয়া হৃষিতাভবন্ ॥৩॥

তত ইতি। উচ্চুক্রুশুঃ উচ্চৈরানন্দকোলাহলং চক্রুঃ, পার্থাঃ পাণ্ডবাঃ ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

———⸪———

স ইতি। তয়োঃ কর্ণাভিমন্যোঃ। রথয়োরন্তরং মধ্যম্, অবাপতদগচ্ছৎ ॥১॥
স ইতি। ছত্রেণ ধ্বজেন যন্ত্রা সারথিনা চ সহ তম্। স্ময়ন্ ঈষদ্ধসন্ ॥২॥
পিত্রিতি। কর্ম্ম যুদ্ধম্। কার্ষ্ণিমভিমন্যুম্। হৃষিতাভবন্নিতি সন্ধিরার্ষঃ ॥৩॥

সেই সময়ে পাণ্ডবগণ ও তাঁহাদের অনুচরগণ উচ্চস্বরে আনন্দকোলাহল করিয়া উঠিলেন, বাদ্যকারেরা বাদ্য বাজাইতে লাগিল এবং অন্য সকলে অভিমন্যুর প্রশংসা করিতে থাকিল" ॥৩৭॥

———⸪———

সঞ্জয় বলিলেন—"কর্ণের সেই ভ্রাতা ধনু ধারণ করিয়া বার বার গর্জন ও ধনুর গুণ আকর্ষণ করতঃ কর্ণ ও অভিমন্যুর রথদ্বয়ের মধ্যস্থানে যাইয়া উপস্থিত হইলেন ॥১॥

তৎপরে তিনি ঈষৎ হাস্য করতই যেন দশটা বাণদ্বারা ছত্র, ধ্বজ, সারথি ও অশ্বগণের সহিত দুর্দ্ধর্ষ অভিমন্যুকে সত্বর বিদ্ধ করিলেন ॥২॥

পিতা যে কার্য্য করিতেছেন এবং পিতামহপ্রভৃতি যে কার্য্য করিয়া গিয়াছেন, সেই অলৌকিক কার্য্য করিতে প্রবৃত্ত অভিমন্যুকে শরপীড়িত [illegible] লোকেরা আনন্দিত হইল ॥৩॥

---

(১) সোঽভ্য[illegible]পাণিঃ...[illegible]—নি।

তস্যাভিমন্যুরায়ম্য স্ময়ন্নেকেন পত্রিণা।
শিরঃ প্রচ্যাবয়ামাস তদ্রথাৎ প্রাপতদ্ভুবি ॥৪॥
কর্ণিকারমিবাধূতং বাতেন পতিতং নগাৎ।
ভ্রাতরং নিহতং দৃষ্ট্বা রাজন্! কর্ণো ব্যথাং যযৌ ॥৫॥
বিমুখীকৃত্য কর্ণন্তু সৌভদ্রঃ কঙ্কপত্রিভিঃ।
অন্যানপি মহেষ্বাসাংস্তূর্ণমেবাভিদুদ্রুবে ॥৬॥
ততস্তদ্বিততং সৈন্যং হস্ত্যশ্বরথপত্তিমৎ।
ক্রুদ্ধোঽভিমন্যুরভিনত্তিগ্মতেজা মহারথঃ ॥৭॥
কর্ণস্তু বহুভির্ব্বাণৈরর্দ্দ্যমানোঽভিমন্যুনা।
অপায়াজ্জবনৈরশ্বৈস্ততোঽনীকমভজ্যত ॥৮॥
শলভৈরিব চাকাশে ধারাভিরিব চাবৃতে।
অভিমন্যোঃ শরৈ রাজন্! ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৯॥

তস্যেতি। আয়ম্য ধনুরাকৃষ্য। প্রচ্যাবয়ামাস দেহাৎ পৃথক্ চকার ॥৪॥
কর্ণীতি। কর্ণিকারং বৃক্ষম্, আধুতং কম্পিতম্। নগাৎ পর্ব্বতাৎ ॥৫॥
বিমুখীতি॥ কঙ্কপত্রিভির্ব্বাণৈঃ। অভিদুদ্রুবে অভিদধাব ॥৬॥
তত ইতি। বিততং বিস্তৃতম্। পত্তিঃ পদাতিঃ ॥৭॥
কর্ণ ইতি। অপায়াৎ সমরাঙ্গনাদপাসরৎ, জবনৈর্ব্বেগবদ্ভিঃ। অনীকং সৈন্যম্ ॥৮॥

ক্রমে অভিমন্যু ঈষৎ হাস্য করতঃ ধনু আকর্ষণ করিয়া একটা বাণদ্বারা কর্ণের ভ্রাতার মস্তক ছেদন করিলেন; তখন তাহা ভূতলে পতিত হইল ॥৪॥

রাজা! বায়ুসঞ্চালিত কর্ণিকারবৃক্ষ যেমন পর্ব্বত হইতে পতিত হয়, সেইরূপ ভ্রাতা নিহত ও রথ হইতে পতিত হইয়াছেন দেখিয়া কর্ণ দারুণ ব্যথিত হইলেন ॥৫॥

অভিমন্যু বাণদ্বারা ক্রমে কর্ণকেও পরাঙ্মুখ করিয়া অন্যান্য মহাধনুর্দ্ধরগণের দিকে সত্বর ধাবিত হইলেন ॥৬॥

তাহার পর মহাতেজা ও মহারথ অভিমন্যু ক্রুদ্ধ হইয়া হস্তী, অশ্ব, রথ ও পদাতিযুক্ত সেই বিস্তৃত কৌরবসৈন্যকে ছিন্নভিন্ন করিয়া তুলিলেন ॥৭॥

অভিমন্যু বহুতর বাণদ্বারা পীড়ন করিতে লাগিলে, কর্ণ বেগবান্ অশ্বগণের গুণে সত্বর সমরাঙ্গন হইতে অপসৃত হইলেন। তাহার পর কৌরবসৈন্য বিচ্ছিন্ন হইতে লাগিল ॥৮॥

---

(৫)…বাতেনাপতিতং নগাৎ—বা ব নি। (৮)…ততোঽনীকমভিদ্যত—পি,…ততোঽনীকমভিদ্রবৎ—নি। (৯) শলভৈরিব চাকাশং ধারাভিরিব পর্ব্বতঃ।…শরৈশ্ছন্নম্—নি।

তাবকানান্তু যোধানাং বধ্যতাং নিশিতৈঃ শরৈঃ।
অন্যত্র সৈন্ধবাদ্রাজন্! ন স্ম কশ্চিদতিষ্ঠত ॥১০॥
সৌভদ্রস্তু ততঃ শঙ্খং প্রধ্মাপ্য পুরুষর্ষভঃ।
শীঘ্রমভ্যপতৎ সেনাং ভারতীং ভরতর্ষভ! ॥১১॥
স কক্ষেঽগ্নিরিবোৎসৃষ্টো নির্দ্দহংস্তরসা রিপূন্।
মধ্যে ভারতসৈন্যানামার্জ্জুনিঃ পর্য্যবর্ত্তত ॥১২॥
রথনাগাশ্বমনুজানর্দ্দয়ন্ নিশিতৈঃ শরৈঃ।
স প্রবিশ্যাকরোদ্ভূমিং কবন্ধগণসঙ্কুলাম্ ॥১৩॥
সৌভদ্রচাপপ্রভবৈর্নিকৃত্তাঃ পরমেষুভিঃ।
স্বানেবাভিমুখান্ ঘ্নন্তঃ প্রাদ্রবন্ জীবিতার্থিনঃ ॥১৪॥

শলভৈরিতি। শলভৈঃ পতঙ্গৈঃ, ধারাভির্মেঘবৃষ্টিপ্রবৈঃ ॥৯॥
তাবকানামিতি। বধ্যতাং বধ্যমানানাম্। অন্যত্র অন্যঃ, সৈন্ধবাজ্জয়দ্রথাৎ ॥১০॥
সৌভদ্র ইতি। প্রধ্মাপ্য বাদয়িত্বা। ভারতীং কৌরবীম্ ॥১১॥
স ইতি। কক্ষে তৃণরাশৌ, উৎসৃষ্টঃ অর্পিতঃ, তরসা বেগেন ॥১২॥
রথেতি। নাগা হস্তিনঃ। সঃ অভিমন্যুঃ। কবন্ধঃ শিরঃশূন্যদেহঃ ॥১৩॥
সৌভদ্রেতি। সৌভদ্রচাপপ্রভবৈরভিমন্যুকার্ম্মুকনির্গতৈঃ, নিকৃত্তাশ্ছিন্নাঃ ॥১৪॥

রাজা! পতঙ্গ ও জলধারার ন্যায় অভিমন্যুর বাণে আকাশ আবৃত হইলে কিছুই দেখা গেল না ॥৯॥

রাজা! আপনার পক্ষের যোদ্ধারা অভিমন্যুর তীক্ষ্ণবাণে নিহত হইতে থাকিলে, এক জয়দ্রথভিন্ন অপর কেহই রণস্থলে রহিল না ॥১০॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর পুরুষশ্রেষ্ঠ অভিমন্যু শঙ্খধ্বনি করিয়া সত্বর কৌরব-সৈন্যের উপরে আপতিত হইলেন ॥১১॥

তৃণরাশিতে প্রদত্ত অগ্নির ন্যায় অভিমন্যু বেগে শত্রুগণকে দগ্ধ করিতে থাকিয়া কৌরবসৈন্যমধ্যে অবস্থান করিতে লাগিলেন ॥১২॥

ক্রমে তিনি তাহাতে প্রবেশ করিয়া নিশিত শরসমূহদ্বারা হস্তী, অশ্ব, রথী ও পদাতিদিগকে পীড়ন করিতে থাকিয়া সমরভূমিকে কবন্ধগণে ব্যাপ্ত করিয়া ফেলিলেন ॥১৩॥

অভিমন্যুর কার্ম্মুকনির্গত উত্তম বাণসমূহ যাইয়া ছেদন করিতে লাগিলে, বিপক্ষেরা আপন পক্ষের লোকদিগকেই আঘাত করতঃ জীবনরক্ষার্থী হইয়া পলায়ন করিতে লাগিল ॥১৪॥

---

(১১)···প্রধ্মায—নি।

তে ঘোরা রৌদ্রকর্ম্মাণো বিপাঠা বহবঃ শিতাঃ।
নিঘ্নন্তো রথনাগাশ্বান্ জগ্মুরাশু বসুন্ধরাম্ ॥১৫॥
সায়ুধাঃ সাঙ্গুলিত্রাণাঃ সগদাঃ সাঙ্গদা রণে।
দৃশ্যন্তে বাহবশ্ছিন্না হেমাভরণভূষিতাঃ ॥১৬॥
শরাশ্চাপানি খড়্গাশ্চ শরীরাণি শিরাংসি চ।
সকুণ্ডলানি স্রগ্বীণি ভূমাবাসন্ সহস্রশঃ ॥১৭॥
সোপস্করৈরধিষ্ঠানৈরীশাদণ্ডকবন্ধুরৈঃ।
অক্ষৈর্বিমথিতৈশ্চক্রৈর্ব্বহুধা পতিতৈর্যুগৈঃ ॥১৮॥
শক্তিচাপাসিভিশ্চৈব পতিতৈশ্চ মহাধ্বজৈঃ।
চর্ম্মচাপশরৈশ্চৈব ব্যবকীর্ণৈঃ সমন্ততঃ ॥১৯॥
নিহতৈঃ ক্ষত্রিয়ৈরশ্বৈর্ব্বারণৈশ্চ বিশাংপতে!।
অগম্যরূপা পৃথিবী ক্ষণেনাসীৎ সুদারুণা ॥২০॥ (বিশেষকম্)

ত ইতি। বিপাঠা বাণবিশেষাঃ। জগ্মুঃ প্রবিবিশুঃ, বসুন্ধরাং রণভূমিম্ ॥১৫॥
সায়ুধা ইতি। অঙ্গুলিত্রাণৈশ্চর্ম্মনির্ম্মিতৈরঙ্গুলিত্রৈঃ সহেতি তে ॥১৬॥
শরা ইতি। স্রজো মালা এষাং সন্তীতি স্রগ্বীণি। মত্বর্থীয়ো বিন্ ॥১৭॥
সোপেতি। উপস্করাদীনি রথাঙ্গানি প্রাগ্ বিবৃতানি। সগুণনির্গুণভেদাচ্চাপস্য দ্বিরুক্তিঃ। ব্যবকীর্ণৈর্বিক্ষিপ্তৈঃ। বারণৈর্হস্তিভিঃ। অগম্যরূপা ব্যাপ্তত্বাৎ, পৃথিবী সমরভূমিঃ ॥১৮—২০॥

অভিমন্যুনিক্ষিপ্ত ভয়ঙ্করমূর্ত্তি ও ভয়ঙ্করকার্য্যকারী বহুতর সুধার বিপাঠ (বাণবিশেষ) হস্তী, অশ্ব ও রথ বিনাশ করতঃ সত্বর সমরভূমিতে প্রবেশ করিতে লাগিল ॥১৫॥

অস্ত্র, অঙ্গুলিত্র, গদা ও অঙ্গদযুক্ত এবং অন্যান্য স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত ছিন্ন বাহু সকল দেখা যাইতে থাকিল ॥১৬॥

সহস্র সহস্র বাণ, ধনু, তরবারি, শরীর এবং কুণ্ডল ও মালাযুক্ত মস্তক ভূতলে পতিত হইতে লাগিল ॥১৭॥

নরনাথ! নিপতিত উপকরণ, আধারকাষ্ঠ, স্তম্ভদণ্ড, ভগ্ন চক্রের কাষ্ঠ, চক্র, বহুতর তির্য্যক্ দারু (তেরচা কাঠ), শক্তি, গুণযুক্ত ধনু, তরবারি, বিশাল, ধ্বজ, ইতস্ততঃ বিক্ষিপ্ত চর্ম্ম (ঢাল), গুণশূন্য ধনু ও বাণ এবং নিহত ক্ষত্রিয়, অশ্ব ও হস্তিদ্বারা সমরভূমি ক্ষণকালমধ্যে অগম্য ও অতিভয়ঙ্কর হইয়া পড়িল ॥১৮—২০॥

---

(২০)···অগম্যকল্পা পৃথিবী—পি।

বধ্যতাং রাজপুত্রাণাং ক্রন্দতামিতরেতরম্
প্রাদুরাসীন্মহাশব্দো ভীরূণাং ভয়বর্দ্ধনঃ ॥২১॥
স শব্দো ভরতশ্রেষ্ঠ! দিশঃ সর্ব্বা ব্যনাদয়ৎ।
সৌভদ্রশ্চাদ্রবৎ সেনাং ঘ্নন্ নরাশ্বরথদ্বিপান্ ॥২২॥
কক্ষমগ্নিরিবোৎসৃষ্টো নির্দ্দহংস্তরসা রিপূন্।
মধ্যে ভারতসৈন্যানামার্জ্জুনিঃ প্রত্যদৃশ্যত ॥২৩॥
বিচরন্তং দিশঃ সর্ব্বাঃ প্রদিশশ্চাপি ভারত!।
তং তদা নানুপশ্যামঃ সৈন্যেন রজসাবৃতম্ ॥২৪॥
আদদানং গজাশ্বানাং নৃণাঞ্চায়ুংষি ভারত!।
ক্ষণেন ভূয়ঃ পশ্যামঃ সূর্য্যং মধ্যন্দিনে যথা।
অভিমন্যুং মহারাজ! প্রতপন্তং দ্বিষদ্গণান্ ॥২৫॥

বধ্যতামিতি। বধ্যতাম্ অভিমন্যুনা বধ্যমানানাম্, ক্রন্দতামাহ্বয়তাম্ ॥২১॥
স ইতি। অদ্রবৎ অভ্যধাবৎ, সেনাং কৌরবীযাম্, ঘ্নন্ বিনাশয়ন্ ॥২২॥
কক্ষমিতি। কক্ষং তৃণরাশিম্॥ তরসা বেগেন। আর্জ্জুনিরভিমন্যুঃ ॥২৩॥
বিচরন্তমিতি। প্রদিশো বিদিশঃ। সৈন্যেন সৈন্যোত্তোলিতেন ॥২৪॥

বধ্যমান রাজপুত্রগণ পরস্পর আহ্বান করিতে থাকিলে, ভীরুজনের ভয়বর্দ্ধক মহাশব্দ হইতে থাকিল ॥২১॥

ভরতশ্রেষ্ঠ! সেই শব্দ সমস্ত দিক্ নিনাদিত করিল এবং অভিমন্যুও পদাতি, অশ্ব, রথ ও হস্তিগণকে বিনাশ করিতে করিতে বিপক্ষসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥২২॥

প্রদত্ত অগ্নি যেমন তৃণরাশি দগ্ধ করে, সেইরূপ অভিমন্যু বেগে শত্রুগণকে দগ্ধ করিতে লাগিলেন; সেই অবস্থায় তাঁহাকে কৌরবসৈন্যমধ্যে দেখা গেল ॥২৩॥

ভরতনন্দন! অভিমন্যু তখন সমস্ত দিক্ ও বিদিক্ বিচরণ করিতেছিলেন; তথাপি সৈন্যগণের ধূলিজালে আবৃত থাকায় তাঁহাকে আমরা দেখিতেছিলাম না ॥২৪॥

ভরতনন্দন মহারাজ! ক্ষণকালমধ্যে আবার আমরা দেখিলাম—অভিমন্যু হস্তী, অশ্ব ও মনুষ্যগণের আয়ু হরণ করিতেছেন এবং মধ্যাহ্নকালের সূর্য্যের ন্যায় শত্রুগণকে সন্তপ্ত করিতেছেন ॥২৫॥

---

(২২)···বরাশ্বরথদ্বিপান্—নি। (২৪)···সৈন্যে চ রজসা বৃতে—নি।

স বাসবসমঃ সংখ্যে বাসবস্যাত্মজাত্মজঃ।
অভিমন্যুর্ম্মহারাজ! সৈন্যমধ্যে ব্যরোচত ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে অভিমন্যুপরাক্রমে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—————ঃ০ঃ—————

অষ্টত্রিংশোঽধ্যায়ঃ।

————ঃ*ঃ————

ধৃতরাষ্ট্র উবাচ।

বালমত্যন্তসুখিনং স্ববাহুবলদর্পিতম্।
যুদ্ধে সুকুশলং বীরং কুলপুত্রং তনুত্যজম্ ॥১॥
গাহমানমনীকানি সদশ্বৈশ্চ ত্রিহায়নৈঃ।
অপি যৌধিষ্ঠিরাৎ সৈন্যাৎ কশ্চিদন্বপতদ্বলী ॥২॥ (যুগ্মকম্)

আদদানমিতি। আদদানং সংহরন্তমিত্যর্থঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥

স ইতি। বাসবসম ইন্দ্রতুল্যঃ, বাসবস্য ইন্দ্রস্য আত্মজোঽর্জ্জুনস্তদাত্মজঃ ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

————ঃ*ঃ————

বালমিতি। কুলপুত্রং সদ্বংশজাতম্, তনুত্যজং দেহত্যাগায়োদ্যতম্। অপিঃ প্রশ্নে ॥১—২॥

মহাবাজ! ক্রমে ইন্দ্রের পুত্রেব পুত্র অভিমন্যু রণস্থলে বিপক্ষসৈন্যের মধ্যে ইন্দ্রের ন্যায শোভা পাইতে লাগিলেন” ॥২৬॥

————ঃ*ঃ————

ধৃতরাষ্ট্র বলিলেন—“সঞ্জয! বালক, অত্যন্তসুখী, আপন বাহুবলে দর্পিত, যুদ্ধে বিশেষনিপুণ, বীর, সদ্বংশজাত ও দেহত্যাগে উদ্যত অভিমন্যু যখন ত্রিবর্ষ-বয়স্ক উত্তম অশ্বগণের গুণে কৌববসৈন্য আলোড়ন কবিতেছিল, তখন যুধিষ্ঠিবের সৈন্যমধ্য হইতে কোন বলবান্ যোদ্ধা তাহাব অনুসরণ করিযাছিলেন কি ?” ॥১—২॥

---

* ‘…চত্বারিংশোঽধ্যায়ঃ’ ব, ‘…একচত্বারিংশোঽধ্যাযঃ’ বা রা নি। (১)…যুদ্ধেষু কুশলম্—পি বা,…যুদ্ধেষ্বকুশলম্—নি।

সঞ্জয় উবাচ।

যুধিষ্ঠিরো ভীমসেনঃ শিখণ্ডী সাত্যকির্যমৌ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ দ্রুপদশ্চ সকেকয়ঃ ॥৩॥
ধৃষ্টকেতুশ্চ সংরব্ধো মৎস্যাশ্চান্বপতন্ রণে।
তেনৈব তু পথা যান্তঃ পিতরো মাতুলৈঃ সহ ॥৪॥
অভ্যদ্রবন্ পরীপ্সন্তো ব্যূঢ়ানীকাঃ প্রহারিণঃ।
তান্ দৃষ্ট্বা দ্রবতঃ শূরাংস্ত্বদীয়া বিমুখাভবন্ ॥৫॥ (বিশেষকম্)
ততস্তদ্বিমুখং দৃষ্ট্বা তব সূনোর্ম্মহদ্বলম্।
জামাতা তব তেজস্বী তিস্তম্ভয়িষুরাদ্রবৎ ॥৬॥
সৈন্ধবস্য মহারাজ! পুত্রো রাজা জয়দ্রথঃ।
স পুত্রগৃদ্ধিনঃ পার্থান্ সহসৈন্যানবারয়ৎ ॥৭॥

যুধীতি। যমৌ নকুলসহদেবৌ। সংরব্ধ উৎসাহী। তেনৈব অভিমন্যুনা কৃতেনৈব। পিতরো যুধিষ্ঠিরাদয়ঃ মাতুলৈঃ শিখণ্ডিপ্রভৃতিভিঃ। অভ্যদ্রবন্ অভ্যধাবন্, পরীপ্সন্তঃ অভিমন্যুং প্রাপ্তুমিচ্ছন্তঃ, ব্যূঢানীকাঃ সজ্জীকৃতসৈন্যাঃ। বিমুখাভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৩—৫॥

তত ইতি। জামাতা জয়দ্রথঃ। তিস্তম্ভয়িষুঃ স্তম্ভয়িতুং বারয়িতুমিচ্ছুঃ ॥৬॥

সৈন্ধবস্যেতি। সিন্ধুরাজস্য বৃদ্ধক্ষত্রস্য। পুত্রগৃদ্ধিনঃ পুত্রবৎসলান্ ॥৭॥

সঞ্জয় বলিলেন—"মহারাজ! যুধিষ্ঠির, ভীম, নকুল, সহদেব, শিখণ্ডী, সাত্যকি, ধৃষ্টদ্যুম্ন, বিরাট, দ্রুপদ, কেকয়গণ, উৎসাহী ধৃষ্টকেতু এবং মৎস্যদেশীয় অন্যান্য যোদ্ধারা অভিমন্যুর অনুসরণ করিয়াছিলেন। শিখণ্ডিপ্রভৃতি মাতুলগণের সহিত যুধিষ্ঠিরাদি পিতৃগণ ও অন্যান্য যোদ্ধারা অভিমন্যুর নিকটে যাইবার ইচ্ছায় সৈন্য সজ্জিত করিয়া প্রহারার্থী হইয়া অভিমন্যুকৃত পথেই যাইতে থাকিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন। সেই বীরগণকে দ্রুত আসিতে দেখিয়া আপনার পক্ষের যোদ্ধারা বিমুখ হইলেন ॥৩—৫॥

তখন আপনার পুত্রের বিশাল সৈন্যকে বিমুখ দেখিয়া আপনার তেজস্বী জামাতা জয়দ্রথ তাঁহাদিগকে বারণ করিবার ইচ্ছায় ধাবিত হইলেন ॥৬॥

মহারাজ! সিন্ধুরাজের পুত্র রাজা জয়দ্রথ ক্রমে সৈন্যগণের সহিত পুত্রবৎসল পাণ্ডবগণকে বারণ করিতে লাগিলেন ॥৭॥

---

(৪) মাৎস্যাশ্চান্বপতন্ রণে—নি, মৎস্যাশ্চাভ্যপতন্ রণে—বা ব। (৬) ততস্তে বিমুখম্—পি,...সংস্তম্ভয়িষুরাদ্রবৎ—বা নি,...বিষ্টম্ভয়িষুরাদ্রবৎ—ব।

উগ্রধন্বা মহেষ্বাসো দিব্যমস্ত্রমুদীরয়ন্ ।
বার্দ্ধক্ষত্রিরুপাসেধৎ প্রবণাদিব কুঞ্জরঃ ॥৮॥

ধৃতরাষ্ট্র উবাচ ।

অতিভারমহং মন্যে সৈন্ধবে সঞ্জয়াহিতম্ ।
যদেকঃ পাণ্ডবান্ ক্রুদ্ধান্ পুত্রপ্রেপ্সূন্ নবারয়ৎ ॥৯॥
অত্যদ্ভুতমহং মন্যে বলং শৌর্য্যঞ্চ সৈন্ধবে ।
তস্য প্রব্রূহি মে বীর্য্যং কর্ম্ম চাগ্র্যং মহাত্মনঃ ॥১০॥
কিং জপ্তং হুতমিষ্টং বা কিং সুতপ্তমথো তপঃ ।
সিন্ধুরাজেন যেনৈকঃ ক্রুদ্ধান্ পার্থানবারয়ৎ ॥১১॥

সঞ্জয় উবাচ ।

দ্রৌপদীহরণে যত্তদ্ভীমসেনেন নির্জ্জিতঃ ।
মানাৎ স তপ্তবান্ রাজা বরার্থী সুমহত্তপঃ ॥১২॥

উগ্রেতি । বার্দ্ধক্ষত্রিঃ বৃদ্ধক্ষত্রপুত্রো জয়দ্রথঃ, উপাসেধৎ পাণ্ডবাদীন্ ন্যবারযৎ, প্রবণাৎ ক্রমনিম্নদেশাৎ, "প্রবণং ক্রমনিম্নোর্ব্যাং প্রহ্বে না তু চতুষ্পথে" ইত্যমরঃ ॥৮॥

অতীতি । সৈন্ধবে জযদ্রথে, আহিতং সেনাপতিনা দুর্য্যোধনেন বা স্থাপিতম্ ॥৯॥

অতীতি । বলং শক্তিম্, শৌর্য্যমুৎসাহম্ । বীর্য্যং শিক্ষাদাক্ষ্যম্, অগ্র্যং প্রধানম্ ॥১০॥

কিমিতি । ইষ্টং যজ্ঞঃ কৃতঃ, সুতপ্তং সুষ্ঠু কৃতম্ । যেন হেতুনা ॥১১॥

দ্রৌপদীতি । তপ্তবান্ কৃতবান্, রাজা জয়দ্রথঃ ॥১২॥

হস্তী যেমন ক্রমনিম্নস্থান হইতে শত্রুকে নিবারণ করে, সেইরূপ ভীষণধন্বা ও মহাধনুর্দ্ধর জযদ্রথ অলৌকিক অস্ত্র সকল নিক্ষেপ করিতে থাকিয়া পাণ্ডবপক্ষকে নিবারণ করিতে লাগিলেন" ॥৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয ! আমি মনে করি—জযদ্রথেব উপরে গুরুতব ভার ন্যস্ত করা হইয়াছিল। যে হেতু তিনি একাকী—পুত্রের নিকট গমনার্থী ও ক্রুদ্ধ পাণ্ডবপক্ষকে বারণ করিতেছিলেন ॥৯॥

আমি আবও মনে করি—জয়দ্রথের শক্তি ও উৎসাহ অত্যন্ত অদ্ভুতই বটে। সে যাহা হউক, সেই মহাত্মার শক্তি ও প্রধান কার্য্যগুলি তুমি আমার নিকট বল ॥১০॥

জয়দ্রথ কি জপ, কি হোম, কি যজ্ঞ, অথবা কোন্ তপস্যা কবিযাছিলেন, যাহার বলে তিনি একাকী ক্রুদ্ধ পাণ্ডবগণকে বারণ করিতে লাগিলেন" ॥১১॥

সঞ্জয় বলিলেন—"দ্রৌপদীহরণের সময়ে ভীম সেই যে জয়দ্রথকে জয়

---

(৮)···বার্দ্ধক্ষেত্রিঃ—পি ব। (১১)···কিং দত্তং হুতমিষ্টং বা সুতপ্তমথবা তপঃ—পি ব।

ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যঃ প্রিয়েভ্যঃ সন্নিবর্ত্ত্য সঃ।
ক্ষুৎপিপাসাতপসহঃ কৃশো ধমনিসন্ততঃ ॥১৩॥
দেবমারাধয়ৎ সর্ব্বং গৃণন্ ব্রহ্ম সনাতনম্।
ভক্তানুকম্পী ভগবাংস্তস্য চক্রে ততো দয়াম্ ॥১৪॥ (যুগ্মকম্)
স্বপ্নান্তেঽপ্যথ চৈবাহ হরঃ সিন্ধুপতেঃ সুতম্।
বরং বৃণীষ্ব প্রীতোঽস্মি জয়দ্রথ! কিমিচ্ছসি ॥১৫॥
এবমুক্তস্তু সর্ব্বেণ সিন্ধুরাজো জয়দ্রথঃ।
উবাচ প্রণতো রুদ্রং প্রাঞ্জলির্নিয়তাত্মবান্ ॥১৬॥
পাণ্ডবেয়ানহং সংখ্যে ভীমবীর্য্যপরাক্রমান্।
বারয়েয়ং রথেনৈকঃ সমস্তানিতি ভারত! ॥১৭॥
এবমুক্তস্তু দেবেশো জয়দ্রথমথাব্রবীৎ।
দদানি তে বরং সৌম্য! বিনা পার্থং ধনঞ্জয়ম্ ॥১৮॥

ইন্দ্রিয়াণীতি। ইন্দ্রিয়ার্থেভ্যঃ শব্দাদিবিষয়েভ্যঃ। ধমনিভির্নাডীভিঃ সন্ততো ব্যাপ্তদেহঃ। সর্ব্বং শিবম্, গৃণন্ স্তবন্, ব্রহ্ম পরমাত্মস্বরূপম্, সনাতনং নিত্যম্। ভগবান্ শিবঃ ॥১৩—১৪॥

স্বপ্নেতি। স্বপ্নস্য অন্তে মধ্যে, হরঃ স শিবঃ। সুতং জয়দ্রথম্ ॥১৫॥

এবমিতি। সর্ব্বেণ শিবেন। নিয়তাত্মবান্ সংযতচিত্তঃ ॥১৬॥

পাণ্ডবেয়ানিতি। সংখ্যে যুদ্ধে। ইতি বরং প্রার্থয ইতি শেষঃ ॥১৭॥

করিযাছিলেন, সেই অভিমানে জযদ্রথ বরপ্রার্থী হইযা গুরুতর তপস্যা করিয়াছিলেন ॥১২॥

তিনি প্রিয শব্দপ্রভৃতি বিষয হইতে ইন্দ্রিয়গুলিকে নিবৃত্ত রাখিয়া ক্ষুধা, পিপাসা ও আতপ সহ্য করায় কৃশ ও নাড়ীব্যাপ্তদেহ হইয়া সর্ব্বদা সনাতন ব্রহ্মরূপে স্তব করিতে থাকিযা মহাদেবের আরাধনা করিযাছিলেন। তাহাতে ভক্তানুকম্পী ভগবান্ মহাদেব তাঁহার উপরে দয়া করিযাছিলেন ॥১৩—১৪॥

একদিন মহাদেব আসিযা স্বপ্নের মধ্যে জযদ্রথকে বলিয়াছিলেন—'জযদ্রথ! আমি সন্তুষ্ট হইয়াছি, বর গ্রহণ কর, তুমি কি ইচ্ছা কর—(বল)' ॥১৫॥

মহাদেব এইরূপ বলিলে, সিন্ধুরাজ জযদ্রথ অবনত, কৃতাঞ্জলি ও সংযতচিত্ত হইযা মহাদেবকে বলিলেন—॥১৬॥

(অর্থাৎ) ভরতনন্দন! তিনি এই বর প্রার্থনা করিলেন যে, 'আমি রথে আরোহণ করিযা একাকী যুদ্ধে ভয়ঙ্করশক্তি-বিক্রমশালী সমস্ত পাণ্ডবকে যেন বারণ করিতে পারি' ॥১৭॥

বারয়িষ্যসি সংগ্রামে চতুরঃ পাণ্ডুনন্দনান্ ।
এবমস্ত্বিতি দেবেশমুক্ত্বাবুধ্যত পার্থিবঃ ॥১৯॥ (যুগ্মকম্)
স তেন বরদানেন দিব্যেনাস্ত্রবলেন চ ।
একঃ সংবারয়ামাস পাণ্ডবানামনীকিনীম্ ॥২০॥
তস্য জ্যাতলঘোষেণ ক্ষত্রিয়ান্ ভয়মাবিশৎ ।
পরাংস্তু তব সৈন্যস্য হর্ষঃ পরমকোঽভবৎ ॥২১॥
দৃষ্ট্বা তু ক্ষত্রিয়া ভারং সৈন্ধবে সর্ব্বমাহিতম্ ।
উৎক্রুশ্যাভ্যদ্রবন্ রাজন্ ! যেন যৌধিষ্ঠিরং বলম্ ॥২২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে জয়দ্রথপরাক্রমে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——ঃ*ঃ——

এবমিতি। হে সৌম্য! ভব্যা সুন্দরস্বভাব!। চতুরঃ চতুঃসংখ্যকান্। অবুধ্যত নিদ্রাতো জাগরিতবান্, পার্থিবো জয়দ্রথঃ ॥১৮—১৯॥

স ইতি। স জয়দ্রথঃ। সংবারয়ামাস অভিমন্যুযুদ্ধকালে ॥২০॥

তস্যেতি। জ্যা ধনুর্গুণঃ তলং হস্তাবাপশ্চ তযোর্ঘোষেণ। পরান্ বিপক্ষান্ ॥২১॥

দৃষ্ট্বেতি। ক্ষত্রিয়াঃ কৌরবীয়াঃ, সৈন্ধবে জয়দ্রথে। উৎক্রুশ্য উচ্চৈরাহূয় ॥২২॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

——ঃ*ঃ——

জয়দ্রথ এইরূপ বলিলে, মহাদেব তাঁহাকে বলিলেন—'সৌম্য! আমি তোমাকে বর দিতেছি—তুমি যুদ্ধে পৃথানন্দন অর্জ্জুন ব্যতীত অপব চাবি জন পাণ্ডবকেই বারণ কবিতে পারিবে'। 'এইরূপই হউক' এই কথা মহাদেবকে বলিয়া জয়দ্রথ নিদ্রা হইতে জাগবিত হইলেন ॥১৮—১৯॥

জয়দ্রথ মহাদেবেব সেই বরেব প্রভাবে এবং অলৌকিক অস্ত্রের বলে একাকীই সে দিন পাণ্ডবসৈন্য বারণ করিতে পাবিয়াছিলেন ॥২০॥

মহারাজ! সুতরাং জয়দ্রথের ধনুষ্টঙ্কাবে ও তলশব্দে বিপক্ষ সৈন্যগণের ভয় উপস্থিত হইল এবং আপনাব সৈন্যগণেব অত্যন্ত আনন্দ জন্মিল ॥২১॥

রাজা! আপনার পক্ষেব ক্ষত্রিযেরা জয়দ্রথেব উপরে সমস্ত ভার অর্পিত হইযাছে দেখিয়া উচ্চস্বরে আহ্বান কবিয়া—যে দিকে যুধিষ্ঠিরেব সৈন্য ছিল, সেই দিকে ধাবিত হইলেন" ॥২২॥

——ঃ*ঃ——

* '...একচত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '...দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

যন্মাং পৃচ্ছসি রাজেন্দ্র! সিন্ধুরাজস্য বিক্রমম্।
শৃণু তৎ সর্ব্বমাখ্যাস্যে যথা পাণ্ডূনযোধয়ৎ ॥১॥
তমূহুঃ সারথের্ব্বশ্যাঃ সৈন্ধবাঃ সাধুবাহিনঃ।
বিকুর্ব্বাণা বৃহন্তোঽশ্বাঃ শ্বসনোপমরংহসঃ ॥২॥
গন্ধর্ব্বনগরাকারং বিধিবৎ কল্পিতং রথম্।
তস্যাভ্যশোভয়ৎ কেতুর্ব্বারাহো রাজতো মহান্ ॥৩॥
শ্বেতচ্ছত্রপতাকাভিশ্চামরব্যজনেন চ।
স বভৌ রাজলিঙ্গৈস্তৈস্তারাপতিরিবাম্বরে ॥৪॥
মুক্তাবজ্রমণিস্বর্ণৈর্ভূষিতং তদয়স্ময়ম্।
বরূথং বিবভৌ তস্য জ্যোতির্ভিঃ খমিবাবৃতম্ ॥৫॥

যদিতি। পৃচ্ছসি, "তস্য প্রব্রূহি মে বীর্য্যম্" ইত্যাদিনা পূর্ব্বোক্তেনেত্যাশয়ঃ ॥১॥

তমিতি। উহুঃ উঢবন্তঃ। সৈন্ধবাঃ সিন্ধুদেশীয়াঃ, সাধু সুষ্ঠু বহন্তীতি তে। বিকুর্ব্বাণা বিবিধাং গতিং কুর্ব্বন্তঃ। শ্বসনোপমরংহসো বায়ুতুল্যবেগাঃ ॥২॥

গন্ধর্ব্বেতি। কল্পিতং সজ্জিতম্। বারাহো বরাহচিহ্নিতঃ, রাজতো রৌপ্যময়ঃ ॥৩॥

শ্বেতেতি। রাজ্ঞাং লিঙ্গৈশ্চিহ্নৈঃ, তৈঃ শ্বেতচ্ছত্রাদিভিঃ, তারাপতিশ্চন্দ্রঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—"রাজশ্রেষ্ঠ! আপনি যে সিন্ধুবাজ জয়দ্রথেব বিক্রমের বিষয় আমার নিকট জিজ্ঞাসা কবিলেন এবং তিনি যেভাবে পাণ্ডবদেব সহিত যুদ্ধ কবিযাছিলেন, সে সমস্তই আমি বলিব, আপনি শ্রবণ করুন ॥১॥

সাবথির বশীভূত, সিন্ধুদেশীয, সুষ্ঠুভাবে বহনকারী ও বায়ুব তুল্য বেগবান্ বিশাল চাবিটা অশ্ব নানাবিধ গতি অবলম্বন করিযা সিন্ধুরাজকে বহন করিতে লাগিল ॥২॥

বরাহমূর্ত্তিচিহ্নিত, রজতময় ও বিশাল একটা ধ্বজ তাঁহার গন্ধর্ব্বনগরাকার ও যথাবিধানে সজ্জিত বথখানাব শোভা জন্মাইতে থাকিল ॥৩॥

চন্দ্র যেমন আকাশে শোভা পান, সেইরূপ জযদ্রথও সেই বথে রাজচিহ্নস্বরূপ শ্বেতচ্ছত্র, পতাকা ও চামবান্দোলনদ্বারা শোভা পাইতে লাগিলেন ॥৪॥

---

(২) তমূহুর্ব্বাজিনো বশ্যাঃ—বা নি।

স বিস্ফার্য্য মহচ্চাপং কিরন্নিষুগণান্ বহূন্।
তৎ খণ্ডং পূরয়ামাস যদার্জ্জুনিরদারয়ৎ ॥৬॥
স সাত্যকিং ত্রিভির্ব্বাণৈরষ্টভিশ্চ বৃকোদরম্।
ধৃষ্টদ্যুম্নং তথা ষষ্ট্যা বিরাটং দশভিঃ শরৈঃ ॥৭॥
দ্রুপদং পঞ্চভিস্তীক্ষ্ণৈঃ সপ্তভিশ্চ শিখণ্ডিনম্।
কেকয়ান্ পঞ্চবিংশত্যা দ্রৌপদেয়াংস্ত্রিভিস্ত্রিভিঃ ॥৮॥
যুধিষ্ঠিরন্তু সপ্তত্যা ততঃ শেষানপানুদৎ।
ইষুজালেন মহতা তদদ্ভুতমিবাভবৎ ॥৯॥ (বিশেষকম্)
অথাস্য শিতপীতেন ভল্লেনাদিশ্য কার্ম্মুকম্।
চিচ্ছেদ প্রহসন্ রাজা ধর্ম্মপুত্রঃ প্রতাপবান্ ॥১০॥
অক্ষ্ণোর্নিমেষমাত্রেণ সোঽন্যদাদায় কার্ম্মুকম্।
বিব্যাধ দশভিঃ পার্থঃ তাংশ্চৈবান্যাংস্ত্রিভিস্ত্রিভিঃ ॥১১॥

মুক্তেতি। বজ্রং হীরকম্। অযস্ময়ং লৌহময়ম্। বরূথমাবরণম্। জ্যোতির্ভির্নক্ষত্রৈঃ ॥৫॥
স ইতি। খণ্ডং চক্রব্যূহস্য শূন্যদেশম্। আর্জ্জুনিরভিমন্যুঃ, অদারয়ৎ বিদার্য্যাকরোৎ ॥৬॥
স ইতি। স জয়দ্রথঃ। দ্রৌপদেযান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্। অপানুদদতাডয়ৎ ॥৭—৯॥
অথেতি। শিতঃ শিলাযাং ঘর্ষণেন সুধারীকৃতঃ পীতঃ প্রাক্পীতরক্তশ্চ তেন ॥১০॥
অক্ষ্ণোরিতি। অক্ষ্ণোশ্চক্ষুষোঃ। দশভিঃ শরৈঃ, পার্থং যুধিষ্ঠিরম্ ॥১১॥

নক্ষত্রাবৃত আকাশ যেমন প্রকাশ পায, সেইরূপ মণি, মুক্তা, স্বর্ণ ও হীরকমণ্ডিত তাঁহার লৌহময় রথাবরণ প্রকাশ পাইতে থাকিল ॥৫॥

এই অবস্থায় জয়দ্রথ বিশাল ধনু বিস্ফারিত কবিয়া বহুতব বাণজাল নিক্ষেপ কবিতে থাকিয়া—পূর্ব্বে অভিমন্যু বিদাবণপূর্ব্বক চক্রব্যূহের যে স্থান শূন্য কবিয়াছিলেন, সেই স্থান পূবণ করিলেন ॥৬॥

ক্রমে জয়দ্রথ তিন বাণে সাত্যকিকে, আট বাণে ভীমকে, ষাট বাণে ধৃষ্টদ্যুম্নকে, দশ বাণে বিরাটকে, পাঁচ বাণে দ্রুপদকে, সাত বাণে শিখণ্ডীকে, পঁচিশ বাণে কেকয়দিগকে, তিন তিন বাণে দ্রৌপদীব পুত্রগণকে, সত্তর বাণে যুধিষ্ঠিবকে এবং তৎপবে বিশাল বাণজালে অবশিষ্ট সকলকে তাড়ন কবিলেন। তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৭—৯॥

তাহার পর প্রতাপশালী বাজা যুধিষ্ঠিব হাস্য করতঃ (এই তোমাব ধনু ছেদন করিলাম) এই কথা বলিয়া সুধাব ও বক্তপায়ী একটা ভল্লদ্বারা জয়দ্রথেব ধনু ছেদন কবিযা ফেলিলেন ॥১০॥

---

(৮)···দশভিশ্চ শিখণ্ডিনম্—পি। (১১)···পার্থাংস্তাংশ্চৈবান্যাংস্ত্রিভিস্ত্রিভিঃ—পি বা।

তস্য তল্লাঘবং জ্ঞাত্বা ভীমো ভল্লৈস্ত্রিভিঃ পুনঃ।
ধনুর্ধ্বজঞ্চ ছত্রঞ্চ ক্ষিতৌ ক্ষিপ্রমপাতয়ৎ ॥১২॥
সোঽন্যদাদায় বলবান্ সজ্যং কৃত্বা চ কার্ম্মুকম্।
ভীমস্যাপাতয়ৎ কেতুং ধনুরশ্বাংশ্চ মারিষ ! ॥১৩॥
স হতাশ্বাদবপ্লুত্য ছিন্নধন্বা রথোত্তমাৎ।
সাত্যকেরাপ্লুতো যানং গির্য্যগ্রমিব কেশরী ॥১৪॥
ততস্ত্বদীযাঃ সংহৃষ্টাঃ সাধু সাধ্বিতি বাদিনঃ।
সিন্ধুরাজস্য তৎ কর্ম্ম প্রেক্ষ্যাশ্রদ্ধেয়মদ্ভুতম্ ॥১৫॥
সংক্রুদ্ধান্ পাণ্ডবানেকো যদ্দধারাস্ত্রতেজসা।
তত্তস্য কর্ম্ম ভূতানি সর্বাণ্যেবাভ্যপূজয়ন্ ॥১৬॥

তস্যেতি। লাঘবং শরক্ষেপে শীঘ্রতাম্। অপাতযৎ ছিত্ত্বেতি শেষঃ ॥১২॥
স ইতি। স জযদ্রথঃ। সজ্যং সগুণম্ ॥১৩॥
স ইতি। স ভীমঃ। আপ্লুত উৎপ্লুত্যারূঢ়ঃ, যানং রথম্ ॥১৪॥
তত ইতি। ইতি বাদিন আসন্। অশ্রদ্ধেযং পূর্ব্বমদর্শনাদবিশ্বাস্যম্ ॥১৫॥

তখন জযদ্রথ চোখেব নিমেষমধ্যে অন্য একখানা ধনু লইয়া দশটা বাণে যুধিষ্ঠিবকে এবং তিন তিনটা বাণে তাঁহাদেব অন্য সকলকে বিদ্ধ করিলেন ॥১১॥

জয়দ্রথেব সেই লঘুহস্ততা দেখিযা ভীমসেন পুনবায তিনটা ভল্লদ্বারা জযদ্রথের ধনু, ধ্বজ ও ছত্র ছেদন কবিয়া সত্বব ভূতলে নিপাতিত করিলেন ॥১২॥

মাননীয বাজা ! তখন জযদ্রথ অন্য ধনু লইযা এবং তাহাতে গুণাবোপণ কবিযা ভীমের ধ্বজ, ধনু ও অশ্বগণকে নিপাত করিলেন ॥১৩॥

অশ্বগণ নিহত ও ধনু ছিন্ন হইলে, ভীমসেন নিজেব উত্তম রথ হইতে লাফাইযা পড়িযা—সিংহ যেমন পর্ব্বতাগ্রে লাফাইযা উঠে, সেইরূপ যাইযা সাত্যকিব রথে লাফাইযা উঠিলেন ॥১৪॥

মহাবাজ ! তাহার পর আপনার পক্ষেব যোদ্ধাবা জয়দ্রথেব সেই অবিশ্বাস্য ও অদ্ভুত কার্য্য দেখিযা অত্যন্ত আনন্দিত হইযা 'সাধু সাধু' এইরূপ বলিতে লাগিলেন ॥১৫॥

এবং জযদ্রথ অস্ত্রেব বলে যে হেতু একাকী ক্রুদ্ধ পাণ্ডবপক্ষকে বাবণ করিতে থাকিলেন, সেই হেতু তত্রত্য সমস্ত লোক তাঁহাব কার্য্যেব প্রশংসা করিতে লাগিল ॥১৬॥

---

(১২) ··ভীমো ভল্লৈস্ত্রিভিস্ত্রিভিঃ—বা নি।

সৌভদ্রেণ হতৈঃ পূর্ব্বং সোত্তরায়ুধিভির্দ্বিপৈঃ।
পাণ্ডূনাং দর্শিতঃ পন্থাঃ সৈন্ধবেন নিবারিতঃ ॥১৭॥
যতমানাস্তু তে বীরা মৎস্যপাঞ্চালকেকয়াঃ।
পাণ্ডবাশ্চান্বপদ্যন্ত প্রতিশেকুর্ন সৈন্ধবম্ ॥১৮॥
যো যো হি যততে ভেত্তুং দ্রোণানীকং তবাহিতঃ।
তং তমেব বরং প্রাপ্য সৈন্ধবঃ প্রত্যবারয়ৎ ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে জয়দ্রথপরাক্রমে ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

সমিতি। দধাব নিবারয়ামাস। ভূতানি তত্রত্যা জনাঃ, অভ্যপূজয়ন্ প্রাশংসন্ ॥১৬॥

সৌভদ্রেণেতি। উত্তরৈরারূঢৈঃ আয়ুধিভিঃ অস্ত্রধারিভিঃ সহেতি তৈঃ ॥১৭॥

যতেতি। যতমানাঃ পরাভবায়। অন্বপদ্যন্ত ব্যূহমুখং প্রাপ্নুবন্, প্রতিশেকুঃ পরাভবিতুম্ ॥১৮॥

য ইতি। অহিতঃ শত্রুঃ। প্রাপ্য শিবাৎ, সৈন্ধবো জয়দ্রথঃ ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

———০:::০———

অভিমন্যু পূর্ব্বে আরোহিগণের সহিত যে সকল হস্তী নিহত করিয়া গিয়াছিলেন, সেই সকল হস্তীই পাণ্ডবগণকে ব্যূহপ্রবেশের পথ দেখাইয়া দিতেছিল বটে; কিন্তু জয়দ্রথ সে পথ রুদ্ধ করিয়া রাখিলেন ॥১৭॥

ক্রমে মৎস্য, পাঞ্চাল ও কেকয়দেশীয় সেই বীরেরা এবং পাণ্ডবেরা ব্যূহমুখে উপস্থিত হইয়া যত্ন করিয়াও জয়দ্রথকে পরাজয় করিতে পারিলেন না ॥১৮॥

মহারাজ! তা'র পর আপনার যে যে শত্রু যাইয়া দ্রোণের সৈন্য ভেদ করিবার চেষ্টা করিতে লাগিল, জয়দ্রথ শিবের বরপ্রভাবে তাহাকে তাহাকেই বারণ করিতে লাগিলেন" ॥১৯॥

———:*:———

(১৭)···সান্তরায়ুধিভির্দ্বিপৈঃ—পি,···হতৈঃ পূর্ব্বমন্তরানিহিতৈর্দ্বিপৈঃ—বা,···সোত্তরারোধিভির্দ্বিপৈঃ···নি। (১৮)···প্রত্যেকং তে স্ম সৈন্ধবম্—পি বা, একৈকশ্যেন সৈন্ধবম্—ব। (১৯)···বরপ্রাপ্ত্যা—পি। * '··দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '···ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

চত্বারিংশোঽধ্যায়ঃ।

———(ঃ*ঃ)———

সঞ্জয় উবাচ।

সৈন্ধবেন নিরুদ্ধেষু জয়গৃদ্ধিষু পাণ্ডুষু।
সুঘোরমভবদ্‌যুদ্ধং ত্বদীয়ানাং পরৈঃ সহ ॥১॥
প্রবিশ্যাথার্জ্জুনিঃ সেনাং সত্যসন্ধো দুরাসদঃ।
ব্যক্ষোভয়ত তেজস্বী মকরঃ সাগরং যথা ॥২॥
তং তথা শরবর্ষেণ ক্ষোভয়ন্তমরিন্দমম্।
যথাপ্রধানাঃ সৌভদ্রমভ্যয়ুর্নরসত্তমাঃ ॥৩॥
তেষাং তস্য চ সম্মর্দ্দো দারুণঃ সমপদ্যত।
সৃজতাং শরবর্ষাণি প্রসক্তমমিতৌজসাম্ ॥৪॥
রথব্রজেন সংরুদ্ধস্তৈরমিত্রৈরথার্জ্জুনিঃ।
বৃষসেনস্য যন্তারং হত্বা চিচ্ছেদ কার্ম্মুকম্ ॥৫॥

সৈন্ধবেনেতি। সৈন্ধবেন জয়দ্রথেন, জয়গৃদ্ধিষু জয়াভিলাষিষু ॥১॥

প্রবিশ্যেতি। সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ, সারথিং প্রতি কৃতায়াঃ প্রতিজ্ঞায়াঃ সর্ব্বথা পালনাৎ ॥২॥

তমিতি। প্রধানাননতিক্রম্যেতি যথাপ্রধানাঃ। অভ্যাবাভাব আর্ষঃ ॥৩॥

তেষামিতি। সম্মর্দ্দো যুদ্ধসংঘর্ষঃ। প্রসক্তং পরস্পরসংলগ্নং যথা স্যাত্তথা ॥৪॥

সঞ্জয় বলিলেন—"জয়দ্রথ জয়াভিলাষী পাণ্ডবগণকে নিরুদ্ধ করিলে, বিপক্ষগণের সহিত আপনার পক্ষীয় যোদ্ধাদের অতিদারুণ যুদ্ধ হইতে লাগিল ॥১॥

ক্রমে সত্যপ্রতিজ্ঞ, দুর্দ্ধর্ষ ও তেজস্বী অভিমন্যু বিপক্ষসৈন্যমধ্যে প্রবেশ করিয়া—মকর যেমন সমুদ্র আলোড়ন করে, সেইরূপ সেই সৈন্য আলোড়ন করিতে লাগিলেন ॥২॥

শত্রুদমনকারী অভিমন্যু বাণবর্ষণদ্বারা সেইভাবে শত্রুসৈন্য আলোড়ন করিতে লাগিলে, কৌরবপক্ষের নরশ্রেষ্ঠগণ প্রধানক্রমে তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৩॥

তখন অমিততেজা সেই কৌরবযোদ্ধারা পরস্পর সংলগ্নভাবে বাণবর্ষণ করিতে থাকিলে, তাঁহাদের ও অভিমন্যুর দারুণ যুদ্ধ হইতে লাগিল ॥৪॥

---

(৩) ··ছাদয়ন্তমরিন্দমম্—নি, ··অন্বয়ুর্নরসত্তমাঃ—পি। (৫) রথব্রাতেন—পি।

তস্য বিব্যাধ বলবান্ শরৈরশ্বানজিহ্মগৈঃ।
বাতায়মানৈরথ তৈরশ্বৈরপহৃতো রণাৎ ॥৬॥
তেনান্তরেণাভিমন্যোর্যন্তাপাসারয়দ্রথম্।
রথব্রজাস্ততো হৃষ্টাঃ সাধু সাধ্বিতি চুক্রুশুঃ ॥৭॥
তং সিংহমিব সংক্রুদ্ধং প্রমথ্নন্তং শরৈররীন।
আবাদায়ান্তমভ্যেত্য বসাতীয়োঽভ্যয়াদ্দ্রুতম্ ॥৮॥
সোঽভিমন্যুং শরৈঃ ষষ্ট্যা রুক্মপুঙ্খৈরবাকিরৎ।
অব্রবীচ্চ ন মে জীবন্ জীবতো যুধি মোক্ষ্যসে ॥৯॥
তময়স্ময়বর্ম্মাণমিষুণা দূরপাতিনা।
বিব্যাধ হৃদি সৌভদ্রঃ স পপাত ব্যসুঃ ক্ষিতৌ ॥১০॥

রথেতি। রথানাং ব্রজেন সমূহেন। অমিত্রৈঃ শত্রুভিঃ। যন্তারং সারথিম্ ॥৫॥
তস্যেতি। বলবানভিমন্যুঃ। অজিহ্মগৈঃ সরলগামিভিঃ। বাতায়মানৈর্ব্বায়ুবদ্রুতৈঃ ॥৬॥
তেনেতি। অন্তরেণ অবকাশেন, যন্তা সারথিঃ। চুক্রুশুরুচ্চৈরূচুঃ ॥৭॥
তমিতি। আরাৎ দূরাৎ. "আরাদ্দূরসমীপযোঃ" ইত্যমরঃ। বসাতীয়স্তত্রত্যো রাজা ॥৮॥
স ইতি। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ। জীবতো মে ইতি সম্বন্ধঃ ॥৯॥
তমিতি। অয়স্ময়ং লৌহময়ং বর্ম যস্য তম্। ব্যসুর্বিগতপ্রাণঃ ॥১০॥

তদনন্তর সেই বিপক্ষেরা রথসমূহদ্বারা অভিমন্যুকে অবরুদ্ধ করিলে, অভিমন্যু বৃষসেনের সারথিকে বধ করিয়া তাঁহার ধনু ছেদন করিলেন ॥৫॥

এবং বলবান্ অভিমন্যু সরলগামী বাণসমূহদ্বারা বৃষসেনের অশ্বগণকেও বিদ্ধ করিলেন। তা'র পর বায়ুর ন্যায় দ্রুতগামী সেই অশ্বগণ বৃষসেনকে রণস্থল হইতে লইয়া গেল ॥৬॥

তখন অভিমন্যুর সারথি সেই অবকাশে (ফাঁক্ দিয়া) অভিমন্যুর রথখানাকে সরাইয়া লইয়া গেল। তৎপরে রথীরা আনন্দিত হইয়া 'সাধু সাধু' বলিয়া কোলাহল করিয়া উঠিলেন ॥৭॥

সিংহের ন্যায় ক্রুদ্ধ অভিমন্যু উপস্থিত হইয়া বাণদ্বারা শত্রুগণকে প্রহার করিতে করিতে দূর হইতে আসিতে লাগিলে, বসাতিদেশের রাজা তাঁহার দিকে দ্রুত গমন করিলেন ॥৮॥

তিনি স্বর্ণপুঙ্খ ষাটটা বাণদ্বারা অভিমন্যুকে পীড়ন করিলেন এবং বলিলেন—"আমার জীবিত অবস্থায় তুমি জীবিত থাকিয়া মুক্তি পাইবে না' ॥৯॥

---

(৬) তঞ্চ বিব্যাধ বলবাংস্তস্য চাশ্বানজিহ্মগৈঃ। বাতায়মানৈস্তৈরশ্বৈর্বিসংজ্ঞোঽপহৃতো রণাৎ—নি।

বসাতীয়ং হতং দৃষ্ট্বা ক্রুদ্ধাঃ ক্ষত্রিয় পুঙ্গবাঃ।
পরিবব্রুস্তদা রাজংস্তব পৌত্রং জিঘাংসবঃ ॥১১॥
বিস্ফারয়ন্তশ্চাপানি নানারূপাণ্যনেকশঃ।
তদ্যুদ্ধমভবদ্রৌদ্রং সৌভদ্রস্যারিভিঃ সহ ॥১২॥ (যুগ্মকম্)
তেষাং শরান্ সেম্বসনান্ শরীরাণি শিরাংসি চ।
সকুণ্ডলানি স্রগ্বীণি ক্রুদ্ধশ্চিচ্ছেদ ফাল্গুনিঃ ॥১৩॥
সখড়্গাঃ সাঙ্গুলিত্রাণাঃ সপট্টিশপরশ্বধাঃ।
অদৃশ্যন্ত ভুজাশ্ছিন্না হেমাভরণভূষিতাঃ ॥১৪॥
স্রগ্ভিরাভরণৈর্ব্বস্ত্রৈঃ পতিতৈর্বিবিধৈর্ধ্বজৈঃ।
বর্ম্মভিশ্চর্ম্মভির্হারৈর্মুকুটৈশ্ছত্রচামরৈঃ ॥১৫॥
উপস্করৈরধিষ্ঠানৈরীশাদণ্ডকবন্ধুরৈঃ।
অক্ষৈর্বিমথিতৈশ্চক্রৈর্ভগ্নৈশ্চ বহুধা যুগৈঃ ॥১৬॥
অনুকর্ষৈঃ পতাকাভিস্তথা সারথিবাজিভিঃ।
রথৈশ্চ ভগ্নৈর্নাগৈশ্চ হতৈঃ কীর্ণাভবন্মহী ॥১৭॥ (বিশেষকম্)

বসেতি। পৌত্রমভিমন্যুম্। অনেকশো বহুভিররিভিঃ সহ ॥১১—১২॥
তেষামিতি। সেম্বসনান্ সকার্ম্মুকান্। স্রগ্বীণি মালাযুক্তানি। ফাল্গুনিরভিমন্যুঃ ॥১৩॥
সেতি। অঙ্গুলিত্রাণৈরঙ্গুলিরক্ষকচর্ম্মাবরণৈঃ সহেতি তে ॥১৪॥
স্রগ্ভিরিতি। স্রগ্ভির্মালাভিঃ। উপস্করাদয়ো রথাবয়ববিশেষা বহুশঃ প্রাগ্ব্যাখ্যাতাঃ। নাগৈর্হস্তিভিঃ, কীর্ণা ব্যাপ্তা, মহী সমরভূমিঃ ॥১৫—১৭॥

তখন অভিমন্যু একটা দূরগামী বাণদ্বারা বসাতিরাজের লৌহবর্ম্মাবৃত হৃদয় বিদ্ধ করিলেন; পরেই তিনি প্রাণশূন্য হইয়া ভূতলে পতিত হইলেন ॥১০॥

রাজা। বসাতিরাজকে নিহত দেখিয়া কৌরবপক্ষীয় ক্ষত্রিয়শ্রেষ্ঠেরা ক্রুদ্ধ হইয়া অভিমন্যুকে বধ করিবার ইচ্ছা করিয়া নানাপ্রকার ধনু বিস্ফারণপূর্ব্বক তাঁহাকে পরিবেষ্টন করিলেন। তখন শত্রুগণের সহিত অভিমন্যুর ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল ॥১১—১২॥

ক্রমে অভিমন্যু ক্রুদ্ধ হইয়া সেই বীরগণের ধনু, বাণ, শরীর এবং কুণ্ডল ও মালাযুক্ত মস্তক সকল ছেদন করিতে লাগিলেন ॥১৩॥

তখন তরবারি, অঙ্গুলিত্র, পট্টিশ ও পরশুযুক্ত এবং স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত ছিন্ন বাহু সকল দেখা যাইতে লাগিল ॥১৪॥

পতিত মালা, অলঙ্কার, বস্ত্র, নানাবিধ ধ্বজ, কবচ, চর্ম্ম, হার, মুকুট, ছত্র,

(১১) বাসাত্যং নিহতং দৃষ্ট্বা—পি ব।

নিহতৈঃ ক্ষত্রিয়ৈঃ শূরৈর্নানাজনপদেশ্বরৈঃ।
জয়গৃদ্ধৈর্বৃতা ভূমির্দারুণা সমপদ্যত ॥১৮॥
দিশো বিচরতস্তস্য সর্ব্বাশ্চ প্রদিশস্তথা।
রণেঽভিমন্যোঃ ক্রুদ্ধস্য রূপমন্তরধীয়ত ॥১৯॥
কাঞ্চনং যদ্‌যদস্যাসীদ্বর্ম্ম চাভরণানি চ।
ধনুষশ্চ শরাণাঞ্চ তদপশ্যাম কেবলম্ ॥২০॥
তং তদা নাশকৎ কশ্চিচ্চক্ষুর্ভ্যামভিবীক্ষিতুম্।
আদদানং শরৈর্যোধান্ মধ্যে সূর্য্যমিব স্থিতম্ ॥২১॥
আদদানস্তু শূরাণামায়ুংষ্যভবদার্জ্জুনিঃ।
অন্তকঃ সর্ব্বভূতানাং প্রাণান্ কাল ইবাগতে ॥২২॥

নিহতৈরিতি। জয়গৃদ্ধৈর্জয়াভিলাষিভিঃ। সমপদ্যত অভবৎ ॥১৮॥
দিশ ইতি। রূপমাকৃতিঃ, অন্তরধীয়ত অস্ত্রাদিভিরদৃশ্যমভবৎ ॥১৯॥
কাঞ্চনমিতি। কাঞ্চনং স্বর্ণময়ম্। ধনুষঃ শরাণাঞ্চাদস্, অপশ্যাম উজ্জ্বলত্বাৎ ॥২০॥
তমিতি। তমভিমন্যুম্। যোধান্ যোধানাং প্রাণান্, মধ্যে ব্যূহস্য গগনস্য চ ॥২১॥
সাদৃশ্যং দর্শয়ন্নাহ আদদান ইতি। আয়ুংষি জীবনকালান্, আর্জ্জুনিরভিমন্যুঃ ॥২২॥

চামর, রথের উপকরণ, আসন, ঊর্দ্ধস্তম্ভ, তির্য্যগ্‌দণ্ড ও নানাপ্রকার কাষ্ঠ, মর্দ্দিত অক্ষ ও চক্র, বহুপ্রকারে ভগ্ন যুগকাষ্ঠ ও নিম্ন কাষ্ঠ এবং ছিন্ন পতাকা, সারথি ও অশ্ব, আর ভগ্ন রথ ও নিহত হস্তীদ্বারা সমরভূমি আবৃত হইয়া পড়িল ॥১৫—১৭॥

বীর, নানাদেশের অধীশ্বর ও জয়াভিলাষী নিহত ক্ষত্রিয়গণে আবৃত হইয়া সমরভূমি দারুণ মূর্ত্তি ধারণ করিল ॥১৮॥

ক্রুদ্ধ অভিমন্যু যখন সমরাঙ্গনের সমস্ত দিক্ ও বিদিকে বিচরণ করিতে লাগিলেন, তখন মধ্যে মধ্যে তাঁহার মূর্ত্তি অদৃশ্য হইতে লাগিল ॥১৯॥

অভিমন্যুর বর্ম্ম, অলঙ্কার, ধনু ও বাণের যে যে অবয়ব স্বর্ণময় ছিল, কেবল তাহাই আমরা দেখিতে লাগিলাম ॥২০॥

অভিমন্যু যখন বাণদ্বারা যোদ্ধাদের প্রাণ লইতেছিলেন এবং ব্যূহমধ্যে সূর্য্যের ন্যায় অবস্থান করিতেছিলেন, তখন কোন ব্যক্তিই নয়নদ্বারা তাঁহাকে দর্শন করিতে সমর্থ হয় নাই ॥২১॥

মৃত্যুকাল উপস্থিত হইলে যম যেমন সকল প্রাণীর প্রাণ গ্রহণ করেন, সেই রূপ অভিমন্যু বীরগণের প্রাণ গ্রহণ করিতে লাগিলেন ॥২২॥

---

(২১) ইতঃ পরং '...ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ।' ব, '... চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ।' বা রা নি।

স শক্র ইব বিক্রান্তঃ শক্রসূনোঃ সুতো বলী।
অভিমন্যুস্তদানীকং লোড়য়ন্ সমদৃশ্যত ॥২৩॥
প্রবিশ্যৈব তু রাজেন্দ্র। ক্ষত্রিয়েষন্তকোপমঃ।
সত্যশ্রবসমাদত্ত ব্যাঘ্রো মৃগমিবোল্বণঃ ॥২৪॥
সত্যশ্রবসি চাক্ষিপ্তে ত্বরমাণা মহারথাঃ।
প্রগৃহ্য বিবিধং শস্ত্রমভিমন্যুমুপাদ্রবন্ ॥২৫॥
অহং পূর্ব্বমহং পূর্ব্বমিতি ক্ষত্রিযপুঙ্গবাঃ।
স্পর্দ্ধমানাঃ সমাজগ্মুর্জিঘাংসন্তোঽর্জ্জুনাত্মজম্ ॥২৬॥
ক্ষত্রিয়াণামনীকানি প্রদ্রুতান্যভিধাবতাম্।
জগ্রাহ তিমিরাসাদ্য ক্ষুদ্রমৎস্যানিবার্ণবে ॥২৭॥
যে কেচন গতাস্তস্য সমীপমপলায়িনঃ।
ন তে প্রতিন্যবর্ত্তন্ত সমুদ্রাদিব সিন্ধবঃ ॥২৮॥

স ইতি। শক্রসূনোরিন্দ্রপুত্রস্য অর্জ্জুনস্য। অনীকং কৌরবসৈন্যম্ ॥২৩॥
প্রবিশ্যেতি। সত্যশ্রবসং তদাখ্যং কৌরববীরম্, উল্বণ উন্মত্তঃ ॥২৪॥
সত্যেতি। আক্ষিপ্তে নিহতে। উপাদ্রবন্ অভ্যধাবন্ ॥২৫॥
অহমিতি। পূর্ব্বং যোৎস্যে ইতি শেষঃ। জিঘাংসন্তো হন্তুমিচ্ছন্তঃ ॥২৬॥
ক্ষত্রিয়াণামিতি। প্রদ্রুতানি দ্রুতমাগতানি। তিমির্বৃহজ্জলজন্তুবিশেষঃ ॥২৭॥
য ইতি। ন প্রতিন্যবর্ত্তন্ত লয়মপ্রাপ্যেতি ভাবঃ। সিন্ধবো নদ্যঃ ॥২৮॥

ইন্দ্রের ন্যায় বিক্রমশালী ও বলবান্ অর্জ্জুননন্দন অভিমন্যুকে তখন কৌরবসৈন্য আলোড়ন করিতে দেখা গেল। ॥২৩॥

রাজশ্রেষ্ঠ! অভিমন্যু যমের ন্যায় ক্ষত্রিযগণের মধ্যে প্রবেশ করিয়াই— উন্মত্ত ব্যাঘ্র যেমন হরিণকে গ্রহণ করে, সেইরূপ সত্যশ্রবাকে গ্রহণ করিলেন ॥২৪॥

সত্যশ্রবা নিহত হইলে, মহারথেরা নানাবিধ অস্ত্র গ্রহণ করিয়া সত্বর অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥২৫॥

'আমি আগে' 'আমি আগে' এইরূপ স্পর্দ্ধা করিতে থাকিয়া ক্ষত্রিয়শ্রেষ্ঠেরা অভিমন্যুকে বধ করিবার ইচ্ছা করিয়া উপস্থিত হইলেন ॥২৬॥

তখন সমুদ্রে তিমি যেমন ক্ষুদ্র মৎস্যগণকে গ্রহণ করে, সেইরূপ অভিমন্যু সম্মুখাগত ক্ষত্রিয়সৈন্যদিগকে গ্রহণ করিলেন ॥২৭॥

---

(২৪) ··ক্ষত্রিয়েন্দ্রান্তকোপমঃ—বা নি,·· মৃগমিবোল্বণম্—পি। (২৫)···প্রগৃহ্য বিপুলং শস্ত্রম্—বা নি।

মহাগ্রাহগৃহীতেব বাতবেগভয়ার্দ্দিতা।
সমকম্পত সা সেনা বিভ্রান্তা নৌরিবার্ণবে ॥২৯॥
অথ রুক্মরথো নাম মদ্রেশ্বরসুতো বলী।
ত্রস্তামাশ্বাসয়ন্ সেনামত্রস্তো বাক্যমব্রবীৎ ॥৩০॥
অলং ত্রাসেন বঃ শূরা নৈষ কশ্চিন্ময়ি স্থিতে।
অহমেনং গ্রহীষ্যামি জীবগ্রাহং ন সংশয়ঃ ॥৩১॥
এবমুক্ত্বা তু সৌভদ্রমভিদুদ্রাব বীর্য্যবান্।
সুকল্পিতেনোহ্যমানঃ স্যন্দনেন বিরাজতা ॥৩২॥
সোঽভিমন্যুং ত্রিভির্বাণৈর্বিদ্ধ্বা বক্ষস্যথানদৎ।
ত্রিভিশ্চ দক্ষিণে বাহৌ সব্যে চ নিশিতৈস্ত্রিভিঃ ॥৩৩॥

মহেতি। মহাগ্রাহেণ বিশালজলজন্তুনা গৃহীতা। বিভ্রান্তা ঘূর্ণিতা ॥২৯॥
অথেতি। মদ্রেশ্বরসুতঃ শল্যপুত্রঃ। অত্রস্তো নির্ভয়ঃ ॥৩০॥
অলমিতি। এষঃ অভিমন্যুঃ। জীবং গৃহীত্বেতি জীবগ্রাহম্, "জীবে গ্রহে" ইতি ণম্ ॥৩১॥
এবমিতি। বীর্য্যবান্ রুক্মরথঃ। সুকল্পিতেন সুসজ্জিতেন, স্যন্দনেন রথেন ॥৩২॥
স ইতি। অনদৎ সিংহনাদমকরোৎ। সব্যে বামে ॥৩৩॥

তৎকালে' পলাইবা না যাইয়া যে কোন যোদ্ধাই অভিমন্যুর নিকটে যাইতে লাগিল, সেই সেই যোদ্ধাই—নদী যেমন সমুদ্রেব নিকট হইতে ফিবিয়া যায় না, সেইরূপ অভিমন্যুর নিকট হইতে ফিরিয়া যাইতে পারিল না ॥২৮॥

সুতরাং তখন সমুদ্রে বিশালজলজন্তুসমাক্রান্ত ও বায়ুবেগতাড়িত নৌকার ন্যায় সেই কৌরবসেনা কাঁপিতে লাগিল ॥২৯॥

তাহাব পর শল্য বাজার পুত্র বলবান্ রুক্মবথ নির্ভযচিত্তে ভীত কৌরব-সৈন্যকে আশ্বস্ত কবতঃ বলিলেন—॥৩০॥

'বীরগণ! আপনাবা ভয় করিবেন না; আমি থাকিতে এ (অভিমন্যু) কে? আমি উহার জীবন লইব; এ বিষযে কোন সন্দেহ নাই' ॥৩১॥

এই কথা বলিযা বলবান্ রুক্মবথ সুসজ্জিত ও সুশোভিত রথে আবোহণ কবিযা অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥৩২॥

এবং তিনি সুধাব তিনটা বাণদ্বারা অভিমন্যুব বক্ষস্থল বিদ্ধ কবিযা সিংহনাদ কবিবা উঠিলেন; পরে আবাব তিনটা বাণ দ্বাবা তাঁহার দক্ষিণ বাহু ও তিনটা বাণ দ্বারা বাম বাহু বিদ্ধ করিলেন ॥৩৩॥

---

(২৯) মহাগ্রহ—নি,···বিভ্রষ্টা—বা নি।

স তস্যেষ্বসনং ছিত্ত্বা ফাল্গুনিঃ সব্যদক্ষিণৌ।
ভুজৌ শিরশ্চ স্বক্ষিভ্রু ক্ষিতৌ ক্ষিপ্রমপাতয়ৎ ॥৩৪॥
দৃষ্ট্বা রুক্মরথং রুগ্‌ণং পুত্রং শল্যস্য মানিনম্।
জীবগ্রাহং জিঘৃক্ষন্তং সৌভদ্রেণ যশস্বিনা ॥৩৫॥
সংগ্রামদুর্ম্মদা রাজন্! রাজপুত্রাঃ প্রহারিণঃ।
বয়স্যাঃ শল্যপুত্রস্য সুবর্ণবিকৃতধ্বজাঃ ॥৩৬॥
তালমাত্রাণি চাপানি বিকর্ষন্তো মহাবলাঃ।
আর্জ্জুনিং শরবর্ষেণ সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥৩৭॥ (বিশেষকম্)
শূরৈঃ শিক্ষাবলোপেতৈস্তরুণৈরত্যমর্ষণৈঃ।
দৃষ্ট্বৈকং সমরে শূরং সৌভদ্রমপরাজিতম্ ॥৩৮॥
ছাদ্যমানং শরব্রাতৈর্হৃষ্টো দুর্য্যোধনোঽভবৎ।
বৈবস্বতস্য ভবনং গতং হ্যেনমমন্যত ॥৩৯॥ (যুগ্মকম্)
সুবর্ণপুঙ্খৈরিষুভির্নানালিঙ্গৈঃ সুতেজনৈঃ।
অদৃশ্যমার্জ্জুনিং চক্রুর্নিমেষাত্তে নৃপাত্মজাঃ ॥৪০॥

স ইতি। ইষ্বসনং ধনুঃ। শোভনা অক্ষিভ্রুবো যস্মিন্ তৎ ॥৩৪॥

দৃষ্ট্বেতি। রুগ্‌ণং নিহতম্। জিঘৃক্ষন্তং গ্রহীতুমিচ্ছন্তম্। সুবর্ণবিকৃতধ্বজাঃ স্বর্ণশোভিতকেতবঃ। তালমাত্রাণি হস্তচতুষ্টয়প্রমাণানি। পর্য্যবারয়ন্ আবৃতবন্তঃ ॥৩৫—৩৭॥

শূরৈরিতি। অত্যমর্ষণৈরতীবক্রুদ্ধৈঃ। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ। বৈবস্বতস্য যমস্য ॥৩৮—৩৯॥

তখন অভিমন্যু সত্বর রুক্মরথের ধনু, বাম ও দক্ষিণ বাহু এবং সুন্দর নয়ন ও ভ্রূযুক্ত মস্তক ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥৩৪॥

রাজা! অভিমানী শল্যপুত্র রুক্মরথ অভিমন্যুর জীবন লইবার ইচ্ছা করিয়াছিলেন, অথচ যশস্বী অভিমন্যুই তাঁহাকে বধ করিলেন দেখিয়া মহাবল, যুদ্ধদুর্দ্ধর্ষ, প্রহারনিপুণ ও স্বর্ণশোভিতধ্বজ শল্যপুত্রের বয়স্য রাজপুত্রেরা হস্তচতুষ্টয়প্রমাণ ধনুগুলি আকর্ষণ করিয়া সকল দিক্ হইতে বাণবর্ষণদ্বারা অভিমন্যুকে আবৃত করিয়া ফেলিলেন ॥৩৫—৩৭॥

তখন শিক্ষা ও শক্তিশালী, তরুণ এবং অত্যন্তক্রুদ্ধ বহুতর বীর বাণসমূহদ্বারা যুদ্ধে অপরাজিত একমাত্র বীর অভিমন্যুকে আবৃত করিতেছেন দেখিয়া দুর্য্যোধন আনন্দিত হইলেন এবং অভিমন্যু যমালয়ে গিয়াছেন বলিয়া মনে করিলেন ॥৩৮—৩৯॥

---

(৩৪)· সাক্ষিভ্রু—পি।

সসূতাশ্বধ্বজং তস্য স্যন্দনং তঞ্চ মারিষ ! ।
আচিতং সমপশ্যাম শ্বাবিধং শললৈরিব ॥৪১॥
স গাঢ়বিদ্ধঃ ক্রুদ্ধশ্চ তোত্ত্রৈর্গজ ইবার্দ্দিতঃ ।
গান্ধর্বমস্ত্রমায়চ্ছদ্রথমায়াঞ্চ ভারত ! ॥৪২॥
অর্জ্জুনেন তপস্তপ্ত্বা গন্ধর্ব্বেভ্যো যদাহৃতম্ ।
তুম্বুরুপ্রমুখেভ্যো বৈ তেনামোহয়তাহিতান্ ॥৪৩॥
একঃ স শতধা রাজন্ ! দৃশ্যতে স্ম সহস্রধা ।
অলাতচক্রবৎ সংখ্যে ক্ষিপ্রমস্ত্রাণি দর্শয়ন্ ॥৪৪॥
রথচর্য্যাস্ত্রমায়াভির্মোহয়িত্বা পরন্তপঃ ।
বিভেদ শতধা রাজন্ ! শরীরাণি মহীক্ষিতাম্ ॥৪৫॥

স্ববর্ণেতি। ইষুভির্ব্বাণৈঃ, নানালিঙ্গৈঃ বহুবিধচিহ্নযুক্তৈঃ ॥৪০॥

সেতি। স্যন্দনং রথম্। আচিতং ব্যাপ্তম্ শ্বাবিধং জন্তুবিশেষম্, শললৈঃ কণ্টকৈঃ। "শ্বাবিত্তু শল্যস্তল্লোম্নি শললী শললং শলম্" ইত্যমরঃ ॥৪১॥

স ইতি। তোত্ত্রৈরঙ্কুশৈঃ। আয়চ্ছৎ বিস্তারেণ প্রযুক্তবান্ ॥৪২॥

নন্বভিমন্যুর্গান্ধর্ব্বমস্ত্রং রথমায়াঞ্চ কুতো লব্ধবানিত্যাহার্জ্জুনেতি। অহিতান্ শত্রূন্ ॥৪৩॥

এক ইতি। দৃশ্যতে স্ম রথমায়য়া। অলাতচক্রবৎ ঘূর্ণিতাগ্নিসংযুক্তকাষ্ঠবৎ ॥৪৪॥

সেই রাজপুত্রেরা স্বর্ণপুঙ্খ, নানাচিহ্নযুক্ত ও সুধার বাণসমূহদ্বারা নিমেষমধ্যে অভিমন্যুকে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥৪০॥

মাননীয় রাজা ! তখন শেজারুকে যেমন তাহার কণ্টকে ব্যাপ্ত দেখা যায়, তেমনি সারথি, অশ্ব ও ধ্বজের সহিত অভিমন্যুকে এবং তাঁহার রথখানাকে আমরা বাণে ব্যাপ্ত দেখিতে লাগিলাম ॥৪১॥

ভরতনন্দন ! তখন অঙ্কুশতাড়িত হস্তীর ন্যায় গাঢ়বিদ্ধ অভিমন্যু ক্রুদ্ধ হইয়া গান্ধর্ব্বাস্ত্র এবং রথচর্য্যাকৌশল আবিষ্কার করিলেন ॥৪২॥

অর্জ্জুন তপস্যা করিয়া তুম্বুরুপ্রভৃতি গন্ধর্ব্বগণের নিকট হইতে যে অস্ত্র ও রথচর্য্যাকৌশল লাভ করিয়াছিলেন, তাহাদ্বারাই অভিমন্যু শত্রুগণকে মোহিত করিলেন ॥৪৩॥

রাজা ! অভিমন্যু তখন দ্রুত অস্ত্র আবিষ্কার করিতে থাকিয়া এক হইয়াও ঘূর্ণিত অগ্নিসংযুক্ত কাষ্ঠের ন্যায় সমরাঙ্গনে শত শত ও সহস্র সহস্র মূর্ত্তিতে দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥৪৪॥

---

(৪১)···স্যন্দনং রত মারিষ ।—পি। (৪৪) একধা শতধা রাজন্ ।—বা নি।

প্রাণাঃ প্রাণভৃতাং সংখ্যে প্রেষিতা নিশিতৈঃ শরৈঃ।
রাজন্! প্রাপুরমুং লোকং শরীরাণ্যবনিং যযুঃ ॥৪৬॥
ধনূংষ্যশ্বান্ নিয়ন্তৄংশ্চ ধ্বজান্ বাহূংশ্চ সাঙ্গদান্।
শিরাংসি চ শিতৈর্ব্বাণৈস্তেষাং চিচ্ছেদ ফাল্গুনিঃ ॥৪৭॥
চূতারামো যথা ভগ্নঃ পঞ্চবর্ষঃ ফলোপগঃ।
রাজপুত্রশতং তদ্বৎ সৌভদ্রেণ নিপাতিতম্ ॥৪৮॥
ক্রুদ্ধাশীবিষসঙ্কাশান্ সুকুমারান্ সুখোচিতান্।
একেন নিহতান্ দৃষ্ট্বা ভীতো দুর্য্যোধনোঽভবৎ ॥৪৯॥
রথিনঃ কুঞ্জরানশ্বান্ পদাতীংশ্চাবমর্দ্দিতান্।
দৃষ্ট্বা দুর্য্যোধনঃ ক্ষিপ্রমুপায়াত্তমমর্ষিতঃ ॥৫০॥

রথেতি। পরন্তপোঽভিমন্যুঃ। মহীক্ষিতাং রাজ্ঞাম্ ॥৪৫॥
প্রাণা ইতি। অমুং পরং লোকম্। অবনিং ভূতলম্ ॥৪৬॥
ধনূংষীতি। নিয়ন্তৄন্ চালকান্ সারথীন্। সাঙ্গদান্ সকেয়ূরান্ ॥৪৭॥
চূতেতি। চূতানামাম্রবৃক্ষাণামারাম উদ্যানম্। ফলোপগঃ ফলজননোন্মুখঃ ॥৪৮॥
ক্রুদ্ধেতি। ক্রুদ্ধাশীবিষসঙ্কাশান্ ক্রুদ্ধতীক্ষ্ণবিষসর্পতুল্যান্, সুকুমারান্ কোমলান্ ॥৪৯॥
রথিন ইতি। উপায়াৎ যোদ্ধুমুপাগচ্ছৎ, তমভিমন্যুম্, অমর্ষিতঃ ক্রুদ্ধঃ ॥৫০॥

রাজা! ক্রমে শত্রুসন্তাপকারী অভিমন্যু রথচর্য্যা এবং অস্ত্রপ্রয়োগনৈপুণ্যে রাজাদের দেহ সকল শত শতভাবে বিদীর্ণ করিতে থাকিলেন ॥৪৫॥

রাজা! অভিমন্যু সুধার বাণসমূহদ্বারা যুদ্ধে প্রাণিগণের প্রাণ প্রেরণ করিতে লাগিলে, সেগুলি পরলোকে যাইতে লাগিল এবং শরীরগুলি ভূতলে পড়িতে থাকিল ॥৪৬॥

অভিমন্যু তখন নিশিত শরসমূহদ্বারা শত্রুগণের ধনু, অশ্ব, সারথি, ধ্বজ, কেয়ূরযুক্ত বাহু ও মস্তক ছেদন করিতে লাগিলেন ॥৪৭॥

বায়ু যেমন পঞ্চবর্ষবয়স্ক এবং ফলজননোন্মুখ আম্রবনকে ভগ্ন করিয়া নিপাতিত করে, সেইরূপ অভিমন্যু বহু রাজপুত্রকে নিহত করিয়া নিপাতিত করিলেন ॥৪৮॥

ক্রুদ্ধ-তীক্ষ্ণবিষ-সর্প-তুল্য, কোমল ও সুখভোগযোগ্য রাজপুত্রগণকে এক অভিমন্যু নিহত করিয়াছেন দেখিয়া দুর্য্যোধন ভীত হইলেন ॥৪৯॥

এবং অভিমন্যু হস্তী, অশ্ব, রথী ও পদাতিদিগকে বিমর্দ্দিত করিয়াছেন দেখিয়া দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া সত্বর তাঁহার দিকে গমন করিলেন ॥৫০॥

তযোঃ ক্ষণমিবাপূর্ব্বঃ সংগ্রামঃ সমপদ্যত।
অথাভবত্তে বিমুখঃ পুত্রঃ শরশতার্দ্দিতঃ ॥৫১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে দুর্য্যোধনপরাজয়ে চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

একচত্বারিংশোঽধ্যায়ঃ।

———(:*:)———

ধৃতরাষ্ট্র উবাচ।
যথা বদসি মে সূত। একস্য বহুভিঃ সহ।
সংগ্রামং তুমুলং ঘোরং জয়ঞ্চৈব মহাত্মনঃ ॥১॥
অশ্রদ্ধেয়মিবাশ্চর্য্যং সৌভদ্রস্যাথ বিক্রমম্।
কিন্তু নাত্যদ্ভুতং মন্যে যেবাং ধর্ম্মো ব্যপাশ্রয়ঃ ॥২॥ (যুগ্মকম্)

তয়োরিতি। অপূর্ব্বঃ অদ্ভুতঃ। সমপদ্যত সমজায়ত। তে তব পুত্রো দুর্য্যোধনঃ ॥৫১॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

যথেতি। হে সূত। সাবথিবংশীয় সঞ্জয়।। মহাত্মনঃ অভিমন্যোঃ। অশ্রদ্ধেয়মবিশ্বাস্যমিব মন্য ইতি সম্বন্ধঃ। যেবাং পাণ্ডবানাম্। অভিমন্যোস্তৎপক্ষীয়ত্বাদিতি ভাবঃ ॥১—২॥

তখন ক্ষণকাল তাঁহাদের অদ্ভুত যুদ্ধ হইল। তাহার পব আপনার পুত্র (দুর্যোধন) অভিমন্যুর বাণসমূহে পীড়িত হইয়া বিমুখ হইলেন" ॥৫১॥

———:*:———

ধৃতবাষ্ট্র বলিলেন—"সঞ্জয়। তুমি যে আমার নিকটে বহু বীরের সহিত এক অভিমন্যুর তুমুল ও ভয়ঙ্কর যুদ্ধেব কথা এবং সেই মহাত্মাবই জযের কথা বলিলে, সে বিষযে অভিমন্যুব বিক্রমটাকে অবিশ্বাস্য আশ্চর্য্যের ন্যায বোধ

---

(৫১) তয়োঃ ক্ষণমিবাপূর্ণঃ সংগ্রামস্তুমুলোঽভবৎ—পি ব,...ক্ষণমিবাপূর্ণঃ—বা,...শরশতাহতঃ—বা নি। * '...চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '...পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ' বা রা নি।
(২)...কিন্তু নাত্যদ্ভুতং তেষাম্—বা নি।

দুর্য্যোধনে চ বিমুখে রাজপুত্রশতে হতে।
সৌভদ্রে প্রতিপত্তিং কাং প্রত্যপদ্যন্ত মামকাঃ ॥৩॥

সঞ্জয় উবাচ।

সংশুষ্কাস্যাশ্চলন্নেত্রাঃ প্রস্বিন্না রোমহর্ষিণঃ।
পলায়নকৃতোৎসাহা নিরুৎসাহা দ্বিষজ্জয়ে ॥৪॥
হতান্ ভ্রাতৄন্ পিতৄন্ পুত্রান্ সুহৃৎসম্বন্ধিবান্ধবান্।
উৎসৃজ্যোৎসৃজ্য সংজগ্মুস্ত্বরয়ন্তো হয়দ্বিপান্ ॥৫॥ (যুগ্মকম্)
তান্ প্রভগ্নাংস্তথা দৃষ্ট্বা দ্রোণো দ্রৌণির্বৃহদ্বলঃ।
কৃপো দুর্য্যোধনঃ কর্ণঃ কৃতবর্ম্মাথ সৌবলঃ ॥৬॥
অভ্যধাবন্ সুসংক্রুদ্ধাঃ সৌভদ্রমপরাজিতম্।
তে তু পৌত্রেণ তে রাজন্! প্রায়শো বিমুখীকৃতাঃ ॥৭॥ (যুগ্মকম্)

দুর্য্যোধন ইতি। প্রতিপত্তিং প্রতিবিধানম্, প্রত্যপদ্যন্ত প্রাপ্নুবন্ অকুর্ব্বন্ ॥৩॥

সমিতি। সংশুষ্কাণি আস্যানি বদনানি যেষাং তে, প্রস্বিন্না ঘর্ম্মাক্তাঃ। সুহৃদঃ সখায়ঃ, সম্বন্ধিনঃ শ্যালকাঃ, বান্ধবাশ্চ মাতুলাদয়স্তান্। হয়দ্বিপান্ বাহনীভূতান্ ॥৪—৫॥

তানিতি। দ্রৌণিরশ্বত্থামা। সৌবলঃ শকুনিঃ। পৌত্রেণ অভিমন্যুনা ॥৬—৭॥

করিলেও আমি অতি আশ্চর্য্য মনে করি না। কারণ, যাঁহারে ধর্ম্ম অবলম্বন রহিয়াছেন ॥১—২॥

সে যাহা হউক, বহুরাজপুত্র নিহত এবং দুর্য্যোধন পরাঙ্মুখ হইলে, আমার পক্ষের যোদ্ধারা অভিমন্যুবিষয়ে কি প্রতিবিধান করিলেন?” ॥৩॥

সঞ্জয় বলিলেন—“মহারাজ! আপনার পক্ষের যোদ্ধারা শুষ্কবদন, চঞ্চল-নয়ন, ঘর্ম্মাক্ত ও রোমাঞ্চিতদেহ, পলায়নে উৎসাহী এবং শত্রুজয়ে নিরুৎসাহ হইয়া নিহত ভ্রাতা, পিতা, পুত্র, সুহৃৎ, সম্বন্ধী ও বান্ধবদিগকে পরিত্যাগ করিয়া করিয়া নিজ নিজ বাহন হস্তী ও অশ্বগণকে সত্বর চালাইতে থাকিয়া যুদ্ধস্থল হইতে প্রস্থান করিতে লাগিলেন ॥৪—৫॥

রাজা! তাঁহাদিগকে সেইভাবে ভগ্ন দেখিয়া দ্রোণ, অশ্বত্থামা, বৃহদ্বল, কৃপ, দুর্য্যোধন, কর্ণ, কৃতবর্ম্মা ও শকুনি অত্যন্তক্রুদ্ধ হইয়া অপরাজিত অভিমন্যুর দিকে ধাবিত হইলেন। কিন্তু অভিমন্যু তাঁহাদের অনেককেই পরাঙ্মুখ করিলেন ॥৬—৭॥

---

(৪)···রোমহর্ষণাঃ—নি। (৫)···উৎসৃজ্যোৎসৃজ্য গচ্ছন্তি—পি। (৭) অভ্যদ্রবন্ সুসংক্রুদ্ধাঃ—পি।

একস্তু সুখসংবৃদ্ধো বাল্যাদ্দর্পাচ্চ নির্ভয়ঃ।
ইষ্বস্ত্রবিন্মহাতেজা লক্ষ্মণোঽর্জ্জুনিমভ্যয়াৎ ॥৮॥
তমন্বগেবাস্য পিতা পুত্রগৃদ্ধী ন্যবর্ত্তত।
অনু দুর্য্যোধনঞ্চান্যে ন্যবর্ত্তন্ত মহারথাঃ ॥৯॥
তং তেঽভিসিষিচুর্ব্বাণৈর্মেঘা গিরিমিবাম্বুভিঃ।
স তু তান্ প্রমমাথৈকো বিষ্বগ্ বাতো যথাম্বুদান্ ॥১০॥
পৌত্রং তব চ দুর্দ্ধর্ষং লক্ষ্মণং প্রিয়দর্শনম্।
পিতুঃ সমীপে তিষ্ঠন্তং শূরমুদ্যতকার্ম্মুকম্ ॥১১॥
অত্যন্তসুখসংবৃদ্ধং ধনেশ্বরসুতোপমম্।
আসসাদ রণে কার্ষ্ণির্মত্তো মত্তমিব দ্বিপম্ ॥১২॥ (যুগ্মকম্)
লক্ষ্মণেন তু সংগম্য সৌভদ্রঃ পরবীরহা।
শরৈঃ সুনিশিতৈস্তীক্ষ্ণৈর্ব্বাহ্বোরুরসি চার্পিতঃ ॥১৩॥

এক ইতি। ইষ্বস্ত্রবিৎ বাণাস্ত্রজ্ঞঃ, লক্ষ্মণো দুর্য্যোধনপুত্রঃ। সন্ধিরার্ষঃ ॥৮॥
তমিতি। অন্বক্ অনুগামী, পুত্রগৃদ্ধী পুত্রবৎসলঃ। উভযত্রৈব কর্ম্মপ্রবচনীযত্বাদ্দ্বিতীয়া ॥৯॥
তমিতি। তমভিমন্যুম্। প্রমমাথ অর্দ্দয়ামাস, বিষ্বগ্ বাতঃ সমস্তাদাগতো বায়ুঃ ॥১০॥
পৌত্রমিতি। পিতুর্দুর্য্যোধনস্য। ধনেশ্বরসুতোপমং কুবেরপুত্রতুল্যম্ ॥১১—১২॥
লক্ষ্মণেনেতি। উরসি বক্ষসি, আর্পিতঃ পীড়িতঃ ॥১৩॥

কিন্তু সুখসংবৃদ্ধ, বাল্য ও দর্পবশতঃ নির্ভযচিত্ত, বাণাস্ত্রজ্ঞ ও মহাতেজা লক্ষ্মণ অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥৮॥

তখন উঁহার পিতা পুত্রবৎসল দুর্য্যোধন উঁহার পিছনে চলিলেন এবং অন্য মহারথেরাও দুর্য্যোধনের অনুসরণ করিতে লাগিলেন ॥৯॥

তাহার পর মেঘ যেমন পর্ব্বতের উপরে জল বর্ষণ করে, সেইরূপ তাঁহারা অভিমন্যুর উপরে বাণ বর্ষণ করিতে থাকিলেন। তখন ঘূর্ণী বায়ু যেমন মেঘ সকল অপসারিত করে, সেইরূপ অভিমন্যু তাঁহাদিগকে অপসারিত করিলেন ॥১০॥

তৎপরে মত্ত হস্তীর নিকটে যেমন মত্ত হস্তী উপস্থিত হয়, সেইরূপ আপনার পৌত্র, দুর্দ্ধর্ষ, প্রিয়দর্শন, পিতার নিকটে অবস্থিত, বীর, উত্তোলিতকার্ম্মুক, অত্যন্তসুখে বৃদ্ধিপ্রাপ্ত ও কুবেরপুত্রতুল্য লক্ষ্মণের নিকটে অভিমন্যু উপস্থিত হইলেন ॥১১—১২॥

---

(১৩)...উরসি চার্পয়ৎ—পি বা বা নি।

সংক্রুদ্ধো বৈ মহাবাহুর্দণ্ডাহত ইবোরগঃ।
পৌত্রস্তব মহারাজ। তব পৌত্রমভাষত ॥১৪॥
সুদৃষ্টঃ ক্রিয়তাং লোকো হ্যমুং লোকং গমিষ্যসি।
পশ্যতাং বান্ধবানাং ত্বাং নয়ামি যমসাদনম্ ॥১৫॥
এবমুক্ত্বা ততো ভল্লং সৌভদ্রঃ পরবীরহা।
উৎসসর্জ্জ মহাবাহুর্নির্মুক্তোরগসন্নিভম্ ॥১৬॥
স তস্য ভুজনির্ম্মুক্তো লক্ষ্মণস্য সুদর্শনম্।
সুনসং সুভ্রু কেশান্তং শিরোঽহার্ষীৎ সকুণ্ডলম্।
লক্ষ্মণং নিহতং দৃষ্ট্বা হাহেত্যুচ্চুক্রুশুর্জনাঃ ॥১৭॥

সমিতি। উরগঃ সর্পঃ। পৌত্রোঽভিমন্যুঃ। পৌত্রং লক্ষ্মণম্ ॥১৪॥
সুদৃষ্ট ইতি। হি যস্মাৎ, অমুং পরং লোকম্। বান্ধবানামিত্যনাদরে ষষ্ঠী ॥১৫॥
এবমিতি। নির্মুক্তঃ ত্যক্তচর্ম্মা য উরগঃ সর্পস্তৎসন্নিভম্ ॥১৬॥
স ইতি। শোভনা নাসা যত্র তৎ, শোভনে ভ্রুবৌ যত্র তৎ, কেশৈরন্তম্ অতিসুন্দরম্- "অন্তঃ প্রান্তেঽন্তিকে নাশে স্বরূপেঽতিমনোহরে" ইতি বিশ্বঃ। উচ্চুক্রুশুরুচ্চৈরুচুঃ। ষট্-পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

তখন লক্ষ্মণ সুনিশিত ও তীক্ষ্ণ শবসমূহদ্বাবা বিপক্ষবীবহন্তা অভিমন্যুব বাহুযুগলে ও বক্ষস্থলে আঘাত কবিলেন ॥১৩॥

মহারাজ! এই সময়ে দণ্ডতাডিত সর্পেব ন্যায মহাবাহু আপনার পৌত্র (অভিমন্যু) অত্যন্তক্রুদ্ধ হইযা আপনাব পৌত্রকে (লক্ষ্মণকে) বলিলেন—॥১৪॥

'লক্ষ্মণ! তুমি জগৎটাকে ভাল কবিযা দেখিয়া লও। কারণ, ইহাব পরে তুমি পবলোকে যাইবে। তোমাব বান্ধবগণেব সমক্ষেই আমি তোমাকে যমালয়ে পাঠাইতেছি' ॥১৫॥

এইরূপ বলিযা মহাবাহু ও বিপক্ষবীবহন্তা অভিমন্যু খোলসশূন্য সর্পের তুল্য একটা ভল্ল নিক্ষেপ করিলেন ॥১৬॥

অভিমন্যুব বাহুনিক্ষিপ্ত সেই ভল্লটা যাইযা লক্ষ্মণেব সুদৃশ্য, সুন্দব নাসিকা ও ভ্রূযুক্ত, কেশবিন্যাসে অতিমনোহর এবং কুণ্ডলসমন্বিত মস্তকটাকে হরণ করিল। তখন লক্ষ্মণকে নিহত দেখিযা তত্রত্য লোকেরা উচ্চস্বরে হাহাকার করিতে লাগিল ॥১৭॥

---

(১৪) সংক্রুদ্ধো বৈ মহারাজ! বা নি। (১৬) ··উদ্ববর্হ মহাবাহুঃ—বা ব রা নি।

ততো দুর্য্যোধনঃ ক্রুদ্ধঃ প্রিয়ে পুত্রে নিপাতিতে।
হতৈনমিতি চুক্রোশ ক্ষত্রিয়ান্ ক্ষত্রিয়র্ষভঃ ॥১৮॥
ততো দ্রোণঃ কৃপঃ কর্ণো দ্রোণপুত্রো বৃহদ্বলঃ।
কৃতবর্ম্মা চ হার্দ্দিক্যঃ ষড়্ রথাঃ পর্য্যবারয়ন্ ॥১৯॥
স তান্ বিদ্ধা শিতৈর্ব্বাণৈর্বিমুখীকৃত্য চার্জ্জুনিঃ।
বেগেনাভ্যপতৎ ক্রুদ্ধঃ সৈন্ধবস্য মহদ্বলম্ ॥২০॥
আবব্রুস্তস্য পন্থানং গজানীকেন দংশিতাঃ।
কলিঙ্গাশ্চ নিষাদাশ্চ ক্রাথপুত্রশ্চ বীর্য্যবান্।
তৎ প্রসক্তমিবাত্যর্থং যুদ্ধমাসীদ্বিশাংপতে! ॥২১॥
ততস্তৎ কুঞ্জরানীকং ব্যধমদ্‌ধৃষ্টমার্জ্জুনিঃ।
যথা বায়ুর্নিত্যগতির্জলদান্ শতশোঽম্বরে ॥২২॥

তত ইতি। হত যূয়ং নাশয়ত, এনমভিমন্যুম্, চুক্রোশ উচ্চৈরুবাচ ॥১৮॥
তত ইতি। হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ কৃতবর্ম্মৈকঃ। পর্য্যবারযন্ অভিমন্যুং পর্য্যবেষ্টন্ত ॥১৯॥
স ইতি। সৈন্ধবস্য বৃহ্যদ্বাররক্ষিণো জয়দ্রথস্য ॥২০॥
আবব্রুরিতি। দংশিতাঃ কৃতসন্নাহাঃ। প্রসক্তং পরস্পরলগ্নম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥
তত ইতি। ব্যধমৎ ব্যনাশয়ৎ, ধৃষ্টং প্রগল্‌ভং রণোন্মত্তমিত্যর্থঃ ॥২২॥

প্রিয় পুত্র নিহত হইলে ক্ষত্রিযশ্রেষ্ঠ দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া উচ্চস্বরে ক্ষত্রিয়-গণকে বলিলেন—'আপনারা এটাকে বধ করুন' ॥১৮॥

তাহার পর দ্রোণ, কৃপ, কর্ণ, অশ্বত্থামা, বৃহদ্বল ও হৃদিকপুত্র কৃতবর্ম্মা এই ছয় জন রথী যাইয়া অভিমন্যুকে পরিবেষ্টন করিলেন ॥১৯॥

তখন অভিমন্যু ক্রুদ্ধ হইয়া সুধার বাণদ্বারা তাড়নপূর্ব্বক তাঁহাদিগকে পরাঙ্মুখ করিয়া বেগে জয়দ্রথের বিশাল সৈন্যের দিকে ধাবিত হইলেন ॥২০॥

সেই সময়ে যুদ্ধসজ্জায় সজ্জিত কলিঙ্গ ও নিষাদদেশীয় যোদ্ধারা এবং বলবান্ ক্রাথপুত্র যাইয়া হস্তিসৈন্যদ্বারা অভিমন্যুর পথ রোধ করিলেন। নরনাথ! তখন পরস্পরসংলগ্ন অবস্থাতেই যেন গুরুতর যুদ্ধ হইতে লাগিল ॥২১॥

ক্রমে সর্ব্বদা গমনশীল বায়ু যেমন আকাশে শত শত মেঘ বিনাশ করে, সেইরূপ অভিমন্যুও সেই রণোন্মত্ত হস্তিসৈন্যকে বিনাশ করিলেন ॥২২॥

---

(১৮)⋯ক্ষত্রিযর্ষভ!—পি। (২০) তাংস্তু বিদ্ধা—বা নি। (২২)⋯ব্যধমদ্‌দৃপ্তমার্জ্জুনিঃ ⋯যথা বিবান্ নিত্যগতিঃ—পি।

ততঃ ক্রাথঃ শরব্রাতৈরার্জ্জুনিং সমবাকিরৎ।
অথেতরে সন্নিবৃত্তাঃ পুনর্দ্রোণমুখা রথাঃ।
পরমাস্ত্রাণি ধুন্বানাঃ সৌভদ্রমভিদুদ্রুবুঃ ॥২৩॥
তান্ নিবার্য্যার্জ্জুনির্বাণৈঃ ক্রাথপুত্রমথার্দ্দয়ৎ।
শরৌঘেণাপ্রমেয়েণ ত্বরমাণো জিঘাংসয়া ॥২৪॥
সধনুর্বাণকেয়ূরৌ বাহূ সমুকুটং শিরঃ।
ছত্রং ধ্বজং নিয়ন্তারমশ্বাংশ্চাস্য ন্যপাতয়ৎ ॥২৫॥
কুলশীলশ্রুতবলৈঃ কীর্ত্ত্যা চাস্ত্রবলেন চ।
যুক্তে তস্মিন্ হতে বীরাঃ প্রায়শো বিমুখাঽভবন্ ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে ক্রাথপুত্রবধে একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

তত ইতি। ক্রাথঃ ক্রাথপুত্রঃ, শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ। ধুন্বানাশ্চালয়ন্তঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥

তানিতি। প্রমাতুং সংখ্যাতুমশক্যেনেতি অপ্রমেয়েণ, জিঘাংসয়া হন্তুমিচ্ছয়া ॥২৪॥

সেতি। নিয়ন্তারং সারথিম্, অস্য ক্রাথপুত্রস্য ॥২৫॥

কুলেতি। ° কুলং সদ্বংশঃ শীলং সৎস্বভাবঃ শ্রুতং শাস্ত্রজ্ঞানং বলং শক্তিশ্চ তৈঃ ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

তদনন্তর ক্রাথপুত্র বাণসমূহদ্বারা অভিমন্যুকে আবৃত করিয়া ফেলিলেন। তৎপরে দ্রোণপ্রভৃতি অপর রথীরাও পুনরায় ফিরিয়া উত্তমাস্ত্র সকল সঞ্চালন করিতে করিতে অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥২৩॥

তখন অভিমন্যু বাণদ্বারা তাঁহাদিগকে নিবারণ করিয়া বধ করিবার ইচ্ছায় ত্বরান্বিত হইয়া অসংখ্য বাণদ্বারা ক্রাথপুত্রকে পীড়ন করিলেন ॥২৪॥

ক্রমে অভিমন্যু ক্রাথপুত্রের ধনু বাণ ও কেয়ূরযুক্ত বাহুযুগল, মুকুটশোভিত মস্তক, ছত্র, ধ্বজ, সারথি ও অশ্বগুলিকে ছেদন করিয়া নিপাতিত করিলেন ॥২৫॥

কুল, শীল, শাস্ত্রজ্ঞান, শক্তি, কীর্ত্তি ও অস্ত্রবলসম্পন্ন ক্রাথপুত্র নিহত হইলে, প্রায় বীরেরাই বিমুখ হইলেন' ॥২৬॥

---

(২৩) ততঃ ক্রুদ্ধাঃ শরব্রাতৈ রাজানঃ সমবারয়ন্—নি। (২৪)·· ক্রাথপুত্রমযোধয়ৎ—নি। (২৫)···সকুণ্ডলং শিরঃ·· পি,·· সচ্ছত্রধ্বজযন্তারং রথঞ্চাশ্বান্ ন্যপাতয়ৎ—বা নি। (২৬) কুলশীলশ্রুতিবলৈঃ—নি। * '···পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '···ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ।

——ঃ*ঃ——

ধৃতরাষ্ট্র উবাচ।

তথা প্রবিষ্টং তরুণং সৌভদ্রমপরাজিতম্।
কুলানুরূপং কুর্ব্বাণং সংগ্রামেম্বপলায়িনম্ ॥১॥
আজানেয়ৈঃ সুবলিভির্যান্তমশ্বৈস্ত্রিহায়নৈঃ।
প্লবমানমিবাকাশে কে শূরাঃ সমবারয়ন্ ॥২॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

অভিমন্যুঃ প্রবিশ্যৈব তাবকান্ নিশিতৈঃ শরৈঃ।
অকরোৎ পার্থিবান্ সর্ব্বান্ বিমুখান্ পাণ্ডুনন্দনঃ ॥৩॥
তং তু দ্রোণঃ কৃপঃ কর্ণো দ্রৌণিশ্চ সবৃহদ্বলঃ।
কৃতবর্ম্মা চ হার্দ্দিক্যঃ ষড়্ রথাঃ পর্য্যবারয়ন্ ॥৪॥
দৃষ্ট্বা তু সৈন্ধবে ভারমতিমাত্রং সমাহিতম্।
সৈন্যং তব মহারাজ! যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥৫॥

তথেতি। কুলানুরূপং যুদ্ধাদিকার্য্যমিতি শেষঃ। আজানেয়ৈঃ সৎকুলজাতৈঃ ॥১—২॥
অভীতি। পাণ্ডূন্ পাণ্ডবপক্ষান্ নন্দয়তি যুদ্ধাদিনা হর্ষয়তীতি সঃ ॥৩॥
তমিতি। হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ কৃতবর্ম্মৈক ইতি ষট্‌সংখ্যোপপত্তিঃ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়! যুবক, অপরাজিত, বংশের অনুরূপকার্য্যকারী ও যুদ্ধে অপলায়ী অভিমন্যু সেইভাবে জয়দ্রথসৈন্যমধ্যে প্রবেশ করিয়া সৎকুল-জাত, অত্যন্ত বলবান্ ও ত্রিবর্ষবয়স্ক অশ্বগণের গুণে আকাশে লম্ফন করিযা করিয়াই যেন গমন কবিতে লাগিলে, কোন্ বীরেরা তাহাকে বারণ করিতে লাগিলেন ?" ॥১—২॥

সঞ্জয় কহিলেন—"বাজা! পাণ্ডবপক্ষের আনন্দজনক অভিমন্যু জয়দ্রথ-সৈন্যমধ্যে প্রবেশ কবিযাই সুধাব বাণসমূহদ্বারা আপনার পক্ষের সমস্ত বাজাকে পরাঙ্মুখ করিযা ফেলিলেন ॥৩॥

তখন দ্রোণ, কৃপ, কর্ণ, অশ্বত্থামা, বৃহদ্বল ও হৃদিকপুত্র কৃতবর্ম্মা এই ছয জন রথী তাঁহাকে বারণ কবিতে লাগিলেন ॥৪॥

---

(১)···সংগ্রামেম্বপরাজিতম্—বা ব রা নি। (৩)···প্রবিশ্যৈতান্—বা নি।

সৌভদ্রমিতরে বীরমভ্যবর্ষন্ শরাম্বুভিঃ।
তালমাত্রাণি চাপানি বিকর্ষন্তো মহাবলাঃ ॥৬॥
তাংস্তু সর্ব্বান্ মহেষ্বাসান্ সর্ব্ববিদ্যাসু নিষ্ঠিতান্।
ব্যষ্টম্ভযদ্রণে বাণৈঃ সৌভদ্রঃ পরবীরহা ॥৭॥
দ্রোণং পঞ্চাশতাবিধ্যদ্বিংশত্যা চ বৃহদ্বলম্।
অশীত্যা কৃতবর্ম্মাণং কৃপং ষষ্ট্যা শিলীমুখৈঃ ॥৮॥
রুক্মপুঙ্খৈর্মহাবেগৈরাকর্ণসমচোদিতৈঃ।
অবিধ্যদ্দশভির্ব্বাণৈরশ্বত্থামানমার্জ্জুনিঃ ॥৯॥
কর্ণঞ্চ কর্ণিনা কর্ণে পীতেন নিশিতেন চ।
ফাল্গুনির্দ্বিষতাং মধ্যে বিব্যাধ পরমেষুণা ॥১০॥

দৃষ্ট্বেতি। সৈন্ধবে সিন্ধুরাজে জয়দ্রথে, ভারং ব্যূহদ্বাররক্ষারূপং দুষ্করং কার্য্যম্ ॥৫॥

সৌভদ্রমিতি। শরাম্বুভিরিত্যনেন বীরে গিরিরূপত্বং ব্যজ্যতে। তালমাত্রাণি হস্তচতুষ্টয়মাত্রাণি ॥৬॥

তানিতি। সর্ব্ববিদ্যাসু যুদ্ধসম্বন্ধিনীষু, নিষ্ঠিতান্ অভিনিবিষ্টান্। ব্যষ্টম্ভযৎ ন্যবারয়ৎ ॥৭॥

তন্নিবারণপ্রকারমাহ দ্রোণমিতি। শিলীমুখৈর্বাণৈঃ ॥৮॥

রুক্মেতি। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ, আকর্ণসমচোদিতৈঃ কর্ণপর্য্যন্তাকৃষ্টধনুর্মুক্তৈঃ ॥৯॥

কর্ণমিতি। কর্ণিনা তদাখ্যেন, পীতেন স্বর্ণখচিতত্বাৎ পীতবর্ণেন। ফাল্গুনিরভিমন্যুঃ ॥১০॥

মহারাজ! ওদিকে জযদ্রথের উপরে গুরুতর ভার ন্যস্ত রহিয়াছে দেখিযা আপনার সৈন্যেরা যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইল ॥৫॥

আর অন্য মহাবলেরা হস্তচতুষ্টযপ্রমাণ ধনু আকর্ষণ করতঃ বীর অভিমন্যুরূপ পর্ব্বতের উপরে বাণরূপ জল বর্ষণ করিতে থাকিলেন ॥৬॥

বিপক্ষবীরহন্তা অভিমন্যুও বাণদ্বারা মহাধনুর্দ্ধর ও সমগ্র যুদ্ধবিদ্যায অভিনিবিষ্ট সেই সকল বীরকে যুদ্ধে নিবারণ করিলেন ॥৭॥

তিনি পঞ্চাশটাদ্বারা দ্রোণকে, কুড়িটাদ্বারা বৃহদ্বলকে, আশীটাদ্বারা কৃতবর্ম্মাকে এবং ষাট্টা বাণদ্বারা কৃপকে বিদ্ধ করিলেন ॥৮॥

তৎপরে অভিমন্যু স্বর্ণপুঙ্খ, মহাবেগশালী এবং কর্ণপর্য্যন্ত আকৃষ্ট কার্ম্মুকনিক্ষিপ্ত দশটা বাণদ্বারা অশ্বত্থামাকে তাডন করিলেন ॥৯॥

তাহার পর অভিমন্যু শত্রুমধ্যে পীতবর্ণ ও সুধার কর্ণিনামক একটা উত্তম বাণদ্বারা কর্ণের কর্ণদেশে আঘাত করিলেন ॥১০॥

---

(৬) বিকর্ষন্তো মহারথাঃ—বা নি। (১০)...পীতেন চ শিতেন চ—বা নি।

পাতয়িত্বা কৃপস্যাশ্বাংস্তথোভৌ পার্ষ্ণিসারথী।
অথৈনং দশভির্ব্বাণৈঃ প্রত্যবিধ্যৎ স্তনান্তরে ॥১১॥
ততো বৃন্দারকং বীরং কুরূণাং কীর্ত্তিবর্দ্ধনম্।
পুত্রাণাং তব বীরাণাং পশ্যতামবধীদ্বলী ॥১২॥
তং দ্রৌণিঃ পঞ্চবিংশত্যা ক্ষুদ্রকাণাং সমার্পয়ৎ।
বরং বরমমিত্রাণামারুজন্তমভীতবৎ ॥১৩॥
স তু বাণৈঃ শিতৈস্তূর্ণং প্রত্যবিধ্যত মারিষ !।
পশ্যতাং ধার্ত্তরাষ্ট্রাণামশ্বত্থামানমার্জ্জুনিঃ ॥১৪॥
ষষ্ট্যা শরাণাং তং দ্রৌণিস্তিগ্মধারৈঃ সুতেজনৈঃ।
উগ্রৈর্নাকম্পয়দ্বিদ্ধা মৈনাকমিব পর্ব্বতম্ ॥১৫॥
স তু দ্রৌণিং ত্রিসপ্তত্যা হেমপুঙ্খৈরজিহ্মগৈঃ।
প্রত্যবিধ্যন্মহাতেজা বলবানপকারিণম্ ॥১৬॥

পাতয়িত্বেতি। পার্ষ্ণিসারথী রথস্য পৃষ্ঠবর্ত্তিনৌ চালকৌ। স্তনান্তরে বক্ষসি ॥১১॥
তত ইতি। বৃন্দারকং নাম। পুত্রাণামিত্যনাদরে ষষ্ঠী। বলী অভিমন্যুঃ ॥১২॥
তমিতি। সমার্পয়ৎ অপীড়য়ৎ। অমিত্রাণাং শত্রূণাম্, আরুজন্তং পীড়য়ন্তম্ ॥১৩॥
স ইতি। শিতৈঃ শিলায়াং ঘর্ষণেন সুধারীকৃতৈঃ। আর্জ্জুনিরভিমন্যুঃ ॥১৪॥
ষষ্ট্যেতি। দ্রৌণিরশ্বত্থামা। সুতেজনৈঃ অতীবোজ্জ্বলৈঃ ॥১৫॥
স ইতি। অজিহ্মগৈঃ সরলগামিভির্বাণৈঃ। অপকারিণং মার্গরোধাদিকরণাৎ ॥১৬॥

তদনন্তর তিনি কৃপাচার্য্যের চারিটা অশ্ব এবং দুই জন পৃষ্ঠসারথিকে নিপাতিত করিয়া দশটা বাণদ্বারা কৃপাচার্য্যের বক্ষস্থলে প্রহার করিলেন ॥১১॥

রাজা! তৎপরে বলবান্ অভিমন্যু আপনার বীরপুত্রগণের সমক্ষেই কৌরবগণের কীর্ত্তিবর্দ্ধক বীর বৃন্দারককে বধ করিলেন ॥১২॥

এইভাবে অভিমন্যু শত্রুপক্ষের প্রধান প্রধান যোদ্ধাকে পীড়ন করিতে থাকিয়া নির্ভয়ের ন্যায় বিচরণ করিতে থাকিলে, অশ্বত্থামা পঁচিশটা ক্ষুদ্রকদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥১৩॥

মাননীয় রাজা! অভিমন্যুও তখন ধার্ত্তরাষ্ট্রগণের সমক্ষেই সত্বর নিশিত শরসমূহদ্বারা অশ্বত্থামাকে প্রতিবিদ্ধ করিলেন ॥১৪॥

ক্রমে অশ্বত্থামা তীক্ষ্ণধার, অত্যন্ত উজ্জ্বল ও ভয়ঙ্কর যাট্টা বাণদ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিয়াও মৈনাকপর্ব্বতের ন্যায় বিচলিত করিতে পারিলেন না ॥১৫॥

---

(১১) ঘাতয়িত্বা কৃপস্যাশ্বান্—পি। (১৫)···তির্য্যগ্ধারৈঃ সুতেজনৈঃ—পি ব।

তস্মিন্ দ্রোণো বাণশতং পুত্রগৃদ্ধী ন্যপাতয়ৎ।
অশ্বত্থামা তথা ষষ্টিং পরীপ্সন্ পিতরং রণে ॥১৭॥
কর্ণো দ্বাবিংশতিং ভল্লান্ কৃতবর্ম্মা চ বিংশতিম্।
বৃহদ্বলস্তু পঞ্চাশৎ কৃপঃ শারদ্বতো দশ ॥১৮॥
তাংস্তু প্রত্যবধীৎ সর্ব্বান্ দশভির্দশভিঃ শরৈঃ।
তৈরর্দ্দ্যমানঃ সৌভদ্রঃ সর্ব্বতো নিশিতৈঃ শরৈঃ ॥১৯॥
তং কোশলানামধিপঃ কর্ণিনাঽতাড়য়দ্ধৃদিঃ।
স তস্যাশ্বান্ ধ্বজং চাপং সূতঞ্চাপাতয়ৎ ক্ষিতৌ ॥২০॥
অথ কোশলরাজস্তু বিরথঃ খড়্গচর্ম্মভৃৎ।
ইয়েষ ফাল্গুনেঃ কায়াচ্ছিরো হর্ত্তুং সকুণ্ডলম্ ॥২১॥
স কোশলানামধিপং রাজপুত্রং বৃহদ্বলম্।
হৃদি বিব্যাধ বাণেন স ভিন্নহৃদয়োঽপতৎ ॥২২॥

তস্মিন্নিতি। পুত্রগৃদ্ধী পুত্রবৎসলঃ। ষষ্টিং বাণানাম্, পরীপ্সন্ প্রাপ্তুমিচ্ছন্ ॥১৭॥
কর্ণ ইতি। সর্ব্বত্র ন্যক্ষিপদিতি শেষঃ। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ ॥১৮॥
তানিতি। অর্দ্দ্যমানঃ পীড্যমানঃ, সৌভদ্রোঽভিমন্যুঃ ॥১৯॥
তমিতি। কর্ণিনা কর্ণিনামকেন বাণবিশেষেণ। সঃ অভিমন্যুঃ ॥২০॥
অথেতি। কোশলরাজো বৃহদ্বলঃ, বিরথঃ সূতহননেনৈবাকর্ম্মণ্যরথঃ ॥২১॥

পরে মহাতেজা ও বলবান্ অভিমন্যু পুনরায় স্বর্ণপুঙ্খ ত্রিসপ্ততিসংখ্যক বাণদ্বারা অপকারী অশ্বত্থামাকে প্রতিবিদ্ধ করিলেন ॥১৬॥

তৎকালে পুত্রবৎসল দ্রোণ একশত বাণ এবং পিতার নিকট গমনার্থী অশ্বত্থামা ষাট্টা বাণ অভিমন্যুর প্রতি নিক্ষেপ করিলেন ॥১৭॥

তদনন্তর কর্ণ বাইশ্টা, কৃতবর্ম্মা কুড়িটা, বৃহদ্বল পঞ্চাশটা এবং শরদ্বানের পুত্র কৃপ দশটা ভল্ল নিক্ষেপ করিলেন ॥১৮॥

তাঁহারা সকল দিক্ হইতে নিশিত শরসমূহদ্বারা পীড়ন করিতে লাগিলে, অভিমন্যুও দশ দশটা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেককে প্রতিবিদ্ধ করিলেন ॥১৯॥

এই সময়ে কোশলাধিপতি বৃহদ্বল একটা কর্ণিদ্বারা অভিমন্যুর বক্ষস্থলে তাড়ন করিলেন। তখন অভিমন্যু বৃহদ্বলের অশ্ব, ধ্বজ, ধনু ও সারথিকে নিপাতিত করিলেন ॥২০॥

তদনন্তর বৃহদ্বল রথবিহীন হইয়া তরবারি ও চর্ম্ম (ঢাল) ধারণ করিয়া অভিমন্যুর দেহ হইতে কুণ্ডলযুক্ত মস্তকটী হরণ করিবার ইচ্ছা করিলেন ॥২১॥

---

(১৭)...অশ্বত্থামা তথাষ্টৌ চ—বা নি।

বভঞ্জ চ সহস্রাণি দশ রাজ্ঞাং মহাত্মনাম্ ।
সৃজতামশিবা বাচঃ খড়্গকার্ম্মুকধারিণাম্ ॥২৩॥
তথা বৃহদ্বলং হত্বা সৌভদ্রো ব্যচরদ্রণে ।
ব্যষ্টম্ভয়ন্মহেষ্বাসো যোধাংস্তব শরাম্বুভিঃ ॥২৪॥
স কর্ণং কর্ণিনা কর্ণে পুনর্বিব্যাধ ফাল্গুনিঃ ।
শরৈঃ পঞ্চাশতা চৈনমবিধ্যৎ কোপয়ন্ ভৃশম্ ॥২৫॥
প্রতিবিব্যাধ রাধেয়স্তাবদ্ভিরথ তং পুনঃ ।
শরৈরাচিতসর্ব্বাঙ্গো বহ্বশোভত ভারত ! ॥২৬॥
কর্ণং চাপ্যকরোৎ ক্রুদ্ধো রুধিরোৎপীড়বাহিনম্ ।
কর্ণোঽপি বিবভৌ শূরঃ শরৈশ্চিত্রোঽসৃগাপ্লুতঃ ॥২৭॥

স ইতি। ভিন্নহৃদয়ো বিদীর্ণবক্ষাঃ ॥২২॥
বভঞ্জেতি। বভঞ্জ বিজিগ্যে। সৃজতাং ব্রুবতাম্, অশিবা অমঙ্গলসূচিকাঃ ॥২৩॥
তথেতি। ব্যষ্টম্ভয়ৎ স্তবারয়ৎ। শরা অম্বূনীব তৈঃ। এতেন যোধান বৃষানিবেতি ব্যজ্যতে ॥২৪॥
স ইতি। কর্ণিনা তদাখ্যেন বাণেন। ফাল্গুনিরভিমন্যুঃ ॥২৫॥
প্রতীতি। তাবদ্ভিঃ পঞ্চাশতৈব। আচিতসর্ব্বাঙ্গো ব্যাপ্তসকলাবয়বঃ ॥২৬॥
কর্ণমিতি। রুধিরস্য উৎপীড়ং প্রবাহং বহতীতি তম্। অসৃগাপ্লুতো রক্তাক্তঃ ॥২৭॥

তখন অভিমন্যু একটা বাণদ্বারা কোশলদেশাধিপতি রাজপুত্র বৃহদ্বলের হৃদয় বিদ্ধ করিলেন ; সেইক্ষণেই তিনি বিদীর্ণহৃদয় হইয়া পতিত হইলেন ॥২২॥

পরে খড়্গ ও চর্ম্মধারী দৃঢ়চিত্ত দশ সহস্র ক্ষত্রিয় অমঙ্গলসূচক বাক্য বলিতে লাগিলে, অভিমন্যু তাহাদিগকেও পরাজয় করিলেন ॥২৩॥

মহাধনুর্দ্ধর অভিমন্যু সেইভাবে বৃহদ্বলকে বধ করিয়া যুদ্ধে বিচরণ করিতে লাগিলেন এবং জলের ন্যায় বাণ বর্ষণ করিয়া আপনার পক্ষের যোদ্ধাদিগকে বারণ করিতে থাকিলেন ॥২৪॥

ক্রমে অভিমন্যু পুনরায় একটা কর্ণিদ্বারা কর্ণের কর্ণদেশ বিদ্ধ করিলেন এবং তাঁহাকে অত্যন্তক্রুদ্ধ করতঃ পঞ্চাশটা বাণদ্বারা তাড়ন করিলেন ॥২৫॥

ভরতনন্দন! তখন কর্ণও ততগুলি বাণদ্বারা পুনরায় অভিমন্যুকে বিদ্ধ করিলেন। সেই সময়ে অভিমন্যু বাণব্যাপ্তদেহ হইয়া বিশেষ শোভা পাইতে লাগিলেন ॥২৬॥

---

(২৪) ইতঃ পরম্ '...ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' ব, '...সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বা রা নি। (২৭)...শরৈশ্ছিন্নোঽসৃগাপ্লুতঃ—নি।

তৌ তথা শরচিত্রাঙ্গৌ রুধিরেণ সমুক্ষিতৌ।
বভূবতুর্মহাত্মানৌ পুষ্পিতাবিব কিংশুকৌ ॥২৮॥
অথ কর্ণস্য সচিবান্ ষট্ শূরাংশ্চিত্রযোধিনঃ।
সাশ্বসূতধ্বজরথান্ সৌভদ্রো নিজঘান হ ॥২৯॥
তথেতরান্ মহেষ্বাসান্ দশভির্দশভিঃ শরৈঃ।
প্রত্যবিধ্যদসংভ্রান্তস্তদদ্ভুতমিবাভবৎ ॥৩০॥
মাগধস্য পুনঃ পুত্রং হত্বা ষড়্ভিরজিহ্মগৈঃ।
সাশ্বং সসূতং তরুণমশ্বকেতুমপাতয়ৎ ॥৩১॥
মার্ত্তিকাবতকং ভোজং ততঃ কুঞ্জরকেতনম্।
ক্ষুরপ্রেণ সমুন্মথ্য ননাদ বিসৃজন্ শরান্ ॥৩২॥

তাবিতি। সমুক্ষিতৌ সিক্তদেহৌ। পুষ্পিতৌ সঞ্জাতপুষ্পৌ ॥১৮॥
অথেতি। সচিবান্ সহায়ান্। চিত্রযোধিনো নানাবিধযুদ্ধকারিণঃ ॥২৯॥
তথেতি। অসংভ্রান্তঃ অবিচলিতচিত্তঃ। একস্য বহুপ্রতিতাড়নমেবাদ্ভুতমিতি ভাবঃ ॥৩০॥
মাগধস্যেতি। মাগধস্য মগধরাজস্য জয়ৎসেনস্য। অজিহ্মগৈর্ব্বাণৈঃ ॥৩১॥
মার্ত্তিকেতি। মৃত্তিকাস্যাস্তীতি মৃত্তিকাবান্ দেশঃ তস্যায়ং রাজেতি মার্ত্তিকাবতকস্তম্ ।৩২॥

পরে অভিমন্যু ক্রুদ্ধ হইয়া কর্ণের অঙ্গে রক্তের স্রোত প্রবাহিত করিলেন। তখন বীর কর্ণও অভিমন্যুর বাণে রক্তাক্তদেহ ও বিচিত্রমূর্ত্তি হইয়া শোভা পাইতে থাকিলেন ॥২৭॥

সেই মহাত্মারা দুই জনই বাণ সংলগ্ন হওযায বিচিত্রাঙ্গ ও রক্তাক্তদেহ হইয়া পুষ্পসমন্বিত দুইটা কিংশুকবৃক্ষের ন্যায় হইলেন ॥২৮॥

তাহার পর অভিমন্যু অশ্ব, সারথি, ধ্বজ ও রথের সহিত কর্ণের সহচর ছয় জন বিচিত্রযোধী বীরকে বধ করিলেন ॥২৯॥

এবং তিনি অবিচলিত থাকিয়া দশ দশটা বাণদ্বারা অপর মহাধনুর্দ্ধরদিগকে প্রতিবিদ্ধ করিলেন ; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৩০॥

আবার তিনি ছয়টা বাণদ্বারা চারিটা অশ্ব ও সারথিকে বধ করিয়া মগধরাজ জয়ৎসেনের পুত্র যুবা অশ্বকেতুকে নিপাতিত করিলেন ॥৩১॥

তাহার পর অভিমন্যু একটা ক্ষুরপ্র-(বাণবিশেষ) দ্বারা মার্ত্তিকাবতদেশীয় গজধ্বজ ভোজকে তাড়ন করিয়া বাণক্ষেপ করতঃ সিংহনাদ করিয়া উঠিলেন ॥৩২॥

---

(২৮) তাবুভৌ শরচিত্রাঙ্গৌ—বা নি। (৩১) মাগধস্য তথা পুত্রন্—বা নি।

তস্য দৌঃশাসনির্বিদ্ধা চতুর্ভিশ্চতুরো হয়ান্ ।
সূতমেকেন বিব্যাধ দশভিশ্চার্জ্জুনাত্মজম্ ॥৩৩॥
ততো দৌঃশাসনিং কার্ষ্ণির্বিদ্ধা সপ্তভিরাশুগৈঃ ।
সংরম্ভাদ্রক্তনয়নো বাক্যমুচ্চৈরথাব্রবীৎ ॥৩৪॥
পিতা তবাহবং ত্যক্ত্বা গতঃ কাপুরুষো যথা ।
দিষ্ট্যা ত্বমপি জানীষে যোদ্ধুং ন ত্বদ্য মোক্ষ্যসে ॥৩৫॥
এতাবদুক্ত্বা বচনং কর্ম্মারপরিমার্জ্জিতম্ ।
নারাচং বিসসর্জ্জাস্মৈ তং দ্রৌণিস্ত্রিভিরচ্ছিনৎ ॥৩৬॥
তস্যার্জ্জুনির্ধ্বজং ছিত্ত্বা শল্যং ত্রিভিরতাড়য়ৎ ।
তং শল্যো নবভির্ব্বাণৈর্গার্দ্ধ্রপত্রৈরতাড়য়ৎ ।
হৃদ্যসংভ্রান্তবদ্রাজন্ । তদদ্ভুতমিবাভবৎ ॥৩৭॥

তস্যেতি । দৌঃশাসনির্দুঃশাসনপুত্রঃ, চতুর্ভিঃ শরৈঃ । সূতং সারথিম্ ॥৩৩॥
তত ইতি । কার্ষ্ণিরভিমন্যুঃ । আশুগৈর্বাণৈঃ । সংরম্ভাৎ ক্রোধাৎ ॥৩৪॥
পিতেতি । আহবং রণস্থলম্ । দিষ্ট্যা ভাগ্যেন । মোক্ষ্যসে মম হস্তাৎ ॥৩৫॥
এতাবদিতি । কর্ম্মারপরিমার্জ্জিতং শিল্পিপরিষ্কৃতম্ । দ্রৌণিরশ্বত্থামা ॥৩৬॥
তস্যেতি । গৃধ্রাণামিমানীতি গার্দ্ধ্রাণি পত্রাণি পক্ষা যেষু তৈঃ । ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥

তখন দুঃশাসনের পুত্র যাইয়া চারিটি বাণদ্বারা অভিমন্যুর চারিটা অশ্বকে এবং একটা বাণদ্বারা সারথিকে বিদ্ধ করিয়া দশ দশটা বাণদ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিলেন ॥৩৩॥

তদনন্তর অভিমন্যুও সাতটা বাণদ্বারা দুঃশাসনের পুত্রকে বিদ্ধ করিয়া ক্রোধে আরক্তনয়ন হইয়া উচ্চস্বরে এই কথা বলিলেন—॥৩৪॥

'তোমার পিতা কাপুরুষের ন্যায় রণস্থল পরিত্যাগ করিয়া গিয়াছেন। ভাগ্যবশতঃ তুমিও যুদ্ধ করিতে জান বটে, তবে আজ আমার হাত হইতে মুক্তি লাভ করিতে পারিবে না' ॥৩৫॥

এই পর্য্যন্ত বাক্য বলিয়াই অভিমন্যু শিল্পিপরিমার্জ্জিত একটা নারাচ দুঃশাসনের পুত্রের উপরে নিক্ষেপ করিলেন ; তখন অশ্বত্থামা তিনটা বাণদ্বারা সেটাকে ছেদন করিলেন ॥৩৬॥

পরে অভিমন্যু অশ্বত্থামার ধ্বজ ছেদন করিয়া তিনটা বাণদ্বারা শল্যকে তাড়ন করিলেন। রাজা! তখন শল্য অবিচলিতের ন্যায় থাকিয়া গৃধ্রপক্ষযুক্ত

---

(৩৬)...ত্রিভিরাচ্ছিনৎ—বা ব রা নি।

তস্যার্জ্জুনির্ধ্বজং ছিত্ত্বা হত্বোভৌ পার্ষ্ণিসারথী।
তং বিব্যাধায়সৈঃ ষড়্ভিঃ সোঽপাক্রামদ্রথান্তরম্ ॥৩৮॥
শত্রুঞ্জয়ং চন্দ্রকেতুং মেঘবেগং সুবর্চ্চসম্।
সূর্য্যভাসঞ্চ পঞ্চৈতান্ হত্বা বিব্যাধ সৌবলম্ ॥৩৯॥
তং সৌবলস্ত্রিভির্বিদ্ধ্বা দুর্য্যোধনমথাব্রবীৎ।
সর্ব্ব এনং প্রমথ্নীমঃ পুরৈকৈকং হিনস্তি নঃ ॥৪০॥
অথাব্রবীত্তথা দ্রোণং কর্ণো বৈকর্ত্তনো রণে।
পুরা সর্ব্বান্ প্রমথ্নাতি ব্রূহ্যস্য বধমাশু নঃ ॥৪১॥
ততো দ্রোণো মহেষ্বাসঃ সর্ব্বাংস্তান্ প্রত্যভাষত।
অস্তি বাঽস্যান্তরং কিঞ্চিৎ কুমারস্যাথ পশ্যত ॥৪২॥

তস্যেতি। আয়সৈর্লৌহময়ৈর্বাণৈঃ। অপাক্রামৎ অপসৃত্যাগচ্ছৎ ॥৩৮॥
শত্রুঞ্জয়মিতি। বিব্যাধ অভিমন্যুরেব, সৌবলং সুবলপুত্রং শকুনিম্ ॥৩৯॥
তমিতি। পুরা আগামিনি কালে, হিনস্তি বিনাশয়িষ্যতি, নঃ অস্মাকম্ ॥৪০॥
অথেতি। বৈকর্ত্তনঃ সূর্য্যপুত্রঃ। পুরা পরস্মিন্ কালে। বধং বধোপায়ম্ ॥৪১॥
তত ইতি। অন্তরং ছিদ্রং প্রহারাবকাশ ইত্যর্থঃ ॥৪২॥

নয়টা বাণদ্বারা অভিমন্যুর হৃদয়ে পীড়ন করিলেন; সেটা যেন আশ্চর্য্যের ন্যায় হইল ॥৩৭॥

ক্রমে অভিমন্যু শল্যের ধ্বজ ছেদন এবং পৃষ্ঠবর্ত্তী সারথি দুই জনকে বধ করিয়া ছয়টা লৌহময় বাণদ্বারা শল্যকে বিদ্ধ করিলেন। তখন শল্য অপসৃত হইয়া অন্যরথে গমন করিলেন ॥৩৮॥

তদনন্তর অভিমন্যু—শত্রুঞ্জয়, চন্দ্রকেতু, মেঘবেগ, সুবর্চ্চা ও সূর্য্যভাস এই পাঁচ জন বীরকে বধ করিয়া শকুনিকে বিদ্ধ করিলেন ॥৩৯॥

তখন শকুনি তিনটা বাণদ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিয়া দুর্য্যোধনকে বলিলেন—'আমরা সকলে মিলিয়া ইহাকে বধ করি। না হইলে, এ পরে আমাদের এক এক জনকে বধ করিবে' ॥৪০॥

তাহার পর সূর্য্যপুত্র কর্ণও দ্রোণকে সেইরূপই বলিলেন—'আচার্য্য! হয় ত অভিমন্যু পরে আমাদের সকলকেই যুদ্ধে বধ করিবে। অতএব আপনি সত্বর উহার বধের উপায় আমাদের নিকট বলুন' ॥৪১॥

---

(৪০)·সর্ব্ব এনং নিমথ্নীমঃ—বা, ··সর্ব্ব এনং বিমথ্নীমঃ—ব নি। (৪২)·অস্তি বোঽস্যান্তরং কশ্চিৎ কুমারস্য প্রপশ্যতি—পি ব।

অন্বস্য পিতরঞ্চাদ্য চরতঃ সর্ব্বতো দিশম্।
শীঘ্রতাং নরসিংহস্য পাণ্ডবেয়স্য পশ্যত ॥৪৩॥
ধনুর্মণ্ডলমেবাস্য রথমার্গেষু দৃশ্যতে।
সন্দধানস্য বিশিখান্ শীঘ্রঞ্চৈব বিমুঞ্চতঃ ॥৪৪॥
আরুজন্নপি মে প্রাণান্ মোহয়ন্নপি সায়কৈঃ।
প্রহর্ষযতি মাং ভূয়ঃ সৌভদ্রঃ পরবীরহা ॥৪৫॥
অতি মাং নন্দয়ত্যেষ সৌভদ্রো বিচরন্ রণে।
অন্তরং যস্য সংরব্ধা ন পশ্যন্তি মহারথাঃ ॥৪৬॥
অস্যতো লঘুহস্তস্য দিশঃ সর্ব্বা মহেষুভিঃ।
ন বিশেষং প্রপশ্যামি রণে গাণ্ডীবধন্বণঃ ॥৪৭॥
অথ কর্ণঃ পুনর্দ্রোণমাহার্জ্জুনিশরাহতঃ।
স্থাতব্যমিতি তিষ্ঠামি পীড্যমানোঽভিমন্যুনা ॥৪৮॥

অন্বিতি। অস্য পিতরমর্জ্জুনম্ অনু তৎসদৃশস্তেত্যর্থঃ। শীঘ্রতামস্ত্রক্ষেপে ॥৪৩॥
ধনুরিতি। ধনুর্মণ্ডলং মণ্ডলীভূতং ধনুরেব। বিশিখান্ বাণান্ ॥৪৪॥
আরুজন্নিতি। আরুজন্ সম্যগ্ ব্যথয়ন্। ভূয়ঃ সাতিশয়ম্ ॥৪৫॥
অতীতি। অতিনন্দযতীতি সম্বন্ধঃ। অন্তরং ছিদ্রম্, সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ ॥৪৬॥
অস্যত ইতি। অস্যতঃ ক্ষিপতো ব্যাপ্নুবত ইত্যর্থঃ। বিশেষং বৈষম্যম্ ॥৪৭॥
অথেতি। আহ ব্রবীতি স্ম, আর্জ্জুনেরভিমন্যোঃ শরৈরাহতঃ ॥৪৮॥

তাহাব পব মহাধনুর্দ্ধব দ্রোণ তাঁহাদেব সকলকে বলিলেন—'এই কুমাবটীব কোন ছিদ্র (ফাঁক্) আছে বা আপনারা দেখিতেছেন কি ? ॥৪২॥

এই নরশ্রেষ্ঠ পাণ্ডবনন্দনটী উহার পিতাব ন্যায়ই আজ সকল দিকে বিচবণ করিতেছে ; এই অবস্থায় উহার শীঘ্রতা দেখুন ॥৪৩॥

এ—যে দ্রুত বাণসন্ধান ও বাণক্ষেপ কবিতেছে, এ অবস্থায় বথপথে উহাব কেবল মণ্ডলীভূত ধনুখানাই দেখা যাইতেছে ॥৪৪॥

বিপক্ষবীরহন্তা এই সুভদ্রানন্দন বাণদ্বারা আমার প্রাণ ব্যথিত বা আমাকে মোহিত করিযাও আমাকে অত্যন্ত আনন্দিত কবিতেছে ॥৪৫॥

এই অভিমন্যু যুদ্ধে বিচবণ করিতে থাকিয়া আমাব অত্যন্ত আনন্দ জন্মাইতেছে ; ক্রুদ্ধ মহারথেবা যাহার কোন ছিদ্র দেখিতেছেন না ॥৪৬॥

লঘুহস্ত অভিমন্যু বাণদ্বাবা সকল দিক্ ব্যাপ্ত কবিতেছে। সুতরাং যুদ্ধে অর্জ্জুন হইতে উহাব কোন বৈষম্য দেখিতেছি না ॥৪৭॥

---

(৪৩)···পিতরং হ্যদ্য—পি ব। (৪৬) অতিমানং দধাত্যেষঃ—বা নি।

তেজস্বিনঃ কুমারস্য শরাঃ পরমদারুণাঃ।
ক্ষিণ্বন্তি হৃদয়ং মেঽত্য ঘোরাঃ পাবকতেজসঃ ॥৪৯॥
তমাচার্য্যোঽব্রবীৎ কর্ণং শনকৈঃ প্রহসন্নিব।
অভেদ্যমস্য কবচং যুবা চাশুপরাক্রমঃ ॥৫০॥
উপদিষ্টা ময়া চাস্য পিতুঃ কবচধারণা।
তামেষ নিখিলাং বেত্তি ধ্রুবং পরপুরঞ্জয়ঃ ॥৫১॥
শক্যন্ত্বস্য ধনুশ্চেত্তুং জ্যা চ বাণৈঃ সমাহিতৈঃ।
অভীষবো হয়াশ্চৈব তথোভৌ পার্ষ্ণিসারথী ॥৫২॥
এবং কুরু মহেষ্বাস! রাধেয়! যদি শক্যতে।
অথৈনং বিমুখীকৃত্য পশ্চাৎ প্রহরণং কুরু ॥৫৩॥

তেজস্বিন ইতি। ক্ষিণ্বন্তি বিদারয়ন্তি। পাবকস্য বহ্নেরিব তেজো যেষাং তে ॥৪৯॥
তমিতি। অতঃ কবচভেদেন দেহভেদঃ খল্বসম্ভব এবেতি ভাবঃ ॥৫০॥
নন্বীদৃশমস্যাভেদ্যং কবচং কুত ইত্যাহ উপেতি। পিতুরর্জ্জুনস্য ॥৫১॥
শক্যমিতি। জ্যা চ ছেত্তুং শক্যেত্যাদিকমূহনীয়ম্। অভীষবঃ অশ্বমুখরজ্জবঃ ॥৫২॥
এতদিতি। হে রাধেয়! কর্ণ! পশ্চাৎ পৃষ্ঠতঃ ॥৫৩॥

তদনন্তর অভিমন্যুর বাণে আহত কর্ণ পুনরায় দ্রোণকে বলিলেন—'আচার্য্য! অভিমন্যু যেরূপ পীড়ন করিতেছে, তাহাতে আমি-থাকিতে হয় বলিয়া থাকিতেছি ॥৪৮॥

এই তেজস্বী কুমারের অতিদারুণ ও অগ্নির ন্যায় ওজস্বী বিশাল বাণগুলি আজ আমার হৃদয় বিদীর্ণ করিয়াছে' ॥৪৯॥

তখন দ্রোণাচার্য্য মৃদু মৃদু হাস্য করতই যেন কর্ণকে বলিলেন—'ইহার কবচ অভেদ্য, এ—যুবক এবং ইহার পরাক্রমও দ্রুতকার্য্যকারী ॥৫০॥

আমিই ইহার পিতাকে কবচধারণের নিয়ম বলিয়া দিয়াছিলাম; শত্রুনগরবিজয়ী এই অভিমন্যু নিশ্চয়ই সে সমস্ত জানে ॥৫১॥

বিশেষসন্ধানপূর্ব্বক বাণদ্বারা উহার ধনু, গুণ ও ঘোড়ার লাগাম ছেদন করা যাইতে পারে এবং ঘোড়াগুলিকে ও পিছনের সারথি দুই জনকে বধ করাও সম্ভবপর ॥৫২॥

অতএব মহাধনুর্দ্ধর কর্ণ! যদি পার, তবে ইহা কর, তাহার পর উহাকে বিমুখ করিয়া পিছনের দিক্ হইতে প্রহার করিতে থাক ।৫৩

---

(৫২) · জ্যাঞ্চ বাণৈঃ সমাহিতৈঃ। অভীষবো হয়াশ্চৈব—বা নি।

সধনুষ্কো ন শক্যোঽয়মপি জেতুং সুরাসুরৈঃ।
বিরথং বিধনুষ্কঞ্চ কুরুষ্বৈনং যদীচ্ছসি ॥৫৪॥
তদাচার্য্যবচঃ শ্রুত্বা কর্ণো বৈকর্ত্তনস্ত্বরন্।
অস্যতো লঘুহস্তস্য পৃষ্ঠতো ধনুরচ্ছিনৎ ॥৫৫॥
অশ্বানস্যাবধীদ্দ্রোণো গৌতমঃ পার্ষ্ণিসারথী।
শেষাস্তু ছিন্নধন্বানং শরবর্ষৈরবাকিরন্ ॥৫৬॥
ত্বরমাণাস্ত্বরাকালে বিরথং ষণ্মহারথাঃ।
শরবর্ষৈরকরুণা বালমেকমবাকিরন্ ॥৫৭॥
স ছিন্নধন্বা বিরথঃ স্বধর্ম্মমনুপালয়ন্।
খড়্গচর্ম্মধরঃ শ্রীমানুৎপপাত বিহায়সা ॥৫৮॥

সেতি। যদীচ্ছসি হন্তুমিতি শেষঃ। কূটনীতিরিয়মাচার্য্যস্য নিতরামন্যায্যা ॥৫৪॥
তদিতি। বৈকর্ত্তনঃ সূর্য্যপুত্রঃ, ত্বরন্ ত্বরমাণঃ। অস্যতো বাণান্ ক্ষিপতঃ ॥৫৫॥
অশ্বানিতি। গৌতমঃ কৃপঃ। শেষা দুর্য্যোধনাদয়ঃ ॥৫৬॥
ত্বরেতি। দ্রোণঃ, কৃপঃ, কর্ণঃ, অশ্বত্থামা, দুর্য্যোধনঃ, শকুনিশ্চেতি ষণ্মহারথাঃ ॥৫৭॥
স ইতি। স্বধর্ম্মং ক্ষত্রিয়নিয়মম্। শ্রীমান্ বীরশোভাবান্, উৎপপাত রথাৎ ॥৫৮॥

ও যদি ধনুর্যুক্ত থাকে, তবে দেব-দানবেবাও উহাকে জয় কবিতে পাবেন না। সুতরাং যদি উহাকে বধ করিতে ইচ্ছা কর, তবে উহাকে বথবিহীন ও ধনুঃশূন্য কর' ॥৫৪॥

সূর্য্যনন্দন কর্ণ দ্রোণাচার্য্যেব সেই কথা শুনিযা ত্বরান্বিত হইলেন এবং অভিমন্যু দ্রুতহস্তে বাণক্ষেপ কবিতেছিলেন, সেই সময়ে পিছনেব দিক্ হইতে তাঁহাব ধনু ছেদন করিলেন ॥৫৫॥

দ্রোণ অভিমন্যুব অশ্বগুলিকে এবং কৃপ তাঁহাব পৃষ্ঠবর্ত্তী সারথি দুই জনকে বধ করিলেন ; আব অবশিষ্ট মহাবথেবা ছিন্নকার্ম্মুক অভিমন্যুর উপবে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥৫৬॥

নির্দ্দয় দ্রোণ, কৃপ, কর্ণ, অশ্বত্থামা, দুর্য্যোধন এবং শকুনি এই ছয জন মহারথ ত্বরার সময়ে ত্ববান্বিত হইয়া রথবিহীন, বালক ও একাকী অভিমন্যুর উপরে বাণ বর্ষণ করিতে থাকিলেন ॥৫৭॥

তখন ছিন্নকার্ম্মুক, বথবিহীন, অথচ বীবশোভায় শোভিত অভিমন্যু ক্ষত্রিয়ধর্ম্ম রক্ষা কবতঃ খড়্গ ও চর্ম্ম ধারণ করিয়া আকাশপথে বথ হইতে লাফ দিয়া উঠিলেন ॥৫৮॥

(৫৫)·· পৃষৎকৈর্ধনুরচ্ছিনৎ—পি বা ব। (৫৬) অশ্বানস্যাবধীদ্ভোজঃ—পি বা ব।

মার্গৈঃ স কৌশিকাদ্যৈশ্চ লাঘবেন বলেন চ।
আর্জ্জুনির্ব্যচরদ্ব্যোম্নি ভৃশং বৈ পক্ষিরাড়িব ॥৫৯॥
ময্যেব নিপতত্যেষ সাসিরিত্যূর্দ্ধদৃষ্টয়ঃ।
বিব্যধুস্তং মহেষ্বাসং সমরে ছিদ্রদর্শিনঃ ॥৬০॥
তস্য দ্রোণোঽচ্ছিনন্মুষ্টৌ খড়্গং মণিময়ত্‌সরুম্।
ক্ষুরপ্রেণ মহাতেজাস্ত্বরমাণঃ সপত্নজিৎ ॥৬১॥
ব্যসিচর্ম্মেষুপূর্ণাঙ্গঃ সোঽন্তরিক্ষাৎ পুনঃ ক্ষিতিম্।
আস্থিতশ্চক্রমুদ্যম্য দ্রোণং ক্রুদ্ধোঽভ্যধাবত ॥৬২॥
স চক্ররেণূজ্জ্বলশোভিতাঙ্গো বভাবতীবোজ্জ্বলচক্রপাণিঃ।
রণেঽভিমন্যুঃ ক্ষণমাস রৌদ্রঃ স বাসুদেবানুকৃতিং প্রকুর্বন্ ॥৬৩॥

মার্গৈরিতি। কৌশিকাদয়ো মার্গা যুদ্ধশাস্ত্রে প্রসিদ্ধাঃ, লাঘবেন দ্রুততয়া ॥৫৯॥
ময়ীতি। অসিনা সহেতি সাসিঃ, ঊর্দ্ধদৃষ্টয়ো দ্রোণাদয়ঃ ॥৬০॥
তস্যেতি। মণিময়ঃ ত্‌সরুর্মুষ্টিদেশো যস্য তম্। সপত্নজিৎ শত্রুবিজয়ী ॥৬১॥
ব্যসীতি। ছেদনাৎ বিগতে অসিচর্ম্মণী যস্য স ব্যসিচর্ম্মা, ইষুপূর্ণাঙ্গো বাণব্যাপ্তগাত্রঃ ॥৬২॥
স ইতি। চক্রেণ রেণুভির্ধূলিভিশ্চ যথাক্রমম্ উজ্জ্বলানি শোভিতানি চ অঙ্গানি যস্য সঃ, তথা অতীবোজ্জ্বলং চক্রং পাণৌ যস্য স তাদৃশশ্চ, সোঽভিমন্যুর্বভৌ। কিঞ্চ সোঽভিমন্যুঃ, বাসুদেবানুকৃতিং চক্রধারণেন কৃষ্ণানুকরণং প্রকুর্বন্, ক্ষণম্, রণে, রৌদ্রো ভয়ঙ্করশ্চ, আস বভূব। "শেষাঙ্গনির্ম্মাণবিধৌ বিধাতুর্লাবণ্য উৎপাদ্য ইবাস যত্নঃ" ইতি কুমারসম্ভবপ্রয়োগবৎ অস্তের্ভূরাদেশাভাব আর্ষঃ ॥৬৩॥

ক্রমে তিনি পেচকপ্রভৃতির গতির নিয়মে শীঘ্রতা ও শক্তির গুণে গরুড়ের ন্যায় আকাশপথে (ভূতল অপেক্ষা) অধিক বিচরণ করিতে লাগিলেন ॥৫৯॥

তখন 'তরবারিধারী অভিমন্যু আমার উপরেই পতিত হইবে' ইহা ভাবিয়া সেই মহারথেরা ঊর্দ্ধদৃষ্টি হইয়া ছিদ্র (ফাঁক্) দেখিয়া সেই মহাধনুর্দ্ধর অভিমন্যুকে বাণদ্বারা বিদ্ধ করিতে থাকিলেন ॥৬০॥

ক্রমে মহাতেজা ও শত্রুবিজয়ী দ্রোণ ত্বরান্বিত হইয়া একটা ক্ষুরপ্র- (বাণ-বিশেষ) দ্বারা অভিমন্যুর তরবারির মণিময় মুষ্টিদেশ ছেদন করিলেন ॥৬১॥

সেই সময়ে অভিমন্যুর অসি ও চর্ম্ম নষ্ট হইয়া গেল, সমস্ত অঙ্গও বাণে পরিপূর্ণ হইয়া পড়িল ; তথাপি তিনি ক্রুদ্ধ হইয়া পুনরায় আকাশ হইতে ভূতলে আসিয়া চক্র উত্তোলন করিয়া দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৬২॥

---

(৬২) ..সোঽন্তরিক্ষাচ্চ্যুতঃ ক্ষিতিম্—পি।

স্রুতরুধিরকৃতৈকরাগবস্ত্রো ভ্রুকুটিপুটাকুটিলোঽতিসিংহনাদঃ।
প্রভুরমিতবলো রণেঽভিমন্যুর্নৃপবরমধ্যগতো বিরাজতে স্ম ॥৬৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে অভিমন্যুপরাক্রমে দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ।

———:*:———

সঞ্জয় উবাচ।

বিষ্ণোঃ স্বস্রুর্নন্দকরঃ স বিষ্ণ্বায়ুধভূষিতঃ।
ররাজাতিরথঃ সংখ্যে জনার্দ্দন ইবাপরঃ ॥১॥

স্রুতেতি। স্রুতৈর্গাত্রাদ্‌গলিতৈঃ রুধিরৈঃ কৃত একোঽদ্বিতীয়ো রাগো রঞ্জনং যস্য তত্তাদৃশং বস্ত্রং যস্য সঃ, ভ্রুকুটিপুটেন আকুটিলঃ অতীবকুটিলবদনঃ, অতি মহান্ সিংহনাদো যস্য সঃ, প্রভুঃ অস্ত্রপ্রভাবশালী, অমিতবলশ্চাভিমন্যুঃ, রণে তত্র সমরাঙ্গনে, বিপক্ষাণাং নৃপবরাণাং মধ্যগতঃ সন্ বিরাজতে স্ম ॥৬৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

বিষ্ণোরিতি। বিষ্ণোঃ কৃষ্ণস্য, স্বস্রুর্ভগিন্যাঃ সুভদ্রায়া নন্দকরঃ পুত্রত্বাদানন্দজনকঃ, বিষ্ণোঃ কৃষ্ণস্য আয়ুধেন চক্রেণ ভূষিতঃ। অতিরথোঽভিমন্যুঃ ॥১॥

তৎকালে অভিমন্যুর অঙ্গ সকল চক্রের কিরণে উজ্জ্বল এবং ধূলিজালে শোভিত হইয়াছিল। সুতরাং অত্যন্তোজ্জ্বলচক্রধারী অভিমন্যু শোভা পাইতে লাগিলেন। আবার চক্র ধারণ করায় কৃষ্ণের অনুকরণ করিতে থাকিয়া তিনি ক্ষণকাল রণস্থলে রৌদ্রমূর্ত্তিও হইলেন ॥৬৩॥

অভিমন্যুর পরিধানের বস্ত্রখানি গলিত রক্তের ধারায় রঞ্জিত হইয়াছিল, ভ্রুকুটি করায় মুখমণ্ডল বিশেষ কুটিল দেখা যাইতেছিল এবং তিনি গুরুতর সিংহনাদ করিতেছিলেন। এই অবস্থায় অস্ত্রপ্রভাবসম্পন্ন ও মহাবল অভিমন্যু সমরাঙ্গনে বিপক্ষ রাজাদের মধ্যে প্রকাশ পাইতে থাকিলেন" ॥৬৪॥

---

(৬৪) ক্ষতরুধিরকৃতৈকরাগবস্ত্রঃ—পি। * '...সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '...অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ' বা রা নি। (১) বিষ্ণোঃ সমানন্দকরঃ—পি,... স বিষ্ণ্বায়ুধভূষণঃ—বা নি।

মারুতোদ্ধূতকেশান্তমুদ্যতারবরায়ুধম্।
বপুঃ সমীক্ষ্য পৃথ্বীশা দুঃসমীক্ষ্যং সুরৈরপি ॥২॥
তচ্চক্রং ভৃশমুদ্বিগ্নাঃ সংচিচ্ছিদুরনেকধা।
মহারথস্ততঃ কার্ষ্ণিঃ স জগ্রাহ মহাগদাম্ ॥৩॥ (যুগ্মকম্)
বিধনুঃস্যন্দনাসিস্তৈর্বিচক্রশ্চারিভিঃ কৃতঃ।
অভিমন্যুর্গদাপাণিরশ্বত্থামানমার্দ্দয়ৎ ॥৪॥
স গদামুদ্যতাং দৃষ্ট্বা জ্বলন্তীমশনীমিব।
অপাক্রামদ্রথোপস্থাদ্বিক্রমাংস্ত্রীন্ নরর্ষভঃ ॥৫॥
তস্যাশ্বান্ গদয়া হত্বা তথোভৌ পার্ষ্ণিসারথী।
শরাচিতাঙ্গঃ সৌভদ্রঃ শ্বাবিদ্বৎ সমদৃশ্যত ॥৬॥

মারুতেতি। মারুতেন বায়ুনা উদ্ধূতৈঃ সঞ্চালিতৈঃ কেশৈরন্তং বিশেষসুন্দরম্, উদ্যত-মুত্তোলিতম্ অরৈঃ অন্তর্গতভির্য্যক্‌কাষ্ঠৈর্বরং শ্রেষ্ঠমায়ুধং চক্রং যেন তৎ, বপুঃ অভিমন্যোঃ শরীরম্। কার্ষ্ণিরভিমন্যুঃ। "অন্তঃ প্রান্তেঽন্তিকে নাশে স্বরূপেঽতিমনোহরে" "অরং শীঘ্রে চ চক্রাঙ্গে শীঘ্রগে পুনরন্তবৎ" ইত্যুভয়ত্রাপি বিশ্বঃ ॥২—৩॥

বিধনুরিতি। তৈর্দ্রোণাদিভিররিভিঃ, বিগতা ধনুঃ স্যন্দনো রথঃ অসিশ্চ তে যস্য সঃ, বিচক্রশ্চ, কৃতোঽভিমন্যুঃ, গদাপাণিঃ সন্, অশ্বত্থামানম্ আর্দ্দয়ৎ পীড়য়িতুমগচ্ছৎ ॥৪॥

স ইতি। সঃ অশ্বত্থামা। অশনীং বজ্রম্। ত্রীন্ বিক্রমান্ প্রলম্ফান্ কৃত্বা ॥৫॥

সঞ্জয় বলিলেন—"কৃষ্ণভগিনী সুভদ্রার আনন্দজনক, চক্রশোভিত ও অতিরথ অভিমন্যু দ্বিতীয় কৃষ্ণের ন্যায় সমরাঙ্গনে শোভা পাইতে লাগিলেন ॥১॥

তৎকালে বায়ু তাঁহার কেশকলাপ সঞ্চালন করিতে থাকায় তাঁহার দেহটী বড়ই সুন্দর দেখাইতেছিল, আবার চক্রটীর ভিতরের তেরচা কাঠগুলি সুন্দর সাজান থাকায় তাহাও উত্তম বলিয়া ধারণা হইতেছিল, সেই চক্রটী তিনি তুলিয়া ধরিয়াছিলেন। সুতরাং তাঁহার সে আকৃতির দিকে দৃষ্টিপাত করা দেবগণেরও দুষ্কর হইয়াছিল। সেই আকৃতি দেখিয়া রাজারা অত্যন্ত উদ্বিগ্ন হইয়া সেই চক্রটীকে বহুখণ্ডে ছেদন করিয়া ফেলিলেন। তাহার পর মহারথ অভিমন্যু বিশাল গদা ধারণ করিলেন ॥২—৩॥

সেই শত্রুরা অভিমন্যুর ধনু, রথ, তরবারি ও চক্র বিনষ্ট করিলে, তিনি গদা ধারণ করিয়া অশ্বত্থামাকে আঘাত করিবার জন্য ধাবিত হইলেন ॥৪॥

তখন অশ্বত্থামা বজ্রের ন্যায় উজ্জ্বল ও উদ্যত গদা দেখিয়া রথ হইতে নামিয়া তিন লাফে সরিয়া গেলেন ॥৫॥

---

(২)···উদ্যতাসিবরায়ুধাঃ—পি,···উদ্যতাসিবরায়ুধম্—ব,·· উদ্যতারিবরায়ুধম্—নি।

ততঃ সুবলদায়াদং কালিকেয়মপোথয়ৎ।
জঘান চাস্যানুচরান্ গান্ধারান্ সপ্তসপ্ততিম্।
পুনশ্চৈব বসাতীয়ান্ জঘান রথিনো দশ ॥৭॥
কেকয়ানাং রথান্ সপ্ত হত্বা চ দশ কুঞ্জরান্।
দৌঃশাসনিরথং সাশ্বং গদয়া সমপোথয়ৎ ॥৮॥
ততো দৌঃশাসনিঃ ক্রুদ্ধো গদামুদ্যম্য মারিষ ! ।
অভিদুদ্রাব সৌভদ্রং তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৯॥
তাবুদ্যতগদৌ বীরাবন্যোন্যবধকাঙ্ক্ষিণৌ।
ভ্রাতরৌ সম্প্রজহ্রাতে পুরেব ত্র্যম্বকান্ধকৌ ॥১০॥
তাবন্যোন্যং গদাগ্রাভ্যামাহত্য পতিতৌ ক্ষিতৌ।
ইন্দ্রধ্বজাবিবোৎসৃষ্টৌ রণমধ্যে পরন্তপৌ ॥১১॥

তস্যেতি। শরৈরাচিতাঙ্গো ব্যাপ্তগাত্রঃ। শ্বানং বিধ্যতীতি শ্বাবিৎ শল্যস্তদ্বৎ ॥৬॥

তত ইতি। সুবলস্য দায়াদং পুত্রম্। বসাতীয়ান্ বসাতিদেশীয়ান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

কেকয়ানামিতি। দৌঃশাসনের্দুঃশাসনপুত্রস্য রথম্, অশ্বৈঃ সহেতি সাশ্বম্ ॥৮॥

তত ইতি। উদ্যম্য উত্তোল্য, হে মারিষ! আর্য্য! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ ॥৯॥

তাবিতি। ত্র্যম্বকান্ধকৌ মহাদেবান্ধকাসুরৌ ॥১০॥

তাবিতি। উৎসৃষ্টৌ পূজান্তে নিপাতিতৌ ॥১১॥

ক্রমে অভিমন্যু গদাদ্বারা অশ্বত্থামার চারিটা অশ্ব ও পৃষ্ঠসারথি দুই জনকে বধ করিয়া বাণব্যাপ্তদেহ থাকায় শেজারুর ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥৬॥

তাহার পর অভিমন্যু গদাদ্বারা সুবলপুত্র কালিকেয়কে নিষ্পেষিত করিলেন এবং তাঁহার অনুচর সপ্তসপ্ততিসংখ্যক গান্ধারদেশীয় বীরকে বধ করিলেন, আবার বসাতিদেশীয় দশ জন রথীকে সংহার করিলেন ॥৭॥

তৎপরে তিনি গদাদ্বারা কেকয়দিগের সাত জন রথীকে এবং দশটা হাতীকে বধ করিয়া দুঃশাসনপুত্রের অশ্বগুলির সহিত রথখানাকে চূর্ণ করিলেন ॥৮॥

মাননীয় রাজা! তদনন্তর দুঃশাসনের পুত্র ক্রুদ্ধ হইয়া গদা উত্তোলন করিয়া অভিমন্যুর দিকে ধাবিত হইলেন এবং 'থাক 'থাক' এই কথা বলিলেন ॥৯॥

পূর্ব্বকালে মহাদেব ও অন্ধকাসুরের ন্যায় পরস্পর বধাকাঙ্ক্ষী সেই বীর ভ্রাতারা দুই জন গদা উত্তোলন করিয়া পরস্পর প্রহার করিতে লাগিলেন ॥১০॥

দৌঃশাসনিরথোত্থায় কুরূণাং কীর্ত্তিবর্দ্ধনঃ।
উত্তিষ্ঠমানং সৌভদ্রং গদয়া মূর্দ্ধ্ন্যতাড়য়ৎ ॥১২॥
গদাবেগেন মহতা ব্যায়ামেন চ মোহিতঃ।
বিচেতা ন্যপতদ্ভূমৌ সৌভদ্রঃ পরবীরহা ॥১৩॥
এবং বিনিহতো রাজন্নেকো বহুভিরাহবে।
ক্ষোভয়িত্বা চমূং সর্ব্বাং নলিনীমিব কুঞ্জরঃ ॥১৪॥
অশোভত হতো বীরো ব্যাধৈর্ব্বনগজো যথা।
তং তথা পতিতং দৃষ্ট্বা তাবকাঃ পর্য্যবারয়ন্ ॥১৫॥
দাবং দগ্ধ্বা যথা শান্তং পাবকং শিশিরাত্যয়ে।
বিমৃদ্য তরুশৃঙ্গাণি সন্নিবৃত্তমিবানিলম্ ॥১৬॥

দৌরিতি। কুরূণাং কীর্ত্তিবর্দ্ধন ইতি সোল্লুণ্ঠনোক্তিঃ, নিতান্তক্লান্তস্য তাড়নাৎ ॥১২॥
গদেতি। ব্যায়ামেন দীর্ঘকালযুদ্ধকরণাৎ পরিশ্রমেণ। বিচেতা অচৈতন্যঃ সন্ ॥১৩॥
এবমিতি। ক্ষোভয়িত্বা স্থিত একোঽভিমন্যুঃ। নলিনীং পদ্মসরসীম্ ॥১৪॥
অশোভতেতি। তাবকাস্ত্বৎপক্ষীয়া বীরাঃ, পর্য্যবারয়ন্ দর্শনায় পর্য্যবেষ্টন্ত ॥১৫॥
দাবমিতি। দাবং বনম্, শান্তং নির্ব্বাণম্। বিমৃদ্য বিভজ্য, তরূণাং শৃঙ্গাণি উচ্চশাখাঃ।

ক্রমে শত্রুসন্তাপকারী সেই বীরেরা দুই জন গদার অগ্রদেশদ্বারা পরস্পর আঘাত করিয়া দুইটা ইন্দ্রধ্বজের ন্যায় সমরমধ্যে ভূতলে পতিত হইলেন ॥১১॥

তাহার পর কুরুবংশের কীর্ত্তিবর্দ্ধক দুঃশাসনপুত্র পূর্ব্বে উঠিয়া গদাদ্বারা উত্তিষ্ঠমান অভিমন্যুর মস্তকে আঘাত করিলেন ॥১২॥

বিপক্ষবীরহন্তা অভিমন্যু দীর্ঘকাল যুদ্ধ করায় পরিশ্রমে পূর্ব্বেই বিশেষ ক্লান্ত ছিলেন, তাহাতে আবার সেই গুরুতর গদাঘাত পাওয়ায় অচৈতন্য হইয়া ভূতলে পতিত হইলেন ॥১৩॥

রাজা! হস্তী যেমন পদ্মসরোবর আলোড়ন করে, সেইরূপ অভিমন্যু সমগ্র কৌরববাহিনী, আলোড়ন করিতেছিলেন; সেই অবস্থায় বহুতর বীর মিলিত হইয়া যুদ্ধে এইভাবে এক অভিমন্যুকে বধ করিলেন ॥১৪॥

তখন ব্যাধনিহত বন্য হস্তীর ন্যায় অভিমন্যু নিহত হইয়া শোভা পাইতে লাগিলেন। ক্রমে তাঁহাকে সেইভাবে পতিত দেখিয়া আপনার পক্ষের যোদ্ধারা যাইয়া পরিবেষ্টন করিলেন ॥১৫॥

ভরতনন্দন! পরে বসন্তকালে অগ্নি যেমন বন দগ্ধ করিয়া নির্ব্বাণ হয়,

---

(১৬) ··বিমৃদ্য নগশৃঙ্গানি—বা নি।

অস্তং গতমিবাদিত্যং তপ্ত্বা ভারত ! বাহিনীম্ ।
উপপ্লুতং যথা সোমং সংশুষ্কমিব সাগরম্ ॥১৭॥
পূর্ণচন্দ্রাভবদনং কাকপক্ষাবৃতাক্ষিকম্ ।
তং ভূমৌ পতিতং দৃষ্ট্বা তাবকাস্তে মহারথাঃ ।
মুদা পরময়া যুক্তাশ্চুক্রুশুঃ সিংহবন্মুহুঃ ॥১৮॥ (বিশেষকম্)
আসীৎ পরমকো হর্ষস্তাবকানাং বিশাংপতে ! ।
ইতরেষান্তু বীরাণাং নেত্রেভ্যঃ প্রাপতজ্জলম্ ॥১৯॥
অন্তরীক্ষে চ ভূতানি প্রাক্রোশন্ত বিশাংপতে ! ।
দৃষ্ট্বা নিপতিতং বীরং চ্যুতং চন্দ্রমিবাম্বরাৎ ॥২০॥
দ্রোণকর্ণমুখৈঃ ষড়্ভির্ধার্ত্তরাষ্ট্রৈর্মহারথৈঃ ।
একোঽয়ং নিহতঃ শেতে নৈষ ধর্ম্মো মতো হি নঃ ॥২১॥

বাহিনীং জগতীমিব কৌরবসেনাম্ । উপপ্লুতং রাহুগ্রস্তম্ । কাকপক্ষাভ্যাং কর্ণান্তিকবর্ত্তি-কেশগুচ্ছাভ্যাম্ আবৃতে অক্ষিণী চক্ষুষী যস্য তম্ । চুক্রুশুর্নেদুঃ । ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬—১৮॥

আসীদিতি । উভয়ত্রাপি অভিমন্যুবধেনেতি ভাবঃ ॥১৯॥

অন্তরীক্ষ ইতি । ভূতানি দেবাদয়ঃ প্রাণিনঃ, প্রাক্রোশন্ত বিষাদকোলাহলং চক্রুঃ ॥২০॥

অথ তদানীং যুষ্মাকং কিমপি মন্তব্যমাসীন্ন বেত্যাহ দ্রোণেতি । ধর্ম্মো ন্যায়ঃ ॥২১॥

বায়ু যেমন বৃক্ষের শাখা মর্দ্দন করিয়া নিবৃত্তি পায়, জগৎ সন্তপ্ত করিয়া সূর্য্য যেমন অস্তমিত হন, রাহুগ্রস্ত চন্দ্র যেমন হইযা থাকেন এবং শুষ্ক সমুদ্র যেমন অবস্থা প্রাপ্ত হয়, সেইরূপ কৌরববাহিনী সন্তপ্ত করিয়া পূর্ণচন্দ্রবদন ও কাকপক্ষ-(জুল্পি) সংবৃতনযন অভিমন্যু ভূতলে পতিত রহিলেন; সেই অবস্থায় তাঁহাকে দেখিয়া আপনার পক্ষের সেই মহারথেরা অত্যন্ত আনন্দিত হইয়া মুহুর্মুহু সিংহনাদ করিতে লাগিলেন ॥১৬—১৮॥

নরনাথ! তৎকালে আপনার পক্ষের বীরগণের পরম আনন্দ হইল এবং অপর পক্ষের বীরদিগের নযনজল পতিত হইতে থাকিল ॥১৯॥

রাজা! আকাশচ্যুত চন্দ্রের ন্যায় বীর অভিমন্যুকে নিপতিত দেখিয়া আকাশস্থ ব্যক্তিরাও বিষাদকোলাহল করিতে লাগিলেন ॥২০॥

দ্রোণ ও কর্ণপ্রভৃতি দুর্য্যোধনপক্ষীয় ছয় জন মহারথকর্ত্তৃক নিহত হইয়া সেই এক জন যে শযন করিয়াছিলেন, ইহা আমাদের ন্যায়সঙ্গত হইয়াছে বলিয়া মনে হয় নাই ॥২১॥

---

(১৮) কাকপক্ষাবৃতাক্ষকম্—পি, কাকপক্ষাবৃতালিকম্—নি।

তস্মিন্ বিনিহতে বীরে বহ্বশোভত মেদিনী।
দ্যৌর্যথা পূর্ণচন্দ্রেণ নক্ষত্রগণমালিনী ॥২২॥
রুক্মপুঙ্খৈশ্চ সংপূর্ণা রুধিরৌঘপরিপ্লুতা।
উত্তমাঙ্গৈশ্চ শূরাণাং ভ্রাজমানৈঃ সকুণ্ডলৈঃ ॥২৩॥
বিচিত্রৈশ্চ পরিস্তোমৈঃ পতাকাভিশ্চ সংবৃতা।
চামরৈশ্চ কুথাভিশ্চ প্রবিদ্ধৈশ্চাম্বরোত্তমৈঃ ॥২৪॥
রথাশ্বনরনাগানামলঙ্কারৈশ্চ সুপ্রভৈঃ।
খড়্গৈঃ সুনিশিতৈঃ পীতৈর্নির্ম্মুক্তৈর্ভুজগৈরিব ॥২৫॥
চাপৈশ্চ বিবিধৈশ্ছিন্নৈঃ শক্ত্যৃষ্টিপ্রাসকম্পনৈঃ।
বিবিধৈশ্চায়ুধৈশ্চান্যৈঃ সংবৃতা ভূরশোভত ॥২৬॥ (কলাপকম্)
বাজিভিশ্চাপি নির্জীবৈঃ শ্বসদ্ভিঃ শোণিতোক্ষিতৈঃ।
সারোহৈর্বিষমা ভূমিঃ সৌভদ্রেণ নিপাতিতৈঃ ॥২৭॥
সাঙ্কুশৈঃ সমহামাত্রৈঃ সবর্ম্মায়ুধকেতুভিঃ।
পর্ব্বতৈরিব বিধ্বস্তৈর্বিশিখৈর্মথিতৈর্গজৈঃ ॥২৮॥

তস্মিন্নিতি। নক্ষত্রগণমালিনীত্যনেন মেদিন্যাঃ পতিতবীরাস্তববক্তুং সূচিতম্ ॥২২॥
রুক্মেতি। রুক্মপুঙ্খৈঃ শরৈঃ। উত্তমাঙ্গৈঃ শিরোভিঃ। পরিস্তোমৈঃ অশ্বপৃষ্ঠাস্তরণৈঃ। কুথাভির্গজপৃষ্ঠাস্তরণৈঃ, প্রবিদ্ধৈঃ পতিতৈঃ। পীতৈঃ প্রাক্‌পীতরক্তৈঃ। ভূঃ সমরভূমিঃ ॥২৩-২৬॥
বাজিভিবিতি। সারোহৈরারোহিসহিতৈঃ, বিষমা উচ্চাবচা অভবৎ ॥২৭॥
সাঙ্কুশৈরিতি। সমহামাত্রৈর্হস্তিপকসহিতৈঃ। বিশিখৈরিতি বিধ্বংসমথনয়োঃ করণম্।

সেই বীর নিহত হইয়া পতিত হইলে, পূর্ণচন্দ্রদ্বারা নক্ষত্রগণযুক্ত আকাশের ন্যায় সমরভূমি শোভা পাইতে লাগিল ॥২২॥

রক্তপ্রবাহে সংসিক্তা, স্বর্ণপুঙ্খ বাণ এবং কুণ্ডলযুক্ত ও শোভমান বীরগণের মস্তকে পরিপূর্ণা; বিচিত্র অশ্বপৃষ্ঠের আস্তরণ, গজপৃষ্ঠের আস্তরণ, পতাকা, চামর ও উত্তম উত্তম বস্ত্রে আবৃতা; আর হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণের উজ্জ্বল অলঙ্কার সকল, চর্ম্মনির্ম্মুক্ত সর্পের ন্যায় পীতরক্ত ও নিশিত তরবারি, ছিন্ন নানাবিধ ধনু, শক্তি, ঋষ্টি, প্রাস, কম্পন ও অন্য বহুবিধ অস্ত্রে আচ্ছাদিতা সমরভূমি বিশেষ শোভা ধারণ করিল ॥২৩—২৬॥

অভিমন্যু আরোহীদের সহিত যে সকল অশ্বকে নিপাতিত করিয়াছিলেন, প্রাণহীন নিশ্বাসকারী ও রক্তসিক্ত সেই সকল অশ্বে সমরভূমি উঁচু-নীচু হইয়াছিল ॥২৭॥

পৃথিব্যামনুকীর্ণৈশ্চ ব্যশ্বসারথিযোধিভিঃ।
হ্রদৈরিব প্রক্ষুভিতৈর্হতনাগৈ রথোত্তমৈঃ ॥২৯॥
পদাতিসংঘৈশ্চ হতৈর্বিবিধায়ুধভূষণৈঃ।
ভীরূণাং ত্রাসজননী ঘোররূপাভবন্মহী ॥৩০॥ (বিশেষকম্)
তং দৃষ্ট্বা পতিতং ভূমৌ চন্দ্রার্কসদৃশদ্যুতিম্।
তাবকানাং পরা প্রীতিঃ পাণ্ডূনাঞ্চাভবদ্ব্যথা ॥৩১॥
অভিমন্যৌ হতে রাজন্! শিশুকেঽপ্রাপ্তযৌবনে।
সংপ্রাদ্রবচ্চমূঃ সর্ব্বা ধর্ম্মরাজস্য পশ্যতঃ ॥৩২॥
দীর্য্যমাণং বলং দৃষ্ট্বা সৌভদ্রে বিনিপাতিতে।
অজাতশত্রুস্তান্ বীরানিদং বচনমব্রবীৎ ॥৩৩॥
স্বর্গমেষ গতঃ শূরো যো হতো ন পরাঙ্মুখঃ।
সংস্তম্ভয়ত মা ভৈষ্ট বিজেষ্যামো রণে রিপূন্ ॥৩৪॥

অনুকীর্ণৈর্বিক্ষিপ্তৈঃ। বিগতা অশ্বাঃ সারথয়ো যোধিনশ্চ যেষাং তৈঃ। অতএব হতা নাগাঃ সর্পা যেষাং তৈঃ, প্রক্ষুভিতৈর্হ্রদৈরিব স্থিতৈঃ। মহী সা সমরভূমিঃ ॥২৮—৩০॥

তমিতি। তমভিমন্যুম্। পরা সাতিশয়া, পাণ্ডূনাং পাণ্ডবানাম্ ॥৩১॥

অভীতি। শিশুক ইতি দয়ায়াং কপ্রত্যয়ঃ। সংপ্রাদ্রবৎ পলায়ত ॥৩২॥

দীর্য্যেতি। দীর্য্যমাণং ভয়েন ভজ্যমানম্। অজাতশত্রুর্যুধিষ্ঠিরঃ ॥৩৩॥

স্বর্গমিতি। সংস্তম্ভয়ত মনাংসি স্থিরীকুরুত ॥৩৪॥

পর্ব্বতের ন্যায় হস্তী সকল বাণদ্বারা নিহত ও মথিত হইয়া অঙ্কুশ, হস্তিপক, বর্ম্ম, অস্ত্র, ও ধ্বজের সহিত পতিত ছিল; হতসর্প উদ্বেলিত হ্রদসমূহের তুল্য উত্তম উত্তম রথগুলি অশ্ব, সারথি ও যোদ্ধৃশূন্য হইয়া ভূতলে বিক্ষিপ্ত রহিয়াছিল এবং নানাবিধ অস্ত্র ও অলঙ্কারযুক্ত পদাতি সকল নিহত হইয়া শয়িত ছিল; তাহাতে সেই সমবভূমি ভযঙ্কবমূর্ত্তি ধাবণ কবিযা ভীরুগণের ভয জন্মাইতে লাগিল ॥২৮—৩০॥

চন্দ্র ও সূর্য্যেব ন্যায় তেজস্বী অভিমন্যুকে ভূতলে পতিত দেখিয়া কৌরব-পক্ষের অত্যন্ত আনন্দ এবং পাণ্ডবপক্ষের গুরুতর বিষাদ জন্মিল ॥৩১॥

বাজা! বালক বা অপ্রাপ্তযৌবন অভিমন্যু নিহত হইলে, যুধিষ্ঠিবের সমক্ষেই তাঁহাদেব সমস্ত সৈন্য পলায়ন কবিতে লাগিল ॥৩২॥

অভিমন্যু নিহত হইলে, সৈন্যগণ ভগ্ন হইতেছে দেখিয়া যুধিষ্ঠির সেই বীবগণকে এই কথা বলিলেন—॥৩৩॥

---

(২৯)—অশ্বসারথিযোধিভিঃ—নি। (৩৩)…অজাতশত্রুঃ স্বান্ বীরান্—পি।

ইত্যেবং স মহাতেজা দুঃখিতেভ্যো মহাদ্যুতিঃ।
ধর্ম্মরাজো যুধাং শ্রেষ্ঠো ব্রুবন্ দুঃখমপানুদৎ ॥৩৫॥
যুদ্ধে হ্যাশীবিষাকারান্ রাজপুত্রান্ রণে বহূন্।
পূর্ব্বং নিহত্য সংগ্রামে পশ্চাদার্জ্জুনিরন্বগাৎ ॥৩৬॥
হত্বা দশ সহস্রাণি কৌশল্যঞ্চ মহারথম্।
কৃষ্ণার্জ্জুনসমঃ কার্ষ্ণিঃ শক্রলোকং গতো ধ্রুবম্ ॥৩৭॥
রথাশ্বনরমাতঙ্গান্ বিনিহত্য সহস্রশঃ।
অবিতৃপ্তঃ স সংগ্রামাদশোচ্যঃ পুণ্যকর্ম্মকৃৎ।
গতঃ পুণ্যকৃতাং লোকান্ শাশ্বতান্ পুণ্যনির্জ্জিতান্ ॥৩৮॥

সঞ্জয় উবাচ।

বয়ন্তু প্রবরং হত্বা তেষাং তৈঃ শরপীড়িতাঃ।
নিবেশায়াভ্যুপায়ামঃ সায়াহ্নে রুধিরোক্ষিতাঃ ॥৩৯॥

ইতীতি। দুঃখমাত্মনঃ শোকম্, অপানুদৎ তৎকালমপাসারয়ৎ ॥৩৫॥
যুদ্ধ ইতি। আশীবিষাকারান্ তীক্ষ্ণবিষসর্পতুল্যান্ ভীষণান্। অন্বগাৎ তানেব ॥৩৬॥
হত্বেতি। কৌশল্যং কোশলরাজং বৃহদ্বলম্। কার্ষ্ণিরভিমন্যুঃ ॥৩৭॥
রথেতি। অবিতৃপ্তঃ অপূর্ণাকাঙ্ক্ষঃ। শাশ্বতান্ চিরস্থায়িনঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৮॥

'যিনি পরাঙ্মুখ হইয়া নিহত হন নাই, সেই বীর স্বর্গে গমন করিয়াছেন। সুতরাং আপনারা মন স্থির করুন, ভয় করিবেন না, আমরা যুদ্ধে শত্রুগণকে জয় করিব' ॥৩৪॥

মহাতেজা, মহোৎসাহ ও যোদ্ধশ্রেষ্ঠ যুধিষ্ঠির দুঃখিত যোদ্ধাদের নিকটে এইরূপ বলিয়া নিজের দুঃখও দূর করিলেন, (পরে আবার বলিলেন—') ॥৩৫॥

'যুদ্ধে তীক্ষ্ণবিষ সর্পের তুল্য ভীষণ এবং যুদ্ধে সমবেত বহুতর রাজপুত্রকে যুদ্ধে প্রথমে বধ করিয়া পরে অভিমন্যু তাঁহাদের অনুসরণ করিয়াছেন ॥৩৬॥

কৃষ্ণ ও অর্জ্জুনের তুল্য যোদ্ধা অভিমন্যু দশ সহস্র সৈন্য ও মহারথ বৃহদ্বলকে বধ করিয়া নিশ্চয়ই ইন্দ্রলোকে গমন করিয়াছেন ॥৩৭॥

পুণ্যকর্ম্মকারী অভিমন্যু সহস্র সহস্র হস্তী, অশ্ব, রথ এবং পদাতি সংহার করিয়াও যুদ্ধে তৃপ্তিলাভ না করিয়া পুণ্যকারিগণের পুণ্যনির্জ্জিত স্থায়ী লোকে গমন করিয়াছেন। সুতরাং তাঁহার জন্য শোক করা উচিত নহে' ॥৩৮॥

---

(৩৬)· রণে রিপূন্· আর্জ্জুনিরভ্যয়াৎ—বা নি। (৩৭)· শক্রসদ্ম গতো ধ্রুবম্—পি ব। (৩৮) শ্লোকাৎ পরম্ '...একোনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বা নি।

নিরীক্ষমাণাস্তু বয়ং পরে চায়োধনং শনৈঃ।
অপযাতা মহারাজ! গ্লানিং প্রাপ্তা বিচেতসঃ ॥৪০॥
ততো নিশায়া দিবসস্য চাশিবঃ শিবারুতৈঃ সন্ধিরবর্ত্ততাদ্ভুতঃ।
কুশেশয়াপীড়নিভে দিবাকরে বিলম্বমানেঽস্তমুপেত্য পর্ব্বতম্ ॥৪১॥
বরাসিশক্ত্যৃষ্টিবরূথচর্ম্মণাং বিভূষণানাঞ্চ সমাক্ষিপন্ প্রভাঃ।
দিবঞ্চ ভূমিঞ্চ সমানয়ন্নিব প্রিয়াং তনুং ভানুরুপৈতি পাবকম্ ॥৪২॥

বয়মিতি। তেষাং পাণ্ডবানাং পক্ষে, প্রবরমন্যতমং প্রধানং বীরম্। নিবেশায শিবিরে ॥৩৯॥

নিরিতি। আযোধনং রণাঙ্গনম্। বিচেতসঃ শোকাদচৈতন্যপ্রায়াঃ ॥৪০॥

তত ইতি। ততঃ, কুশেশয়াপীড়নিভে অস্তপর্ব্বতস্যৈব রক্তপদ্মরচিতশেখরতুল্যে, দিবাকরে সূর্য্যে, অস্তং পর্ব্বতমুপেত্য, বিলম্বমানে তস্মাদপ্যবতরতি সতি, শিবারুতৈঃ শৃগালরবৈঃ অশিবঃ অমঙ্গলসূচকঃ, অদ্ভুতঃ নানাভাবোপগমাদাশ্চর্য্যঃ, নিশায়া দিবসস্য চ সন্ধিঃ সন্ধ্যাকালঃ অবর্ত্তত অভবৎ ॥৪১॥

বরেতি। ভানুঃ সূর্য্যঃ, বরাণি উত্তমানি যানি অসয়ঃ শক্তয়ঃ ঋষ্টয়শ্চাস্ত্রবিশেষাঃ বরূথচর্ম্মাণি রথাবরণীভূতব্যাঘ্রচর্ম্মাণি তেষাম্, বিভূষণানামলঙ্কারাণাঞ্চ, প্রভা দ্যুতীঃ, সমাক্ষিপন্ স্বপ্রভাপ্রাধান্যেন তিরোদধৎ, তথা দিবমাকাশং ভূমিঞ্চ, সমানযন্ নিজকিরণানাং সমানপাতেন সমানীকুর্ব্বন্নিব চ, প্রিয়াং তনুং নিজমূর্ত্তিম্, পাবকমগ্নিম্, উপৈতি প্রবিশতি স্ম, "আদিত্যো বা সায়মগ্নিং প্রবিশতি" ইতি শ্রুতেরিতি ভাবঃ ॥৪২॥

সঞ্জয় বলিলেন—'তখন আমরা বিপক্ষের মধ্যে একজন প্রধান বীরকে বধ করিয়া তাহাদের বাণে পীড়িত ও রুধিরসিক্ত হইয়া সায়াহ্নকালে শিবিরে প্রবেশ করিবার জন্য প্রস্থান করিলাম ॥৩৯॥

মহারাজ! তৎকালে আমরা এবং পরাজয়নিবন্ধন আত্মগ্লানিযুক্ত ও অভিমন্যুর শোকে অচৈতন্যপ্রায় পাণ্ডবেরা সমরাঙ্গন দর্শন করিতে করিতে ধীরে ধীরে গমন করিতে লাগিলাম ॥৪০॥

তাহার পর (অস্তপর্ব্বতেরই মস্তকের) পদ্মমালার তুল্য সূর্য্য অস্তপর্ব্বতে যাইয়া ঝুলিতে লাগিলে, শৃগালের রবে অমঙ্গলসূচক এবং নানাপ্রকারে আশ্চর্য্য রাত্রি ও দিনের সন্ধিসময় উপস্থিত হইল ॥৪১॥

ক্রমে সূর্য্য-উত্তম তরবারি, শক্তি, ঋষ্টি ও রথাবরণচর্ম্মের এবং অলঙ্কার-সমূহের প্রভাকে তিরোহিত করিয়া, আর আকাশ ভূতলকে যেন সমান করিতে থাকিয়া নিজের প্রিয়মূর্ত্তি অগ্নিতে যাইয়া প্রবেশ করিলেন ॥৪২॥

মহাভ্রকূটাচলশৃঙ্গসন্নিভৈর্গজৈবনেকৈবিব বজ্রপাতিতৈঃ।
সবৈজয়ন্ত্যঙ্কুশবর্ম্মযন্তৃভির্নিপাতিতৈর্নষ্টগতিশ্চিতা ক্ষিতিঃ ॥৪৩॥
হতেশ্বরৈশ্চূর্ণিতচক্রকূবরৈর্হতাশ্বসূতৈর্বিপতাককেতুভিঃ।
মহারথির্ভূঃ শুশুভে বিচূর্ণিতৈঃ পুরৈরিবামিত্রহতৈর্নরাধিপ। ॥৪৪॥
রথাশ্ববৃন্দৈঃ সহসাদিভির্হতৈঃ প্রবিদ্ধভাণ্ডাভরণৈঃ পৃথগ্বিধৈঃ।
নিরস্তজিহ্বাদশনান্ত্রলোচনৈর্ধরা বভৌ ঘোরবিরূপদর্শনা ॥৪৫॥

মহেতি। ক্ষিতিঃ সমরভূমিঃ, মহান্তি বিশালানি যানি অভ্রকূটানি মেঘসমূহাঃ অচলানাং পর্ব্বতানাং শৃঙ্গাণি চ তৎসন্নিভৈঃ, বজ্রপাতিতৈরিব অনেকৈর্গজৈঃ, বীরগণেন নিপাতিতৈঃ, বৈজয়ন্ত্যঃ পতাকাশ্চ অঙ্কুশাশ্চ বর্ম্মাণি চ যন্তারঃ সারথয়শ্চ তৈঃ সহেতি তৈঃ, রথৈরিতি শেষঃ, চিতা ব্যাপ্তা সতী, নষ্টা গতির্গমনং যস্যাং সা তাদৃশী অভবৎ ॥৪৩॥

হতেতি। হে নরাধিপ। ভূঃ সমরভূমিঃ, অমিত্রৈঃ শত্রুভির্হতানি বিধ্বংসিতানীতি তৈঃ পুরৈর্নগরৈরিব স্থিতৈঃ, হতা ঈশ্বরা আরোহিণো যেষাং তৈঃ, চূর্ণিতানি চক্রাণি কূবরাণি যুগন্ধরাধ্যদারূণি চ যেষাং তৈঃ, হতা অশ্বাঃ সূতাঃ সারথয়শ্চ যেষাং তৈঃ, বিগতাঃ পতাকা যেষাং তাদৃশাঃ কেতবো যেষু তৈঃ. বিচূর্ণিতৈশ্চ, মহারথৈঃ, শুশুভে ॥৪৪॥

রথেতি। ধরা রণভূমিঃ, সাদিভিরারোহিভিঃ সহেতি তৈঃ, হতৈঃ প্রবিদ্ধানি পতিতানি ভাণ্ডানি অশ্বালঙ্কারা আভরণানি রথালঙ্কারাশ্চ যেষাং তৈঃ. "ভাণ্ডং পাত্রে মূলবণিগ্‌ধনে ভূষাশ্বভূষয়োঃ" ইতি মেদিনী, পৃথগ্বিধৈর্নানাপ্রকারৈঃ নিরস্তানি অস্ত্রৈশ্ছিত্বা বিক্ষিপ্তানি জিহ্বা দশনা দন্তা অন্ত্রাণি নাড়ীবিশেষা লোচনানি চ যেষাং তৈঃ, রথানামশ্বানাঞ্চ বৃন্দৈঃ, ঘোরং বিরূপং বিকৃতঞ্চ দর্শনং যস্যাঃ সা তাদৃশী সতী বভৌ ॥৪৫॥

ওদিকে মহামেঘ ও পর্ব্বতশৃঙ্গের তুল্য বিশাল এবং বজ্রনিপাতিতের ন্যায় ভূতলপতিত বহুতর হস্তীতে, আর পতাকা, অঙ্কুশ, বর্ম্ম ও সারথির সহিত নিপাতিত অসংখ্য রথে ব্যাপ্ত থাকায় সমরভূমিতে গমনাগমন অসম্ভব হইয়া গেল ॥৪৩॥

রাজা। তখন আরোহী, অশ্ব ও সারথি সকল নিহত, চক্র ও কূবর (তেরচা কাঠ) চূর্ণিত এবং ধ্বজগুলি পতাকাশূন্য অবস্থায় রহিলে, শত্রুবিধ্বস্ত নগরের ন্যায় বিচূর্ণিত বিশাল বিশাল রথদ্বারা সমরভূমি শোভা পাইতে লাগিল ॥৪৪॥

আরোহিগণ নিহত, রথসমূহ ভগ্ন ও অশ্ব সকল নিহত হইয়া পতিত ছিল এবং তাহাদের নানাবিধ অলঙ্কার, জিহ্বা, দন্ত, নাড়ী ও নয়ন ইতস্ততঃ বিক্ষিপ্ত হইয়া পড়িয়াছিল। তাহাতে সমরভূমির অবস্থা ভয়ঙ্কর ও বিকৃত হইয়াছিল ॥৪৫॥

---

(৪৩) ·দ্বিপৈরনেকৈরিব রুদ্রপাতিতৈঃ ··নিপাতিতৈর্নিষ্টনতীব গৌশ্চিতা—পি।

প্রবিদ্ধবর্ম্মাভরণাম্বরায়ুধা বিপন্নহস্ত্যশ্বরথানুগা নরাঃ।
মহার্হশয্যাস্তরণোচিতাস্তদা ক্ষিতাবনাথা ইব শেরতে হতাঃ ॥৪৬॥
অতীব হৃষ্টাঃ শ্বশৃগালবায়সা বকাঃ সুপর্ণাশ্চ বৃকাস্তরক্ষবঃ।
বয়াংস্যসৃক্‌পান্যথ রক্ষসাং গণা পিশাচসংঘাশ্চ সুদারুণা রণে ॥৪৭॥
ত্বচো বিনির্ভিদ্য পিবন্ বসামসৃক্ ত থব মজ্জাঃ পিশিতানি চাশ্নুবন্।
বপাং বিলুম্পন্তি হসন্তি রাক্ষসাঃ প্রকর্ষমাণাঃ কুণপান্যনেকশঃ ॥৪৮॥
শরীরসংঘাতবহা হ্যসৃগ্‌জলা রথোড়ুপা কুঞ্জরশৈলসঙ্কটা।
মনুষ্যশীর্ষোপলামাংসকর্দ্দমা প্রবিদ্ধনানাবিধশস্ত্রমালিনী ॥৪৯॥
ভয়াবহা বৈতরণীব দুস্তরা প্রবর্ত্তিতা যোধবরৈস্তদা নদী।
উবাহ মধ্যেন রণাজিরে ভৃশং ভয়াবহা দীনমৃতপ্রবাহিনী ॥৫০॥ (যুগ্মকম্)

প্রবিদ্ধেতি। মহার্হাণি মহামূল্যানি যানি শয্যাস্তরণানি তেষু উচিতাঃ শয়নে যোগ্যাঃ, নরাঃ সৈন্যাঃ, প্রবিদ্ধানি পতিতানি বর্ম্মাণি আভরণানি অম্বরাণি আয়ুধানি চ যেষাং তে, বিপন্নান্ মৃতান্ ভগ্নাংশ্চ হস্তিনঃ অশ্বান্ রথাংশ্চ অনুগচ্ছন্তি সহাবতিষ্ঠন্ত ইতি তে তাদৃশাঃ, হতাশ্চ সন্তঃ, তদা অনাথা ইব, ক্ষিতৌ সমরভূমৌ শেরতে স্ম ॥৪৬॥

অতীবেতি। শ্বানঃ কুক্কুরাঃ শৃগালাঃ বায়সাঃ কাকাশ্চ তে, বকাঃ, সুপর্ণা গরুড়জাতীয়াঃ পক্ষিণঃ, বৃকাস্তরক্ষবশ্চ ব্যাঘ্রবিশেষাঃ, অথ অসৃক্‌পানি রক্তপায়ীনি, বয়াংসি অপরে পক্ষিণঃ, সুদারুণাঃ, রক্ষসাং রাক্ষসানাং গণাঃ পিশাচসংঘাশ্চ, রণে খাদ্যপেযলাভাদতীবহৃষ্টা অভবন্ ॥৪৭॥

ত্বচ ইতি। ত্বচশ্চর্ম্মাণি বিনির্ভিদ্য, বসাং ধাতুবিশেষম্, অসৃক্ রক্তঞ্চ পিবন্, তথৈব মজ্জাঃ পিশিতানি মাংসানি চ, অশ্নুবন্ ভক্ষযন্, অভবৎ শ্বশৃগালাদিগণ ইতি শেষঃ। তথা রাক্ষসাঃ, অনেকশঃ কুণপানি শবান্ প্রকর্ষমাণাঃ সন্তঃ, বপাং বসাম্, বিলুম্পন্তি পিবন্তি স্ম, হসন্তি স্ম চ ॥৪৮॥

মহামূল্য শয্যা ও আস্তরণের উপরে শয়ন করিবার যোগ্য লোকেরা তখন মৃত হস্তী ও অশ্বগণের এবং ভগ্ন রথসমূহের নিকটে নিকটে অনাথের ন্যায় ভূতলে শয়ন করিয়া রহিয়াছিলেন; তৎকালে তাঁহাদের বর্ম্ম, অলঙ্কার, বস্ত্র ও অস্ত্র সকল ইতস্ততঃ বিক্ষিপ্ত ছিল ॥৪৬॥

কুকুর, শৃগাল, কাক, বক, গরুড়জাতীয় পক্ষী, চিতাবাঘ, কুকুরাকৃতি বাঘ, রক্তপায়ী পক্ষী সকল এবং অতিভয়ঙ্কর রাক্ষসগণ ও পিশাচগণ অত্যন্ত আনন্দিত হইয়া সমরভূমিতে বিচরণ করিতেছিল ॥৪৭॥

আর তাহারা চর্ম্ম ভেদ করিয়া বসা ও রক্ত পান করিতেছিল এবং মজ্জা ও মাংস ভক্ষণ করিতেছিল। বিশেষতঃ রাক্ষসেরা বহুতর শব আকর্ষণ করিয়া করিয়া সেগুলির বসা পান করিতেছিল, আর হাসিতেছিল ॥৪৮॥

---

(৫০) মহাভয়া বৈতরণীব…জীবমৃতপ্রবাহিনী—পি বা ব।

পিবন্তি চাশ্নন্তি চ যত্র দুর্দ্দশাঃ পিশাচসংঘাশ্চ নদন্তি ভৈরবাঃ।
সুনন্দিতাঃ প্রাণভৃতাং ভয়ঙ্করাঃ সমানভক্ষাঃ শ্বশৃগালপক্ষিণঃ ॥৫১॥
তথা তদায়োধনমুগ্রদর্শনং নিশামুখে পিতৃপতিরাষ্ট্রবর্দ্ধনম্।
নিরীক্ষমাণাঃ শনকৈর্জহুর্নরাঃ সমুত্থিতোন্নৃত্যকবন্ধসঙ্কুলম্ ॥৫২॥

যুগ্মকেন রক্তনদীং বর্ণয়তি শরীরেতি। শরীরাণাং সংঘাতং সমূহং বহতীতি সা, অসৃঞ্জি রক্তান্যেব জলানি যস্যাঃ সা, রথা এব উড়ুপানি প্লবা যস্যাঃ সা, কুঞ্জরা গজা এব শৈলাঃ পর্ব্বতাস্তৈঃ সঙ্কটা ব্যাপ্তা। মনুষ্যাণাং শীর্ষাণি শিরাংস্যেব উপলাঃ পাষাণা যস্যাঃ সা চাসৌ মাংসান্যেব কর্দ্দমা যস্যাঃ সা চেতি সা, প্রবিদ্ধানাং পতিতানাং নানাবিধানাং শস্ত্রাণাং শৈবলরূপাণাং মালা অস্যা অস্তীতি সা, দীনান্ অস্ত্রঘাতাদিনা পতিতাবসন্নান্ মৃতাংশ্চ প্রবহতীতি সা, ভয়াবহা দুস্তরা চ বৈতরণী নদীব, তদা যোধবরৈঃ প্রধানযোদ্ধৃভিঃ প্রবর্ত্তিতা, ভয়াবহা কাচন নদী, রণাজিরে সমরাঙ্গনে মধ্যেন, ভৃশম্, উবাহ বহতি স্ম ॥৪৯—৫০॥

পিবন্তীতি। ভৈরবা ভীষণমূর্ত্তয়ঃ, অতএব প্রাণভৃতামপি ভয়ঙ্করাঃ, দুঃখেন দৃশ্যন্ত ইতি দুর্দ্দশাঃ। খল্যপি গুণাভাব আর্ষঃ। সমানো ভক্ষঃ খাদ্যং যেষাং তে, শ্বশৃগালপক্ষিণঃ পিশাচসংঘাশ্চ, সুনন্দিতা অতীবহৃষ্টাঃ সন্তঃ, যত্র রক্তনদ্যাম্, রক্তানি পিবন্তি স্ম চ, মাংসাদীনি অশ্নন্তি ভক্ষয়ন্তি স্ম চ ॥৫১॥

তথেতি। নরা উভয়পক্ষীয়া এব লোকাঃ, নিশামুখে সন্ধ্যায়াম্, তথা উগ্রদর্শনম্, পিতৃপতের্যমস্য রাষ্ট্রবর্দ্ধনম্, সমুত্থিতৈঃ উদ্ভূতং নৃত্যং যেষাং তৈস্তাদৃশৈশ্চ কবন্ধৈঃ সঙ্কুলং ব্যাপ্তঞ্চ তৎ আয়োধনং সমরভূমিম্, নিরীক্ষমাণাঃ সন্তঃ, শনকৈঃ জহুস্তদেব তত্যজুঃ ॥৫২॥

তৎকালে মহাযোদ্ধারা সমরভূমির মধ্যে বৈতরণীনদীর ন্যায় ভয়ঙ্কর ও দুস্তর একটা রক্তের নদী প্রবর্ত্তিত করিয়া দিয়াছিলেন; সেটা মহাবেগে চলিতেছিল, শরীরসমূহ বহন করিতেছিল, পতিত ও মৃত লোকদের দেহগুলি লইয়া চলিয়াছিল এবং হস্তিশরীররূপ পর্ব্বতে ব্যাপ্ত ছিল; আর রক্ত ছিল তাহার জল, রথ ছিল ক্ষুদ্র নৌকা, মনুষ্যের মস্তক ছিল প্রস্তরখণ্ড, মাংস ছিল কর্দ্দম এবং নিপতিত নানাবিধ অস্ত্র ছিল তাহার শৈবলমালা ॥৪৯—৫০॥

খাদ্য যাহাদের সমান, সেই কুকুর, শৃগাল ও পক্ষিগণ এবং ভীষণমূর্ত্তি ও দুর্দৃশ্য পিশাচগণ প্রাণিগণের ভয় জন্মাইতে থাকিয়া ও বিশেষ আনন্দিত হইয়া যে নদীতে রক্তপান ও মাংস ভক্ষণ করিতেছিল ॥৫১॥

সেই সন্ধ্যাকালে উভয়পক্ষের লোকেরাই সেইরূপ উগ্রদর্শন, যমরাজ্যবর্দ্ধক এবং উত্থিত ও নৃত্যকারী কবন্ধগণে পরিব্যাপ্ত সেই সমরভূমি দর্শন করিতে করিতে তাহা পরিত্যাগ করিয়া ধীরে ধীরে যাইতে লাগিল ॥৫২॥

---

(৫১) পিবন্তি চ স্নান্তি চ ··প্রাণভৃতাং ক্ষয়ঙ্করাঃ—নি। (৫২)·· সমুত্থিতানৃত্ত—বা নি।

অপেতবিধ্বস্তমহার্হভূষণং নিপাতিতং শক্রসমং মহারথম্ ।
রণেঽভিমন্যুং দদৃশুস্তদা জনা ব্যপোঢ়হব্যং সদসীব পাবকম্ ॥৫৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে অভিমন্যুপতনে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ।

——:*:——

সঞ্জয় উবাচ ।

তস্মিংস্তু নিহতে বীরে সৌভদ্রে রথযূথপে ।
বিমুক্তরথসন্নাহাঃ সর্ব্বে নিক্ষিপ্তকার্ম্মুকাঃ ॥১॥
উপোপবিষ্টা রাজানং পরিবার্য্য যুধিষ্ঠিরম্ ।
তদেব দুঃখং ধ্যায়ন্তঃ সৌভদ্রগতমানসাঃ ॥২॥ (যুগ্মকম্)

অপেতেতি। তদা কিয়ন্তো জনাশ্চ, সদসি যজ্ঞসভায়াম্, ব্যপোঢ়ং নিবৃত্তপ্রক্ষেপং হব্যং ঘৃতাদিকং যস্য তং তাদৃশম্, পাবকমগ্নিমিব, অপেতানি ইতস্ততো বিক্ষিপ্তানি বিধ্বস্তানি চ মহার্হাণি মহামূল্যানি ভূষণানি যস্য তম্, নিপাতিতং শক্রসমম্, মহারথমভিমন্যুং রণে দদৃশুঃ ॥৫৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

——০::০——

তস্মিন্নিতি। রথানাং যূথং সমূহং পাতি রক্ষতীতি তস্মিন্। বিমুক্তাস্ত্যক্তা রথাঃ সন্নাহা যুদ্ধসজ্জাশ্চ যৈস্তে। পরিবার্য্য পরিবেষ্ট্য। উপোপবিষ্টা নিকটে নিকটে নিষণ্ণাঃ ॥১—২॥

আবার অনেক লোক সমরে নিপাতিত, ইন্দ্রের তুল্য বীর ও মহারথ অভিমন্যুকে দেখিতে থাকিল। তখন তিনি যজ্ঞসভায় ঘৃতাহুতিশূন্য অগ্নির ন্যায় নিস্তেজ হইয়া রহিয়াছিলেন এবং তাঁহাব মহামূল্য অলঙ্কারগুলি ইতস্ততঃ বিক্ষিপ্ত ও বিধ্বস্ত অবস্থায় পড়িয়া ছিল' ॥৫৩॥

——:*:——

সঞ্জয় বলিলেন—'মহারাজ! রথসমূহরক্ষক সেই বীর অভিমন্যু নিহত হইলে, পাণ্ডবপক্ষেব যোদ্ধারা সকলে রথ, যুদ্ধসজ্জা ও ধনু পরিত্যাগ করিযা

(৫৩)…শক্রসমং মহাবলম্—বা নি। * '…অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ' ব, '…পঞ্চাশত্তমোঽধ্যাযঃ' বা রা নি। (১) হতে তস্মিন্ মহাবীর্য্যে—বা নি।

ততো যুধিষ্ঠিরো রাজা বিললাপ সুদুঃখিতঃ।
অভিমন্যৌ হতে বীরে ভ্রাতুঃ পুত্রে মহারথে ॥৩॥
দ্রোণানীকমসংবাধং মম প্রিয়চিকীর্ষয়া।
ভিত্ত্বা ব্যূহং প্রবিষ্টোঽসৌ গোমধ্যমিব কেশরী ॥৪॥
যস্য শূরা মহেম্বাসাঃ প্রত্যনীকগতা রণে।
প্রভগ্না বিনিবর্ত্তন্তে কৃতাস্ত্রা যুদ্ধদুর্ম্মদাঃ ॥৫॥
অত্যন্তশত্রুরস্মাকং যেন দুঃশাসনঃ শরৈঃ।
ক্ষিপ্রং হ্যভিমুখঃ সংখ্যে বিসংজ্ঞো বিমুখীকৃতঃ ॥৬॥
স তীর্ত্বা দুস্তরং বীরো দ্রোণানীকমহার্ণবম্।
প্রাপ্য দৌঃশাসনিং কার্ষ্ণিঃ প্রাপ্তো বৈবস্বতক্ষয়ম্ ॥৭॥ (বিশেষকম্)
কথং দ্রক্ষ্যামি কৌন্তেয়ং সৌভদ্রে নিহতেঽর্জ্জুনম্।
সুভদ্রাং বা মহাভাগাং প্রিয়ং পুত্রমপশ্যতীম্ ॥৮॥

তত ইতি। বিললাপ বক্ষ্যমাণপ্রকারেণেত্যাশয়ঃ ॥৩॥

দ্রোণেতি। দ্রোণস্য অনীকং সৈন্যম্, অসংবাধম্ অপ্রতিবন্ধং যথা স্যাত্তথা ॥৪॥

যস্যেতি। শূরাঃ কর্ণাদয়ঃ, প্রত্যনীকগতা বিপক্ষবর্ত্তিনঃ। কৃতাস্ত্রাঃ শিক্ষিতাস্ত্রাঃ। সংখ্যে যুদ্ধে, বিসংজ্ঞঃ অচৈতন্যঃ। দৌঃশাসনিং দুঃশাসনপুত্রম্, কার্ষ্ণিরভিমন্যুঃ, বৈবস্বতক্ষয়ং যমালয়ম্ ॥৫—৭॥

কথমিতি। কথং দ্রক্ষ্যামি, দারুণশোকলজ্জোদয়াদিতি ভাবঃ ॥৮॥

সেই দুঃখই চিন্তা করিতে থাকিয়া রাজা যুধিষ্ঠিবকে পরিবেষ্টনপূর্ব্বক অভিমন্যু-গতচিত্তে নিকটে নিকটে উপবেশন করিলেন ॥১—২॥

তাহার পব ভ্রাতার পুত্র বীর ও মহাবথ অভিমন্যু নিহত হওয়ায় অত্যন্ত-দুঃখিত হইযা রাজা যুধিষ্ঠিব বিলাপ কবিতে লাগিলেন—॥৩॥

'হায়! সিংহ যেমন গোসমূহমধ্যে প্রবেশ করে, সেইরূপ অভিমন্যু আমার প্রিয়কার্য্য করিবাব ইচ্ছায ব্যূহ ভেদ করিযা অবাধে দ্রোণসৈন্যমধ্যে প্রবেশ করিযাছিলেন ॥৪॥

মহাধনুর্দ্ধব, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত ও যুদ্ধদুর্দ্ধর্ষ বিপক্ষবীরেরা যুদ্ধে যাঁহার নিকটে পরাজিত হইয়া নিবৃত্তি পাইযাছিলেন এবং আমাদের মহাশত্রু দুঃশাসন যুদ্ধে সম্মুখবর্ত্তী হইলে, যিনি বাণদ্বাবা সত্বরই তাঁহাকে বিমুখ ও অচৈতন্য করিযাছিলেন; সেই বীর অভিমন্যু দুস্তর দ্রোণসৈন্যসাগর উত্তীর্ণ হইয়া দুঃশাসনপুত্রেব নিকটে যাইযা যমালয়ে চলিযা গিয়াছেন ॥৫—৭॥

কিংস্বিদ্বয়মপেতার্থমশ্লিষ্টমসমঞ্জসম্ ।
তাবুভৌ প্রতি বক্ষ্যামো হৃষীকেশধনঞ্জয়ৌ ॥৯॥
অহমেব সুভদ্রায়াঃ কেশবার্জ্জুনয়োরপি ।
প্রিয়কামো জয়াকাঙ্ক্ষী কৃতবানিদমপ্রিয়ম্ ॥১০॥
ন লুব্ধো বুধ্যতে দোষান্ লোভান্মোহাৎ প্রবর্ত্ততে ।
মধুলিপ্সুর্হি নাপশ্যং প্রপাতমহমীদৃশম্ ॥১১॥
যো হি ভোজ্যে পুরস্কার্য্যো যানেষু শয়নেষু চ ।
ভূষণেষু চ সোঽস্মাভির্ব্বালো যুধি পুরস্কৃতঃ ॥১২॥
কথং হি বালস্তরুণো যুদ্ধানামবিশারদঃ ।
সদশ্ব ইব সংবাধে বিষমে ক্ষেমমর্হতি ॥১৩॥

কিমিতি। অপেতার্থং নিরর্থকম্, অশ্লিষ্টমযুক্তম্, অসমঞ্জসং সর্বদেশেষসম্ভবম্ ॥৯॥
অহমিতি। অহমেব, ময়ৈবাভিমন্যোঃ প্রেরণাদিত্যাশয়ঃ। প্রিয়কাম আত্মন ইত্যর্থঃ ॥১০॥
নেতি। লুব্ধো লোভী জনঃ। প্রপাতং পর্ব্বতাদ্যুচ্চদেশাৎ পতনম্ ॥১১॥
য ইতি। পুরস্কার্য্যঃ স্নেহাদগ্রবর্ত্তী কর্ত্তব্যঃ। অহো গুরুতরমন্যায্যং কৃতমিতি ভাবঃ ॥১২॥
কথমিতি। বালস্তরুণ উভয়সন্ধিস্থঃ। সংবাধে যুদ্ধসংঘর্ষে ॥১৩॥

অভিমন্যু নিহত হওয়ায় কুন্তীনন্দন অর্জ্জুন বা মহাভাগা সুভদ্রা সেই প্রিয় পুত্রকে দেখিতে পাইবেন না; সেই অবস্থায় আমি কি করিয়া তাঁহাদের সাক্ষাৎ করিব ॥৮॥

হায়! আমরা সেই কৃষ্ণ ও অর্জ্জুনের নিকটে কি করিয়া এই অনর্থক, অযুক্তিসিদ্ধ ও অসম্ভব বিষয় বলিব ॥৯॥

আমিই নিজের প্রিয়কার্য্য ও জয়লাভের ইচ্ছা করিয়া সুভদ্রা, কৃষ্ণ ও অর্জ্জুনের এই অপ্রিয় কার্য্য করিয়াছি ॥১০॥

লোভী মানুষ দোষ বুঝিতে পারে না, তাই লোভ ও মোহবশতঃ কার্য্যে প্রবৃত্ত হয়। (তাহার দৃষ্টান্ত—) আমি মধুলাভ করিবার ইচ্ছায় এইরূপ পতন পূর্ব্বে দেখিতে পাই নাই ॥১১॥

ভোজনে, গমনে, শয়নে ও ভূষণে যাহাকে অগ্রবর্ত্তী করা উচিত, সেই বালককে আমরা যুদ্ধে অগ্রবর্ত্তী করিয়াছিলাম ॥১২॥

বাল্য ও যৌবনের মধ্যবর্ত্তী এবং যুদ্ধে অনিপুণ অভিমন্যু উত্তম অশ্বের ন্যায় বিষম যুদ্ধসংঘর্ষমধ্যে কি করিয়া মঙ্গল লাভ করিবে ॥১৩॥

(৯) কিংস্বিদ্বক্ষ্যাম্যপেতার্থম্ ··প্রতিবক্ষ্যামঃ—বা নি। (১১)···মোহাল্লোভঃ প্রবর্ত্ততে··· প্রপাতমিমমীদৃশম্—পি ব।

নো চেদ্ধি বয়মপ্যেনং মহীমনুশয়ীমহি।
বীভৎসোঃ কোপদীপ্তস্য দগ্ধাঃ কৃপণচক্ষুষা ॥১৪॥
অলুব্ধো মতিমান্ হ্রীমান্ ক্ষমাবান্ রূপবান্ বলী।
বপুষ্মান্ মানকৃদ্বীরঃ প্রিয়ঃ সত্যপরাক্রমঃ ॥১৫॥
যস্য শ্লাঘন্তি বিবুধাঃ কর্ম্মাণ্যূর্জিতকর্ম্মণঃ।
নিবাতকবচান জঘ্নে কালকেয়াংশ্চ বীর্য্যবান্ ॥১৬॥
মহেন্দ্রশত্রবো যেন হিরন্ময়পুরবাসিনঃ।
অক্ষোর্নিমেষমাত্রেণ পৌলোমাঃ সগণা হতাঃ ॥১৭॥
পরেভ্যোঽপ্যভয়ার্থিভ্যো যো দদাত্যভয়ং বিভুঃ।
তস্যাস্মাভির্ন শকিতস্ত্রাতুমপ্যাত্মজো বলী ॥১৮॥(কলাপকম্)
ভয়ন্তু সুমহৎ প্রাপ্তং ধার্ত্তরাষ্ট্রান্ মহাবলান্।
পার্থঃ পুত্রবধাৎ ক্রুদ্ধঃ কৌরবান্ সাদয়িষ্যতি ॥১৯॥

নো ইতি। অমুং লক্ষ্যীকৃত্য, মহীমাশ্রিত্য। বীভৎসোরর্জ্জুনস্য, দগ্ধা ভবিষ্যামঃ ॥১৪॥
চতুর্ভিঃ কলাপকেনার্জ্জুনং বর্ণযন্ শোচতি অলুব্ধ ইতি। হ্রীমান্ অকার্য্যকরণে লজ্জাবান্। শ্লাঘন্তি প্রশংসন্তি, বিবুধা দেবা অপি, ঊর্জ্জিতকর্ম্মণঃ তেজঃসাধ্যকর্ম্মকারিণঃ। জঘ্নে যো জঘান। সগণাঃ পরিজনসহিতাঃ। তস্যাত্মজোঽপীতি সম্বন্ধঃ, শকিতঃ শক্তঃ ॥১৫—১৮॥
সম্ভাবযতি ভযমিতি। ভয কর্ত্তৃ। অত্র হেতুমাহ পার্থ ইতি। সাদযিষ্যতি উচ্ছেৎস্যতি ॥১৯॥

এখন আমরাও যদি অভিমন্যুকে লক্ষ্য কবিযা ভূতলে শযন না কবি, তবে ক্রোধোত্তেজিত অর্জ্জুনেব শোককাতব নযনে দগ্ধ হইযা যাইব ॥১৪॥

যিনি—অলোভী, বুদ্ধিমান্, অকার্য্যকবণে লজ্জাশীল, ক্ষমাবান্, রূপবান্, বলবান্, প্রশস্তমূর্ত্তি, মানী জনের সম্মানকাবী, বীর, লোকপ্রিয় ও যথার্থবিক্রমশালী; দেবতারাও যে শক্তির কার্য্যকাবীর কার্য্যেব প্রশংসা কবিযা থাকেন, যে বীর্য্যবান্ পুরুষ নিবাতকবচ ও কালকেয অসুবগণকে বিনাশ কবিযাছিলেন, যিনি চোখেব নিমেষমাত্রকালমধ্যে হিবণ্যপুরবাসী ইন্দ্রের শত্রু পৌলোমনামক অসুরগণকে স্বজনগণেব সহিত বধ কবিযাছিলেন এবং যে প্রভাবশালী বীব অভয়ার্থী শত্রুগণকেও অভয় দিয়া থাকেন, সেই অর্জ্জুনেব বলবান্ পুত্রকেও আমবা বক্ষা করিতে পাবিলাম না। ॥১৫—১৮॥

সে যাহা হউক, মহাবল ধার্ত্তবাষ্ট্রগণেব গুরুতব ভয উপস্থিত হইযাছে। কাবণ, অর্জ্জুন পুত্রবধনিবন্ধন ক্রুদ্ধ হইযা কৌববগণের উচ্ছেদ করিবেন ॥১৯॥

---

(১৯)·· কৌরবান্ শোবয়িষ্যতি—বা নি।

ক্ষুদ্রঃ ক্ষুদ্রসহায়শ্চ স্বপক্ষক্ষয়মাতুরঃ ।
ব্যক্তং দুর্য্যোধনো দৃষ্ট্বা শোচন্ হাস্যতি জীবিতম্ ॥২০॥
ন মে জয়ঃ প্রীতিকরো ন রাজ্যং ন চামরত্বং ন সুরৈকলোকতা ।
ইমং সমীক্ষ্যাপ্রতিবীর্য্যপৌরুষং নিপাতিতং দেববরাত্মজাত্মজম্ ॥২১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে যুধিষ্ঠিরবিলাপে চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ।

——:*:——

সঞ্জয় উবাচ ।
অথৈবং বিলপন্তং তং কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্ ।
কৃষ্ণদ্বৈপায়নস্তত্র আজগাম মহানৃষিঃ ॥১॥

ক্ষুদ্র ইতি। ক্ষুদ্রোঽল্পবুদ্ধিঃ। আতুরঃ স্বজননাশদুঃখার্ত্তঃ। ব্যক্তং ধ্রুবম্ ॥২০॥
নেতি। সুরাণামেকো লোকো যস্য তস্য ভাবঃ সা। সমীক্ষ্য স্থিতস্যেতি শেষঃ। ন বিদ্যেতে প্রতিবীর্য্যপৌরুষৌ সমবলসমপুরুষকারৌ যস্য তম্, দেববর ইন্দ্রস্তদাত্মজোঽর্জ্জুন-স্তদাত্মজম্ ॥২১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি
অভিমন্যুবধে চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

——:*:——

অথেতি। অত্রালঙ্কারিকো বিসন্ধিদোষ আর্ষত্বাৎ সোঢ়ব্যঃ ॥১॥

ক্ষুদ্র, ক্ষুদ্রসহায় ও স্বজনবধনিবন্ধন দুঃখার্ত্ত দুর্য্যোধন নিজপক্ষের ক্ষয় দেখিয়া নিশ্চয়ই শোক করতঃ জীবন ত্যাগ করিবে ॥২০॥
কিন্তু প্রতিবল ও প্রতিপুরুষকারবিহীন এবং ইন্দ্রের পুত্রের পুত্র এই অভিমন্যুকে নিপাতিত দেখিয়া আমারও জয়, রাজ্য, দেবত্ব বা দেবগণের সহিত একলোকে বাস ইহার কোনটাই প্রীতিকর হইবে না' ॥২১॥

---

(২০)·· স্বপক্ষক্ষয়কারকঃ—বা নি। (২১)· ন সুরৈঃ সলোকতা—বা ব নি। * '··· একোনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '···একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বা রা নি। (১) অথৈনম··· বা বৰ্দ্ধ বঙ্গ নি।

তমর্চ্চিত্বা যথান্যায়মুপবিষ্টং যুধিষ্ঠিরঃ।
অব্রবীচ্ছোকসন্তপ্তো ভ্রাতুঃ পুত্রবধেন সঃ ॥২॥
অধর্ম্মযুক্তৈর্বহুভিঃ পরিবার্য্য মহারথৈঃ।
যুধ্যমানো মহেষ্বাসৈঃ সৌভদ্রো নিহতো রণে ॥৩॥
বালশ্চ বালবুদ্ধিশ্চ সৌভদ্রঃ পরবীরহা।
অনুপায়েন সংগ্রামে যুধ্যমানো বিনাশিতঃ ॥৪॥
ময়া হ্যুক্তঃ স সংগ্রামে দ্বারং সংজনয়স্ব নঃ।
প্রবিষ্টেঽভ্যন্তরে তস্মিন্ সৈন্ধবেন স্ম বারিতাঃ ॥৫॥
ননু নাম সমং যুদ্ধমেষ্টব্যং যুদ্ধজীবিভিঃ।
ইদঞ্চৈবাসমং যুদ্ধমীদৃশং যৎ কৃতং পরৈঃ ॥৬॥

তমিতি। অর্চ্চিত্বেতি ভৌবাদিকস্যার্চ্চেঃ প্রযোগঃ ॥২॥

অধর্ম্মেতি। ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি ইষ্বাসো ধনুঃ মহানিষ্বাসো যেষাং তৈঃ ॥৩॥

বাল ইতি। বালবুদ্ধিঃ, অপরিণামদর্শিত্বাৎ। অনুপায়েন রথাদ্যুপায়াভাবেনাপি ॥৪॥

ময়েতি। দ্বারং ব্যূহস্য। সৈন্ধবেন জয়দ্রথেন, বারিতাঃ প্রবিশন্তো বয়ম্ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! কুন্তীনন্দন যুধিষ্ঠির এইরূপ বিলাপ করিতেছিলেন, সেই সময়ে মহর্ষি বেদব্যাস সেখানে আগমন করিলেন ॥১॥

তখন যুধিষ্ঠির যথানিয়মে তাঁহার অর্চ্চনা করিলে তিনি উপবেশন করিলেন; পরে ভ্রাতার পুত্রের বধনিবন্ধন শোকসন্তপ্ত যুধিষ্ঠির তাঁহাকে বলিতে লাগিলেন—॥২॥

'ভগবন্! অভিমন্যু সমরাঙ্গনে মহাধনুর্দ্ধরগণের সহিত যুদ্ধ করিতেছিলেন, সেই সময়ে বহুতর অধার্ম্মিক মহারথ পরিবেষ্টন করিয়া তাঁহাকে বধ করিয়াছেন ॥৩॥

বালক, বালকবুদ্ধি, অথচ বিপক্ষবীরহন্তা অভিমন্যু যুদ্ধের উপকরণশূন্য হইয়াও যুদ্ধ করিতেছিলেন; সেই অবস্থায় তাঁহাকে বিনাশ করিয়াছে ॥৪॥

রণক্ষেত্রে আমি তাঁহাকে বলিয়াছিলাম—'বৎস! তুমি আমাদের জন্য চক্রব্যূহের দ্বার করিয়া দাও'। পরে অভিমন্যু চক্রব্যূহের দ্বার করিয়া তাহার ভিতরে প্রবেশ করিলে এবং আমরাও তাঁহার পিছনে পিছনে প্রবেশ করিতে লাগিলে, জয়দ্রথ আসিয়া আমাদিগকে নিবারণ করিয়াছেন ॥৫॥

---

(২) পুত্রবধেন চ—বা নি। (৪) বালশ্চাবালবুদ্ধশ্চ বা বর্দ্ধ বঙ্গ,· বীরশ্চ পরবীরহা ·· নি,·· যুধ্যমানো বিশেষতঃ—বা বর্দ্ধ বঙ্গ। (৫) ময়া ত্যক্তঃ·· পি, ময়া প্রোক্তঃ·· বা বর্দ্ধ নি,·· প্রবিষ্টে চ পরাংস্তস্মিন্—পি। (৬)···প্রকৃতং পরৈঃ—পি।

তেনাস্মি ভৃশসন্তপ্তঃ শোকবাষ্পসমাকুলঃ।
শমং নৈবাধিগচ্ছামি চিন্তয়ানঃ পুনঃ পুনঃ ॥৭॥

সঞ্জয় উবাচ।

তং তথা বিলপন্তং বৈ শোকবাষ্পসমাকুলম্।
উবাচ ভগবান্ ব্যাসো যুধিষ্ঠিরমিদং বচঃ ॥৮॥

ব্যাস উবাচ।

যুধিষ্ঠির! মহাপ্রাজ্ঞ! সর্বশাস্ত্রবিশারদ!।
ব্যসনেষু ন মুহ্যন্তি ত্বাদৃশা ভরতর্ষভ! ॥৯॥
স্বর্গমেষ গতঃ শূরঃ শত্রূন্ হত্বা বহূন্ রণে।
অবালসদৃশং কর্ম্ম কৃত্বা বৈ পুরুষোত্তমঃ ॥১০॥
অনতিক্রমণীয়ো বৈ বিধিরেষ যুধিষ্ঠির!।
দেবদানবগন্ধর্ব্বান্ মৃত্যুর্হরতি ভারত! ॥১১॥

নন্বিতি। সমং পক্ষয়োঃ সংখ্যয়া শক্ত্যা চ সমানম্। অসমং বহুভিরেকেন সহ করণাৎ ॥৬॥
তেনেতি। শমং শান্তিম্। চিন্তয়ানঃ অভিমন্যোশ্চরিত্রং তদ্বধস্যান্যায্যতাঞ্চ চিন্তয়ন্ ॥৭॥
তমিতি। ভগবান্ পরদুঃখকাতরত্বাদিগুণেন যোগিত্বাদিনা চ মাহাত্ম্যবান্ ॥৮॥
যুধীতি। ব্যসনেষু বিপৎসু, ন মুহ্যন্তি মহাপ্রাজ্ঞত্বাৎ সর্বশাস্ত্রবিশারদত্বাচ্চ ॥৯॥
স্বর্গমিতি। এষোঽভিমন্যুঃ। অবালসদৃশং পূর্ণবয়স্কপুরুষযোগ্যম্ ॥১০॥
অনতীতি। প্রলয়কালে মৃত্যুর্দেবান্ হরতীতি বোধ্যম্। অতো নামরত্বহানিঃ ॥১১॥

ভগবন্! যুদ্ধজীবিগণের সমান যুদ্ধই বাঞ্ছনীয় হইয়া থাকে; কিন্তু বিপক্ষেরা এইরূপ যে যুদ্ধ করিয়াছে, তাহা অত্যন্ত অসমান ॥৬॥

সেই জন্যই আমি বার বার অভিমন্যুর চরিত্র ও তাঁহার বধের অন্যায্যতা স্মরণ করিয়া শোকে গুরুতর সন্তপ্ত ও বাষ্পসমাকুল হইয়া শান্তিই পাইতেছি না' ॥৭॥

সঞ্জয় কহিলেন—'যুধিষ্ঠির শোকে ও বাষ্পে সমাকুল হইয়া সেইরূপ বিলাপ করিতে লাগিলে, ভগবান্ বেদব্যাস তাঁহাকে এই কথা বলিলেন ॥৮॥

বেদব্যাস বলিলেন—'মহাপ্রাজ্ঞ! সর্ব্বশাস্ত্রবিশারদ! ভরতশ্রেষ্ঠ! যুধিষ্ঠির! তোমার তুল্য লোকেরা বিপদে অধীর হন না ॥৯॥

এই বীর ও পুরুষশ্রেষ্ঠ অভিমন্যু যুদ্ধে বহুশত্রুবধ এবং অবালকোচিত কার্য্য করিয়া স্বর্গে চলিয়া গিয়াছেন ॥১০॥

ভরতনন্দন যুধিষ্ঠির! বিধাতার এই নিয়ম অলঙ্ঘনীয়। দেখ—দেব, দানব এবং গন্ধর্ব্বগণকেও মৃত্যু হরণ করিয়া থাকে' ॥১১॥

(১০)···অকালসদৃশং কর্ম্ম—বর্দ্ধ।

যুধিষ্ঠির উবাচ।

ইমে বৈ পৃথিবীপালাঃ শেরতে পৃথিবীতলে।
নিহতাঃ পৃতনামধ্যে মৃতসংজ্ঞা মহাবলাঃ ॥১২॥
নাগাযুতবলাশ্চান্যে বাযুবেগবলাস্তথা।
ত এতে নিহতাঃ সংখ্যে তুল্যরূপা নরৈর্নরাঃ ॥১৩॥
নৈষাং পশ্যামি হন্তারং প্রাণিনাং সংযুগে ক্বচিৎ।
বিক্রমেণোপসম্পন্নাস্তপোবলসমন্বিতাঃ ॥১৪॥
জেতব্যমিতি চান্যোন্যং যেষাং নিত্যং হৃদি স্থিতম্।
অথ চেমে হতাঃ প্রাজ্ঞাঃ শেরতে বিগতায়ুষঃ ॥১৫॥

ভাবতকৌমুদী

ইম ইতি। পৃতনায়াঃ সেনাযা মধ্যে। মৃতসংজ্ঞা ইত্যনেন পরবর্ত্তী প্রশ্নঃ সূচিতঃ ॥১২॥
নাগেতি। নাগাযুতস্য দশসহস্রহস্তিনাং বলমিব বলং যেষাং তে ॥১৩॥
নেতি। হন্তৃবদর্শনে হেতুমাহ বিক্রমেণেতি। উপসম্পন্না যুক্তাঃ ॥১৪॥
জেতব্যমিতি। স্তিতমিষ্টমিতি শেষঃ। যেষামিতি স্থিতেস্ত ইম ইতি সম্বন্ধনীয়ম্ ॥১৫॥

ভাবতভাবদীপঃ *

"অথৈনং বিলপন্তং ত"মিত্যাদেঃ শীঘ্রং যোদ্ধুমুপাক্রমদিত্যেতস্য গ্রন্থস্য তাৎপর্য্যং শন্তনোঽস্ততনো বাপি কামবোগাদিরূপধৃক্ স্বদোষঃ পুরুষং হন্তি ন শত্রুরিপুমৃত্যব ইতি ॥১—৪॥ দ্বারং সংজনযস্বেতি মযা উক্ত ইতি সম্বন্ধঃ। নিবারিতাঃ তমনুপ্রবিষ্টা ইতি শেষঃ ॥৫—১০॥ বিধিঃ স্বকর্ম্ম স এব মৃত্যুঃ ॥১১—১৪॥ অথেতি। গতাযুষো গতাসব ইতি শব্দেন

যুধিষ্ঠির বলিলেন—'ভগবন্! এই মহাবল বাজারা নিহত হইযা 'মৃত'-নাম ধাবণ কবিযা সৈন্যমধ্যে ভূতলে শযন কবিযা বহিয়াছেন ॥১২॥

ইঁহাদের মধ্যে অনেকে দশসহস্র হস্তীব তুল্য বলশালী, আবাব বহুতর বাযুবেগের সমান বলবান্ ছিলেন। অথচ এই তাঁহাবাই সমান সমান হইযাও অপব মনুষ্যকর্ত্তৃক যুদ্ধে নিহত হইযাছেন ॥১৩॥

সুতরাং কখনও যুদ্ধে ইঁহাদেব হন্তাকে আমি দেখিতে পাই না। কারণ, ইঁহারা সকলেই বিক্রম, তপস্যা ও শক্তিসম্পন্ন ছিলেন ॥১৪॥

'জয় কবিতে হইবে' এইটুকুই যাঁহাদেব হৃদযে সর্ব্বদা পরস্পর ইচ্ছা ছিল, এই সেই প্রাজ্ঞ লোকেরাই আযুঃশেষ হওযায শযন কবিযা বহিযাছেন ॥১৫॥'

---

(১৩)·· তুল্যরূপা নরেশ্বরাঃ—পি। (১৪)·· বিক্রমোণাপপন্নাঃ [illegible]—[illegible] বঙ্গ বর্দ্ধ।

* ইতঃপ্রভৃতি পুনর্নীলকণ্ঠকৃতা ভারতভাবদীপাখ্যা টীকা [illegible]।

মৃতা ইতি চ শব্দোঽয়ং বর্ত্ততে চ ততোঽর্থবৎ।
ইমে মৃতা মহীপালাঃ প্রায়শো ভীমবিক্রমাঃ ॥১৬॥
নিশ্চেষ্টা নিরভীমানাঃ শূরাঃ শক্রবশং গতাঃ।
রাজপুত্রাশ্চ সংরব্ধা বৈশ্বানরমুখং গতাঃ।
অত্র মে সংশয়ঃ প্রাপ্তঃ কুতঃ সংজ্ঞা মৃতা ইতি ॥১৭॥
কস্য মৃত্যুঃ কুতো মৃত্যুঃ কেন মৃত্যুরিমাঃ প্রজাঃ।
হরত্যমরসঙ্কাশ! তন্মে ব্রূহি পিতামহ! ॥১৮॥

সঞ্জয় উবাচ।

তং তথা পরিপৃচ্ছন্তং কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্।
আশ্বাসনমিদং বাক্যমুবাচ ভগবানৃষিঃ ॥১৯॥

ভারতকৌমুদী

মৃতা ইতি। অর্থবৎ সার্থকং যথা স্যাত্তথা বর্ত্ততে, "মৃঙ্ প্রাণত্যাগে" ইতি ধাত্বর্থবশাৎ ॥১৬॥
নিরিতি। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ, বৈশ্বানরমুখং গতা অস্ত্রাগ্নিনা দগ্ধাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥
কস্যেতি। প্রজা জনান্। পিতুঃ পাণ্ডোর্জনকত্বাৎ পিতামহেতি সম্বোধনম্ ॥১৮॥
তমিতি। আশ্বাস্যতে অনেনেতি আশ্বাসনম্। বচেৰ্দ্বিকর্ম্মকত্বাৎ কর্ম্মদ্বয়ম্ ॥১৯॥

ভারতভাবদীপঃ

দেহবিয়োগে পুরুষস্য পারতন্ত্র্যং প্রতীয়তে ॥১৫॥ মৃতা ইতি শব্দেন ধাত্বর্থানুগমাৎ প্রাণত্যাগে পুরুষস্য স্বাতন্ত্র্যং প্রতীয়তে। ততঃ পুরুষং কিমন্যো মারযতি, উত স্বয়মেব স্বাত্মানং মারয়তীতি প্রশ্নার্থঃ ॥১৬—১৭॥ কস্য মৃত্যুঃ ক ইতি বিশেষঃ। অন্তিমপক্ষে কুতো হেতোঃ

সেই জন্যই 'মৃত' এই শব্দটা সার্থক হইয়াছে। প্রায়ই ভয়ঙ্করবিক্রমশালী রাজারা এই মরিয়াছেন ॥১৬॥

বীরেরা শক্রদেব বশীভূত হইয়া নিশ্চেষ্ট ও নিরভিমান অবস্থায় রহিয়াছেন এবং ক্রুদ্ধ রাজপুত্রেরাও অস্ত্রানলে দগ্ধ হইয়াছেন। এ বিষয়ে আমার সংশয় উপস্থিত হইয়াছে যে, 'মৃত' এই নামটা কোথা হইতে আসিয়াছে ॥১৭॥

কাহার মৃত্যু হয়? কেন মৃত্যু হয়? কি জন্যই বা মৃত্যু এই প্রাণিগণকে হরণ করে? দেবতুল্য পিতামহ! তাহা আপনি আমার নিকট বলুন' ॥১৮॥

সঞ্জয় বলিলেন—'কুন্তীনন্দন যুধিষ্ঠির সেইভাবে বেদব্যাসকে জিজ্ঞাসা করিতে লাগিলে, ভগবান্ বেদব্যাস এই আশ্বাসজনক বাক্য তাঁহাকে বলিলেন ॥১৯॥

(১৬)···বর্ত্ততে চ গতার্থবৎ—পি।

ব্যাস উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
অকম্পনস্য কথিতং নারদেন পুরা নৃপ। ॥২০॥
স চাপি রাজা রাজেন্দ্র! পুত্রব্যসনমুত্তমম্।
অপ্রসহ্যতমং লোকে প্রাপ্তবানিতি মে মতিঃ ॥২১॥
তদহং সম্প্রবক্ষ্যামি মৃত্যোঃ প্রভবমুত্তমম্।
ততস্ত্বং মোক্ষ্যসে দুঃখাৎ স্নেহবন্ধনসংশ্রয়াৎ ॥২২॥
পুরাবৃত্তমিদং তাত! শৃণু কীর্ত্তযতো মম।
ধন্যমাখ্যানমায়ুষ্যং শোকঘ্নং পুষ্টিবর্দ্ধনম্ ॥২৩॥
পবিত্রমরিসংঘঘ্নং মঙ্গলানাঞ্চ মঙ্গলম্।
যথৈব বেদাধ্যয়নমুপাখ্যানমিদং তথা ॥২৪॥

ভাবতকৌমুদী

অত্রেতি। অপিশব্দঃ সম্ভাবনাযাম্। উদাহবন্তি অবসবজ্ঞা বক্তাব ইতি শেষঃ। "ইতিহাসঃ পুরাবৃত্তম্" ইত্যমবোক্তিপ্রামাণ্যাদিতিহাসপদেনৈব পুবাতনত্বলাভেঽপি সত্যযুগীযত্বাদতিপুবাতনত্ব-সূচনায পুবাতনপদম্। অকম্পনস্য তদাখ্যস্য বাজ্ঞঃ সমীপে ॥২০॥

স ইতি। পুত্রব্যসনং পুত্রনাশনিমিত্তং শোকম্, উত্তমং গুরুতরম্ ॥২১॥

তদিতি। "শক্যং শ্বমাংসাদিভিবপি ক্ষুৎপ্রতিহন্তুম্" ইত্যাদিবৎ তদিতি সামান্যত্বান্নপুং-সকম্ ॥২২॥

পুবেতি। পুবাবৃত্তং প্রাচীনবৃত্তান্তগ্রথিতম্। ধন্যং পুণ্যজনকম্, আযুষ্যমায়ুর্জনকঞ্চ ॥২৩॥

পবিত্রমিতি। অবিসংঘঘ্নং শত্রুসমূহনাশকম্। শুভাদৃষ্টজননত্বাবেত্যাশযঃ ॥২৪॥

বেদব্যাস বলিলেন—'বাজা! পূর্ব্বকালে দেবর্ষি নাবদ অকম্পনবাজাব নিকটে যাহা বলিযাছিলেন, এ বিষয়ে অবসবজ্ঞ লোকেবা সেই প্রাচীন ইতিহাস উল্লেখ কবিয়া থাকেন ॥২০॥

বাজশ্রেষ্ঠ! সেই অকম্পনবাজাও জগতে অত্যন্ত অসহ্য গুরুতব পুত্রশোক পাইয়াছিলেন, ইহাই আমার ধাবণা ॥২১॥

বাজা! আমি তোমাব নিকটে সেই অদ্ভুত মৃত্যুব উৎপত্তিবৃত্তান্ত বলিব; তাহাতেই তুমি স্নেহনিবন্ধন শোক হইতে মুক্তি লাভ কবিবে ॥২২॥

বৎস! পুণ্যজনক, আয়ুষ্কব, শোকনাশক ও পুষ্টিবর্দ্ধক এই প্রাচীন ঘটনাব উপাখ্যান আমি বলিতেছি, তুমি শ্রবণ কব ॥২৩॥

(২২)…অতস্ত্বম্—পি। (২৩) সমস্তপাপবাশিঘ্নং শৃণু—নি।

শ্রবণীয়ং মহারাজ! প্রাতর্নিত্যং নৃপোত্তমৈঃ।
পুত্রানায়ুষ্মতো রাজ্যমীহমানৈঃ শ্রিয়ং তথা ॥২৫॥
পুরা কৃতযুগে তাত! আসীদ্রাজা হ্যকম্পনঃ।
স শত্রুবশমাপন্নো মধ্যে সংগ্রামমূর্দ্ধনি ॥২৬॥
তস্য পুত্রো হরির্নাম নারায়ণসমো বলে।
শ্রীমান্ কৃতাস্ত্রো মেধাবী যুধি শক্রোপমো বলী ॥২৭॥
স শত্রুভিঃ পরিবৃতো বহুধা রণমূর্দ্ধনি।
ব্যস্যন্ বাণসহস্রাণি যোধেষু চ গজেষু চ ॥২৮॥
স কর্ম্ম দুষ্করং কৃত্বা সংগ্রামে শত্রুতাপনঃ।
শত্রুভির্নিহতঃ সংখ্যে পৃতনায়াং যুধিষ্ঠির! ॥২৯॥

ভাবতকৌমুদী

শ্রবণীয়মিতি। আয়ুষ্মতো দীর্ঘজীবিনঃ, ঈহমানৈর্লব্ধুং চেষ্টমানৈঃ ॥২৫॥
পুরেতি। কৃতযুগে সত্যযুগে। মধ্যে যুদ্ধস্য মধ্যমাবস্থায়াং সমরাঙ্গনমধ্যে বা ॥২৬॥
তস্যেতি। শ্রীমান্ বীরশোভাবান্, কৃতাস্ত্রঃ কৃতসর্বাস্ত্রশিক্ষঃ ॥২৭॥
স ইতি। ব্যস্যন্ বিশেষেণ নিক্ষিপন্, যোধেষু গজেষু চ বিপক্ষীয়েষু, পরিবৃতঃ ॥২৮॥
স ইতি। দুষ্করং বহুশত্রুসংহাররূপম্। পৃতনায়াং বিপক্ষসেনামধ্যে ॥২৯॥

বেদাধ্যয়নের ন্যায় এই উপাখ্যানও পবিত্র, শত্রুনাশক এবং সমস্ত মঙ্গলজনক ব্যাপারের মধ্যেও বিশেষ মঙ্গলজনক ॥২৪॥

মহারাজ! যাঁহারা দীর্ঘজীবী বহু পুত্র, রাজত্ব এবং সম্পৎ লাভ করিবার ইচ্ছা করেন, সেই রাজশ্রেষ্ঠদের প্রত্যহ প্রাতঃকালে ইহা শ্রবণ করা উচিত ॥২৫॥

বৎস! পূর্ব্বকালে সত্যযুগে 'অকম্পন'-নামে এক রাজা ছিলেন, তিনি সমরাঙ্গনমধ্যে শত্রুর বশীভূত হইয়াছিলেন ॥২৬॥

বলে নারায়ণের তুল্য, বীরশোভাশালী, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত, বুদ্ধিমান্ এবং ইন্দ্রের তুল্য বলবান্ 'হরি'-নামে সেই অকম্পনরাজার এক পুত্র ছিল ॥২৭॥

সেই রাজপুত্র সমরাঙ্গনে বিপক্ষ যোদ্ধাদের ও হস্তিসমূহের উপরে সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিতেছিলেন, এমন সময়ে শত্রুরা আসিয়া তাঁহাকে পরিবেষ্টন করিল ॥২৮॥

যুধিষ্ঠির! তখন সেই শত্রুতাপন রাজপুত্র যুদ্ধে দুষ্কর কার্য্য করিয়া শত্রু-সৈন্যমধ্যে শত্রুগণকর্ত্তৃক নিহত হইলেন ॥ ৯॥

---

(২৭) নারায়ণসমো বলী—পি।

স রাজা প্রেতকৃত্যানি তস্য কৃত্বা শুচান্বিতঃ।
শোচন্নহনি রাত্রৌ চ নালভৎ সুখমাত্মনঃ ॥৩০॥
তস্য শোকং বিদিত্বা তু পুত্রব্যসনসম্ভবম্।
আজগামাথ দেবর্ষির্নারদোঽস্য সমীপতঃ ॥৩১॥
স তু রাজা মহাভাগো দৃষ্ট্বা দেবর্ষিসত্তমম্।
পূজয়িত্বা যথান্যায়ং কথামকথযত্তদা ॥৩২॥
তস্য সর্ব্বং সমাচষ্ট যথাবৃত্তং নরেশ্বরঃ।
শত্রুভির্বিজয়ং সংখ্যে পুত্রস্য চ বধং তথা ॥৩৩॥
মম পুত্রো মহাবীর্য্য ইন্দ্রবিষ্ণুসমদ্যুতিঃ।
শত্রুভির্ব্বহুভিঃ সংখ্যে পরাক্রম্য হতো বলী ॥৩৪॥
ক এষ মৃত্যুর্ভগবন্! কিং বীর্য্যবলপৌরুষঃ।
এতদিচ্ছামি তত্ত্বেন শ্রোতুং মতিমতাং বর! ॥৩৫॥

ভাবতকৌমুদী

স ইতি। শুচান্বিতঃ কৃত্বেতি সম্বন্ধঃ। সুখং শান্তিম্ ॥৩০॥
তস্যেতি। পুত্রব্যসনসম্ভবং পুত্রনাশজাতম্। অস্য অকম্পনস্য ॥৩১॥
স ইতি। কথাং পুত্রনাশবিষয়কবৃত্তান্তম্ ॥৩২॥
তস্যেতি। তস্য নারদস্যান্তিকে। সংখ্যে যুদ্ধে ॥৩৩॥
মমেতি। পরাক্রম্য স্থিত ইতি শেষঃ। তেন নৈককর্তৃকত্বহানিঃ ॥৩৪॥

পবে অকম্পনবাজা শোকার্ত্ত অবস্থাতেই তাঁহাব প্রেতকার্য্য সকল করিয়া দিনে ও বাত্রিতে শোক কবিতে থাকিযা নিজের শান্তিসুখ পাইতে লাগিলেন না ॥৩০॥

ক্রমে অকম্পনবাজাব পুত্রনাশনিবন্ধন শোকের বিষয় জানিয়া দেবর্ষি নারদ তাঁহাব নিকটে আগমন কবিলেন ॥৩১॥

তখন মহাভাগ অকম্পনবাজা দেবর্ষিশ্রেষ্ঠকে দেখিয়া যথানিয়মে তাঁহার পূজা কবিযা পুত্রনাশেব বৃত্তান্ত বলিতে লাগিলেন ॥৩২॥

ক্রমে অকম্পনবাজা নাবদেব নিকটে যুদ্ধে শত্রুগণেব জয় ও পুত্রের বধ-প্রভৃতি সমস্ত বৃত্তান্ত যথাযথভাবে বলিলেন ॥৩৩॥

'মহাবীব, ইন্দ্র ও বিষ্ণুব সমান তেজস্বী এবং বলবান্ আমার পুত্র যুদ্ধে পবাক্রম প্রকাশ কবিযা বহুশত্রুকর্তৃক নিহত হইযাছে ॥৩৪॥

---

(৩১) অথাজগাম দেবর্ষি—পি।

তস্য তদ্বচনং শ্রুত্বা নারদো বরদঃ প্রভুঃ।
আখ্যানমিদমাচষ্ট পুত্রশোকাপহং মহৎ ॥৩৬॥

নারদ উবাচ

শৃণু রাজন্! মহাবাহো! আখ্যানং বহুবিস্তরম্।
যথা বৃত্তং শ্রুতঞ্চৈব ময়াপি বসুধাধিপ! ॥৩৭॥
প্রজাঃ সৃষ্ট্বা তদা ব্রহ্মা আদিসর্গে পিতামহঃ।
অসংহৃতং মহাতেজা দৃষ্ট্বা জগদিদং প্রভুঃ ॥৩৮॥
তস্য চিন্তা সমুৎপন্না সংহারং প্রতি পার্থিব!।
চিন্তয়ন্ নহ্যসৌ বেদ সংহারং বসুধাধিপ! ॥৩৯॥ (যুগ্মকম্)
তস্য রোষান্মহারাজ! খেভ্যোঽগ্নিরুদতিষ্ঠত।
তেন সর্ব্বা দিশো ব্যাপ্তাঃ সান্তর্দেশা দিধক্ষতা ॥৪০॥

ভারতকৌমুদী

ক ইতি। বীর্য্যং শক্তিঃ, বলং প্রভাবঃ, পৌরুষমধিকারঃ। তত্ত্বেন যাথার্থ্যেন ॥৩৫॥
তস্যেতি। বরদ ইত্যনেন বরেণাপি রাজ্ঞঃ শোকাপনোদনং কর্ত্তুং শক্ত ইতি সূচিতম্ ॥৩৬॥
শৃণ্বিতি। বহুরধিকো বিস্তরো যস্য তৎ। বৃত্তং জাতম্ ॥৩৭॥
প্রজা ইতি। প্রজাঃ প্রাণিনঃ। আদিসর্গে প্রথমসৃষ্টিকালে। অসংহৃতং প্রাণিপরিপূর্ণম্। দৃষ্ট্বা স্থিতস্য তস্য। বেদ জানাতি স্ম, সংহারং সংহারোপায়ম্ ॥৩৮—৩৯॥
তস্যেতি। খেভ্যঃ কর্ণাদিরন্ধ্রেভ্যঃ। দিধক্ষতা দগ্ধুমিচ্ছতা। রোষাৎ রোদনাশক্তিজাৎ ॥৪০॥

অতএব জ্ঞানিশ্রেষ্ঠ ভগবন্। এই মৃত্যুটা কে? এবং ইহার শক্তি, প্রভাব ও অধিকারই বা কতটুকু, ইহা আমি যথাযথভাবে শুনিতে ইচ্ছা করি' ॥৩৫॥

তাঁহার সেই কথা শুনিয়া তপঃপ্রভাবশালী ও বরদানে সমর্থ নারদ পুত্রশোকনাশক এই উত্তম উপাখ্যান বলিতে লাগিলেন ॥৩৬॥

নারদ বলিলেন—'ধরাধিপতি। এই ঘটনা যেরূপ ঘটিয়াছিল, আমিও সেইরূপই শুনিয়াছিলাম। অতএব মহাবাহু রাজা। আপনি সেই অতিবিস্তৃত উপাখ্যান শ্রবণ করুন ॥৩৭॥

মহাতেজা ও মহাপ্রভাবশালী পিতামহ ব্রহ্মা প্রথম সৃষ্টির সময়ে প্রাণিগণকে সৃষ্টি করিয়া এই জগৎটাকে প্রাণিগণে পরিপূর্ণ দেখিয়া সংহারের বিষয়ে তাঁহার চিন্তা জন্মিল। রাজা! তিনি চিন্তা করিয়াও প্রাণিসংহারের উপায় জানিতে পারিলেন না ॥৩৮-৩৯॥

মহারাজ! তখন ক্রোধবশতঃ তাঁহার কর্ণপ্রভৃতি রন্ধ্র হইতে অগ্নি উত্থিত

তত দিবং ভুবং খঞ্চ জ্বালামালাসমাকুলম্।
চরাচরং জগৎ সর্ব্বং দদাহ ভগবান্ প্রভুঃ ॥৪১॥
ততো হতানি ভূতানি চরাণি স্থাবরাণি চ।
মহতা ক্রোধবেগেন ত্রাসয়ন্নিব বীর্য্যবান্ ॥৪২॥ (যুগ্মকম্)
ততো হরো জটী স্থাণুর্নিশাচরপতিঃ শিবঃ।
জগাম শরণং দেবং ব্রহ্মাণং পরমেষ্ঠিনম্ ॥৪৩॥
তস্মিন্নাপতিতে স্থাণৌ প্রজানাং হিতকাম্যয়া।
অব্রবীৎ পরমো দেবো জ্বলন্নিব মহামুনিঃ ॥৪৪॥
কিং কুর্ম্মঃ কামং কামার্হ! কামাজ্জাতোঽসি পুত্রক!।
করিষ্যামি প্রিয়ং সর্ব্বং ব্রূহি স্থাণো! যদিচ্ছসি ॥৪৫॥

ভাবতকৌমুদী

তত ইতি। ততো ভগবান্ প্রভুর্দাহসমর্থো বীর্য্যবাংশ্চ সোঽগ্নিঃ, মহতা ক্রোধবেগেন ত্রাসযন্নিব, দিবং স্বর্গম্,ভুবম্, খমাকাশঞ্চ, কিং বহুনা জ্বালামালযা শিখাসমূহেন সমাকুলং ব্যাপ্তম্, চরাচরং সর্ব্বং জগৎ, দদাহ। ততঃ চরাণি মনুষ্যাদীনি জঙ্গমানি, স্থাবরাণি পর্ব্বতাদীনি স্থিতিশীলানি চ ভূতানি হতানি ॥৪১—৪২॥

তত ইতি। জটী জটাধারী, স্থাণুঃ স্থিরস্বভাবঃ, নিশাচরাণাং ভূতানাং পতিঃ ॥৪৩॥

তস্মিন্নিতি। আপতিতে আগতে, প্রজানাং ভূতানাম্। দেবো ব্রহ্মা ॥৪৪॥

কিমিতি। কামং তবাভীষ্টম্, কামার্হ। অভীষ্টপ্রাপ্তিযোগ্য। কামাৎ মমৈব সঙ্কল্পাৎ ॥৪৫॥

হইল; সেই অগ্নি জগৎ দগ্ধ করিবার ইচ্ছা করিয়া সমস্ত দিক্ ও বিদিক্ ব্যাপ্ত করিল ॥৪০॥

তাহার পর মাহাত্ম্যশালী ও দাহদক্ষ প্রবল অগ্নি গুরুতর ক্রোধের বেগে সকলের ভয় উৎপাদন করতই যেন স্বর্গ, মর্ত্ত্য ও আকাশ—এমন কি শিখাসমূহ-ব্যাপ্ত চরাচর সমগ্র জগৎ দগ্ধ করিতে প্রবৃত্ত হইল। তখন স্থাবর ও জঙ্গম ভূত সকল বিনষ্ট হইতে লাগিল ॥৪১—৪২॥

তদনন্তর জটাধারী, স্থিরস্বভাব, ভূতপতি ও মঙ্গলময় মহাদেব আসিয়া দেব-পরমেষ্ঠী ব্রহ্মার শরণাপন্ন হইলেন ॥৪৩॥

সেই মহাদেব জগতের হিতকামনায় আগমন করিলে, পরমদেবতা ও মহামুনি ব্রহ্মা তেজে জ্বলিতে থাকিয়াই যেন বলিলেন— ॥৪৪॥

(৪১)·· জ্বালামালাসমন্বিতম্—পি। (৪২)·· ত্রসানি স্থাবরাণি চ—পি। (৪৫) শ্লোকাৎ পরম্ 'পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '·· দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বা নি।

স্থাণুরুবাচ।

প্রজাসর্গনিমিত্তং হি কৃতো যত্নস্ত্বয়া বিভো!।
ত্বয়া সৃষ্টাশ্চ বৃদ্ধাশ্চ ভূতগ্রামাঃ পৃথগ্‌বিধাঃ ॥৪৬॥
তাস্তবেহ পুনঃ ক্রোধাৎ প্রজা দহ্যন্তি সর্ব্বশঃ।
তা দৃষ্ট্বা মম কারুণ্যং প্রসীদ ভগবন্! প্রভো! ॥৪৭॥

ব্রহ্মোবাচ।

নাক্রুধ্যং ন চ মে কাম এতদেবং ভবেদিতি।
পৃথিব্যা হিতকামস্তু ততো মাং মন্যুরাবিশৎ ॥৪৮॥
ইয়ং হি মাং সদা দেবী ভারার্ত্তা সমচূচুদৎ।
সংহারার্থং মহাদেব! ভারেণাভিহতা সতী ॥৪৯॥
ততোঽহং নাধিগচ্ছামি তপ্যে বহুবিধং তদা।
সংহারমপ্রমেয়স্য ততো মাং মন্যুরাবিশৎ ॥৫০॥

ভারতকৌমুদী

প্রজেতি। প্রজাসর্গনিমিত্তং ভূতসৃষ্টিহেতোঃ। বৃদ্ধা উপচযং প্রাপ্তাঃ ॥৪৬॥
তা ইতি। দহ্যন্তি অগ্নিনা দহ্যন্তে। কারুণ্যং দয়া অভবদিতি শেষঃ ॥৪৭॥
নেতি। এতজ্জগৎ, এবং দগ্ধং ভবেদিতি মে ন চ কামোঽভিলাষঃ। মন্যুঃ ক্রোধঃ ॥৪৮॥
ইয়মিতি। দেবী পৃথিবী, সমচূচুদৎ প্রেরিতবতী ॥৪৯॥

'অভীষ্টপ্রাপ্তিযোগ্য পুত্র! তুমি আমার সঙ্কল্পেই জন্মিয়াছ; অতএব তোমার কি করিব?। স্থাণু! তুমি যাহা ইচ্ছা কর, তাহা বল; আমি তোমার সমস্ত প্রিয় কার্য্য করিব' ॥৪৫॥

তখন মহাদেব বলিলেন—'প্রভু! আপনিই ভূতসৃষ্টির জন্য যত্ন করিয়াছিলেন, পরে নানাবিধ ভূত সৃষ্টি করিয়াছেন এবং সেগুলি বৃদ্ধিও পাইয়াছে ॥৪৬॥

আবার আপনার ক্রোধেই সে সমস্ত দগ্ধ হইতেছে। সুতরাং তাহা দেখিয়া আমার দয়া জন্মিয়াছে। অতএব প্রভু! ভগবন্! আপনি প্রসন্ন হউন' ॥৪৭॥

ব্রহ্মা বলিলেন—'আমি বিনা কারণে ক্রুদ্ধ হই নাই, কিংবা 'এই জগৎটা দগ্ধ হউক' এরূপ ইচ্ছাও আমার ছিল না। কিন্তু পৃথিবীর হিত কামনাতেই আমার ক্রোধ জন্মিয়াছিল ॥৪৮॥

কারণ, মহাদেব! এই পৃথিবীদেবী ভারার্ত্ত হইয়া প্রাণিগণের সংহারের জন্য সর্ব্বদা আমার নিকট অনুরোধ করিতেন ॥৪৯॥

স্থাণুরুবাচ। *

সংহারার্থং প্রসীদস্ব মা রুষো বসুধাধিপ!।
মা প্রজাঃ স্থাবরাংশ্চৈব জঙ্গমাশ্চ ব্যনীনশঃ ॥৫১॥
তব প্রসাদাদ্ভগবন্নিদং বর্ত্তেত্ত্রিধা জগৎ।
অনাগতমতীতঞ্চ যচ্চ সম্প্রতি বর্ত্ততে ॥৫২॥
ভগবন্! ক্রোধসন্দীপ্তঃ ক্রোধাদগ্নিমবাসৃজৎ।
স দহত্যশ্মকূটানি দ্রুমাংশ্চ সরিতস্তথা ॥৫৩॥
পল্বলানি চ সর্ব্বাণি সর্ব্বাংশ্চৈব তৃণোলপান্।
স্থাবরং জঙ্গমঞ্চৈব নিঃশেষং কুরুতে জগৎ ॥৫৪॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

তত ইতি। তদা বহুবিধং তপ্যে, ততোঽপি অপ্রমেয়স্য জগতঃ সংহারং তদুপায়ং নাধিগচ্ছামি ॥৫০॥

সংহারেতি। সংহারার্থং সংহারনিবৃত্তয়ে, মা রুষঃ ক্রোধং ন কুরু। মা ব্যনীনশঃ ন বিনাশয় ॥৫১॥

তবেতি। বর্ত্তৎ বর্ত্তেত। অনাগতং ভবিষ্যৎ ॥৫২॥

ভগবন্নিতি। অবাসৃজৎ ভবান্। সঃ অগ্নিঃ, অশ্মকূটানি পাষাণনিচযান্। পল্বলানি ক্ষুদ্রজলাশয়ান্। তৃণানি চ উলপা লতাশ্চ তান্ ॥৫৩—৫৪॥

ভারতভাবদীপঃ

পুমান্ স্বযং স্বস্য মৃত্যুর্ভবতীত্যর্থঃ ॥১৮—৩৯॥ খেভ্যঃ শ্রোত্রাদিছিদ্রেভ্যঃ ॥৪০—৪৬॥ কারুণ্যং জাতমিতি শেষঃ ॥৪৭—৪৯॥ অপ্রমেযস্য স্থানং তস্য ইতি শেষঃ। অহিংসস্যেতি বার্থঃ ॥৫০॥ সংহারার্থং মারুষঃ রোষং মা কার্যীঃ। মহ্যং কিন্তু প্রসীদস্ব ॥৫১॥ তবেতি। অনাগতাদি-প্রকারত্রয়মুক্তং সর্ব্বদৈব জগাদস্তু ন ত্বস্য নিরন্বযোচ্ছেদঃ কার্য্য ইত্যাশযঃ ॥৫২—৫৪॥ তব

তখন আমি বহুপ্রকার তপস্যা করি, তাহাতেও আমি অপরিমেয় জগতের সংহারোপায় খুঁজিয়া পাই না; তৎপরেই আমার ক্রোধ উৎপন্ন হয়' ॥৫০॥

মহাদেব বলিলেন 'জগদীশ্বর! আপনি জগৎসংহার-নিবৃত্তির জন্য প্রসন্ন হউন, ক্রোধ করিবেন না, কিংবা স্থাবর ও জঙ্গম প্রাণিগণকে বিনষ্ট করিবেন না ॥৫১॥

ভগবন্! আপনার অনুগ্রহেই এই জগৎটা তিন ভাবে চলিতেছে; যাহা পূর্ব্বে ছিল, বর্ত্তমানে আছে এবং ভবিষ্যতেও থাকিবে ॥৫২॥

ভগবন্! আপনি ক্রোধে উত্তেজিত হইয়া অগ্নিকে সৃষ্টি করিয়াছিলেন;

* রুদ্র উবাচ—বর্দ্ধ বঙ্গ বা নি। (৫৩)· অগ্নিমবাসৃজঃ। সন্দহত্যশ্মসংঘাশ্চ দ্রুমাশ্চ ·· বর্দ্ধ বঙ্গ। (৫৪)—সর্ব্বে চৈব তৃণোলপাঃ···বর্দ্ধ বঙ্গ।

তদেতদ্ভস্মসাদ্ভূতং জগৎ স্থাবরজঙ্গমম্।
প্রসীদ ভগবন্! স ত্বং রোষো ন স্যাদ্বরো মম ॥৫৫॥
সর্ব্বে হি সৃষ্টা নশ্যন্তি তব দেব! কথঞ্চন।
তস্মান্নিবর্ত্ততাং তেজস্ত্বয্যেবেহ প্রলীয়তাম্ ॥৫৬॥
তৎ পশ্য দেব! সুভৃশং প্রজানাং হিতকাম্যয়া।
যথেমে প্রাণিনঃ সর্ব্বে নিবর্ত্তেরংস্তথা কুরু ॥৫৭॥
অভাবং নেহ গচ্ছেয়ুরুৎসন্নজননাঃ প্রজাঃ।
অধিদৈবে নিযুক্তোঽস্মি ত্বয়া লোকেষু লোকহন্! ॥৫৮॥
মা বিনশ্যেজ্জগন্নাথ! জগৎ স্থাবরজঙ্গমম্।
প্রসাদাভিমুখং দেবং তস্মাদেবং ব্রবীম্যহম্ ॥৫৯॥

ভাবকৌমুদী

তদিতি। তব রোষো যন্ন স্যাৎ স এব মম বরঃ তব রোষোপসংহার এব বরঃ ॥৫৫॥
সর্ব্ব ইতি। কথঞ্চন অনির্বচনীয়প্রকারেণ। তেজঃ অগ্নিঃ ॥৫৬॥
তদিতি। পশ্য প্রসন্নদৃষ্ট্যেত্যাশয়ঃ। নিবর্ত্তেরন্ ধ্বংসাদিতি শেষঃ ॥৫৭॥
অভাবমিতি। উৎসন্নং নিবৃত্তং জননং যাসাং তাঃ। অধিদৈবে দেবাধীশ্বরত্বে রুদ্রত্বে ॥৫৮॥
মেতি। প্রাসাদাভিমুখং প্রসন্নীভাবায়োন্মুখম্। স্বয়মেবেতি ভাবঃ ॥৫৯॥

সেই অগ্নি—প্রস্তরসমূহ, বৃক্ষ, নদী, সমস্ত ক্ষুদ্র জলাশয় এবং সমগ্র তৃণ-লতা দগ্ধ করিতেছে; ক্রমে সমগ্র স্থাবর ও জঙ্গম জগৎ নিঃশেষ করিবে ॥৫৩—৫৪॥

এই সেই স্থাবর-জঙ্গমাত্মক জগৎ ভস্ম হইতে প্রবৃত্ত হইয়াছে। অতএব ভগবন্! আপনি প্রসন্ন হউন; আপনার ক্রোধ না থাকাই আমার বর ॥৫৫॥

দেব! আপনার সৃষ্ট পদার্থ সমস্তই অনির্বচনীয়ভাবে নষ্ট হইতেছে। অতএব আপনি নিবৃত্ত হউন, আপনার তেজ (অগ্নি) আপনাতেই এখন লীন হউক ॥৫৬॥

অতএব দেব! আপনি জগতের হিতকামনা করিয়া বিশেষ প্রসন্ন দৃষ্টিতে তাহা দর্শন করুন; যাহাতে এই সকল প্রাণী ধ্বংস হইতে নিবৃত্তি পায়, তাহা করুন ॥৫৭॥

বর্ত্তমানে প্রাণিগণের জন্ম ত হইতেছেই না, তবে ধ্বংস যেন না হয়। হে লোকনাশক! আপনি আমাকে জগতে দেবাধীশ্বরপদে নিযুক্ত করিয়াছেন ॥৫৮॥

---

(৫৫)…ভগবন্। সর্ব্ব! ··পি,·· ভগবন্। সর্ব্বম্…বঙ্গ বর্দ্ধ। (৫৬) সর্ব্বে হি নষ্টা নশ্যন্তি বঙ্গ বর্দ্ধ। (৫৮)…উচ্ছন্নজননাঃ…পি বঙ্গ বর্দ্ধ,…উচ্ছিন্নজননাঃ বা।

নারদ উবাচ।

শ্রুত্বা হি বচনং দেবঃ প্রজানাং হিতকারণে।
তেজঃ সন্ধারয়ামাস পুনরেবান্তরাত্মনি ॥৬০॥
ততোঽগ্নিমুপসংহৃত্য ভগবান্ লোকসৎকৃতঃ।
প্রবৃত্তঞ্চ নিবৃত্তঞ্চ কল্পয়ামাস বৈ প্রভুঃ ॥৬১॥
উপসংহরতস্তস্য তমগ্নিং রোষজং তদা।
প্রাদুর্বভূব বিশ্বেভ্যো গোভ্যো নারী মহাত্মনঃ ॥৬২॥
কৃষ্ণা রক্তা তথা পিঙ্গা রক্তজিহ্বাস্যলোচনা।
কুণ্ডলাভ্যাঞ্চ রাজেন্দ্র! তপ্তাভ্যাং তপ্তভূষণা ॥৬৩॥
সা নিঃসৃত্য তথা খেভ্যো দক্ষিণাং দিশমাশ্রিতা।
স্ময়মানা চ সাবেক্ষ্য দেবৌ বিশ্বেশ্বরাবুভৌ ॥ ৪॥

ভাবতকৌমুদী

শ্রুতেতি দেবো ব্রহ্মা। তেজঃ অগ্নিম্। অন্তরাত্মনি স্বশরীরমধ্যে ॥৬০॥
তত ইতি। প্রবৃত্তম্ উৎপত্তিকারণীভূতম্, নিবৃত্তং ধ্বংসকারণীভূতঞ্চ কর্ম্ম ॥৬১॥
উপেতি। বিশ্বেভ্যঃ সর্ব্বেভ্যঃ, গোভ্য ইন্দ্রিয়রন্ধ্রেভ্যঃ ॥৬২॥
কৃষ্ণেতি। তথা তয়োর্যোগেন, পিঙ্গা পিঙ্গলবর্ণা। তপ্তাভ্যাং তপ্তকাঞ্চনময়াভ্যাম্ ॥৬৩॥

ভাবতভাবদীপঃ

রোষো ন স্যাদিতি মম মহৎ বরোঽস্তীতি যোজনা ॥৫৫—৫৭॥ অধীতি। মাং লোকসন্তানে নিয়োজ্য কথং লোকান্ নাশয়সীত্যর্থঃ ॥৫৮—৬০॥ প্রবৃত্তং কর্ম্ম সৃষ্টিহেতুং নিবৃত্তং কর্ম্ম মোক্ষ-

জগন্নাথ! স্থাবর-জঙ্গমাত্মক জগৎটা যেন নষ্ট না হয়; সেই জন্য আপনি প্রসন্ন হউন এবং সেই জন্যই আমি আপনাকে এইরূপ বলিতেছি' ॥৫৯॥

নারদ বলিলেন—'মহাদেবের বাক্য শুনিয়া ব্রহ্মা প্রাণিগণের হিতের জন্য পুনরায় আপন শরীরেই সেই তেজ (অগ্নি) ধারণ করিলেন ॥৬০॥

তদনন্তর ভগবান্, প্রভাবশালী ও জগৎপূজিত ব্রহ্মা অগ্নির উপসংহার করিয়া কর্ম্মকে উৎপত্তি ও বিনাশের হেতুরূপে কল্পনা করিলেন ॥৬১॥

মহাত্মা ব্রহ্মা যখন সেই ক্রোধাগ্নি উপসংহার করিলেন, তখন তাঁহার সকল ইন্দ্রিয়রন্ধ্র হইতে একটী স্ত্রী আবির্ভূত হইল ॥৬২॥

রাজশ্রেষ্ঠ! কৃষ্ণ ও রক্তবর্ণের মিশ্রণে তাহার পিঙ্গলবর্ণ এবং জিহ্বা, মুখ ও নয়ন রক্তবর্ণ ছিল; আর দুই কাণে দুইটী তপ্তকাঞ্চনময় কুণ্ডল দুলিতেছিল এবং অন্যান্য অলঙ্কারগুলিও তপ্তকাঞ্চনময় ছিল ॥৬৩॥

(৬১)…কথয়ামাস বৈ প্রভুঃ—পি বা বঙ্গ বর্দ্ধ। (৬৪)…স্ময়মানের—পি।

তামাহূয় তদা দেবো লোকাদিনিধনেশ্বরঃ।
মৃত্যো! ইতি মহীপাল! জহি চেমাঃ প্রজা ইতি ॥৬৫॥
ত্বং হি সংহারবুদ্ধ্যাথ প্রাদুর্ভূতা রুষো মম।
তস্মাৎ সংহর সর্বাস্ত্বং প্রজাঃ সজড়পণ্ডিতাঃ।
মম ত্বং হি নিযোগেন ততঃ শ্রেয়ো হ্যবাপ্স্যসি ॥৬৬॥
এবমুক্তা তু সা তেন মৃত্যুঃ কমললোচনা।
দধ্যৌ চাত্যর্থমবলা প্ররুরোদ চ সুস্বরম্ ॥৬৭॥
পাণিভ্যাং প্রতিজগ্রাহ তান্যশ্রূণি পিতামহঃ।
সর্বভূতহিতার্থায় তাংশ্চাপ্যন্বনয়ত্তদা ॥৬৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্যুবধে মৃত্যুৎপত্তিকথনে পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

সেতি। খেভ্য ইন্দ্রিয়রন্ধ্রেভ্যঃ। স্ময়মানা ঈষদ্ধসন্তী, উভৌ ব্রহ্মরুদ্রৌ ॥৬৪॥

তামিতি। লোকানাম্ আদিনিধনযোঃ সৃষ্টিসংহারয়োঃ ঈশ্বরঃ কর্তা ব্রহ্মা ॥৬৫॥

ত্বমিতি। সংহারবুদ্ধ্যা যুক্তস্য মম, রুষঃ ক্রোধাৎ। প্রজাঃ প্রাণিনঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৬॥

এবমিতি। দধ্যৌ চিন্তয়ামাস। প্ররুরোদ, দারুণকর্মণি নিযোগাদিত্যাশয়ঃ ॥৬৭॥

পাণিভ্যামিতি। পিতামহো ব্রহ্মা। তাং মৃত্যুম্, অন্বনযৎ স্তুতবান্। স্ত্রীবাচকত্বেঽপি

সেই নারী ব্রহ্মার ইন্দ্রিয়রন্ধ্র হইতে নির্গত হইয়া জগদীশ্বর ব্রহ্মা ও মহাদেবের প্রতি দৃষ্টিপাত করিয়া মৃদু হাস্য করতঃ তাঁহাদের দক্ষিণদিকে যাইয়া দাঁড়াইল ॥৬৪॥

রাজা! তখন জগতের সৃষ্টি ও সংহারের কর্তা ব্রহ্মা তাঁহাকে 'মৃত্যো!' এই রূপে আহ্বান করিয়া বলিলেন—'তুমি এই প্রাণিগণকে সংহার করিতে থাক ॥৬৫॥

তুমি সংহারবুদ্ধিতে আমার ক্রোধ হইতে প্রাদুর্ভূত হইয়াছ। সুতরাং তুমি আমার আদেশে মূর্খ ও পণ্ডিত প্রভৃতি সমস্ত প্রাণী সংহার করিতে থাক; তাহাতেই তুমি মঙ্গল লাভ করিবে' ॥৬৬॥

ব্রহ্মা এইরূপ বলিলে, সেই পদ্মনয়না স্ত্রীরূপিণী মৃত্যু অত্যন্তচিন্তা ও সুস্বরে রোদন করিতে লাগিলেন ॥৬৭॥

* '...একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বা রা নি।